Part-1 : হুবহু প্রশ্ন (সকল প্রশ্নের নির্ভুল উত্তর, সঠিক ব্যাখ্যা ও প্রশ্ন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ তথ্য)

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা : ২০২৩-২৪; A-ইউনিট

প্রশ্নটি বিষয় ও অধ্যায়ভিত্তিক লেখা Part-2 তে

পৃষ্ঠা-১

## বাংলা

**01. কাজী নজরুল ইসলাম কত সালে বাঙালি পল্টনে যোগদান করেন?**
Ⓐ ১৯১৫ Ⓑ ১৯১৬ Ⓒ ১৯১৭ Ⓓ ১৯১৮
**Solve** বাংলা সাহিত্যের বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬) সকল অন্যায়, শোষণের বিরুদ্ধে ছিলেন সোচ্চার, প্রতিবাদী। দরিদ্র পরিবারে জন্ম নেওয়ায় নজরুলের কর্মজীবনও ছিল অত্যন্ত বৈচিত্র্যময়। ছোটবেলায় তিনি লেটো গানের দলে যোগদান করেন। প্রথম বিশ্বযুদ্ধের সময় ১৯১৭ সালে কাজী নজরুল ইসলাম সেনাবাহিনীর ৪৯ নম্বর বাঙালি পল্টনে সৈনিক হিসেবে যোগদান করেন।

**02. শেখ মুজিবুর রহমান কত সালে পূর্ববাংলার প্রাদেশিক মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন?**
Ⓐ ১৯৫৪ Ⓑ ১৯৫৫ Ⓒ ১৯৫৬ Ⓓ ১৯৫৭
**Solve** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের স্থপতি। তাঁর জন্ম ১৯২০ সালের ১৭ই মার্চ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে। রাজনীতির কবিখ্যাত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতার ঘোষক। ১৯৫৬ সালে তিনি পূর্ববাংলার প্রাদেশিক মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন।

**03. রেইনকোটটির মূল মালিক কে ছিলেন?**
Ⓐ আফাজ আহমেদ Ⓑ আসমা Ⓒ নুরুল হুদা Ⓓ মিন্টু
**Solve** "রেইনকোট" আখতারুজ্জামান ইলিয়াসের 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' নামক গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত একটি গল্প। মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহরের পরিস্থিতি নিয়ে 'রেইনকোট' গল্পটি রচিত। নুরুল হুদার জবানিতে গল্পের অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে। 'রেইনকোট' গল্পে রেইনকোটটির মূল মালিক নুরুল হুদার শ্যালক মুক্তিযোদ্ধা মিন্টু।

**04. 'অর্ফিয়াস' কোন পুরাণের চরিত্র?**
Ⓐ গ্রিক Ⓑ মিশরীয় Ⓒ পারস্য Ⓓ রোমান
**Solve** অর্ফিয়াস প্রাচীন গ্রিক পুরাণের মহান কবি ও শিল্পী। অর্ফিয়াস যন্ত্রসংগীতে ছিলেন দারুণ পারদর্শী। তিনি যন্ত্রসংগীতে সকলকে মন্ত্রমুগ্ধ করতে পারতেন। তিনি সুরের মায়াজাল বিস্তার করে ভালোবাসার পাত্রী ইউরিডিসের মন জয় করেছিলেন।

**05. 'মৃগাঙ্ক' কীসের প্রতিশব্দ?**
Ⓐ সূর্য Ⓑ চন্দ্র Ⓒ হরিণ Ⓓ নক্ষত্র
**Solve** সমার্থক শব্দ :

| শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| সূর্য | আফতাব, আদিত্য, মিহির, অর্ক, প্রভাকর, দিবাকর, দিনেশ। |
| চন্দ্র | চাঁদ, মৃগাঙ্ক, ইন্দু, রাকা, রাকেশ, অমা, রজনীকর। |
| হরিণ | সারঙ্গ, কুরঙ্গ, কুরঙ্গম, সুনয়ন, ঋষ্য, মৃগ। |
| নক্ষত্র | তারা, তারকা, তারক, সিতারা, ঋক্ষ, খেট, ভ। |

**06. রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?**
Ⓐ বঙ্গদর্শন Ⓑ প্রবাসী Ⓒ সবুজপত্র Ⓓ ধূমকেতু
**Solve** 'অপরিচিতা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত গল্প। মনস্তাপে ভেঙ্গে পড়া এক ব্যক্তিত্বহীন যুবকের স্বীকারোক্তি, তার পাপস্খালনের গল্প হলো 'অপরিচিতা'। গল্পটি প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকায়। উল্লেখ্য, 'সবুজপত্র' পত্রিকা বাংলা সাহিত্যে চলিত ভাষারীতির প্রথম মুখপত্র।

**07. নিত্য পুরুষবাচক শব্দের উদাহরণ কোনটি?**
Ⓐ সপত্নী Ⓑ কুলটা Ⓒ কৃতদার Ⓓ সতিন
**Solve** কিছু শব্দ রয়েছে যা নিত্য পুরুষবাচক ও নিত্য স্ত্রীবাচক। এ সকল শব্দের লিঙ্গান্তর হয় না। নিত্য পুরুষবাচক শব্দ : কৃতদার, অকৃদার, কবিরাজ, ঢাকি। নিত্য স্ত্রীবাচক শব্দ : সতিন, সৎমা, সধবা, বিধবা।

**08. উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?**
Ⓐ অরুণরাঙা Ⓑ কুসুমকোমল Ⓒ তুষারশুভ্র Ⓓ বিড়ালতপস্বী
**Solve** অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা, কুসুমের ন্যায় কোমল = কুসুমকোমল, তুষারের ন্যায় শুভ্র = তুষারশুভ্র, বিড়ালের ন্যায় তপস্বী = বিড়ালতপস্বী– সবগুলোই উপমান কর্মধারয় সমাসের উদাহরণ। [সূত্র: বাংলা ভাষার ব্যাকরণ (নবম-দশম শ্রেণি)]

**09. 'কলমা জান মিঞা'? – একথা মজিদ কাকে জিজ্ঞাসা করেছিল?**
Ⓐ ফলা মিঞাকে Ⓑ আক্কাসকে Ⓒ তাহের-কাদেরের বাপকে Ⓓ দুদু মিঞাকে
**Solve** "কলমা জান মিঞা?"-উক্তিটি সৈয়দ ওয়ালীউল্লাহর বিখ্যাত উপন্যাস 'লালসালু' থেকে নেওয়া হয়েছে। ধর্মব্যবসায়ী, অন্তিত্বসচেতন মজিদ মহব্বতনগর গ্রামের বাসিন্দা সাত ছেলের বাবা দুদু মিঞাকে জমায়েতের সামনে প্রশ্ন করে "কলমা জানো মিঞা?"–এই প্রশ্নের কোনো সদুত্তর দিতে পারেনি দুদু মিঞা। বরং খালেক ব্যাপারীর ধমক খেয়ে সে শুধু বলে, "আমি গরিব মুরুক্ষু মানুষ।"

**10. নিচের কোনটি মাইকেল মধুসূদন দত্তের রচনা নয়?**
Ⓐ বীরাঙ্গনা কাব্য Ⓑ আমি বীরাঙ্গনা বলছি
Ⓒ মেঘনাদবধ কাব্য Ⓓ একেই কি বলে সভ্যতা?
**Solve** গ্রন্থ ও রচয়িতা :

| গ্রন্থ | রচয়িতা | গ্রন্থ সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য |
|---|---|---|
| বীরাঙ্গনা কাব্য (কাব্য) | মাইকেল মধুসূদন দত্ত | বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য। এতে মোট ১১টি পত্র আছে। |
| একেই কি বলে সভ্যতা? | মাইকেল মধুসূদন দত্ত | প্রহসন জাতীয় রচনা। |
| মেঘনাদবধ কাব্য (১৮৬১) | মাইকেল মধুসূদন দত্ত | বাংলা সাহিত্যের প্রথম সার্থক মহাকাব্য। |
| আমি বীরাঙ্গনা বলছি (প্রবন্ধ) | ড. নীলিমা ইব্রাহীম | এটি মুক্তিযুদ্ধের সত্য কাহিনিনির্ভর গ্রন্থ। |

## ENGLISH

**01. The doctor suggested that his patient who is suffering from dengue ——— this medicine.**
Ⓐ take Ⓑ takes Ⓒ not takes Ⓓ took
**Explanation** Subjunctive এর নিয়ম অনুসারে suggest + that + sub + v (base form) বসে।

**02. —— the year 2009 and 2014, I was a student of the University of Chittagong.**
Ⓐ From Ⓑ Since Ⓒ Between Ⓓ Both
**Explanation** 2009 এবং 2014 এই দুটি সালের মধ্যে বুঝানো হয়েছে তাই between বসবে।

**03. Global warming —— by emissions of greenhouse gas.**
Ⓐ caused Ⓑ is occured Ⓒ is caused Ⓓ has caused
**Explanation** বাক্যটি passive তাই is caused বসবে। আর কারণ বোঝাতে cause শব্দের passive **is caused** বসেছে।

**04. Rana gave up —— football when he became injured.**
Ⓐ play Ⓑ playing Ⓒ to play Ⓓ played
**Explanation** Gave up + v(ing) বসবে। তাই সঠিক উত্তর (B)।

**05. The candles have been blown —— by the wind.**
Ⓐ out Ⓑ away Ⓒ of Ⓓ up
**Explanation** নিভে যাওয়া বোঝাতে Blow out বসে। মোমবাতি প্রচন্ড ঝড়ে নিভে গেল।

**06. If I hadn't studied hard, I —— the admission test.**
Ⓐ wouldn't pass Ⓑ could't pass
Ⓒ wouldn't have failed Ⓓ wouldn't have passed
**Ⓓ Explanation** If + sub + verb (past perfect) হলে, পরের অংশে would have + $v_3$ হবে।

**07. Dhaka has become one of the —— cities in Asia.**
Ⓐ busy Ⓑ more busy Ⓒ busiest Ⓓ most busiest
**Ⓒ Explanation** One of the এর পর superlative degree হয়।

**08. The candidate was —— nervous to speak.**
Ⓐ very Ⓑ extremely Ⓒ less Ⓓ too
**Ⓓ Explanation** Too + adjvective + to গঠন অনুসারে (D) নাম্বার সঠিক।

**09. It was <u>evident</u> that damage was very serious. The underlined word can be replaced by :**
Ⓐ obvious Ⓑ uncertain Ⓒ invisible Ⓓ hidden
**Ⓐ Explanation** Evident (স্পষ্ট), অর্থ অনুসারে obvious বসবে। সঠিক (A)।

**10. In response to your advertisement —— in *The Daily Star*. I would like to apply for one of the positions.**
Ⓐ published Ⓑ which published
Ⓒ was published Ⓓ publish
**Ⓐ Explanation** Past participle ও অর্থ অনুসারে শুধু published হবে। পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের জবাবে অর্থ প্রকাশ করছে।

**11. Which word is incorrectly spelt?**
Ⓐ headache Ⓑ miser Ⓒ recommend Ⓓ resteurant
**Ⓓ Explanation** Option Ⓓ তে সঠিক বানান হবে restaurant.

**12. The director said that he ——**
Ⓐ knew me for a decade Ⓑ had known me for a decade
Ⓒ has known me for a decade Ⓓ has to know me for a decade
**Ⓑ Explanation** For/since থাকার কারণে বাক্যটি past perfect tense এ হবে।

**13. I need some books, —— ?**
Ⓐ needn't I Ⓑ need I Ⓒ don't I Ⓓ won't I
**Ⓒ Explanation** Need এখানে main verb, যা present tense এ থাকায় don't বসবে যেটি I এর সাথে বসে।

**14. Climatologists are of the view that afforestation can protect us ——.**
Ⓐ from destroyed Ⓑ from having destroyed
Ⓒ for being destroyed Ⓓ from being destroyed
**Ⓓ Explanation** ধ্বংস হওয়া হতে রক্ষা করে (from being destroyed)।

**15. Neither Mily nor Lily —— qualified for the job.**
Ⓐ are Ⓑ is Ⓒ have Ⓓ has
**Ⓑ Explanation** Lily কে sub বিবেচনা করে এখানে verb is বসবে।

## পদার্থবিজ্ঞান

**01. $\underline{F} = 8\hat{i} - 2\hat{j}$ এবং $\underline{r} = 6\hat{i} + 8\hat{k}$ হলে $\underline{F}.\underline{r}$ এর মান কত হবে?**
Ⓐ 48 Ⓑ 32 Ⓒ 8 Ⓓ 6
**Ⓐ Solve** $W = \vec{F}.\vec{r} = (8\hat{i} - 2\hat{j}).(6\hat{i} + 8\hat{k}) = 48 + 0 + 0 = 48$

**02. কৌণিক বেগের মাত্রা কোনটি?**
Ⓐ $M^0L^0T^{-1}$ Ⓑ $ML^{-1}T$ Ⓒ $M^{-1}L^{-1}T^{-1}$ Ⓓ $ML^{-2}T^{-1}$
**Ⓐ Solve** কৌণিক বেগ, $\omega = \frac{2\pi}{T} = [T^{-1}]$
এছাড়াও কৌণিক ত্বরণের মাত্রা : $[T^{-2}]$; কৌণিক ভরবেগ এর মাত্রা : $[ML^2T^{-1}]$

**03. কোয়ান্টাম তত্ত্ব কোন বিজ্ঞানী আবিষ্কার করেন?**
Ⓐ টমাস ইয়ং Ⓑ আর্নেষ্ট রাদারফোর্ড Ⓒ ম্যাক্স প্ল্যাঙ্ক Ⓓ আলবার্ট আইনস্টাইন
**Ⓒ Solve**

| আবিষ্কার | বিজ্ঞানী |
|---|---|
| আলোর তরঙ্গ তত্ত্ব | টমাস ইয়ং |
| পরমাণুর মডেল | আর্নেষ্ট রাদারফোর্ড |
| কোয়ান্টাম তত্ত্ব | ম্যাক্স প্ল্যাঙ্ক |
| থিওরি অব রিলেটিভিটি | আলবার্ট আইনস্টাইন |

**04. কোনটি মৌলিক রাশি নয়?**
Ⓐ তড়িৎ বিভব Ⓑ তাপমাত্রা Ⓒ দীপন মাত্রা Ⓓ পদার্থের পরিমাণ
**Ⓐ Solve** মৌলিক রাশি– 7টি :
i. দৈর্ঘ্য, ii. ভর, iii. সময়, iv. তাপমাত্রা, v. তড়িৎ প্রবাহ, vi. দীপন তীব্রতা ও vii. পদার্থের পরিমাণ।

**05. পর্যায়কাল দ্বিগুণ করতে সরল দোলকের দৈর্ঘ্য কতগুণ করতে হবে?**
Ⓐ $\frac{1}{4}$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ 2 Ⓓ 4
**Ⓓ Solve** পর্যায়কাল (T), দোলকের দৈর্ঘ্য (L) এর বর্গমূলের সমানুপাতিক অর্থাৎ $T \propto \sqrt{L}$
∴ দৈর্ঘ্য চারগুণ করলে পর্যায়কাল দ্বিগুণ হবে।

**06. একটি স্থির তরঙ্গের পাশাপাশি দুইটি সুস্পন্দ বিন্দুর দূরত্ব কত?**
Ⓐ $\lambda$ Ⓑ $\frac{\lambda}{2}$ Ⓒ $\frac{\lambda}{4}$ Ⓓ 0
**Ⓑ Solve** স্থির তরঙ্গের ক্ষেত্রে :
- পাশাপাশি দুইটি সুস্পন্দ বা দুইটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\frac{\lambda}{2}$
- একই পাশে দুইটি সুস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\lambda$
- পাশাপাশি তিনটি সুস্পন্দ বা নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\lambda$

**07. গঠনমূলক ব্যতিচারের জন্য পথ পার্থক্য কী হবে?**
Ⓐ $\frac{\lambda}{2}$ Ⓑ $n\lambda$ Ⓒ $(2n+1)\frac{\lambda}{2}$ Ⓓ $(2n-1)\frac{\lambda}{2}$
**Ⓑ Solve** গঠনমূলক ব্যতিচার সৃষ্টি হবে যখন,
দশা পার্থক্য, $\delta = 0, 2\pi, 4\pi, 6\pi$ ..... ইত্যাদি $\pi$ এর জোড়গুণিতক $= 2\pi n$, যেখানে, $n = 0, 1, 2, 3$ .....
অর্থাৎ, $\frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য $= 2\pi n \Rightarrow$ পথ পার্থক্য $= n\lambda = 2n\left(\frac{\lambda}{2}\right)$
যেখানে, $n = 0, 2, 3$ ইত্যাদি
সুতরাং, এই ক্ষেত্রে গঠনমূলক ব্যতিচারের জন্য আমরা পাই আলোকীয় পথ পার্থক্য $= n\lambda$

**08. হুইটস্টোন ব্রীজের সাহায্যে কী পরিমাপ করা হয়?**
Ⓐ প্রবাহ Ⓑ বিভব পার্থক্য Ⓒ তড়িৎ চালক শক্তি Ⓓ রোধ
**Ⓓ Solve** হুইটস্টোন ব্রীজের সাহায্যে পরস্পর শ্রেণিবদ্ধভাবে চারটি রোধের যে কোনো তিনটি রোধের মান জানা থাকলে অপর রোধের মান বের করা যায়।

**09. ইলেকট্রন ভোল্ট কীসের একক?**
Ⓐ চার্জ Ⓑ প্রাবল্য Ⓒ কাজ Ⓓ প্রবাহ
**Ⓒ Solve** ইলেকট্রন ভোল্ট হচ্ছে কাজ বা শক্তির একক। সাধারণ পারমাণবিক পদার্থবিদ্যায় শক্তির এই একক ব্যবহার করা হয়। তড়িৎক্ষেত্রে দুইটি বিন্দুর বিভব পার্থক্য যদি 1 V হয় তবে একটি ইলেকট্রন মুক্তভাবে এক বিন্দু থেকে অন্য বিন্দুতে গতিশীল হলে যে গতিশক্তি লাভ করে তাকে 1 ইলেকট্রন ভোল্ট বা সংক্ষেপে 1 eV বলে।

**10. নিম্নের কোনটি অ্যাম্পিয়ারের সূত্র?**

Ⓐ $\oint \underline{B}.\underline{dl} = \mu_0 I$ Ⓑ $\underline{V}.\underline{B} = 0$ Ⓒ $\underline{B} = \mu \underline{H}$ Ⓓ $\oint \underline{B} \times \underline{dl} = \mu_0 I$

**Solve** কোনো বদ্ধপথ বরাবর কোনো চৌম্বকক্ষেত্রের রৈখিক সমাকলন, পথটি দ্বারা আবদ্ধ ক্ষেত্রফলের মধ্যে প্রবাহিত মোট প্রবাহমাত্রার $\mu_0$ গুণ হবে, সুতরাং $\oint \vec{B}.d\vec{l} = \mu_0 I$

**11. একটি রাইফেলের গুলির বেগ যদি দ্বিগুণ করা হয় তাহলে এর গতিশক্তি কতগুণ হবে?**

Ⓐ দ্বিগুণ Ⓑ আটগুণ Ⓒ চারগুণ Ⓓ ষোলগুণ

**Solve** কোনো বস্তুর গতিশক্তি তার বেগের বর্গের সমানুপাতিক; $E_k \propto v^2$ অর্থাৎ বেগ দ্বিগুণ বৃদ্ধি পেলে গতিশক্তি 4 গুণ বৃদ্ধি পাবে।

**12. হাইড্রোজেনের আইসোটোপ ট্রিটিয়ামে কয়টি নিউট্রন থাকে?**

Ⓐ 0 Ⓑ 1 Ⓒ 2 Ⓓ 3

**Solve** টিট্রিয়াম $\left({}_1^3H\right)$ এর নিউট্রন সংখ্যা = (3 – 1) = 2 টি

**13. একমুখী তড়িৎ প্রবাহের (DC) কম্পাঙ্ক–**

Ⓐ 100 Hz Ⓑ 60 Hz Ⓒ 0 Hz Ⓓ 50 Hz

**Solve** সময়ের সাথে সাথে DC প্রবাহে দশা বা দিক পরিবর্তন হয় না। তাই এর পর্যায়কালের মান অসীম। কম্পাঙ্ক, $f = \frac{1}{T} = \frac{1}{\infty} = 0$

**14. পরস্পরকে স্পর্শ করা দুইটি অভিন্ন গোলকের (যাদের ভর 100 kg ও ব্যাসার্ধ 5 m) মধ্যে মহাকর্ষ বল প্রায়–**

Ⓐ $6.67 \times 10^{-11}$ N Ⓑ $6.67 \times 10^{-9}$ N Ⓒ $6.67 \times 10^{11}$ N Ⓓ $6.7 \times 10^{9}$ N

**Solve** মহাকর্ষ বল, $F = G \times \frac{M_1 \times M_2}{r^2}$

$= \frac{6.67 \times 10^{-11} \times 100 \times 100}{(5+5)^2} = 6.67 \times 10^{-9}$ N

**15. তড়িৎ চৌম্বকীয় বর্ণালির নিচের কোন অঞ্চলের শক্তি সবচেয়ে বেশি?**

Ⓐ অবলোহিত (Infrared) Ⓑ বেতার তরঙ্গ (Radio wave)
Ⓒ গামা রশ্মি (Gamma ray) Ⓓ এক্স-রশ্মি (X-ray)

**Solve** গামা রশ্মির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম এবং কম্পাঙ্ক সর্বাধিক হওয়ায় এর শক্তি সবচেয়ে বেশি। বর্ণালিসমূহের শক্তিক্রম নিম্নরূপ :
গামা রশ্মি > X-রশ্মি > অতিবেগুনি রশ্মি > দৃশ্যমান রশ্মি > অবলোহিত রশ্মি > মাইক্রোওয়েভ > বেতার তরঙ্গ।

**16. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) একটি বস্তুর ওজন 9.81 N এবং চবি-এ অভিকর্ষজ ত্বরণ 981 $cms^{-2}$ হলে, পৃথিবীর কেন্দ্রে বস্তুটির ভর কত?**

Ⓐ 0 kg Ⓑ 1 kg Ⓒ 1 g Ⓓ অসীম

**Solve** বস্তুটির ভর $= \frac{9.81\ N}{981\ cms^{-2}} = \frac{9.81\ N}{9.81\ ms^{-2}} = 1$ kg

**17. একটি বস্তুর পয়সনের (Poisson) অনুপাতের সীমা ——**

Ⓐ 0 থেকে $-\frac{1}{2}$ Ⓑ 0 থেকে 1 Ⓒ –1 থেকে $+\frac{1}{2}$ Ⓓ $-\frac{1}{2}$ থেকে $+\frac{1}{2}$

**Solve** $\sigma$ এর মান – 1 অপেক্ষা বেশি এবং $\frac{1}{2}$ অপেক্ষা কম হয়। অর্থাৎ $\sigma$ এর মান – 1 হতে $\frac{1}{2}$ এর মধ্যে অবস্থিত অর্থাৎ $-1 \le \sigma \le \frac{1}{2}$। কিন্তু বাস্তবে $\sigma$ এর মান ঋণাত্মক মান সম্ভব নয়। তাই $\sigma$ এর বাস্তব সীমা $0 \le \sigma \le \frac{1}{2}$ যার মান সাধারণত 0.2 থেকে 0.4 এর মধ্যে থাকে।

**18. যদি 100 W এর একটি কম্পিউটার এক ঘন্টা কাজ করে তবে কী পরিমাণ শক্তি খরচ হয়?**

Ⓐ 0.1 kWh Ⓑ 1 kWh Ⓒ 10 kWh Ⓓ 0.01 kWh

**Solve** শক্তি, E = 100 W × 1 h = 100 Wh = 0.1 kWh

**19. প্ল্যাঙ্কের ধ্রুবক (Planck's constant) প্রায় ——**

Ⓐ $6.63 \times 10^{-34}$ $Js^{-1}$ Ⓑ $6.63 \times 10^{-34}$ Js
Ⓒ $6.67 \times 10^{-11}$ $Js^{-1}$ Ⓓ $6.67 \times 10^{-11}$ Js

**Solve** যদি কোয়ান্টাম বা ফোটনের কম্পাঙ্ক $\upsilon$ এবং প্লাঙ্ক এর ধ্রুব
তাহলে প্লাঙ্কের ধ্রুবক $h = \frac{E}{\upsilon}$; যার মান $6.63 \times 10^{-27}$ egr.s বা $6.63 \times 10$

**20. ${}_{90}^{234}Th$ নিউক্লিয়াসে ইলেকট্রনের সংখ্যা ——**

Ⓐ 234 Ⓑ 144 Ⓒ 90 Ⓓ 0

**Solve** ইলেকট্রন কখনই পরমাণুর নিউক্লিয়াসে থাকে না। নিউ
থাকে প্রোটন ও নিউট্রন। ইলেকট্রন থাকে নিউক্লিয়াসের বাইরে।

**21. ফিশনে একটি ইউরেনিয়াম নিউক্লিয়াস থেকে নির্গত শক্তি প্রায় ——**

Ⓐ 50 MeV Ⓑ 150 MeV Ⓒ 200 MeV Ⓓ 250 M

**Solve** প্রতিটি ফিশনে প্রায় 200 MeV শক্তি নির্গত হ
বিক্রিয়া নিয়ন্ত্রণ করতে না পারলে পারমাণবিক বোমা বিস্ফোরণে রূপ
পারমাণবিক চুল্লিতে নিউক্লিয়ার ফিশন বিক্রিয়া সংঘঠিত হয়।

**22. কোনো বস্তুর বেগ আলোর বেগের সমান হলে এর ভর কত হবে?**

Ⓐ শূন্য Ⓑ অসীম Ⓒ স্থির Ⓓ কোনো

**Solve** $m = \frac{m_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}}$

বস্তুর বেগ আলোর গতির সমান হলে, $m = \frac{m_0}{\sqrt{1 - \frac{c^2}{c^2}}} = \frac{m_0}{\sqrt{1-1}} =$

**23. গৃহীত তাপ $Q_1$ এবং বর্জিত তাপ $Q_2$ হলে তাপীয় ইঞ্জিনের দক্ষতা ক**

Ⓐ $\eta = 1 - \frac{Q_2}{Q_1}$ Ⓑ $\eta = 1 + \frac{Q_2}{Q_1}$ Ⓒ $\eta = 1 - \frac{Q_1}{Q_2}$ Ⓓ $\eta = 1$

**Solve** কোনো ইঞ্জিন যদি $T_1$ তাপমাত্রায় তাপ উৎস থেকে শোষণ করে $T_2$ তাপমাত্রায় $Q_2$ তাপ বর্জন করে। তাহলে, $W = Q_1$

$\therefore \eta = \frac{W}{Q_1} = \frac{Q_1 - Q_2}{Q_1} = 1 - \frac{Q_2}{Q_1} = 1 - \frac{T_2}{T_1}$

**24. প্রিজমের ন্যূনতম বিচ্যুতি অবস্থানের জন্য কোনটি সঠিক?**

Ⓐ আপতন কোণ > নির্গমন কোণ Ⓑ আপতন কোণ < নির্গমন
Ⓒ আপতন কোণ = নির্গমন কোণ Ⓓ আপতন কোণ = প্রতিসরণ

**Solve** ন্যূনতম বিচ্যুতির ক্ষেত্রে তিনটি শর্ত আছে। যথা :

(i) $< i_1 = < i_2 = \frac{A + \delta_m}{2}$ হবে। $i_1$ = আপতন কোণ, $i_2$ = নির্গমন

(ii) $< r_1 = < r_2 = \frac{A}{2}$

(iii) আলোকরশ্মি প্রিজমের মধ্য দিয়ে প্রতিসমভাবে গমন করে অর্থাৎ প্রিজমে প্রথম ও দ্বিতীয় প্রতিসরণ পৃষ্ঠে আলোক রশ্মির আপতন বিন্দুর দূরত্ব সমা

**25. অর্ধপরিবাহী ডায়োড কে কী বলা হয়?**

Ⓐ Rectifier Ⓑ Transistor Ⓒ Amplifier Ⓓ FET

**Solve** (i) অর্ধপরিবাহী ডায়োডকে রেক্টিফায়ার বলে।
(ii) অর্ধপরিবাহী ট্রায়োডকে বলে ট্রানজিস্টর।
(iii) বিবর্ধক হিসেবে ব্যবহার হয় অ্যাম্প্লিফায়ার।
(iv) FET = Field Effect Transistor যা ট্রায়োড।

## রসায়ন

**01. কোন মৌলের আইসোটোপ প্রকৃতিতে নেই?**

Ⓐ K Ⓑ Na Ⓒ P Ⓓ Cl

**Solve** এ পর্যন্ত Na ও Au বাদে প্রায় সবকয়টি মৌলের আইসোটোপ প্রকৃতিতে পাওয়া গেছে।

**02. n = 4, l = 3 কক্ষপথের অরবিটাল সংখ্যা কত?**

Ⓐ 5 Ⓑ 10 Ⓒ 7 Ⓓ 14

**Solve** n = 4, *l* = 3 (f) অর্থাৎ 4f সাবশেলে অরবিটাল সংখ্যা হল $(2l + 1) = (2 \times 3 + 1) = 7$ টি

**03. কোনটি বিষাক্ত বিকারক?**

Ⓐ Toluene Ⓑ Benzene Ⓒ Hexane Ⓓ Butanol-1

**Solve** বেনজিন (Benzene) একটি দুর্গন্ধযুক্ত বিষাক্ত যৌগ। এগুলো নিঃশ্বাসের সাথে গ্রহণে ফুসফুস, রক্ত সহ কিডনি পর্যন্ত ক্ষতিগ্রস্থ হয়।

**04. নিচের কোনটিতে সর্বোচ্চ সংখ্যক পরমাণু রয়েছে?**

Ⓐ 1.0 g of Propane Ⓑ 1.0 g of Nitrogen
Ⓒ 1.0 g of Water Ⓓ 1.0 g of Silver

**Solve** 1g প্রোপেনে ($C_3H_8$) পরমাণু সংখ্যা $= \frac{1}{44} \times N_A \times 11 = \frac{N_A}{4}$

1g নাইট্রোজেনে ($N_2$) পরমাণু সংখ্যা $= \frac{1}{28} \times N_A \times 2 = \frac{N_A}{14}$

1g পানিতে ($H_2O$) পরমাণু সংখ্যা $= \frac{1}{18} \times N_A \times 3 = \frac{N_A}{6}$

1g সিলভারে (Ag) পরমাণু সংখ্যা $= \frac{1}{108} \times N_A \times 1 = \frac{N_A}{108}$

এখানে, $N_A$ = অ্যাভোগেড্রোর সংখ্যা $= 6.02 \times 10^{23}$

**05. নিচের কোনটি অ্যাসিড ক্লোরাইড এর কার্যকরী মূলক?**

Ⓐ $-CH_2OH$ Ⓑ $-COOR$ Ⓒ $-CONH_2$ Ⓓ $-COCl$

**Solve** $-CH_2OH \rightarrow$ হাইড্রোক্সি মিথাইল গ্রুপ
$-COOR \rightarrow$ এস্টার গ্রুপ
$CONH_2 \rightarrow$ অ্যামাইড গ্রুপ
$-COCl \rightarrow$ অ্যাসাইল ক্লোরাইড বা অ্যাসিড ক্লোরাইড গ্রুপ

**06. $CaCl_2$ এ ক্লোরিন এর জারণ সংখ্যা —**

Ⓐ +1 Ⓑ −1 Ⓒ +2 Ⓓ −2

**Solve** $CaCl_2$ এর Cl এর জারন সংখ্যা x হলে,
$2 + 2x = 0$
$2x = -2$
$\therefore x = -1$

**07. বন্ধনের হোমোলাইটিক বিভাজনে তৈরি হয় —**

Ⓐ Free redicals Ⓑ Carbenes Ⓒ Carbonium ions Ⓓ Carbanions

**Solve** একটি সমযোজী বন্ধনের সুষম বিভাজনের শেয়ারকৃত দুটি ইলেকট্রন প্রতিটি পরমাণু সমানভাবে (একটি করে) নিয়ে চার্জহীন মূলকে পরিণত হয়। এদেরকে মুক্তমূলক (Free Radical) বলে।

**08. নিচের কোনটির ডাইপোল মোমেন্ট শূন্য?**

Ⓐ ClF Ⓑ $PCl_3$ Ⓒ $SiF_4$ Ⓓ $CFCl_3$

**Solve** $SiF_4$ এ পরমাণু সুষম ভাবে Si পরমাণুর চারপাশে বন্টিত থাকে বিধায় $SiF_4$ এর লব্ধি ডাইপোল মোমেন্ট শূন্য হয়।

**09. 250 ml ডেসিমোলার দ্রবণ তৈরিতে কী পরিমাণ দ্রব প্রয়োজন? (দ্রবের আণবিক ভর 106)**

Ⓐ 2.05 g Ⓑ 2.56 g Ⓒ 2.65 g Ⓓ 0.65 g

**Solve** $W = \frac{SMV}{1000} = \frac{0.1 \times 250 \times 106}{1000} = 2.65g$

**10. নিচের কোনটি প্রাথমিক প্রমাণ দ্রব ও জারক পদার্থ?**

Ⓐ $Na_2CO_3$ Ⓑ $K_2Cr_2O_7$ Ⓒ $KMnO_4$ Ⓓ $Na_2C_2O_4$

**Solve** $K_2Cr_2O_7$ হল প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ ও তীব্র জারক। $Na_2CO_3$ প্রাইমারী স্ট্যান্ডার্ড ও ক্ষারীয় পদার্থ, $KMnO_4$ সেকেন্ডারী স্ট্যান্ডার্ড জারক ও $Na_2C_2O_4$ প্রাইমারি স্ট্যান্ডার্ড বিজারক পদার্থ।

**11. নিচের কোনটি শুষ্ককারক ও নিরুদক?**

Ⓐ $SiO_2$-gel Ⓑ $CaCl_2$ Ⓒ Conc.$H_2SO_4$ Ⓓ $Al_2O_3$

**Solve**

| শুষ্ককারক বা ড্রায়িং এজেন্ট | নিরুদক বা ডিহাইড্রেটিং এজেন্ট |
|---|---|
| অনার্দ্র $CaCl_2$, KCl, $MgSO_4$, সাদা দানাদার $P_2O_5$, সিলিকা জেল ($SiO_2$), Conc. $H_2SO_4$। | $Al_2O_3$, $P_2O_5$, অনার্দ্র $KHSO_4$, Conc. $H_2SO_4$, Conc. $H_3PO_4$। |
| Conc. $H_2SO_4$ ও $P_2O_5$ শুষ্ককারক ও নিরুদক উভয় হিসেবে কাজ করে। | |

**12. পর্যায় সারণির ২য় পর্যায়ে উপস্থিত মৌল গুলোকে বলে —**

Ⓐ Normal elements Ⓑ Noble gases
Ⓒ Transition elements Ⓓ Rare earth elements


**Solve**
- ২য় গ্রুপের মৌলগুলো Alkaline earth elements
- Lanthanide series এর মৌলগুলো Rare earth elements
- ২য় পর্যায়ের মৌলগুলো Normal elements/আদর্শ মৌল বলা হয়।

**13. নিচের কোন বিক্রিয়া দ্বারা একটি নতুন কার্বন-কার্বন বন্ধন গঠন সম্ভব?**


Ⓐ ক্যানিজারো বিক্রিয়া Ⓑ ফ্রিডেল-ক্রাফট বিক্রিয়া
Ⓒ ক্লিমেনসন বিজারণ Ⓓ রাইমার-টাইম্যান বিক্রিয়া

**Solve** ফ্রিডেল ক্রাফট অ্যালকাইলেশন ও ফ্রিডেল ক্রাফট অ্যাসাইলেসন বিক্রিয়ার মাধ্যমে নতুন কার্বন-কার্বন একক বন্ধন তৈরি হয়।

**ফ্রিডেল ক্রাফট অ্যালকাইলেশন :**




**ফ্রিডেল ক্রাফট অ্যাসাইলেসন :**




**14. ইথাইন এ কার্বন-কার্বন পরমাণু হলো —**

Ⓐ sp hybridized Ⓑ $sp^2$ hybridized
Ⓒ $sp^3$ hybridized Ⓓ $sp^2$ hybridized

**Solve** ইথাইনে HC≡CH কার্বন কার্বন ত্রিবন্ধন বিদ্যমান ও কার্বন পরমাণু দুটি sp সংকরণে সংকরিত থাকে।

**15. মেথিলেটেড স্পিরিট-এর সংযুক্তি কত?**

Ⓐ 50% $CH_3OH$ Ⓑ 100% $CH_3OH$
Ⓒ 95% $CH_3CH_2OH$+5% $CH_3OH$
Ⓓ 95% Reclified Spirit + 5% $CH_3OH$

**Solve** মেথিলেটেড স্পিরিটে সাধারণত 95% ইথানল ও 5% মিথানল থাকে যা পানের অনুপযোগী ও মিথানল থাকার কারণে এটি বিষাক্ত হয়ে থাকে। রেকটিফাইড স্পিরিটে প্রায় 96% ইথানল থাকে।

**16. $BaSO_4$ এর বর্ণ কী?**


Ⓐ Yellow Ⓑ White Ⓒ Blue Ⓓ Colourless

**Solve** $BaSO_4 \rightarrow$ সাদা; $PbSO_4 \rightarrow$ সাদা; $ZnSO_4 \rightarrow$ বর্ণহীন

**17. নিচের কোনটি হেটারোসাইক্লিক যৌগ?**

Ⓐ Benzene Ⓑ Pyridine Ⓒ Toluene Ⓓ Phenol

**Solve** কিছু হেটারোসাইক্লিক যৌগ হল নিম্নরূপ :



**18. শিখা পরীক্ষার বর্ণহীন কোনটি?**

Ⓐ Be Ⓑ Ba Ⓒ Ca Ⓓ Na

**Solve** শিখা পরীক্ষায় Be সহ Au, Ag, Pt, Pd, Mg ইত্যাদি মৌলের আয়ন ও কোনো বর্ণ পরিবর্তন করে না।

**19. নিচের কোনটি উভধর্মী অক্সাইড?**

Ⓐ $H_2O$ Ⓑ CaO Ⓒ $Al_2O_3$ Ⓓ $Cl_2O_7$

**Solve** $Al_2O_3$, ZnO, PbO, $SnO_2$ ইত্যাদি উভধর্মী অক্সাইড।

**20. তড়িৎ চৌম্বকীয় বিকিরণের দৃশ্যমান অঞ্চলের তরঙ্গদৈর্ঘ্য সীমা কত?**

Ⓐ 500-800 nm Ⓑ 380-780 nm Ⓒ 480-800 nm Ⓓ 10-380 nm **Ans** Ⓑ

**21. গ্রিন কেমেস্ট্রির মূলনীতি কয়টি?**

Ⓐ 14 Ⓑ 13 Ⓒ 20 Ⓓ 12

**Solve** গ্রিন কেমিস্ট্রির মূলনীতি হল ১২ টি।

**22. শুদ্ধটি নির্বাচন কর?**

Ⓐ $pH = -\log[H^+]$ Ⓑ $pH = -\log[H]$
Ⓒ $pH = -\log[H^{++}]$ Ⓓ $pH = \log[H^+]$

**Solve** $pH = -\log(H^+)$; $pOH = -\log(OH^-)$

**23. STP-তে কোন গ্যাসের 1L এ বিদ্যমান অণুসংখ্যা কত? (গ্যাসের আণবিক ভর 32)**

Ⓐ $0.2689 \times 10^{22}$ Ⓑ $2.689 \times 10^{23}$ Ⓒ $6.023 \times 10^{23}$ Ⓓ $2.689 \times 10^{22}$

**Solve** 1 L এ অণুর সংখ্যা $= \frac{6.02 \times 10^{23}}{22.4} = 2.689 \times 10^{22}$

**24. প্রোটিনকে সম্পূর্ণরূপে আর্দ্র বিশ্লেষণ করলে পাওয়া যাবে —**

Ⓐ Nucleic acid Ⓑ Peptides Ⓒ Amino acids Ⓓ Lipids

**Solve** প্রোটিন হল অ্যামিনো অ্যাসিডের পলিমার। প্রোটিনকে আর্দ্রবিশ্লেষিত করলে অ্যামিনো অ্যাসিড এর অনুগুলো পাওয়া যাবে।

**25. আদর্শ পানির Dissolved Oxygen (DO) সীমা কত?**

Ⓐ 5-8 $mgL^{-1}$ Ⓑ 3-7 $mgL^{-1}$ Ⓒ 5-6 $mgL^{-1}$ Ⓓ 4-8 $mgL^{-1}$

**Solve** আদর্শ পানির DO এর পরিসীমা 5-6 $mgL^{-1}$। আর অণুজীব বংশ বিস্তারের অনুকূল DO সীমা হল 4 - 6 ppm.

## গণিত

**01. $g(x) = \frac{3x-1}{2x+9}$ হলে, $g(g(x)) = ?$**

Ⓐ $\frac{7x-12}{24x+79}$ Ⓑ $\frac{9x-4}{6x+7}$ Ⓒ $\frac{x-10}{21x+80}$ Ⓓ $\frac{7x+6}{24x+79}$

**Solve** $g(x) = \frac{3x-1}{2x+9}$

$$\Rightarrow g(g(x)) = \frac{3.\frac{3x-1}{2x+9} - 1}{2.\frac{3x-1}{2x+9} + 9} = \frac{9x-3-2x-9}{6x-2+18x+81} = \frac{7x-12}{24x+79}$$

**02. $A = \begin{pmatrix} 2 & 0 & 0 \\ 0 & 2 & 0 \\ 0 & 0 & 2 \end{pmatrix}$ হলে, $A^3 - 7I_3 = ?$**

Ⓐ $I_3$ Ⓑ $2I_3$ Ⓒ A Ⓓ 2A

**Solve** $A = \begin{pmatrix} 2 & 0 & 0 \\ 0 & 2 & 0 \\ 0 & 0 & 2 \end{pmatrix} = 2\begin{pmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{pmatrix}$

$A^3 = A.A.A = 2 \times 2 \times 2\begin{pmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{pmatrix} = 8I_3$

$A^3 - 7I_3 = 8I_3 - 7I_3 = I_3$

**03. একের কাল্পনিক মূল ω হলে, $\begin{vmatrix} x+1 & \omega & \omega^2 \\ \omega & x+\omega^2 & 1 \\ \omega^2 & 1 & x+\omega \end{vmatrix} = 0$ এর সমাধান কোনটি?**

Ⓐ $x = \omega$ Ⓑ $x = 1$ Ⓒ $x = 0$ Ⓓ $x = \omega^2$

**Solve** $\begin{vmatrix} x+1 & \omega & \omega^2 \\ \omega & x+\omega^2 & 1 \\ \omega^2 & 1 & x+\omega \end{vmatrix} = 0$

$$\Rightarrow \begin{vmatrix} x+1+\omega+\omega^2 & \omega & \omega^2 \\ \omega+x+\omega^2+1 & x+\omega^2 & 1 \\ \omega^2+1+x+\omega & 1 & x+\omega \end{vmatrix} = 0$$

$[C_1' = C_1 + C_2 + C_3]$

$$\Rightarrow \begin{vmatrix} x+0 & \omega & \omega^2 \\ x+0 & x+\omega^2 & 1 \\ x+0 & 1 & x+\omega \end{vmatrix} = 0 \Rightarrow \begin{vmatrix} x & \omega & \omega^2 \\ x & x+\omega^2 & 1 \\ x & 1 & x+\omega \end{vmatrix} = 0$$

$x = 0$ হলে নির্ণায়কের মান শূন্য হবে। $\therefore x = 0$

**04. যদি $y = e^{x+e^{x+e^{x+\dots\infty}}}$ হয়, তবে $\frac{dy}{dx} = ?$**

Ⓐ $\frac{1+y}{y}$ Ⓑ $\frac{y}{1+y}$ Ⓒ $\frac{y}{1-y}$ Ⓓ $\frac{1-y}{y}$

**Solve** $y = e^{x+e^{x+e^{x+\dots\infty}}} \Rightarrow \ln y = x + e^{x+e^{x+\dots\infty}} \Rightarrow \ln y = x + y$

$\Rightarrow \frac{1}{y}.\frac{dy}{dx} = 1 + \frac{dy}{dx} \Rightarrow \left(\frac{1}{y} - 1\right)\frac{dy}{dx} = 1 \Rightarrow \frac{dy}{dx} = \frac{y}{1-y}$

**05. $(1+i)(x+iy) = 2+4i$ হলে, '5x' এর মান কোনটি?**

Ⓐ 11 Ⓑ 13 Ⓒ 14 Ⓓ 15

**Solve** $(1+i)(x+iy) = 2+4i$

$\Rightarrow x + iy + ix + i^2y = 2 + 4i \Rightarrow x - y + i(x+y) = 2 + 4i$

বাস্তব ও কাল্পনিক অংশ সমীকৃত করে পাই

$x - y = 2$ ..... (i); $x + y = 4$ ..... (ii)

(i) + (ii) $\Rightarrow 2x = 6 \Rightarrow x = 3 \Rightarrow 5x = 15$

**06. যদি $A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix}$ হয়, তবে $A^2 + 3A - 10I$ হবে একটি .....**

Ⓐ অভেদক ম্যাট্রিক্স Ⓑ প্রতিসম ম্যাট্রিক্স Ⓒ শূন্য ম্যাট্রিক্স Ⓓ কোনোটিই নয়

**Solve** $A^2 = A.A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix}\begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 1+6 & 2-8 \\ 3-12 & 6+16 \end{bmatrix} = \begin{bmatrix} 7 & -6 \\ -9 & 22 \end{bmatrix}$

$A^2 + 3A - 10I = \begin{bmatrix} 7 & -6 \\ -9 & 22 \end{bmatrix} + 3\begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix} - 10\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 7 & -6 \\ -9 & 22 \end{bmatrix} + \begin{bmatrix} 3 & 6 \\ 9 & -12 \end{bmatrix} - \begin{bmatrix} 10 & 0 \\ 0 & 10 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 7+3-10 & -6+6-0 \\ -9+9-0 & 22-12-10 \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix} = 0$ যা শূন্য ম্যাট্রিক্স

**07. 16 বর্গ একক ক্ষেত্রফলের একটি ত্রিভুজের শীর্ষবিন্দু সমূহের স্থানাঙ্ক A(– 4, 6), B(– 1, – 2) এবং C (a, – 2) হলে 'a' এর মান কত?**

Ⓐ – 1 Ⓑ 2 Ⓒ – 3 Ⓓ 3

**Solve** $\frac{1}{2}\begin{vmatrix} -4 & -1 & a & -4 \\ 6 & -2 & -2 & 6 \end{vmatrix} = 16$

$\Rightarrow (8 + 2 + 6a) - (-6 - 2a + 8) = 32$

$\Rightarrow 10 + 6a + 6 + 2a - 8 = 32 \Rightarrow 8a = 32 + 8 - 10 - 6$

$\Rightarrow 8a = 24 \quad \therefore a = 3$

**08. k এর মান কত হলে $2x - y + 7 = 0$ এবং $3x + ky - 5 = 0$ রেখা দুটি পরস্পর লম্ব হবে?**

Ⓐ 6 Ⓑ 8 Ⓒ 10 Ⓓ 12

**Solve** $2 \times 3 + (-1) \times k = 0 \Rightarrow k = 6$

**09.** $x^2 + a_1x + b_1 = 0$ এবং $x^2 + b_1x + a_1 = 0$ সমীকরণের একটি সাধারণ মূল থাকলে $a_1 + b_1 = ?$

Ⓐ 1 Ⓑ 0 Ⓒ –1 Ⓓ কোনো মান নেই

**Solve** $x^2 + a_1x + b_1 = 0$ ..... (i)

$x^2 + b_1x + a_1 = 0$ ..... (ii)

(i) – (ii) $\Rightarrow x^2 + a_1x + b_1 - x^2 - b_1x - a_1 = 0$

$\Rightarrow (a_1 - b_1)x - 1(a_1 - b_1) = 0$

$\Rightarrow (a_1 - b_1)(x - 1) = 0 \Rightarrow x = 1$ এবং $a_1 = b_1$

x এর মান (i) নং এ বসিয়ে পাই, $1 + a_1 + b_1 = 0 \Rightarrow a_1 + b_1 = -1$

**10.** (3, – 1) এবং (4, – 2) বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখা x অক্ষের সাথে কত কোণ উৎপন্ন করবে?

Ⓐ 30° Ⓑ 75° Ⓒ 105° Ⓓ 135°

**Solve** $\tan\theta = \frac{-2+1}{4-3} = -1 = \tan 135° \Rightarrow \theta = 135°$

**11.** $x^2 + y^2 + 2x + 3y + 11 = 0$ এবং $x^2 + y^2 + 4x + 3y + 12 = 0$ বৃত্ত দুইটির সাধারণ জ্যা এর সমীকরণ নিচের কোনটি?

Ⓐ $2x + 1 = 0$ Ⓑ $2x + y = 0$ Ⓒ $x + y = 0$ Ⓓ $x + 2y = 0$

**Solve** $x^2 + y^2 + 2x + 3y + 11 - x^2 - y^2 - 4x - 3y - 12 = 0$

$\Rightarrow -2x - 1 = 0 \Rightarrow 2x + 1 = 0$

**12.** $\sin\left(\tan^{-1}\frac{1}{2} + \cot^{-1}3\right)$ এর মান কোনটি?

Ⓐ $\frac{1}{\sqrt{3}}$ Ⓑ $\frac{2}{\sqrt{3}}$ Ⓒ $\frac{2}{\sqrt{2}}$ Ⓓ $\frac{1}{\sqrt{2}}$

**Solve** $\sin\left(\tan^{-1}\frac{1}{2} + \cot^{-1}3\right) = \sin\left(\tan^{-1}\frac{1}{2} + \tan^{-1}\frac{1}{3}\right)$

$= \sin\tan^{-1}\frac{\frac{1}{2}+\frac{1}{3}}{1-\frac{1}{2}\times\frac{1}{3}} = \sin\tan^{-1}\frac{3+2}{6-1} = \sin\tan^{-1}1 = \sin\frac{\pi}{4} = \frac{1}{\sqrt{2}}$

**13.** S, T, U বল তিনটি O বিন্দুতে সাম্যাবস্থায় রয়েছে। তাদের মান যথাক্রমে 1, 1 ও $\sqrt{2}$ হলে, T ও U-এর অন্তর্ভুক্ত কোণের মান হবে —

Ⓐ 120° Ⓑ 135° Ⓒ 90° Ⓓ 60°

**Solve** $\theta = \cos^{-1}\frac{1^2 - 1^2 - (\sqrt{2})^2}{2\times1\times\sqrt{2}} = \cos^{-1}\left(-\frac{1}{\sqrt{2}}\right) = 135°$

**14.** $\lim_{x\to0}\frac{e^x - 2e^{3x} + e^{5x}}{x^2}$ এর মান কত?

Ⓐ 4 Ⓑ 2 Ⓒ 0 Ⓓ 1

**Solve** $\lim_{x\to0}\frac{e^x - 2e^{3x} + e^{5x}}{x^2}$, [$\frac{0}{0}$ আকার]

$= \lim_{x\to0}\frac{e^x - 6e^{3x} + 5e^{5x}}{2x}$, [$\frac{0}{0}$ আকার] $= \lim_{x\to0}\frac{e^x - 18e^{3x} + 25e^{5x}}{2}$

$= \frac{e^0 - 18e^0 + 25e^0}{2} = \frac{1 - 18 + 25}{2} = 4$

**15.** যদি $y = \tan^{-1}\frac{p + qx}{q - px}$ হয়, তবে $\frac{dy}{dx}$ এর মান কত?

Ⓐ $1 + 7x$ Ⓑ $p + qx$ Ⓒ $\frac{1}{1+x^2}$ Ⓓ $\frac{2}{1-x^2}$

**Solve** $y = \tan^{-1}\frac{p + qx}{q - px} = \tan^{-1}\frac{\frac{p}{q} + x}{1 - \frac{p}{q}x}$

$\Rightarrow y = \tan^{-1}\frac{p}{q} + \tan^{-1}x \Rightarrow \frac{dy}{dx} = \frac{1}{1+x^2}$

**16.** $\int\frac{dx}{\cos^2x\sqrt{1+\tan x}}$ এর মান কত?

Ⓐ $2\sqrt{1+\tan x} + C$ Ⓑ $\sqrt{1+\tan x} + C$

Ⓒ $2\sqrt{1+\tan^2x} + C$ Ⓓ কোনোটিই নয়

**Solve** $\int\frac{dx}{\cos^2x\sqrt{1+\tan x}} = \int\frac{\sec^2x\,dx}{\sqrt{1+\tan x}}$

$= \int\frac{d(1+\tan x)}{\sqrt{1+\tan x}} = 2\sqrt{1+\tan x} + C$

**17.** $\frac{1}{1+i}$ কে A + iB আকারে প্রকাশ করলে B এর মান কত হবে?

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $-\frac{1}{2}$ Ⓒ 1 Ⓓ – 1

**Solve** $A + iB = \frac{1}{1+i} = \frac{1-i}{(1+i)(1-i)} = \frac{1-i}{1^2-i^2} = \frac{1-i}{2}$

$= \frac{1}{2} - \frac{i}{2} \therefore B = -\frac{1}{2}$

**18.** k এর কোন মানের জন্য $x^2 + kx + 1 = 0$ সমীকরণটির মূল দুইটি জটিল হবে

Ⓐ $-2 < k \le 2$ Ⓑ $-2 \le k \le 2$ Ⓒ $-2 < k < 2$ Ⓓ $-2 \le k < 2$

**Solve** $B^2 - 4AC < 0 \Rightarrow k^2 - 4.1.1 < 0$

$\Rightarrow k^2 < 4 \Rightarrow |k| < 2 \Rightarrow -2 < k < 2$

**19.** যদি P এর স্থানাঙ্ক (asinθ, bcosθ) হয় তাহলে P এর সঞ্চারপথ হবে একটি —

Ⓐ অধিবৃত্ত Ⓑ উপবৃত্ত Ⓒ বৃত্ত Ⓓ সরলরেখা

**Solve** প্রশ্নমতে, $x = a\sin\theta \Rightarrow \frac{x}{a} = \sin\theta$.... (i)

$y = b\cos\theta \Rightarrow \frac{y}{b} = \cos\theta$ ..... (ii)

$(i)^2 + (ii)^2 \Rightarrow \frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = \sin^2\theta + \cos^2\theta = 1$ যা উপবৃত্তের সমীকরণ।

**20.** $\frac{5-i}{2-3i}$ জটিল সংখ্যাটির আর্গুমেন্ট কত হবে?

Ⓐ π Ⓑ $\frac{\pi}{2}$ Ⓒ $\frac{2\pi}{3}$ Ⓓ $\frac{\pi}{4}$

**Solve** $\frac{5-i}{2-3i} = \frac{(5-i)(2+3i)}{(2-3i)(2+3i)}$

$= \frac{10 + 15i - 2i - 3i^2}{(2)^2 - (3i)^2} = \frac{13 + 13i}{13} = 1 + i;\ \theta = \tan^{-1}1 = \frac{\pi}{4}$

**21.** যদি $3x^2 + 5y^2 = 15$ একটি উপবৃত্তের সমীকরণ হয়, তাহলে উৎকেন্দ্রতা নিচের কোনটি?

Ⓐ $\sqrt{\frac{3}{5}}$ Ⓑ $\sqrt{\frac{5}{3}}$ Ⓒ $\sqrt{\frac{5}{2}}$ Ⓓ $\sqrt{\frac{2}{5}}$

**Solve** $3x^2 + 5y^2 = 15 \Rightarrow \frac{x^2}{5} + \frac{y^2}{3} = 1$

$e = \sqrt{1 - \frac{3}{5}} = \sqrt{\frac{2}{5}}$

**22.** $a^2x + a^2y = 1$ সমীকরণটি কী নির্দেশ করে?

Ⓐ বৃত্ত Ⓑ উপবৃত্ত Ⓒ অধিবৃত্ত Ⓓ সরলরেখা

**Solve** $a^2x + a^2y = 1 \Rightarrow a^2(x + y) = 1 \Rightarrow x + y = \frac{1}{a^2}$

যা $ax + by = c$ এর সাথে তুলনা করলে দেখা যায় যে, সমীকরণটি সরলরেখা।

**23.** $x^2 + 4x + 3 = 0$ সমীকরণের মূলগুলো কী প্রকৃতির?

Ⓐ বাস্তব ও মূলদ Ⓑ অবাস্তব ও অসমান Ⓒ জটিল Ⓓ অমূলদ ও সমান

**Solve** $B^2 - 4AC = 4^2 - 4.1.3 = 16 - 12 = 4 = 2^2$

সমীকরণের মূলগুলো বাস্তবও মূলদ।

**24. যদি $S = \{x: 5x^2 - 16x + 3 < 0\}$ হয়, তবে SupS এবং InfS- এর মান যথাক্রমে .....**

Ⓐ $1, \frac{1}{2}$ Ⓑ $3, \frac{1}{5}$ Ⓒ $1, \frac{1}{3}$ Ⓓ $1, -\frac{1}{3}$

**Solve** $5x^2 - 16x + 3 < 0 \Rightarrow 5x^2 - 15x - x + 3 < 0$

$\Rightarrow 5x(x-3) - 1(x-3) < 0 \Rightarrow (x-3)(5x-1) < 0$

$\Rightarrow (x-3)\left(x - \frac{1}{5}\right) < 0 \Rightarrow \frac{1}{5} < x < 3$

$\therefore$ SupS = 3 এবং $\text{InfS} = \frac{1}{5}$

**25. সমমানের দুইটি বলের লব্ধির বর্গ বলদ্বয়ের গুণফলের তিনগুণ হলে তাদের মধ্যবর্তী কোণের মান কত হবে?**

Ⓐ 120° Ⓑ 45° Ⓒ 60° Ⓓ 90°

**Solve** ধরি, বল দুটি P, P

$R^2 = 3.P.P = 3P^2 \Rightarrow 3P^2 = P^2 + P^2 + 2.P.P\cos\alpha$

$\Rightarrow P^2 = 2P^2\cos\alpha \Rightarrow \cos\alpha = \frac{1}{2} = \cos 60° \Rightarrow \alpha = 60°$

## জীববিজ্ঞান

**01. নিউক্লিওসাইডের উপাদান হলো–**

i. নাইট্রোজেনঘটিত ক্ষার ii. পেন্টোজ শ্যুগার iii. ফসফেট

**নিচের কোনটি সঠিক?**

Ⓐ i ও ii Ⓑ ii ও iii Ⓒ i ও iii Ⓓ i, ii ও iii

**Solve** নিউক্লিওসাইডের উপাদান :

- এক অণু পেন্টোজ শ্যুগারের সাথে এক অণু নাইট্রোজেন বেস যুক্ত হয়ে যে গ্লাইকোসাইড যৌগ তৈরি হয় তাকে নিউক্লিওসাইড বলে। এখানে নাইট্রোজেন বেস পেন্টোজ শ্যুগারের সাথে গ্লাইকোসাইডিক (N–C) বন্ধনীতে আবদ্ধ হয়।
- রাইবোজ শ্যুগারযুক্ত নিউক্লিওসাইডকে রাইবোনিউক্লিওসাইড এবং ডিঅক্সিরাইবোজ শ্যুগারযুক্ত নিউক্লিওসাইডকে ডিঅক্সিরাইবোনিউক্লিওসাইড বলে।

**02. DNA থেকে mRNA তৈরির প্রক্রিয়াকে বলে–**

Ⓐ Transcription Ⓑ Translation

Ⓒ DNA replication Ⓓ Reverse transcription

**Solve**
- DNA থেকে mRNA সৃষ্টির প্রক্রিয়াকে Transcription বলা হয়।
- mRNA থেকে প্রোটিন তৈরির প্রক্রিয়াকে Translation বলা হয়।
- রিভার্জ ট্রান্সক্রিপ্টেজ এনজাইম ব্যবহার করে ভাইরাল RNA কে ছাঁচ হিসেবে ধরে নিয়ে কমপ্লিমেন্টারি DNA তৈরি করাকে বলা হয় Reverse Transcription।

**03. হ্যাপ্লয়েড জীবে কোথায় মায়োসিস কোষ বিভাজন হয়?**

Ⓐ জনন-মাতৃকোষে Ⓑ জাইগোটে Ⓒ দেহকোষে Ⓓ মাইক্রোস্পোরে

**Solve**
- মায়োসিস সর্বদা জনন মাতৃকোষে (meiocyte) সম্পন্ন হয়।
- নিম্নশ্রেণির হ্যাপ্লয়েড জীবে মায়োসিস হয় নিষেকের পর জাইগোটে (2n), আর উচ্চশ্রেণির ডিপ্লয়েড জীবে মায়োসিস হয় নিষেকের পূর্বে জনন মাতৃকোষ হতে গ্যামিট সৃষ্টিকালে।

**04. কোন ভাইরাসের নিউক্লিক অ্যাসিড DNA?**

Ⓐ TMV Ⓑ ডেঙ্গু ভাইরাস Ⓒ $T_2$ ভাইরাস Ⓓ নভেল করোনা ভাইরাস

**Solve**
- $T_2$ ভাইরাসের নিউক্লিক অ্যাসিড দ্বিসূত্রক DNA।
- TMV ভাইরাসের নিউক্লিক অ্যাসিড একসূত্রক RNA।
- নিউক্লিক অ্যাসিড DNA যুক্ত ভাইরাস হলো ভেরিওলা, এডিনোভাইরাস, ভ্যাক্সিনিয়া, TIV, এডিনোহার্পিস সিমপ্লেক্স ইত্যাদি।
- নিউক্লিক অ্যাসিড RNA যুক্ত ভাইরাস হলো পোলিও, রুবিওলা, পীতজ্বর, মাম্পস, রেবিস, HIV, TMV ইত্যাদি।

**05. কোন বিভাগের নগ্নবীজী উদ্ভিদ আবৃতবীজী উদ্ভিদের সাথে অধিক ঘনিষ্ঠ?**

Ⓐ Cycadophyta Ⓑ Coniferophyta

Ⓒ Ginkgophyta Ⓓ Gnetophyta

**Solve** Gnetophyta উদ্ভিদগুলো ট্রপিক্যাল বৃক্ষ ও গুল্ম নিয়ে গঠিত। Gnetophyta বিভাগের উল্লেখযোগ্য উদ্ভিদগুলো হলো *Gnetum*, *Welwitschea* এবং *Ephedra* ইত্যাদি।
- এদের বিশেষ বৈশিষ্ট্য হলো নরম আবরণযুক্ত ফুলময় পাতা। পাতার এ ধরণের আবরণ এদেরকে আবৃতবীজী উদ্ভিদের পূর্বপুরুষ হিসেবে সংযোগ করে।
- নিটোফাইটা উদ্ভিদ অন্যান্য নগ্নবীজী উদ্ভিদ হতে একটু আলাদা, কারণ এদের জাইলেমে ভেসেল উপাদান থাকে।

**06. নিচের কোনটি ক্ষরণকারী টিস্যু?**

Ⓐ তরুক্ষীর টিস্যু Ⓑ জাইলেম Ⓒ ফ্লোয়েম Ⓓ প্যারেনকাইমা

**Solve** যে টিস্যু হতে নানা প্রকার তরল পদার্থ (উৎসেচক, বর্জ্য পদার্থ = রেজিন, গদ, উদ্বায়ী তেল, আঠা ইত্যাদি) নিঃসৃত হয়ে থাকে, তাকে ক্ষরণকারী বা নিঃস্রাবী টিস্যু বলে।
- উদ্ভিদ কর্তৃক নিঃসৃত তরল পদার্থকে বলা হয় তরুক্ষীর (Latex)। রাবার গাছের আঠা, কাঁঠাল গাছের আঠা ইত্যাদি হলো তরুক্ষীর। এতে শর্করা, আমিষ, আঠা, চর্বি প্রভৃতি মিশ্রিত থাকে।

**07. সালোকসংশ্লেষণের আলোক নির্ভর অধ্যায়ে তৈরি হয়–**

Ⓐ ATP ও NADP Ⓑ ATP ও $NADPH + H^+$

Ⓒ ATP + Glucose Ⓓ NADP + Glucose

**Solve**
- সালোকসংশ্লেষণের আলোক নির্ভর অধ্যায়ে তৈরি হয় ATP ও $NADPH + H^+$।
- আলোক নির্ভর অধ্যায়ের বিক্রিয়াসমূহ থাইলাকয়েড মেমব্রেন-এ সংঘটিত হয়।
- আলোক শক্তির প্রয়োজন হয়।
- আলোক নির্ভর অধ্যায়ের বিশেষ নাম ফটোফসফোরাইলেশন।

**08. রক্ষীকোষে পটাশিয়াম আয়নের ($K^+$) ঘনত্ব বৃদ্ধি পেলে কী ঘটে?**

i) রক্ষীকোষের অভিস্রবনিক চাপ বৃদ্ধি পায়

ii) রক্ষীকোষের স্ফীতিচাপ হ্রাস পায়

iii) রক্ষীকোষে পানি প্রবেশ করে

**নিচের কোনটি সঠিক?**

Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii

**Solve** রক্ষীকোষে পটাশিয়াম আয়ন প্রবেশ প্রমাণ করেন S. Imamura (1943)। রক্ষীকোষে পটাশিয়াম আয়নের ($K^+$) ঘনত্ব বৃদ্ধি পেলে (অর্থাৎ, পানির পরিমাণ কমে যায়) এবং পার্শ্ববর্তী কোষ হতে অভিস্রবণ প্রক্রিয়ায় পানি রক্ষীকোষে প্রবেশ করে। রক্ষীকোষে পানি প্রবেশের ফলে রক্ষীকোষ স্ফীত হয় এবং পত্ররন্ধ্র খুলে যায়।

**09. একটি সম্পূর্ণ বিকশিত উদ্ভিদ কোষের কোষ প্রাচীরে কয়টি স্তর রয়েছে?**

Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 3 Ⓓ 4

**Solve** একটি সম্পূর্ণ বিকশিত উদ্ভিদ কোষের কোষ প্রাচীর ৩টি স্তর নিয়ে গঠিত। স্তর তিনটি হলো : মধ্য ল্যামিলা, প্রাইমারি কোষ প্রাচীর ও সেকেন্ডারি কোষ প্রাচীর।

**10. ধান এর পুষ্পমঞ্জরী কোন ধরনের?**

Ⓐ রেসিম Ⓑ ক্যাপিচুলাম

Ⓒ সলিটারি Ⓓ স্পাইকলেট

**Solve** উদাহরণসহ সপুষ্পক উদ্ভিদের বিভিন্ন প্রকার পুষ্পবিন্যাস :
- **রেসিম :** সরিষা।
- **স্পাইক :** রজনীগন্ধা।
- **স্পাইকলেট :** ধান, গম।
- **স্প্যাডিক্স :** নারিকেল, কচু, কলা ইত্যাদি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**11. কোন টিস্যুটি উদ্ভিদ মাটি হতে শোষণ করে?**

Ⓐ অক্সিজেন Ⓑ নাইট্রোজেন Ⓒ কার্বন Ⓓ হাইড্রোজেন

**Solve** উদ্ভিদ মাটি হতে নাইট্রোজেন শোষণ করে। বায়বীয় মাটিতে যেখানে নাইট্রিফিকেশন ঘটতে পারে, সেখানে সাধারণত নাইট্রোজেনের প্রধান রূপ নাইট্রেট রূপে শোষিত হয়। C, H, O এই তিনটি বায়ু থেকে শোষিত হয়।

**12. কোন প্রক্রিয়ায় রোগমুক্ত উদ্ভিদ সৃষ্টি করা যায়?**

Ⓐ Embryo culture Ⓑ Endosperm culture
Ⓒ Anther culture Ⓓ Meristem culture

**Solve** • উদ্ভিদের শীর্ষমুকুলের অগ্রভাগের ভাজক টিস্যুর কালচারকে মেরিস্টেম কালচার বলে।
• রোগমুক্ত বিশেষ করে ভাইরাস মুক্ত চারা উৎপাদন করতে মেরিস্টেম কালচার করা হয়।
• মেরিস্টেম কালচারের প্রবক্তা মোরেল ও মারটিন (1952)।

**13. কোন অণুজীবটি জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ ব্যবহৃত হয়?**

Ⓐ *E.coli* Ⓑ *Penicillium* Ⓒ *Yeast* Ⓓ *Nostoc*

**Solve** *E.coli* জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ ব্যবহৃত হয়।
• ইনসুলিন তৈরির জিন সংযোজন করা হয় *E.coli* ব্যাকটেরিয়ায়।

**14. স্পিকিউল কোন পর্বের প্রাণীতে পাওয়া যায়?**

Ⓐ পরিফেরা Ⓑ নিডারিয়া
Ⓒ মলাস্কা Ⓓ একাইনোডার্মাটা

**Solve** • স্পিকিউল পরিফেরা পর্বের প্রাণীতে পাওয়া যায়।
• পরিফেরার নালিতন্ত্রের অন্তঃপ্রাচীরে ফ্লাজেলাযুক্ত কলার কোষ বা কোয়ানোসাইট থাকে।
• পরিফেরার অন্তঃকঙ্কাল গঠিত হয় স্পিকিউল বা স্পঞ্জিন তন্তু দ্বারা।

**15. হাইড্রাতে কত ধরনের নেমাটোসিস্ট থাকে?**

Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 4 Ⓓ 5

**Solve** • হাইড্রাতে চার ধরনের নেমাটোসিস্ট থাকে।
• বিজ্ঞানী ভার্নার নিডারিয়া পর্বের প্রাণীদের দেহ হতে ২৩ ধরনের নেমাটোসিস্ট শনাক্ত করেছেন।
• হাইড্রার সর্ববৃহৎ নেমাটোসিস্ট হলো স্টিনোটিল; আর ক্ষুদ্রতম নেমাটোসিস্ট হলো স্ট্রেপটোলিন গ্লুটিন্যান্ট।

**16. ঘাসফড়িং-এর রূপান্তর কোন ধরনের?**

Ⓐ সম্পূর্ণ রূপান্তর Ⓑ অসম্পূর্ণ রূপান্তর Ⓒ মেটাবোলাস Ⓓ হেমিমেটাবোলাস

**Solve** ঘাসফড়িং-এর রূপান্তর অসম্পূর্ণ বা হেমিমেটাবোলাস ধরনের। কারণ, এদের অপরিণত নিম্ফ আংশিক পরিস্ফুটনের মাধ্যমে কয়েকটি নিম্ফ দশা পেরিয়ে পূর্ণাঙ্গ ঘাসফড়িং-এ রূপান্তরিত হয়। এর রূপান্তর সম্পন্ন হতে প্রায় দুই মাস সময় লাগে।

**17. স্টেম কোষ কোথায় থাকে?**

Ⓐ অস্থি Ⓑ অস্থিমজ্জা Ⓒ পেশি Ⓓ পেশি টিস্যু

**Solve** • স্টেম কোষ লাল অস্থিমজ্জায় থাকে।
• স্টেম কোষ দীর্ঘকাল ধরে বিভাজিত এবং নবায়নে সক্ষম।
• এটি বিভাজিত হয়ে নিজেদের মত একাধিক কোষ বা অন্য ধরনের একাধিক কোষ তৈরি করতে পারে।

**18. নিম্নোক্ত কোন পাচক রসে এনজাইম থাকে না?**

Ⓐ আন্ত্রিক রস Ⓑ অগ্ন্যাশয় Ⓒ পিত্তরস Ⓓ কোনোটিই নয়

**Solve** • যকৃৎ নিঃসৃত রসকে পিত্ত বা পিত্তরস বলে।
• যদিও এতে কোনো এনজাইম নেই তবুও এটি একটি গুরুত্বপূর্ণ পরিপাক রস।
• পিত্তরস অম্ল ক্ষারীয় মাধ্যম সৃষ্টি করে যা বিভিন্ন খাদ্য পরিপাকের জন্য অত্যাবশ্যক।

**19. মেন্ডেলের দ্বিতীয় সূত্র অনুযায়ী $F_2$ জনুতে হোমোজাইগাস জিনোটাইপের সংখ্যা সাধারণত কয়টি?**

Ⓐ 5 Ⓑ 4 Ⓒ 3 Ⓓ 2

**Solve** • মেন্ডেলের দ্বিতীয় সূত্র অনুযায়ী $F_2$ জনুতে হোমোজাইগাস জিনোটাইপের সংখ্যা সাধারণত ৪টি।
• এটি ডাই বা পলিহাইব্রিড ক্রসের ক্ষেত্রে প্রযোজ্য।
• ডাইহাইব্রিড ক্রসের ক্ষেত্রে ফিনোটাইপিক অনুপাত ৯ : ৩ : ৩ : ১।

**20. সঠিক মিল খুঁজে বের কর।**

Ⓐ Annelida - Pseudocoelomate Ⓑ Rotifera - Eucoelomate
Ⓒ Cnidaria - Pseudocoelomate Ⓓ Ctenophora - Acoelomate

**Solve** • অ্যাসিলোমেট প্রাণীর দেহে কোনো সিলোম থাকে না কেননা এদের ভ্রূণীয় বিকাশের সময় দেহ প্রাচীর ও পৌষ্টিকনালির মধ্যবর্তী ফাঁকা স্থান, ব্লাস্টোসিল মেসোডার্ম উদ্ভূত স্পঞ্জি প্যারেনকাইমা কোষে পূর্ণ থাকে।
• অ্যাসিলোমেট প্রাণীর উদাহরণ হলো : Porifera, Cnidaria, Ctenophora ও Platyhelminthes প্রভৃতি।

**21. হৃৎপিণ্ড চার প্রকোষ্ঠী নয়–**

Ⓐ কুমির Ⓑ বাদুড় Ⓒ মানুষ Ⓓ ব্যাঙ

**Solve** প্রাণিজগতে কেবল পাখি ও স্তন্যপায়ীদের সম্পূর্ণরূপে বিভক্ত চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিণ্ড রয়েছে। যেমন : বাদুড় ও মানুষ। তবে কুমিরের হৃৎপিণ্ড সম্পূর্ণভাবে চার প্রকোষ্ঠবিশিষ্ট।
• ব্যাঙের হৃৎপিণ্ড তিন প্রকোষ্ঠবিশিষ্ট। এতে সাইনাস ভেনোসাস ও কোনাস আর্টেরিওসাস নামক উপপ্রকোষ্ঠ থাকে।

**22. ফুসফুসের প্রদাহ–**

Ⓐ ব্রঙ্কাস Ⓑ এমফাইসেমা Ⓒ ওটাইসিস Ⓓ সাইনোসাইটিস

**Solve** ধূমপানের ধোঁয়া ফুসফুসের অ্যালভিওলাসের প্রাচীর ক্ষতিগ্রস্ত করে। এতে অ্যালভিওলাসের আয়তন বেড়ে যায় এবং কোনো কোনো স্থানে ফেটে গিয়ে ফুসফুসে ফাঁকা জায়গার সৃষ্টি করে। ফলে শ্বসনতল কমে গিয়ে গ্যাস বিনিময়ে মারাত্মক সমস্যা সৃষ্টি করে। এ অবস্থাকে এমফাইসেমা (Emphysema) বলে। এটি ফুসফুসে প্রদাহ সৃষ্টি করে।

**23. কর্ণাস্থি কোনটি?**

Ⓐ রেডিয়াস Ⓑ স্টার্নাম Ⓒ স্টেপিস Ⓓ ক্ষ্যাপুলা

**Solve** কর্ণাস্থি ৩টি ছোট অস্থি নিয়ে গঠিত। যথা :
i) **ম্যালিয়াস** : হাতুড়ির মতো দেখতে।
ii) **ইনকাস** : দেখতে নেহাই এর মতো।
iii) **স্টেপিস** : ত্রিকোণাকার অস্থি; মানবদেহের সবচেয়ে ছোট অস্থি।

**24. কোনটি সংবেদী স্নায়ু নয়?**

Ⓐ অপটিক Ⓑ অলফ্যাক্টরি Ⓒ অকুলোমোটর Ⓓ কোনোটিই নয়

**Solve** • অকুলোমোটর স্নায়ু চেষ্টীয় বা বহির্বাহী প্রকৃতির।
• এর উৎপত্তিস্থল মেসেনসেফালন এবং এর বিস্তৃতি চোখের বিচলনে সাহায্যকারী পেশি পর্যন্ত।
• এটি অক্ষিগোলকের সংকোচনে সহায়তা করে।

**25. অ্যাড্রেনাল মেডুলা নিঃসৃত হরমোন কোনটি?**

Ⓐ অ্যান্ড্রোজেন Ⓑ এপিনেফ্রিন Ⓒ ক্যালসিটোনিন Ⓓ কোনোটিই নয়

**Solve** • অ্যাড্রেনাল গ্রন্থির মেডুলা অঞ্চল থেকে অ্যাড্রেনালিন হরমোন নিঃসৃত হয়। অ্যাড্রেনালিনকে এপিনেফ্রিনও (Epinephrine) বলা হয়।
• অ্যাড্রেনালিন প্রাণীদের সঙ্কটকালীন বা জরুরিকালীন হরমোন নামে পরিচিত।
• হৃৎপিণ্ডের গতি বৃদ্ধি করে, রক্তবাহকে সংকুচিত করে রক্তচাপ বাড়ায়, কার্ডিয়াক আউটপুট বাড়িয়ে দেয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part-1 : হুবহু প্রশ্ন (সকল প্রশ্নের নির্ভুল উত্তর, সঠিক ব্যাখ্যা ও প্রশ্ন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ তথ্য)

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা : ২০২২-২৩; A-ইউনিট

প্রশ্নটি বিষয় ও অধ্যায়ভিত্তিক দেখো Part-2 তে

## বাংলা

**01. "জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও পায়।" কোন রচনার অংশ?**
Ⓐ আমার পথ Ⓑ বিলাসী Ⓒ বায়ান্নর দিনগুলো Ⓓ রেইনকোট
**Solve** C জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। এ রচনার অংশবিশেষ :'... কোনো কোনো মাওলানা সাহেবরা ফতোয়া দিয়েছিলেন বাংলা ভাষার বিরুদ্ধে। তাঁরাও ভয় পেয়ে গেছেন। এখন আর প্রকাশ্যে বাংলা ভাষার বিরুদ্ধে কথা বলতে সাহস পাচ্ছেন না। জনমত সৃষ্টি হয়েছে, জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।'

**02. 'পাথর এবার হঠাৎ নড়ে।' 'লালসালু' উপন্যাসের এই বাক্যে পাথর বলতে বোঝানো হয়েছে –**
Ⓐ খালেক ব্যাপারীকে Ⓑ মজিদকে Ⓒ মতলুব খাঁকে Ⓓ জমিলাকে
**Solve** B সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র 'লালসালু' উপন্যাসে 'পাথর এবার হঠাৎ নড়ে।' বাক্যে 'পাথর' বলতে মজিদকে বোঝানো হয়েছে।

**03. কোনটি ভুল?**
Ⓐ ক্ষি + অ = ক্ষয় Ⓑ তৎ + রূপ = তদ্রূপ
Ⓒ ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র Ⓓ কারা + গার = কারাগার
**Solve** D সন্ধিসূত্র :

| | |
|---|---|
| আ + আ | কারা + আগার = কারাগার। |
| আ + আ | সদা + আনন্দ = সদানন্দ। |

**04. 'আঠারো বছর বয়স' কবিতায় 'আঠারো' শব্দটি ব্যবহৃত হয়েছে–**
Ⓐ নয়বার Ⓑ সাতবার Ⓒ পাঁচবার Ⓓ দশবার
**Solve** A মাত্রাবৃত্ত ছন্দে রচিত 'আঠারো বছর বয়স' কবিতাটি সুকান্ত ভট্টাচার্যের 'ছাড়পত্র' কাব্যভুক্ত। এ কবিতায় কবি নিজের অভিজ্ঞতার আলোকে বয়ঃসন্ধিকালের বৈশিষ্ট্যকে তুলে ধরেছেন।

**05. 'যত চাও তত লও তরণী পরে।' 'সোনার তরী' কবিতায় এর পরের পঙ্‌ক্তি–**
Ⓐ দেখে যেন মনে হয় চিনি উহারে
Ⓑ আর আছে – আর নাই দিয়েছি ভরে
Ⓒ এখন আমারে লহো করুণা করে
Ⓓ গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে।
**Solve** B রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতার অংশবিশেষ :
- গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে!/ দেখে যেন মনে হয় চিনি উহারে।
- ওগো, তুমি কোথা যাও কোন বিদেশে?/বারেক ভিড়াও তরী কূলেতে এসে।

**06. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় শামসুর রাহমান বর্ণমালাকে কীসের প্রতীক হিসেবে তুলনা করেছেন?**
Ⓐ চন্দ্র Ⓑ সূর্য Ⓒ সৌরজগৎ Ⓓ নক্ষত্র
**Solve** D শামসুর রাহমানের 'নিজ বাসভূমে' কাব্যভুক্ত 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার অংশবিশেষ : 'দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো/ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা'– দ্বারা বর্ণমালাকে নক্ষত্রের প্রতীক হিসেবে তুলনা করার বিষয়টি উপলব্ধি করা যায়।

**07. ও রকম বিনয়ের চেয়ে অহংকারের — অনেক-অনেক ভালো। 'আমার পথ' শীর্ষক রচনার এই বাক্যের শূন্যস্থানে বসবে–**
Ⓐ স্বীকারোক্তি Ⓑ পৌরুষ Ⓒ দাসত্ব Ⓓ অভিশাপ
**Solve** B কাজী নজরুল ইসলামের 'রুদ্র-মঙ্গল' গ্রন্থভুক্ত 'আমার পথ' প্রবন্ধের অংশবিশেষ : ▪ আমার পথ দেখাবে আমার সত্য। ▪ আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে। ▪ ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়।

**08. "মন্দ নয় হে। খাঁটি সোনা বটে।" – 'অপরিচিতা' গল্পে এই উক্তি করেছে –**
Ⓐ বিনুদা Ⓑ কথকের মামা Ⓒ হরিশ Ⓓ শম্ভুনাথ বাবু
**Solve** A রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্প কন্যাকে (কল্যাণী) আশীর্বাদ করার প্রতিক্রিয়া হিসেবে বিনুদা বলেন, "মন্দ নয় হে। খাঁটি সোনা বটে।"

**09. 'সুধী' শব্দের 'সু' অংশের নাম–**
Ⓐ প্রত্যয় Ⓑ বিভক্তি Ⓒ অনুসর্গ Ⓓ উপসর্গ
**Solve** D উপসর্গ সম্পর্কিত তথ্য :

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| সু (তৎসম) | আতিশয্য | সুধী, সুবীর, সুদক্ষ। |

**10. 'সিরাজউদ্দৌলা' নাটকে চতুর্থ অঙ্কের দ্বিতীয় দৃশ্য অনুষ্ঠিত হয়েছে–**
Ⓐ ২৩ শে জুন ১৯৫৬ Ⓑ ১৯ শে জুন ১৭৫৬
Ⓒ ২৯ শে জুন ১৭৫৭ Ⓓ ২রা জুলাই ১৭৫৭
**Solve** D সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকটি ৪টি অঙ্ক ও ১২টি দৃশ্যে বিভক্ত। এ নাটকের চতুর্থ অঙ্কের দ্বিতীয় দৃশ্যপট 'জাফরাগঞ্জের কয়েদখানা' এবং সময় : দোসরা জুলাই।

## ENGLISH

**01. If I take a public bus, I'll get late —?**
Ⓐ isn't it Ⓑ is it Ⓒ won't I Ⓓ will I
**Explanation** C Affirmative statement– এ modal auxiliary হিসেবে will থাকলে tag question– এ won't হয়।

**02. If he told the truth, they — him.**
Ⓐ were forgiving Ⓑ would forgive
Ⓒ had forgiven Ⓓ forgive
**Explanation** B Conditional sentence– এর নিয়মানুসারে if-যুক্ত clause টি past indefinite tense– এ থাকলে পরবর্তী clause– এ subject + would/could/might + $v_1$ + extention হবে।

**03. Hardly — I arrived at the airport — the plane took off.**
Ⓐ have/when Ⓑ had/than
Ⓒ had/then Ⓓ had/when
**Explanation** D No sooner, hardly, scarcely, barely ইত্যাদির পরে inversion ব্যবহৃত হয় অর্থাৎ subject এর পূর্বে verb (auxiliary) এর অবস্থান হয়। সেক্ষেত্রে, No sooner + had + subject + $v_3$ + ext + than + $v_2$ এবং Hardly/Scarcely/Barely + had + subject + $v_3$ + ext + when + $v_2$ হয়।

**04. No, I don't mind waiting at all, — it doesn't take you more than one hour.**
Ⓐ in spite of Ⓑ as long as Ⓒ even if Ⓓ until
**Explanation** B As long as হলো একটি conjunction যেটি এখানে "এই শর্তে/যে পর্যন্ত না" অর্থে ব্যবহৃত হয়েছে।

**05. The changes in the city have occured —**
Ⓐ fastly Ⓑ swiftly Ⓒ rapidly Ⓓ hurriedly
**Explanation** C Rapidly শব্দটি এখানে "স্বল্প সময়ে/দ্রুততর সময়ে" অর্থ ব্যবহৃত হয়েছে। fastly শব্দটি এখন অপ্রচলিত; এর সঠিক শব্দটি হলো fast (দ্রুত)। অন্যদিকে swiftly অর্থ দ্রুতগতিতে এবং hurriedly অর্থ তড়িঘড়ি করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**06. I'll meet you again — the weekend.**
Ⓐ by Ⓑ on Ⓒ at Ⓓ for
**Explanation** At the weekend– এর অর্থ সপ্তাহান্তে/সপ্তাহ শেষে।

**07. — if you see her this evening?**
Ⓐ Do you ask Nina to come to my party
Ⓑ Will you ask Nina to come to my party
Ⓒ Does Nina come to my party
Ⓓ Ask Nina to come to my party
**Explanation** Conditional sentence– এর নিয়মানুযায়ী If– যুক্ত clause টি present indefinite tense– এ থাকলে main clause টি future indefinite tense– এ হবে। সেক্ষেত্রে sentence– টি interrogative হলে, will + subject + verb + ext + if + present indefinite হবে।

**08. We had better — trees in order to combat global warming.**
Ⓐ planted Ⓑ planting Ⓒ plant Ⓓ to plant
**Explanation** Had better এর পর verb এর base form ব্যবহৃত হয়।

**09. With a view to — a Smart Bangladesh, we must — all stakeholders.**
Ⓐ build/empower Ⓑ building/power
Ⓒ build up/empower Ⓓ building/empower
**Explanation** With a view to + verb + ing এবং modal auxiliary + $v_1$ হয়।

**10. Having — lunch, I took a nap.**
Ⓐ had Ⓑ eating Ⓒ ate Ⓓ taking
**Explanation** Having + $v_3$ দ্বারা perfect participle গঠিত হয়।

**11. While strolling in the park, I chanced to meet— European lady.**
Ⓐ one Ⓑ the Ⓒ an Ⓓ a
**Explanation** Vowel দ্বারা শুরু হওয়া শব্দের উচ্চারণ যদি "ইউ (yu)" এর মত হয়, তাহলে সেই শব্দের আগে article হিসেবে a ব্যবহৃত হয়।

**12. Ball-point pens require — than fountain pens do.**
Ⓐ the thicker the ink Ⓑ an ink and thicker
Ⓒ the ink is thicker Ⓓ a thicker ink
**Explanation** Fountain pen এর চেয়ে Ball-point pen গুলোতে অধিকতর ঘন কালি (thicker ink) ব্যবহার করা হয়।

**13. One of the most <u>damaging</u> plant parasites is the stem eelworm. Here, the underlined word is closest in meaning to —.**
Ⓐ harmful Ⓑ elegant Ⓒ versatile Ⓓ prevalent
**Explanation** Damaging (ক্ষতিকর) শব্দটির synonymous words হলো– harmful, detrimental, deleterious, ruinous ইত্যাদি।

**14. If you get it off your chest, you will feel better. Here "get it off your chest" means —.**
Ⓐ talk about it Ⓑ through it out
Ⓒ hope for it Ⓓ forget it
**Explanation** Get something of one's chest– অন্যের নিকট নিজের কষ্টদায়ক অথবা উদ্বেগজনক কোনো বিষয়কে তুলে ধরা/প্রকাশ করা।

**15. Quite a few measures — to encourage people to wear face masks.**
Ⓐ has been taken Ⓑ have taken
Ⓒ have been taken Ⓓ has been adopted
**Explanation** Subjective position– এ plural number থাকায় present perfect tense বিশিষ্ট verb এর passive form হিসেবে "have been taken" হবে সঠিক উত্তর।

## পদার্থবিজ্ঞান

**01. পয়সন অনুপাতের সর্বোচ্চ মান হলো–**
Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $-\frac{1}{2}$ Ⓒ 1 Ⓓ –1
**Solve** পয়সনের অনুপাতের রেঞ্জ $-1 < \sigma < \frac{1}{2}$। সুতরাং সর্বনিম্ন মান $-1$ এবং সর্বোচ্চ মান $\frac{1}{2}$।

**02. নিম্নের কোন সমীকরণটি তরঙ্গদৈর্ঘ্য ও দশা (phase) এর মধ্যে সম্পর্ক প্রকাশ করে?**
Ⓐ $\delta = \frac{\pi}{x}\lambda$ Ⓑ $\delta = \frac{2\pi}{x}\lambda$ Ⓒ $\delta = \frac{2\pi}{\lambda}x$ Ⓓ $\frac{\pi}{\lambda}x$
**Solve** দশা পার্থক্য $(\delta) = \frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য $(x)$

**03. নিম্নের কোনটি ডি-ব্রগলী তরঙ্গদৈর্ঘ্যের সমীকরণ?**
Ⓐ $\lambda = \frac{h}{p}$ Ⓑ $\lambda = \frac{h}{v}$ Ⓒ $\lambda = \frac{h}{c}$ Ⓓ $\lambda = \frac{p}{h}$
**Solve** ডি-ব্রগলী সমীকরণ, $\lambda = \frac{h}{p} = \frac{h}{\sqrt{2mE}}$

**04. যে যন্ত্রের সাহায্যে রোধ, বিভব পার্থক্য ও তড়িৎ প্রবাহ পরিমাপ করা যায় তা হলো–**
Ⓐ অ্যামিটার Ⓑ ভোল্টমিটার Ⓒ ওহমমিটার Ⓓ মাল্টিমিটার
**Solve**
অ্যামিটার → তড়িৎ প্রবাহ পরিমাপক যন্ত্র।
ভোল্টমিটার → বিভব পার্থক্য পরিমাপক যন্ত্র।
ওহমমিটার → রোধ পার্থক্য পরিমাপক যন্ত্র।
মাল্টিমিটার → রোধ, বিভব পার্থক্য, তড়িৎ প্রবাহ সবগুলোই একই যন্ত্রের সাহায্যে পরিমাপ করা যায়। একে অ্যাভোমিটার ও বলা হয়।

**05. পানি ও কাঁচের পরম প্রতিসরাঙ্ক যথাক্রমে $\frac{4}{3}$ ও $\frac{3}{2}$ হলে পানির সাপেক্ষে কাঁচের আপেক্ষিক প্রতিসরাঙ্ক কত?**
Ⓐ $\frac{2}{3}$ Ⓑ $\frac{5}{7}$ Ⓒ $\frac{9}{8}$ Ⓓ 1
**Solve** ${}_w\mu_g = \frac{\mu_g}{\mu_w} = \frac{\frac{3}{2}}{\frac{4}{3}} = \frac{9}{8}$

**06. 4 kg ভরের একটি বস্তু সম্পূর্ণরূপে শক্তিতে রূপান্তরিত হলে শক্তির পরিমাণ হবে–**
Ⓐ $3.6 \times 10^{15}$ J Ⓑ $3.6 \times 10^{16}$ J
Ⓒ $3.6 \times 10^{17}$ J Ⓓ $3.6 \times 10^{18}$ J
**Solve** $E = mc^2 = 4 \times (3 \times 10^8)^2 = 3.6 \times 10^{17}$ J

**07. বৃত্তাকার পথে আবর্তনরত বস্তুর কেন্দ্রমুখী ত্বরণ–**
Ⓐ $\omega r$ Ⓑ $\omega r^2$ Ⓒ $\omega^2 r^2$ Ⓓ $\omega^2 r$
**Solve** কেন্দ্রমুখী ত্বরণ $\alpha = \omega^2 r$।

**08. বস্তুর ত্বরণ এবং ভরের মধ্যে সম্পর্ক–**
Ⓐ $a \propto \frac{1}{m}$ Ⓑ $a \propto m$ Ⓒ $a \propto \frac{1}{m^2}$ Ⓓ $a \propto m^2$
**Solve** $F = ma \Rightarrow a = \frac{F}{m} \therefore a \propto \frac{1}{m}$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**09. কোনটি ঘূর্ণায়মান বস্তুর গতিশক্তির সমীকরণ?**

Ⓐ $KE = \frac{1}{2}I\omega$ Ⓑ $KE = \frac{1}{2}I\omega^2$

Ⓒ $KE = I\omega$ Ⓓ $KE = \frac{1}{2}I^2\omega$

**Solve** ঘূর্ণায়মান বস্তুর গতিশক্তি, $KE = \frac{1}{2}I\omega^2$।

**10. কোন ধর্মের কারণে পানির ফোঁটা গোলাকৃতি হয়?**

Ⓐ স্থিতিস্থাপকতা Ⓑ সান্দ্রতা Ⓒ পৃষ্ঠটান Ⓓ কৌশিকতা

**Solve** পৃষ্ঠটানের জন্য পানির ফোঁটা, শিশির বিন্দু, পারদ বিন্দু গোলাকৃতি হয়।

**11. একটি সেকেন্ড দোলকের কার্যকরী দৈর্ঘ্য–**

Ⓐ 1.5 m Ⓑ 2 m Ⓒ 1 m Ⓓ 3 m

**Solve** $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$

$\Rightarrow L = \frac{T^2}{4\pi^2} \times g \Rightarrow L = \frac{2^2}{4\pi^2} \times 9.8 = 1\ m$

**12. একটি দণ্ড চুম্বকের চৌম্বক দৈর্ঘ্য ও জ্যামিতিক দৈর্ঘ্যর অনুপাত কত?**

Ⓐ 0.70 Ⓑ 0.75 Ⓒ 0.80 Ⓓ 0.85

**Solve** $\frac{\text{চৌম্বক দৈর্ঘ্য}}{\text{জ্যামিতিক দৈর্ঘ্য}} = 0.85$

**13. একটি অবতল দর্পনের বক্রতার ব্যাসার্ধ 48 cm. দর্পণটি হতে 24 cm দূরে একটি বস্তু রাখা হলে, বিম্ব কোথায় গঠিত হবে?**

Ⓐ 10 cm পিছনে Ⓑ 20 cm দূরে Ⓒ অসীম দূরত্বে Ⓓ 5 cm পিছনে

**Solve** $\frac{1}{f} = \frac{1}{u} + \frac{1}{v} \Rightarrow \frac{1}{v} = \left(\frac{1}{24} - \frac{1}{24}\right) = 0 \therefore v = \infty$

**14. ফারেনহাইট স্কেলে পরম শূন্য তাপমাত্রার (Absolute temperature) অনুরূপ তাপমাত্রা –**

Ⓐ –455° F Ⓑ –460° F Ⓒ –465° F Ⓓ –470° F

**Solve** $\frac{F-32}{9} = \frac{K-273}{5}$

$\Rightarrow F = (K-273) \times \frac{9}{5} + 32$

$= (0-273) \times \frac{9}{5} + 32$

$= -459.4°F \approx -460°F$

**15. p-টাইপ অর্ধপরিবাহী তৈরির জন্য বিশুদ্ধ জার্মেনিয়ামের সাথে অপদ্রব্য হিসাবে যোগ করা হয়–**

Ⓐ Ar Ⓑ Ga Ⓒ Si Ⓓ N

**Solve**

▪ **p-টাইপ অর্ধপরিবাহীর ডোপ্যান্ট মৌল (ত্রিযোজী মৌল) :**

(সংখ্যাগরিষ্ঠ বাহক → হোল) (সংখ্যা লঘিষ্ঠ বাহক → ইলেকট্রন)

| বর | এলো | যেন | ইন্ডিয়া | থেকে |
|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| B | Al | Ga | In | Th |

▪ **n- টাইপ অর্ধপরিবাহী ডোপ্যান্ট মৌল (পঞ্চযোজী মোল) :**

(সংখ্যাগরিষ্ঠ বাহক → ইলেকট্রন) (সংখ্যা লঘিষ্ঠ বাহক → হোল)

| নিশি | পিতা | সহ | বিমানে | আসবে |
|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| N | P | Sb | Bi | As |

**16. 2 kg ভরের একটি বস্তুর গতিবেগ $\frac{1}{3}$ c হলে গতিশীল অবস্থায় বস্তুটির ভর –**

Ⓐ $\frac{\sqrt{3}}{2}$ kg Ⓑ $\frac{2}{3}$ kg Ⓒ $\frac{\sqrt{2}}{3}$ kg Ⓓ $\frac{3}{\sqrt{2}}$ kg

**Solve** $m = \frac{m_0}{\sqrt{1-\frac{v^2}{c^2}}}$

$= \frac{2}{\sqrt{1-\left(\frac{c}{3c}\right)^2}} = \frac{3}{\sqrt{2}}$ kg

**17. কোনটি এক্স-রে এর একক?**

Ⓐ নিউটন Ⓑ জুল Ⓒ রনজেন Ⓓ ভোল্ট

**Solve**

| | |
|---|---|
| এক্স-রে এর একক | রনজেন |
| বলের একক | নিউটন |
| কাজের একক | জুল |
| বিভব পার্থক্যের একক | ভোল্ট |

**18. কোন্ রঙের আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম?**

Ⓐ লাল Ⓑ নীল Ⓒ কমলা Ⓓ বেগুনি

**Solve** বেগুনী আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম আর লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি।

**19. 15° কোণে ছুঁড়া কোন নিক্ষিপ্ত বস্তুর পাল্লা (range) 50 m। যদি এটিকে একই দ্রুতিতে 45° কোণে ছুঁড়া হয়, তবে এর পাল্লা কত হবে?**

Ⓐ 25 m Ⓑ 37 m Ⓒ 50 m Ⓓ 100 m

**Solve** $R = \frac{u^2 \sin 2\alpha}{g}$

$\therefore \frac{R_2}{R_1} = \frac{(\sin 2\alpha_2)}{(\sin 2\alpha_1)} \Rightarrow R_2 = \frac{(\sin 2\alpha_2)}{(\sin 2\alpha_1)} \times R_1 = \frac{(\sin 2 \times 45°)}{(\sin 2 \times 15°)} \times 50$

$\therefore R_2 = 100\ m$

**20. $\vec{A} = 2\hat{i} + 3\hat{j}$ এবং $\vec{B} = a\hat{i} + 2\hat{j}$ দুটি ভেক্টর। 'a' এর মান কত হলে ভেক্টরদ্বয় পরস্পরের উপর লম্ব হবে?**

Ⓐ 7 Ⓑ 8 Ⓒ –3 Ⓓ 12

**Solve** $\vec{A} \cdot \vec{B} = 0$

$\Rightarrow (2\hat{i} + 3\hat{j}) \cdot (a\hat{i} + 2\hat{j}) = 0$

$\Rightarrow 2a + 6 = 0$

$\therefore a = -3$

**21. সরল দোলক গতি সম্পন্ন বস্তুকণার স্থিতিশক্তির সমীকরণ–**

Ⓐ $P.E = \frac{1}{2}m^2\omega^2x^2$ Ⓑ $P.E = \frac{1}{2}m\omega^2x^2$

Ⓒ $P.E = \frac{1}{2}m\omega^2x$ Ⓓ $P.E = \frac{1}{2}m\omega x^2$

**Solve** $P.E. = \frac{1}{2}kx^2 = \frac{1}{2}m\omega^2x^2$

**22. 1 kg ভর সম্পন্ন একটি বুলেটকে 400 $ms^{-1}$ বেগে বন্দুক থেকে ছোঁড়া হলে এর গতিশক্তি কত?**

Ⓐ $4 \times 10^4$ J Ⓑ $8 \times 10^3$ J Ⓒ $4 \times 10^3$ J Ⓓ $8 \times 10^4$ J

**Solve** $E_k = \frac{1}{2}mv^2 = \frac{1}{2} \times 1 \times (400)^2 = 8 \times 10^4$ J

**23. একটি তারের রাসার্ধ বৃদ্ধি করা হলে তারটির উপাদানের ইয়ং -এর গুণাংক–**

Ⓐ বৃদ্ধি পাবে Ⓑ হ্রাস পাবে
Ⓒ অপরিবর্তিত থাকবে Ⓓ কোনোটিই নয়

**Solve** ইয়ং এর গুণাঙ্ক শুধু বস্তুর উপাদান এর ওপর নির্ভরশীল। দৈর্ঘ্য, ব্যাসার্ধ, ক্ষেত্রফল, প্রযুক্ত বল, পীড়ন, বিকৃতি, তাপমাত্রা এইসব এর ওপর নির্ভরশীল নয়। নির্দিষ্ট উপাদানের জন্য ইয়ং গুণাঙ্ক নির্দিষ্ট।

**24. সরল দোলন গতিসম্পন্ন কোন বস্তুকণার গতির সমীকরণ $x = 20 \sin (31t - \frac{\pi}{6})$ হলে সর্বোচ্চ বেগ কত $ms^{-1}$ হবে?**

Ⓐ 520 Ⓑ 640 Ⓒ 580 Ⓓ 620

**Solve** $x = 20 \sin (31t - \frac{\pi}{6})$ এই সমীকরণকে $x = A \sin (\omega t - \phi)$ এর সাথে তুলনা করে পাই,
$\therefore \omega = 31\ rads^{-1}$ ; $A = 20\ m$
$\therefore v_{max} = \omega A = 31 \times 20 = 620\ ms^{-1}$

**25. 1 kg ভরের দুটি বস্তু 1 m দূরে স্থাপন করলে এদের মধ্যবর্তী আকর্ষণ বলের মান–**

Ⓐ $6.673 \times 10^{-10}$ N Ⓑ $6.673 \times 10^{-11}$ N
Ⓒ $6.673 \times 10^{12}$ N Ⓓ $6.673 \times 10^{-13}$ N

**Solve** $F = G\frac{m_1 m_2}{d^2} = 6.673 \times 10^{-11} \times \frac{1 \times 1}{1^2}$
$= 6.673 \times 10^{-11}$ N

## রসায়ন

**01. কোন অ্যাসিডটি লেবুতে পাওয়া যায়?**

Ⓐ মিথানয়িক অ্যাসিড Ⓑ ইথানয়িক অ্যাসিড
Ⓒ নাইট্রিক অ্যাসিড Ⓓ টারটারিক অ্যাসিড

**Solve** লেবু → সাইট্রিক অ্যাসিড
কলা → অ্যাসকরবিক অ্যাসিড
আপেল → ম্যালিক অ্যাসিড
তেঁতুল/আঙ্গুর → টারটারিক অ্যাসিড

**02. অ্যালডিহাইড-এর কার্যকরী মূলক হচ্ছে–**

Ⓐ –OH Ⓑ =CO Ⓒ –O– Ⓓ –CHO

**Solve** অ্যালডিহাইডের কার্যকরী মূলক = –CHO
অ্যালকোহলের কার্যকরী মূলক = –OH
কিটোনের কার্যকরী মূলক = >C = O
ইথারের কার্যকরী মূলক = $\rangle C - O - C \langle$

**03. নিম্নের কোন যৌগে আয়নিক বন্ধন আছে?**

Ⓐ $CH_4$ Ⓑ $CaCl_2$ Ⓒ HI Ⓓ $H_2$

**Solve** $CaCl_2$ যৌগে আয়নিক বন্ধন বিদ্যমান। কেননা উহার পরমাণু ভিন্নধর্মী (ধাতব-অধাতব)। পরমাণু দুইটি ইলেকট্রন ত্যাগ ও গ্রহনের মাধ্যমে $Ca^{2+}$, $2Cl^-$ আয়নে পরিনত হয়ে $CaCl_2$ আয়নিক যৌগ গঠন করে।

$Ca - 2e^- \rightarrow Ca^{2+}$
$Cl_2 + 2e^- \rightarrow 2Cl^-$
$Ca + Cl_2 \rightarrow Ca^{2+} + 2Cl^- \rightarrow CaCl_2$

**04. একটি পরমাণুর এম অরবিটে কতটি ইলেকট্রন থাকতে পারে?**

Ⓐ 8 Ⓑ 18 Ⓒ 32 Ⓓ 24

**Solve** এম অরবিট বা শক্তিস্তরে ইলেকট্রন থাকে $= 2n^2 = 2 \times 3^2 = 18$

**05. নিম্নের কোনটি প্রাথমিক প্রমাণ দ্রব্য ?**

Ⓐ $HOOC-(CH_2)_2-COOH$ Ⓑ $KMnO_4$
Ⓒ NaOH Ⓓ $Na_2S_2O_3$

**Solve** প্রাথমিক প্রমান দ্রব্যসমূহ : $Na_2CO_3$, $K_2Cr_2O_7$, $CaC_2O_4$, $HOOC-CH_2-CH_2-COOH$, $Na_2C_2O_4.2H_2O$ ও $H_2C_2O_4.2H_2O$ ইত্যাদি।

**06. $KMnO_4$ -এ Mn এর জারণ সংখ্যা হচ্ছে–**

Ⓐ +6 Ⓑ +7 Ⓒ +12 Ⓓ +14

**Solve** $KMnO_4$ এর ক্ষেত্রে, Mn এর জারন সংখ্যা হলো–
$1 + Mn + (-2) \times 4 = 0$
বা, $Mn = 8 - 1 = +7$

**07. প্রোটিন চেইন গঠনে ব্যবহৃত এমাইনো অ্যাসিডের সংখ্যা হচ্ছে–**

Ⓐ 20 Ⓑ 25 Ⓒ 30 Ⓓ 15

**Solve** পলিঅ্যামাইড সৃষ্টির ক্ষেত্রে দুটি মনোমারের মধ্যে একটির COOH মূলকের সাথে অপরটি $-NH_2$ মূলকের বিক্রিয়ায় $H_2O$ অপসারিত হয়ে অ্যামাইড বন্ধন সৃষ্টি হয়। প্রোটিন হলো প্রাকৃতিক সরল শিকল পলি অ্যামাইড এবং এদের একক হলো বিশ প্রকারের অ্যামাইনো অ্যাসিড। তাই প্রত্যেক অ্যামাইনো অ্যাসিডের প্রান্তীয় কার্বনটি কার্বক্সিল মূলক (–COOH) এবং α-কার্বনে (শিকলের ২য় কার্বন) অ্যামিনো মূলক ($-NH_2$) থাকে। তাই অ্যামাইনো অ্যাসিডের এরূপ নামকরণ হয়েছে। এজন্য প্রোটিন থেকে সর্বমোট ২০টি অ্যামাইনো অ্যাসিড পাওয়া যায়।

**08. অ্যামোনিয়াকাল সিলভার নাইট্রেট দ্রবণকে বলা হয়–**

Ⓐ Fehling reagent Ⓑ Lucas reagent
Ⓒ Tollen's reagent Ⓓ Grignard reagent

**Solve**
- অ্যামোনিয়া দ্রবণ মিশ্রিত 10% সিলভার নাইট্রেট দ্রবণকে টলেন বিকারক বলে।
- 5% কপার সালফেট এবং 5% সোডিয়াম হাইড্রক্সাইড মিশ্রিত সোডিয়াম টারটারেট বা রোচেলি লবণ-এর সমআয়তন দ্রবণের মিশ্রন করে **ফেলিং দ্রবণ** বলে।
- আলকাইল ম্যাগনেসিয়াম হ্যালাইডকে গ্রিগনার্ড বিকারক বলে।
- গাঢ় HCl অ্যাসিডে দ্রবীভূত অনার্দ্র $ZnCl_2$ দ্রবণকে **লুকাস বিকারক** বলে।

**09. নিম্নের কোনটি তাপহারী বিক্রিয়া-**

Ⓐ $C + O_2 = CO_2$ Ⓑ $N_2 + O_2 = 2NO$
Ⓒ $2H_2 + O_2 = 2H_2O$ Ⓓ $CH_4 + 2O_2 = CO_2\ 2H_2O$

**Solve**

| তাপোৎপাদী বিক্রিয়া | তাপহারী বিক্রিয়া |
|---|---|
| $2H_2 + O_2 \rightarrow 2H_2O$ | $N_2 + O_2 \rightarrow 2\ NO$ |
| $C + O_2 \rightarrow CO_2$ | $C + 2S \rightarrow CS_2$ |
| $CH_4 + 2O_2 \rightarrow CO_2 + 2H_2O$ | |

**10. লাফিং গ্যাসের সংকেত হলো–**

Ⓐ NO Ⓑ $NO_2$ Ⓒ $N_2O_3$ Ⓓ $N_2O$

**Solve** নাইট্রাস অক্সাইড ($N_2O$) বর্ণহীন গ্যাস। এর মৃদু মিষ্ট গন্ধ আছে। নিশ্বাসের সাথে অল্প পরিমানে গ্রহন করলে এটি হাসির উদ্রেক সৃষ্টি করে। এজন্য $N_2O$ কে লাফিং গ্যাস বলা হয়।

**11. সবচেয়ে শক্তিশালী অক্সিজেন অ্যাসিড হলো–**

Ⓐ HCl Ⓑ $HNO_3$ Ⓒ $H_2SO_4$ Ⓓ $HClO_4$

**Solve** যে অ্যাসিডের জারন সংখ্যার মান যত বেশি, সে অ্যাসিড তত বেশি শক্তিশালী।

$\overset{-1}{HCl} < \overset{+5}{HNO_3} < \overset{+6}{H_2SO_4} < \overset{+7}{HClO_4}$

**12. আইসোটোন বলতে বুঝায় পরমাণুর একই–**

Ⓐ ভর সংখ্যা Ⓑ পারমানবিক সংখ্যা
Ⓒ নিউট্রন সংখ্যা Ⓓ আনবিক ভর সংখ্যা

**Solve** আইসোবার = ভরসংখ্যা সমান $\left(^{60}_{29}Cu \text{ ও } ^{60}_{30}Zn\right)$

আইসোটোপ = প্রোটন বা পারমানবিক সংখ্যা সমান $\left(^{12}_{6}C \text{ ও } ^{13}_{6}C\right)$

আইসোটোন = নিউট্রন সংখ্যা সমান $\left(^{3}_{1}H \text{ ও } ^{4}_{2}He\right)$

**13. অ্যাসিড বৃষ্টিতে কোন অ্যাসিডটি থাকে না?**

Ⓐ নাইট্রিক অ্যাসিড Ⓑ সালফিউরিক অ্যাসিড
Ⓒ হাইড্রোক্লোরিক অ্যাসিড Ⓓ সাকসিনিক অ্যাসিড

**Solve** বায়ুমন্ডলের অধঃক্ষেপন বৃষ্টিতে pH এর মান 5.6 এর কম হলেই ঐ অধঃক্ষেপনকে অ্যাসিড সৃষ্টি বলে।
অ্যাসিড বৃষ্টির জন্য দায়ী অ্যাসিড : $H_2SO_3$, $H_2SO_4$, $HNO_3$
অ্যাসিড বৃষ্টির জন্য দায়ী গ্যাস : $SO_2$, $SO_3$, $NO_2$ ইত্যাদি।

**14. নিচের কোন আয়নটি রঙিন যৌগ গঠন করে?**

Ⓐ $Sc^{3+}$ Ⓑ $Mg^{2+}$ Ⓒ $Zn^{2+}$ Ⓓ $Ni^{2+}$

**Solve** অবস্থান্তর মৌলসমূহ রঙিন যৌগ গঠন করে। Ni একটি অবস্থান্তর মৌল কারন Ni এর সুস্থিত আয়নে d অরবিটাল অপূর্ন তাই এটি রঙিন যৌগ গঠন করবে।

**15. STP তে কোনো গ্যাসের 1L এ কত মোল গ্যাস থাকে?**

Ⓐ 0.045 Ⓑ 0.224 Ⓒ 0.45 Ⓓ 2.24

**Solve** STP তে 22.4 L গ্যাস থাকে 1 মোল

$\therefore$ ,, 1 L ,, ,, $\frac{1}{22.4} = 0.045$

**16. বিচ্ছিন্ন অবস্থায় একটি পরমাণুর শক্তি–**

Ⓐ যুক্ত অবস্থার চাইতে কম Ⓑ যুক্ত অবস্থার চাইতে অধিক
Ⓒ যুক্ত অবস্থার সমান Ⓓ কোনোটিই সঠিক নয়

**Solve** পরমানুর কেন্দ্র শক্তির অফুরন্ত ভান্ডার। বিচ্ছিন্ন অবস্থায় একটি পরমানু এই শক্তি যুক্ত অবস্থার চাইতে অধিক। উল্লেখ্য পরমানুর ইলেকট্রন যত বেশি বাইরের শক্তিস্তরে থাকে এর গতিশক্তি তত বেশি হয়।

**17. 0.1M NaOH দ্রবণের pH কত?**

Ⓐ 1 Ⓑ 14 Ⓒ 13 Ⓓ 4

**Solve** $pOH = -\log[OH] = -\log(0.1) = 1$
$\therefore pH = 14 - POH = 14 - 1 = 13$

**18. কোনটি প্যারাম্যাগনেটিক মৌল?**

Ⓐ Zn Ⓑ Cu Ⓒ Ca Ⓓ Mg

**Solve** Ca ও Mg হলো মৃৎক্ষার ধাতু। Zn, d-ব্লক মৌল হলেও এর d অরবিটাল পূর্ণ থাকায় এটি প্যারাম্যাগনেটিক নয়। কিন্তু Cu এর অপূর্ণ d অরবিটাল থাকায় এটি প্যারাম্যাগনেটিক বা চৌম্বক ধর্ম প্রদর্শন করবে।

**19. নিচের কোনটি অর্থো-প্যারা নির্দেশক?**

Ⓐ $-NH_2$ Ⓑ $-COOH$ Ⓒ $-SO_3H$ Ⓓ কোনোটিই সঠিক নয়

**Solve** অর্থো-প্যারা নির্দেশক : $-NH_2$, $-OH$, $-CH_3$, $-F$
মেটা নির্দেশক : $-NO_2$, $-CN$, $-CHO$, $-COOH$, $-SO_3H$

**20. আধুনিক পর্যায় সারণির মূল ভিত্তি কি?**

Ⓐ পারমাণবিক সংখ্যা Ⓑ পারমাণবিক ভর
Ⓒ আণবিক ভর Ⓓ ইলেকট্রন বিন্যাস **Ans D**

**21. NaCl পানিতে দ্রবীভূত হলে উৎপন্ন হয়–**

Ⓐ $NaOH + HCl$ Ⓑ $Na^+(H_2O) + Cl^-(H_2O)$
Ⓒ $NaOCl + H_2$ Ⓓ $HClO + Na$ **Ans B**

**22. প্রোটিনকে ক্ষার সহযোগে আর্দ্র বিশ্লেষণ করলে কি উৎপন্ন হয়?**

Ⓐ ফ্রুক্টোজ Ⓑ অ্যামাইনো অ্যাসিড Ⓒ ক্যাফেইন Ⓓ পেকটিন

**Solve** প্রোটিনকে অ্যাসিড, ক্ষার ও প্রোটিনেজ দ্বারা আর্দ্রবিশ্লেষিত করলে প্রোটিনের ক্ষুদ্রতম একক অ্যামাইনো অ্যাসিডে পরিণত হয়।

**23. কোনটি অবস্থান্তর ধাতু?**

Ⓐ Ba Ⓑ Ti Ⓒ Rn Ⓓ Pb

**Solve** যেসব ধাতব মৌল বা d ব্লক মৌলের যে কোনো সুস্থিত আয়নের d অরবিটাল আংশিকভাবে (যেমন : $d^{1-9}$) ইলেকট্রন দ্বারা পূর্ণ থাকে তাদেরকে অবস্থান্তর মৌল বলে। Ti এর সুস্থিত আয়নে d অরবিটাল অপূর্ন তাই Ti অবস্থান্তর মৌল।

**24. কোনটি আদর্শ গ্যাস?**

Ⓐ $O_2$ Ⓑ $CO_2$ Ⓒ $N_2$ Ⓓ He

**Solve** প্রকৃতপক্ষে আদর্শ গ্যাস বলতে কোন গ্যাসই নেই। গ্যাসের সূত্রসমূহ ব্যাখ্যার জন্য এটা একটা কাল্পনিক তত্ত্বীয় গ্যাস।

**25. অ্যালকেনের সাধারণ সংকেত হলো–**

Ⓐ $C_nH_{2n}$ Ⓑ $C_nH_{2n-1}$ Ⓒ $C_nH_{2n+1}$ Ⓓ $C_nH_{2n+2}$

**Solve** অ্যালকেনের সাধারণ সংকেত = $C_nH_{2n+2}$
অ্যালকিন ,, ,, = $C_nH_{2n}$
অ্যালকাইন ,, ,, = $C_nH_{2n-2}$

## গণিত

**01. 'CHATTOGRAM' শব্দে ব্যঞ্জনবর্ণগুলো একটি নিয়ে সাজানো (সমাবেশ) সংখ্যা কত?**

Ⓐ 120690 Ⓑ 102690 Ⓒ 210690 Ⓓ 120960 **Ans C**

**02. $\tan^2x + \sec^2x = 3$ হলে x -এর মান হবে–**

Ⓐ $n\pi \pm \frac{\pi}{4}$ Ⓑ $\frac{\pi}{4}$ Ⓒ $\frac{n\pi}{4}$ Ⓓ 0


**Solve** $\tan^2x + \sec^2x = 3$
$\Rightarrow \tan^2x + 1 + \tan^2x = 3$
$\Rightarrow 2\tan^2x = 2 \Rightarrow \tan^2x = 1$
$\Rightarrow \tan x = \pm 1 = \tan\left(\pm\frac{\pi}{4}\right)$
$\Rightarrow x = n\pi + \left(\pm\frac{\pi}{4}\right)$
$\therefore x = n\pi \pm \frac{\pi}{4}$

**03. সমপরিমাণ তিনটি বল পরস্পর 120° কোণে কোন বিন্দুতে ক্রিয়া করলে লব্ধি বল হবে–**

Ⓐ 3p Ⓑ ∞ Ⓒ 0 Ⓓ কোনোটিই নয়

**Solve**

$R\cos\theta = p\cos0° + p\cos120° + p\cos240°$
$= p - \frac{1}{2}p - \frac{1}{2}p = 0$ .....(i)
$R\sin\theta = p\sin0° + p\sin120° + p\sin240°$
$= 0 + \frac{\sqrt{3}}{2}p - \frac{\sqrt{3}}{2}p = 0$ ..... (ii)




$(i)^2 + (ii)^2 \Rightarrow R^2(\cos^2\theta + \sin^2\theta) = 0 \Rightarrow R^2 = 0 \therefore R = 0$

**04.** $f:x\to x+3$ এবং $g:x\to x^3+3x+4$ হলে $gof(f(0))$ - এর মান কত?

Ⓐ 22 Ⓑ 0 Ⓒ 3 Ⓓ 4

**Solve** $gof(0) = g(f(0)) = g(0+3)$
$= g(3) = 3^2 + 3\times 3 + 4 = 9+9+4 = 22$

**05.** $x-y-6=0$ এবং $3x-8y+3=0$ রেখার ছেদবিন্দুগামী যা মূলবিন্দু দিয়ে যায়, এরূপ রেখার সমীকরণ হলো–

Ⓐ $x-y$ Ⓑ $3x-8y=0$
Ⓒ $y=mx+c$ Ⓓ $7x-17y=0$

**Solve** $3(x-y-6)+6(3x-8y+3)=0$
$\Rightarrow 3x-3y-18+18x-48y+18=0$
$\Rightarrow 21x-51y=0 \therefore 7x-17y=0$

**06.** $|z-3|=1$ দ্বারা প্রকাশিত বৃত্তের কেন্দ্র ও ব্যাসার্ধ কত?

Ⓐ (5,0), 3 একক Ⓑ (0,0), 1 একক
Ⓒ (3,0), 1 একক Ⓓ কোনোটিই নয়

**Solve** $|z-3|=1 \Rightarrow |x+iy-3|=1 \Rightarrow \sqrt{(x-3)^2+y^2}=1$
$\Rightarrow (x-3)^2+(y-0)^2=1^2$ কেন্দ্র $=(3,0)$ এবং ব্যাসার্ধ $=1$

**07.** $\tan\theta=\frac{3}{4}$ হলে, $\frac{\sin\theta-\cos\theta}{\sin\theta+\cos\theta}$ এর মান কোনটি?

Ⓐ 7 Ⓑ $\frac{1}{7}$ Ⓒ $-\frac{1}{7}$ Ⓓ $-7$

**Solve** $\tan\theta=\frac{3}{4}\Rightarrow\frac{\sin\theta}{\cos\theta}=\frac{3}{4}$
$\Rightarrow\frac{\sin\theta-\cos\theta}{\sin\theta+\cos\theta}=\frac{3-4}{3+4}=-\frac{1}{7}$

**08.** $y=\frac{1}{\sqrt{4-x}}$ ফাংশনটির ডোমেন ও রেঞ্জ কোনটি?

Ⓐ $-\infty<x\le 4; 0\le y<\infty$ Ⓑ $-\infty<x<4; 0<y<\infty$
Ⓒ $-\infty<x<4; 0\le y<\infty$ Ⓓ $-\infty<x\le 4; 0<y<\infty$

**Solve** $y=\frac{1}{\sqrt{4-x}}$ সংজ্ঞায়িত হবে যখন
$4-x>0\Rightarrow x-4<0\Rightarrow x<4$
$\therefore$ ডোমেন $=(-\infty,4)$ বা $-\infty<x<4$
আবার, $4-x=\frac{1}{y^2}\Rightarrow x=4-\frac{1}{y^2}=\frac{4y^2-1}{y^2}$ যখন $y\neq 0$
$\therefore$ রেঞ্জ $=0<y<\infty$

**09.** $\left(2x^3-\frac{1}{4x}\right)^{11}$ এর বিস্তৃতিতে $x^7$ এর সহগ কোনটি?

Ⓐ $-\frac{231}{8}$ Ⓑ 231 Ⓒ $\frac{231}{4}$ Ⓓ $\frac{231}{8}$

**Solve** $r=\frac{2\times 11-7}{2-(-1)}=\frac{22-7}{2+1}=5$
$\therefore x^7$ এর সহগ $={}^{11}C_5\,2^{11-5}\left(-\frac{1}{4}\right)^5=-\frac{231}{8}$

**10.** যদি $P(A)=0.8$; $P(B)=0.7$ এবং $P(A\cap B)=0.14$ হয়, তবে $P\left(\frac{A}{B}\right)$ এর মান কত?

Ⓐ $\frac{8}{7}$ Ⓑ $\frac{1}{5}$ Ⓒ $\frac{7}{8}$ Ⓓ কোনোটিই নয়

**Solve** $P\left(\frac{A}{B}\right)=\frac{P(A\cap B)}{P(B)}=\frac{0.14}{0.7}=\frac{1}{5}$

**11.** $2x^3-5x+3=0$ সমীকরণের মূলগুলো $\alpha,\beta,\gamma$ হলে, $(\beta+\gamma)(\gamma+\alpha)(\alpha+\beta)$ এর মান কত?

Ⓐ 3 Ⓑ $-3$ Ⓒ $\frac{3}{2}$ Ⓓ $-\frac{3}{2}$

**Solve** $\alpha+\beta+\gamma=0$ এবং $\alpha\beta\gamma=-\frac{3}{2}$
$(\beta+\gamma)(\gamma+\alpha)(\alpha+\beta)=(-\alpha)(-\beta)(-\gamma)=-\alpha\beta\gamma=-\left(-\frac{3}{2}\right)=\frac{3}{2}$

**12.** $\sqrt{5}$ একক দুইটি সমান বলের অন্তর্ভুক্ত কোণ $120^\circ$ হলে, এদের লব্ধি কত?

Ⓐ $2\sqrt{5}$ Ⓑ 5 Ⓒ $3\sqrt{5}$ Ⓓ $\sqrt{5}$

**Solve** $P=Q$ এবং $\alpha=120^\circ$ হলে $R=P=Q=\sqrt{5}$।

**13.** 6, 5, 3, 2 সংখ্যাগুলোর পরিমিত ব্যবধান কত?

Ⓐ $\sqrt{2.5}$ Ⓑ 2.5 Ⓒ $\sqrt{5}$ Ⓓ 4

**Solve** পরিমিত ব্যবধান $=\sqrt{\frac{6^2+5^2+3^2+2^2}{4}-\left(\frac{6+5+3+2}{4}\right.}$
$=\sqrt{2.5}$

**14.** $P+Q=\begin{bmatrix}3&-1\\-4&2\end{bmatrix}$ এবং $P-Q=\begin{bmatrix}5&7\\6&-2\end{bmatrix}$ হলে, Q-এর মান কত হবে?

Ⓐ $\begin{bmatrix}4&3\\1&0\end{bmatrix}$ Ⓑ $\begin{bmatrix}-1&-4\\-5&2\end{bmatrix}$
Ⓒ $\begin{bmatrix}1&4\\5&-2\end{bmatrix}$ Ⓓ $\begin{bmatrix}-2&-8\\-10&4\end{bmatrix}$

**Solve** $P+Q-P+Q=\begin{bmatrix}3&-1\\-4&2\end{bmatrix}-\begin{bmatrix}5&7\\6&-2\end{bmatrix}$
$\Rightarrow 2Q=\begin{bmatrix}3-5&-1-7\\-4-6&2+2\end{bmatrix}=\begin{bmatrix}-2&-8\\-10&4\end{bmatrix}$
$\therefore Q=\begin{bmatrix}-1&-4\\-5&2\end{bmatrix}$

**15.** $\int_0^1\frac{x\,dx}{1+x^4}=A$ হলে, A-এর মান কত?

Ⓐ $\frac{\pi}{3}$ Ⓑ $\frac{\pi}{4}$
Ⓒ $\frac{\pi}{8}$ Ⓓ $\frac{\pi}{12}$

**Solve** $\int_0^1\frac{x\,dx}{1+x^4}=\int_0^1\frac{d(x^2)}{2(1+x^4)}=\left[\frac{1}{2}\tan^{-1}x^2\right]_0^1$
$=\frac{1}{2}\tan^{-1}1-\frac{1}{2}\tan^{-1}0=\frac{1}{2}\times\frac{\pi}{4}-0=\frac{\pi}{8}$

**16.** দুইটি সমান বলের লব্ধি যদি দ্বিতীয়টির সমান হয়, তবে বলদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কোনটি?

Ⓐ $60^\circ$ Ⓑ $90^\circ$ Ⓒ $120^\circ$ Ⓓ $180^\circ$

**Solve** ধরি, বলদ্বয় P, P এবং লব্ধি $R=P$
$P^2=P^2+P^2+2PP\cos\alpha\Rightarrow\cos\alpha=-\frac{1}{2}=\cos 120^\circ\therefore\alpha=120^\circ$

**17.** $16x^2-9y^2=144$ একটি অধিবৃত্তের সমীকরণ। অধিবৃত্তটির উৎকেন্দ্রিকতা নিচের কোনটি?

Ⓐ $\frac{4}{3}$ Ⓑ $\frac{5}{3}$ Ⓒ $\frac{7}{3}$ Ⓓ $\frac{8}{3}$

**Solve** $16x^2-9y^2=144\Rightarrow\frac{x^2}{9}-\frac{y^2}{16}=1$
$e=\sqrt{1+\frac{b^2}{a^2}}=\sqrt{1+\frac{16}{9}}=\sqrt{\frac{25}{9}}=\frac{5}{3}$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**18.** $y = x^2$ এবং $y = 2x$ দ্বারা আবদ্ধ এলাকার ক্ষেত্রফল কত হবে?

Ⓐ 4 unit$^2$ Ⓑ 3 unit$^2$ Ⓒ $\frac{4}{3}$ unit$^2$ Ⓓ $\frac{3}{4}$ unit$^2$

**Solve** $2x = x^2 \Rightarrow x(x-2) = 0 \therefore x = 0, 2$

$\therefore$ ক্ষেত্রফল $= \int_0^2 (2x - x^2)\,dx = \left[x^2 - \frac{x^3}{3}\right]_0^2 = 4 - \frac{8}{3} = \frac{4}{3}$ unit$^2$

**19.** $\frac{(i+1)^2}{(i-1)^4}$ জটিল সংখ্যাটির আর্গুমেন্ট হবে–

Ⓐ $\pi$ Ⓑ $-\pi$ Ⓒ $\frac{\pi}{2}$ Ⓓ $-\frac{\pi}{2}$

**Solve** $\frac{(i+1)^2}{(i-1)^4} = \frac{i^2 + 2i + 1}{(i^2 - 2i + 1)^2} = \frac{2i}{4i^2} = -\frac{i}{2}$

$\therefore$ আর্গুমেন্ট $= -\tan^{-1}\left(\frac{\frac{1}{2}}{0}\right) = -\frac{\pi}{2}$

**20.** যদি $x^2 = 5y^2 + \sin y$ হয়, তাহলে $\frac{dy}{dx}$ কত হবে?

Ⓐ $\frac{2x}{\cos y + 10y}$ Ⓑ $\frac{2x}{\sin y + 10y}$ Ⓒ $\frac{10y}{\cos y + 2x}$ Ⓓ $\frac{5}{\sin y}$

**Solve** $x^2 = 5y^2 + \sin y$

$\Rightarrow 2x = 10y\frac{dy}{dx} + \cos y\frac{dy}{dx} \Rightarrow \frac{dy}{dx} = \frac{2x}{\cos y + 10y}$

**21.** $\vec{b} = 6\hat{i} + 7\hat{j} - 6\hat{k}$ ভেক্টর বরাবর $\vec{a} = 2\hat{i} - 2\hat{j} + \hat{k}$ ভেক্টরের উপাংশ কত?

Ⓐ $\frac{8}{121}\vec{b}$ Ⓑ $-\frac{8}{121}\vec{b}$ Ⓒ $\frac{8}{121}\vec{a}$ Ⓓ $-\frac{8}{121}\vec{a}$

**Solve** $\vec{b}$ ভেক্টর বরাবর $\vec{a}$ ভেক্টরের উপাংশ $= \frac{\vec{a}.\vec{b}}{(|\vec{b}|)^2}\vec{b}$

$= \frac{12 - 14 - 6}{(\sqrt{6^2 + 7^2 + (-6)^2})^2}\vec{b} = -\frac{8}{121}\vec{b}$.

**22.** বাস্তব সংখ্যায় $(x-1)(x+2) > 0$ অসমতাটির সমাধান –

Ⓐ $-\frac{2}{3} \le x \le \frac{1}{3}$ Ⓑ $x > 1$ অথবা $x < -2$ Ⓒ $-1 \le x \le 3$ Ⓓ $-1 < x < 3$

**Solve** $x - 1 > 0$ অথবা $x + 2 < 0 \Rightarrow x > 1$ অথবা $x < -2$

**23.** $\lim_{x\to\infty} \frac{\sqrt{x^2 + 2x}}{-x}$ এর মান কত?

Ⓐ 1 Ⓑ $-1$ Ⓒ $-\infty$ Ⓓ $\infty$

**Solve** $\lim_{x\to\infty} \frac{\sqrt{x^2 + 2x}}{-x} = \lim_{x\to\infty} \frac{-x\sqrt{1 + \frac{2}{x}}}{-x} = \frac{-\sqrt{1}}{-1} = 1$

**24.** $1 + i$ কোনো দ্বিঘাত সমীকরণের একটি মূল হলে সমীকরণটি হবে–

Ⓐ $x^2 - 2x + 2 = 0$ Ⓑ $x^2 - 3x + 3 = 0$
Ⓒ $x^2 + x = 0$ Ⓓ $x^2 - 4x + 4 = 0$

**Solve** $x = 1 + i \Rightarrow (x-1)^2 = i^2$

$\Rightarrow x^2 - 2x + 1 + 1 = 0 \therefore x^2 - 2x + 2 = 0$

**25.** $y = x^2 - 1$ ফাংশনটির Optimal value কোনটি?

Ⓐ 1 Ⓑ 0 Ⓒ $-1$ Ⓓ কোনোটিই নয়

**Solve** $y = x^2 - 1 \Rightarrow \frac{dy}{dx} = 2x$

Optimal value এর জন্য $\frac{dy}{dx} = 0 \Rightarrow 2x = 0 \therefore x = 0$

$\therefore$ Optimal value $= 0^2 - 1 = -1$

## জীববিজ্ঞান

**01.** গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় কয়টি ATP খরচ হয়?

Ⓐ এক Ⓑ দুই Ⓒ তিন Ⓓ আট

**Solve** • গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় ২ অণু ATP খরচ হয়।
• গ্লাইকোলাইসিস প্রক্রিয়া কোষের হায়ালোপ্লাজম বা সাইটোসলে সম্পন্ন হয়।
• গ্লাইকোলাইসিস-এর মাধ্যমে এক অণু গ্লুকোজ থেকে ২ অণু পাইরুভিক অ্যাসিড উৎপন্ন হয়।

**02.** কোনটিকে 'The second generation biofuel' নামে অভিহিত করা হয়েছে?

Ⓐ শৈবাল Ⓑ ছত্রাক
Ⓒ জ্বালানি কাঠ Ⓓ জীবাশ্ম জ্বালানি

**Solve** বর্তমানে Biofuel বা Biodiesel তৈরির জন্য শৈবালকে বেছে নেওয়া হয়েছে। তাই শৈবালকে second generation biofuel নামে অভিহিত করা হয়েছে। *Botryococcus braunii* এ কাজে ব্যবহৃত হয়।

**03.** বাস্ট ফাইবার পাওয়া যায় ভাঙ্গুলার উদ্ভিদের–

Ⓐ গৌণ ফ্লোয়েমে Ⓑ জাইলেমে
Ⓒ গ্রাউন্ড টিস্যুতে Ⓓ ক্ষরণকারী টিস্যুতে

**Solve** • গৌণ ফ্লোয়েমে বিদ্যমান তন্তুকে বাস্ট ফাইবার বলে, যেমন : পাট।
• ক্ষরণকারীটিস্যু হতে গদ, রজন, তরুক্ষীর ইত্যাদি পদার্থ নির্গত হয়।

**04.** কোন গোত্রের উদ্ভিদের পরাগরেণু বৃহৎ এবং কণ্টকিত?

Ⓐ Poaceae Ⓑ Liliaceae
Ⓒ Malvaceae Ⓓ Solanaceae

**Solve** • Malvaceae গোত্রের উদ্ভিদের পরাগরেণু বৃহৎ ও কণ্টকিত।
• Malvaceae গোত্রের সবচেয়ে বড় গণ *Hibiscus* (প্রজাতি ১৫টি)।

**05.** থাইমিন একটি–

Ⓐ পাইরিমিডিন ক্ষারক Ⓑ পিউরিন ক্ষারক
Ⓒ রাইবোজ শ্যুগার Ⓓ ডি অক্সিরাইবোজ শ্যুগার

**Solve** • এক রিংবিশিষ্ট ক্ষারককে পাইরিমিডিন বলে।
• পাইরিমিডিন ক্ষারক তিন প্রকার। যথা : থাইমিন, সাইটোসিন ও ইউরাসিল।
• তবে থাইমিন শুধু DNA অণুতে আর ইউরাসিল শুধু RNA অণুতে থাকে।

**06.** নিউক্লিক অ্যাসিড থেকে প্রোটিন তৈরির প্রক্রিয়াকে বলে–

Ⓐ ট্রান্সলেশন Ⓑ ট্রান্সক্রিপশন
Ⓒ রেপ্লিকেশন Ⓓ রিভার্স ট্রান্সক্রিপশন

**Solve** • নিউক্লিক অ্যাসিড থেকে প্রোটিন তৈরির প্রক্রিয়াকে ট্রান্সলেশন বলে।
• ট্রান্সলেশন প্রক্রিয়ার প্রধান অঙ্গাণু রাইবোসোম।
• এ প্রক্রিয়ায় সাধারণত ২০টি অ্যামিনো অ্যাসিড ব্যবহৃত হয়।
• টেমপ্লেট হিসেবে RNA-র সূত্র ব্যবহৃত হয়।

**07.** দূর্বা ঘাস একটি–

Ⓐ বর্ষজীবী উদ্ভিদ Ⓑ দ্বিবর্ষজীবী উদ্ভিদ
Ⓒ বহুবর্ষজীবী উদ্ভিদ Ⓓ কোনোটিই নয়

**Solve** • *Cynodon dactylon* (দূর্বা ঘাস) একটি বহুবর্ষজীবী উদ্ভিদ।
• *Brassica napus* (সরিষা) বর্ষজীবী উদ্ভিদ।
• *Raphanus sativus* (মুলা) দ্বিবর্ষজীবী উদ্ভিদ।

**08.** নিচের কোন পর্বটি স্যুডোসিলোমেট?

Ⓐ পরিফেরা Ⓑ নিডেরিয়া Ⓒ নেমাটোডা Ⓓ মলাস্কা

**Solve** • Nematoda, Rotifera, Kinorhyncha প্রভৃতি পর্বভুক্ত প্রাণীরা স্যুডোসিলোমেট।
• Porifera, Cnidaria, Platyhelminthes প্রভৃতি পর্বভুক্ত প্রাণীরা অ্যাসিলোমেট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**09. চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিণ্ড কোন প্রাণীতে থাকে?**

Ⓐ টিকটিকি Ⓑ কাছিম
Ⓒ সাপ Ⓓ কুমির

**Solve** • সরীসৃপ-এর হৃৎপিণ্ড অসম্পূর্ণভাবে ৪ প্রকোষ্ঠবিশিষ্ট।
• কুমির সম্পূর্ণভাবে চার প্রকোষ্ঠবিশিষ্ট প্রাণী (ব্যতিক্রম)।

**10. কাইল এক ধরনের–**

Ⓐ লসিকা Ⓑ টিস্যু Ⓒ পেশি Ⓓ কোষ

**Solve** চর্বিযুক্ত খাবার খেলে লসিকায় ফ্যাটের পরিমাণ বেড়ে যায় এবং লসিকা দুধের মতো সাদা দেখায়। এ ধরনের লসিকাকে কাইল বলে। তবে সাধারণত এর পরিমাণ মোট কঠিন অংশের প্রায় ৫-১৫%।

**11. রক্তের প্লাজমার স্বাভাবিক pH কত?**

Ⓐ 7.0 Ⓑ 7.2 Ⓒ 7.4 Ⓓ 7.6

**Solve** • রক্তের প্লাজমার স্বাভাবিক pH 7.4।
• এতে বিভিন্ন প্রকার রক্তকণিকা থাকে।
• এর তাজন ধর্ম উপস্থিত।

**12. মানবদেহের একটি বৃক্কে কত লক্ষ নেফ্রন আছে?**

Ⓐ 8-10 Ⓑ 10-12 Ⓒ 12-14 Ⓓ 14-16

**Solve** • মানবদেহের একটি বৃক্কে 10-12 লক্ষ নেফ্রন আছে।
• প্রতিটি নেফ্রন প্রায় ৩ থেকে ৫ সে.মি. লম্বা।
• নেফ্রন পরিস্রুতকরণ ও পুনঃশোষণ কাজে নিয়োজিত থাকে।

**13. নিম্নের কোন কোষের কারণে হাইড্রাকে অমর প্রাণী বলা হয়?**

Ⓐ নিডোসাইট Ⓑ মাসকিউলো-এপিথেলিয়াল
Ⓒ জার্মসেল Ⓓ ইন্টারস্টিসিয়াল

**Solve** • ইন্টারস্টিসিয়াল কোষের কারণে হাইড্রাকে অমর প্রাণী বলা হয়।
• প্রতি ৪৫ দিন অন্তর অন্তর *Hydra*-র দেহের সকল কোষ ইন্টারস্টিশিয়াল কোষ দ্বারা প্রতিস্থাপিত হয়। কোষের এ বৈশিষ্ট্যকে টটিপোটেন্ট বলে।

**14. সরীসৃপের যুগ কোন এরাকে বলা হয়?**

Ⓐ আর্কিওজয়িক Ⓑ প্রোটেরোজয়িক
Ⓒ মেসোজয়িক Ⓓ পেলিওজয়িক

**Solve** • Mesozoic Era-কে সরীসৃপদের সুবর্ণ যুগ বলা হয়।
• এ শ্রেণির সদস্যরাই মেরুদণ্ডীদের মধ্যে প্রথম পূর্ণ বিকশিত স্থলবাসী চতুষ্পদী প্রাণী।

**15. নিচের কোন কোষটি হেপারিন নিঃসরণ করে?**

Ⓐ নিউট্রোফিল Ⓑ বেসোফিল
Ⓒ ইওসিনোফিল Ⓓ লিম্ফোসাইট

**Solve** • বেসোফিল হেপারিন নিঃসরণ করে।
• এর সংখ্যা ২৫-২০০টি।
• এর উৎসস্থল লাল অস্থিমজ্জা।
• এর আয়ুষ্কাল ১২-১৫ দিন।

**16. কোনটি অরীয় প্রতিসম প্রাণী?**

Ⓐ ইলিশ Ⓑ তারা মাছ Ⓒ অ্যামিবা Ⓓ হাইড্রা

**Solve** অরীয় প্রতিসম প্রাণী হলো : হাইড্রা, জেলিফিশ, সী অ্যানিমন ইত্যাদি।

**17. কোন পর্বের প্রাণীদেরকে সামুদ্রিক ফুল বলা হয়?**

Ⓐ আর্থ্রোপোডা Ⓑ নিডেরিয়া
Ⓒ নেমাটোডা Ⓓ প্লাটিহেলমিনথেস

**Solve** • নিডেরিয়া পর্বের প্রাণীদের সামুদ্রিক ফুল বলা হয়।
• সামুদ্রিক প্রজাতির ২৫% জীব পৃথিবীর প্রবাল প্রাচীরগুলোতে বাস করে। এ পর্বের গর্গনিয়া (*Gorgonia* sp.) নামক প্রাণীটি সাগর-পাখা (sea-fan) নামে পরিচিত।

**18. Secondary active transport এর মাধ্যমে কোনটি শোষিত হয়?**

Ⓐ গ্যালাকটোজ Ⓑ গ্লুকোজ
Ⓒ ফ্রুক্টোজ Ⓓ ডাইপেপটাইড

**Solve** • Secondary active transport এর মাধ্যমে গ্লুকোজ শোষিত হয়।
• একই সময়ে দুই ধরনের অণু পরিবাহিত হয়।
• ATP থেকে শক্তি ব্যবহৃত হয় না।

**19. ডি-অ্যামিনেশন প্রক্রিয়া কোথায় হয়?**

Ⓐ যকৃৎ Ⓑ অগ্ন্যাশয় Ⓒ পাকস্থলি Ⓓ বৃক্ক

**Solve** • ডি-অ্যামিনেশন প্রক্রিয়া যকৃতে ঘটে।
• অ্যামিনো অ্যাসিড বা অন্য কোনো উপাদান থেকে অ্যামিনো গ্রুপের অপসারণ প্রক্রিয়াকে ডি-অ্যামিনেশন বলে।
• যকৃৎ অতিরিক্ত ও অব্যবহৃত অ্যামিনো অ্যাসিড ডি-অ্যামিনেশন প্রক্রিয়ায় ভেঙে কিটো অ্যাসিড ও অ্যামিন মূলক তৈরি করে।

**20. উদ্ভিদের বৈজ্ঞানিক নামের ভাষা–**

Ⓐ গ্রিক Ⓑ ইটালিক
Ⓒ ল্যাটিন Ⓓ A এবং C

**Solve** উদ্ভিদের বৈজ্ঞানিক নামের ভাষা হবে ইটালিক। হাতে লিখে সাধারণত নামের নিচে একটি বা পৃথকভাবে দু'টি দাগ টেনে দিতে হবে।

**21. জীবের মৌলিক গঠনগত ও কার্যগত একক–**

Ⓐ নিউরন Ⓑ কোষ Ⓒ ক্রোমোসোম Ⓓ টিস্যু

**Solve** • জীবের মৌলিক গঠনগত ও কার্যগত একক হলো কোষ।
• মানবদেহের সবচেয়ে বড় কোষ হলো ডিম্বাণু (ব্যাস 0.1 মিলিমিটার)।
• আয়তনের দিক থেকে সবচেয়ে ছোট কোষ হলো শুক্রাণু।

**22. মাইটোসিসের কোন দশায় ক্রোমোসোম কনডেনসেশন শুরু হয়?**

Ⓐ প্রোফেজ Ⓑ মেটাফেজ
Ⓒ অ্যানাফেজ Ⓓ টেলোফেজ

**Solve** • মাইটোসিসের মেটাফেজ দশায় ক্রোমোসোম কনডেনসেশন শুরু হয়।
• এ সময় ক্রোমাটিড সুপার কয়েলিং পদ্ধতিতে সর্বাধিক কুণ্ডলিত বা ঘনীভূত হয়ে বেশ মোটা, খাটো ও স্পষ্ট হয়।

**23. জেনেটিক উপাদানকে সুরক্ষাকারী ভাইরাসের প্রোটিন আবরণকে বলা হয়–**

Ⓐ ভিরিয়ন Ⓑ ক্যাপসিড Ⓒ পেপলোমার Ⓓ ক্যাপসোমির

**Solve** • জেনেটিক উপাদানকে সুরক্ষাকারী ভাইরাসের প্রোটিন আবরণকে বলা হয় ক্যাপসিড।
• ভাইরাসের ক্যাপসিড আবরণী অ্যান্টিজেনিক বৈশিষ্ট্যের।

**24. স্পোর বহনকারী পাতাকে বলা হয়–**

Ⓐ সোরাস Ⓑ স্পোরোফিল
Ⓒ র‍্যামেন্টাম Ⓓ ইন্ডুসিয়াম

**Solve** • স্পোর বহনকারী পাতাকে সোরাস বলে।
• শুষ্ক ও বাদামি বর্ণের শল্কপত্র (স্কেল) দিয়ে আবৃত অংশকে র‍্যামেন্টাম বলে।
• সোরাই উৎপন্নকারী পাতাকে স্পোরোফিল বলে।

**25. কোনটির পুষ্পপত্রবিন্যাস ইমব্রিকেট (Imbricate)?**

Ⓐ জবা Ⓑ কৃষ্ণচূড়া Ⓒ পেয়ারা Ⓓ সীম

**Solve** • ইমব্রিকেট পুষ্পপত্রবিন্যাস : কাঞ্চনসুন্দা, কৃষ্ণচূড়া।
• কুইনকানসিয়াল পুষ্পপত্রবিন্যাস : আকন্দ, পেয়ারা।
• ভালভেট পুষ্পপত্রবিন্যাস : জবা, বাবলা।
• ভেক্সিলারি পুষ্পপত্রবিন্যাস : অপরাজিতা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part-1 : হুবহু প্রশ্ন (সকল প্রশ্নের নির্ভুল উত্তর, সঠিক ব্যাখ্যা ও প্রশ্ন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ তথ্য)

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা : ২০২২-২৩; A-ইউনিট

প্রশ্নটি বিষয় ও অধ্যায়ভিত্তিক দেখো Part-2 তে

## বাংলা

**01. উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?**

Ⓐ অরুণরাঙা Ⓑ কুসুমকোমল Ⓒ তুষারশুভ্র Ⓓ বিড়ালতপস্বী

Blank Solve সমাস নির্ণয় : অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা, কুসুমের ন্যায় কোমল = কুসুমকোমল, তুষারের ন্যায় শুভ্র = তুষারশুভ্র, বিড়ালের ন্যায় তপস্বী = বিড়ালতপস্বী — উপমান কর্মধারয় সমাস।

**02. কোন বানানটি শুদ্ধ?**

Ⓐ মৎসজীবি Ⓑ গীতাঞ্জলী Ⓒ শ্রদ্ধাঞ্জলী Ⓓ বুদ্ধিজীবী

D Solve বানানশুদ্ধি : মৎসজীবি – মৎস্যজীবী, গীতাঞ্জলী – গীতাঞ্জলি, শ্রদ্ধাঞ্জলী – শ্রদ্ধাঞ্জলি।

**03. রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?**

Ⓐ বঙ্গদর্শন Ⓑ প্রবাসী Ⓒ সবুজপত্র Ⓓ ধূমকেতু

C Solve রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পটি প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়।

**04. 'যেভাবে বেড়ে উঠি'– কার আত্মজৈবনিক রচনা?**

Ⓐ শামসুর রাহমান Ⓑ আল মাহমুদ Ⓒ রফিক আজাদ Ⓓ দিলওয়ার

B Solve 'যেভাবে বেড়ে উঠি' আল মাহমুদের আত্মজৈবনিক রচনা। উল্লেখ্য, শামসুর রাহমানের আত্মজীবনীমূলক রচনা : কালের ধুলোয় লেখা, স্মৃতির শহর।

**05. 'মুসলিম সাহিত্য সমাজ' কত সালে গঠিত হয়?**

Ⓐ ১৯৩০ সালে Ⓑ ১৯২৬ সালে Ⓒ ১৯২৪ সালে Ⓓ ১৯৩৪ সালে

B Solve ১৯শে জানুয়ারি ১৯২৬ সালে 'ঢাকা মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়। এ সংগঠনের মুখপত্র 'শিখা' পত্রিকার স্লোগান 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।'

**06. কাজী নজরুল ইসলামকে কোন কবিতার জন্য কারাবরণ করতে হয়?**

Ⓐ বিদ্রোহী Ⓑ মহররম Ⓒ আনন্দময়ীর আগমনে Ⓓ অবেলার ডাক

C Solve 'ধূমকেতু'র পূজা সংখ্যায় (২৬শে সেপ্টেম্বর, ১৯২২) 'আনন্দময়ীর আগমনে' কবিতা প্রকাশিত হলে কাজী নজরুল ইসলামকে কারাবরণ করতে হয়।

**07. শরৎচন্দ্রের রাজনৈতিক উপন্যাস কোনটি?**

Ⓐ গোরা Ⓑ পল্লী সমাজ Ⓒ শ্রীকান্ত Ⓓ পথের দাবী

D Solve উপন্যাস সম্পর্কিত তথ্য :

| ঔপন্যাসিক | উপন্যাস | ধরন |
|---|---|---|
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | পথের দাবী | রাজনৈতিক |
| | পল্লী সমাজ | সামাজিক |
| | শ্রীকান্ত | আত্মজীবনীমূলক |
| রবীন্দ্রনাথ ঠাকুর | গোরা | রাজনৈতিক |

**08. 'সাময়িক সাহিত্য, লেখকের পক্ষে অবনতিকর'– কার উক্তি?**

Ⓐ বঙ্কিমচন্দ্র Ⓑ রবীন্দ্রনাথ Ⓒ শরৎচন্দ্র Ⓓ আবুল ফজল

A Solve 'সাময়িক সাহিত্য, লেখকের পক্ষে অবনতিকর।' বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের এ উক্তিটি 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' রচনার অংশবিশেষ।

**09. 'বাসবত্রাস'– কে?**

Ⓐ মেঘনাদ Ⓑ রাবণ Ⓒ বিভীষণ Ⓓ রাম

A Solve মাইকেল মধুসূদন দত্তের 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশে 'বাসবত্রাস' বলতে বাসবের ভয়ের কারণ মেঘনাদকে বোঝানো হয়েছে।

**10. কোন বাক্যটি শুদ্ধ**

Ⓐ বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র Ⓑ তিনি আমার বিরুদ্ধে সাক্ষী দিলেন
Ⓒ সকল ছাত্রগণ ক্লাসে উপস্থিত ছিল Ⓓ তিনি সস্ত্রীক নিউমার্কেটে গেছেন

D Solve বাক্যশুদ্ধি :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ রূপ |
|---|---|
| বাংলাদেশ একটি উন্নতশাল রাষ্ট্র | বাংলাদেশ একটি উন্নতিশীল (বা উন্নয়নশীল) রাষ্ট্র। |
| তিনি আমার বিরুদ্ধে সাক্ষী দিলেন | তিনি আমার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন। |
| সকল ছাত্রগণ ক্লাসে উপস্থিত | সকল ছাত্র ক্লাসে উপস্থিত। |

## ENGLISH

**01. If we hadn't lost our way, ——.**

Ⓐ we have arrived earlier Ⓑ we arrived earlier
Ⓒ we will have arrived earlier Ⓓ we should have arrived earlier

D Explanation Third conditional এর নিয়মানুসারে If + sub + had + $v_3$ অংশ প্রশ্নে থাকায় বাকি অংশে sub + should/would/could + have + $v_3$ বসবে।

**02. My cousin didn't make a noise in the classroom and ——.**

Ⓐ neither did I Ⓑ neither I did
Ⓒ I didn't neither Ⓓ so did I

A Explanation Negative agreement অনুযায়ী sub + don't/doesn't/didn't + $v_1$ + extention and + neither + do/does/did + sub.

**03. I'd rather have a room of my own, —— small it is, than share a room with a total stranger.**

Ⓐ as long as Ⓑ however Ⓒ whatever Ⓓ because of

B Explanation However একটি sub-ordinating conjunction, এখানে যতটাই অর্থে ব্যবহৃত হয়েছে।

**04. The weather was —— than she had expected.**

Ⓐ worser Ⓑ worst Ⓒ worse Ⓓ the worst

C Explanation Than থাকায় comparative degree হবে এবং bad এর comparative form 'worse' বসবে।

**05. The orphan said that ——.**

Ⓐ he had met an accident the previous day
Ⓑ he has met an accident the previous day
Ⓒ he had been met an accident the previous day
Ⓓ he met an accident the previous day

A Explanation Direct narration টি past indefinite tense এ থাকলে indirect এ সেটি past perfect tense হয়।

**06. There is a very clear relationship —— education and social success.**

Ⓐ about Ⓑ in Ⓒ between Ⓓ of

C Explanation দুয়ের মধ্যে বুঝাতে between ব্যবহৃত হয়। এখানে education and social success দুটো বিষয়।

**07. The doctor suggested that his patient ——.**
Ⓐ stops smoking Ⓑ stop to smoke
Ⓒ should stop to smoke Ⓓ stop smoking
**D Explanation** Subjunctive verb, sentence-এ ব্যবহৃত হলে এবং এর পর that + subject থাকলে তার পর verb-এর simple form ব্যবহৃত হয়।

**08. Education —— our mind and —— our sensibility.**
Ⓐ trains/contributes Ⓑ attracts/refines
Ⓒ broadens/impresses Ⓓ ennobles/refines
**D Explanation** শিক্ষা আমাদের মনকে মহৎ করে এবং অনুভবশক্তিকে পরিশুদ্ধ করে।

**09. I'm sure I —— him three years ago.**
Ⓐ have been Ⓑ will see Ⓒ saw Ⓓ am seeing
**C Explanation** বর্তমান সময় থেকে পূর্বের কোন সময় এর কথা (three years ago) উল্লেখ থাকলে past indefinite tense হয়।

**10. —— earthquake can be devastating if you don't take —— necessary precautions.**
Ⓐ The/— Ⓑ Some/any Ⓒ Any/a Ⓓ An/the
**D Explanation** Vowel এর পূর্বে an বসে, এবং ২য় শূন্যস্থানে the বসবে কারণ এখানে প্রয়োজনীয় সতর্কতাকে নির্দিষ্ট করে বুঝানো হয়েছে।

**11. —— of the two neighbours —— guilty.**
Ⓐ Either; are Ⓑ Neither; is Ⓒ Any; is Ⓓ None; is
**B Explanation** Either of, neither of, each of এর পরে noun plural হয় এবং verb singular হয়।

**12. In mathematics the term "solid" describes a geometric figure with three dimensions. Here, the underlined word is closest in meaning to ——.**
Ⓐ angle Ⓑ shape Ⓒ triangle Ⓓ equation
**B Explanation** Figure (গঠন) শব্দটি দ্বারা কোনো কিছুর shape (গঠন) কে বুঝায়। এর কয়েকটি synonyms : form, structure, design.

**13. The students really do seem to look up to their teacher. Here, 'look up to' means ——**
Ⓐ find Ⓑ admire Ⓒ relate Ⓓ listen to
**B Explanation** Look up to একটি group verb যার অর্থ শ্রদ্ধা করা, সম্মান করা, প্রশংসা করা।

**14. His master —— angry with him even when he is late.**
Ⓐ was never being Ⓑ in never being Ⓒ was never Ⓓ is never
**D Explanation** Sequence of tense অনুসারে sub-ordinate clause টি present tense হলে principal clause-এর verb টিও present tense হবে।

**15. You have two children, ——?**
Ⓐ are you Ⓑ aren't you Ⓒ do you Ⓓ don't you
**D Explanation** Present indefinite tense বিশিষ্ট affirmative statement এর tag question-এ don't/doesn't হয়।

## পদার্থবিজ্ঞান

**01. শব্দ তরঙ্গের তীব্রতার (Intensity) একক–**
Ⓐ $Jm^{-2}s^{-2}$ Ⓑ $Jm^{-1}s^{-1}$ Ⓒ $Jm^{-2}s^{-1}$ Ⓓ $Jm^{-1}s^{-2}$
**C Solve** শব্দের তীব্রতার একক $Wm^{-2}$ বা $Js^{-1}m^{-2}$।

**02. প্রিজমের ন্যূনতম বিচ্যুতি অবস্থানের জন্য কোনটি সঠিক?**
Ⓐ আপতন কোণ > নির্গমন কোণ Ⓑ আপতন কোণ < নির্গমন কোণ
Ⓒ আপতন কোণ = নির্গমন কোণ Ⓓ আপতন কোণ = প্রতিসরণ কোণ
**C Solve** আপতন কোণ ও নির্গমন কোণ সমান হলে বিচ্যুতি কোণ ন্যূনতম হয়। অর্থাৎ, $i_1 = i_2$ এবং $r_1 = r_2$ হলে বিচ্যুতি কোণ ন্যূনতম হবে।

**03. 20 $ms^{-1}$ বেগে গতিশীল একটি বস্তুর বেগ প্রতি সেকেন্ডে 2.5 $ms^{-1}$ হারে পায়। থেমে যাওয়ার আগে বস্তুটি কত দূরত্ব অতিক্রম করবে?**
Ⓐ 80 m Ⓑ 60 m Ⓒ 17 m Ⓓ 23 m
**A Solve** $t = \frac{v}{a} = \frac{20}{2.5} = 8\ s$
এবং, $s = ut - \frac{1}{2}at^2 = 20 \times 8 - \frac{1}{2} \times 2.5 \times 8^2 = 80\ m$

**04. সিলিকনের পারমানবিক সংখ্যা–**
Ⓐ 17 Ⓑ 13 Ⓒ 14 Ⓓ 15
**C Solve** সিলিকনের পারমাণবিক সংখ্যা 14 এবং ভর 28।

**05. আদিবেগ, ত্বরণ, সরণ ও গতিকালের সম্পর্কসূচক সমীকরণ–**
Ⓐ $v = v_0 + at$ Ⓑ $s = v_0t + \frac{1}{2}at^2$
Ⓒ $s = v_0t + \frac{1}{2}at$ Ⓓ $v^2 = v_0^2 + 2as$
**A Solve**

**06. একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে দশা-পার্থক্য $\frac{\pi}{2}$। বিন্দুদ্বয়ের মধ্যে পথ-পার্থক্য হবে–**
Ⓐ $\frac{\lambda}{4}$ Ⓑ $\frac{\lambda}{5}$ Ⓒ $\frac{\lambda}{3}$ Ⓓ $\frac{\lambda}{6}$
**A Solve** $\delta = \frac{2\pi}{\lambda}x \Rightarrow x = \frac{\lambda}{2\pi} \times \delta = \frac{\lambda}{2\pi} \times \frac{\pi}{2} = \frac{\lambda}{4}$

**07. নিম্নের কোনটি 1 MeV-এর সমান?**
Ⓐ $1.6 \times 10^{-13}$ J Ⓑ $1.6 \times 10^{13}$ J Ⓒ $1.6 \times 10^{19}$ J Ⓓ $1.6 \times 10^{-19}$ J
**A Solve** $1\ MeV = 1 \times 10^6 \times 1.6 \times 10^{-19} = 1.6 \times 10^{-13}$ J

**08. বহিস্থ বল দ্বারা কোন তন্ত্রের (system) উপর কৃতকাজ–**
Ⓐ মোট শক্তির পরিবর্তন Ⓑ গতিশক্তির পরিবর্তন
Ⓒ স্থিতিশক্তির পরিবর্তন Ⓓ কোনোটিই নয়
**B Solve** কাজ শক্তি উপপাদ্য : কোনো বস্তুর উপর প্রযুক্ত বল দ্বারা কৃতকাজ এর গতিশক্তি পরিবর্তনের সমান। $W = \Delta K = K_f - K_i$

**09. দীপন তীব্রতার একক কোনটি?**
Ⓐ লুমেন Ⓑ ক্যান্ডেলা Ⓒ ডায়াপ্টার Ⓓ ওয়াট
**B Solve**

| | |
|---|---|
| দীপন তীব্রতার একক | ক্যান্ডেলা |
| লেন্সের ক্ষমতার একক | ডায়াপ্টার |
| ক্ষমতার একক | ওয়াট |
| আলোক ফ্লাক্সের একক | লুমেন |

**10. 14 মিনিট শেষে তেজস্ক্রিয় পলোনিয়াম (Polonium)-এর $\frac{1}{16}$ অংশ অবশিষ্ট থাকে। মৌলটির অর্ধায়ু কত?**
Ⓐ $\frac{7}{8}$ মিনিট Ⓑ $\frac{8}{7}$ মিনিট Ⓒ $\frac{7}{2}$ মিনিট Ⓓ $\frac{14}{3}$ মিনিট
**C Solve** $\lambda = -\frac{1}{t}\ln\left(\frac{N}{N_0}\right) = -\frac{1}{14}\ln\left(\frac{1}{16}\right) = 0.198\ min^{-1}$
$T_{\frac{1}{2}} = \frac{0.693}{\lambda} = \frac{0.693}{0.198} = 3.5 = \frac{7}{2}\ min$
**Joykoly Shortcut :** $\frac{1}{16} = \left(\frac{1}{2}\right)^n$ তুলনা করে, $n = 4$
$t = T_{\frac{1}{2}} \times n \Rightarrow 14 = T_{\frac{1}{2}} \times 4 \therefore T_{\frac{1}{2}} = \frac{7}{2}$ মিনিট


**11. মাধ্যমের পরিবর্তন হলে আলোর বৈশিষ্ট্যের কী পরিবর্তন ঘটে?**
Ⓐ তরঙ্গ দৈর্ঘ্য Ⓑ কম্পাঙ্ক Ⓒ বর্ণ Ⓓ কোনোটিই নয়
**A Solve** মাধ্যমের পরিবর্তনে আলোর বেগ এবং তরঙ্গদৈর্ঘ্যের পরিবর্তন ঘটে

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**12. অর্ধপরিবাহী পদার্থের বন্ধন–**

Ⓐ আয়নিক Ⓑ সমযোজী Ⓒ মেটালিক Ⓓ হাইড্রোজেন

**Solve** অর্ধপরিবাহী পদার্থের ইলেকট্রন বিন্যাসে সর্বশেষ শক্তিস্তরে চারটি ইলেকট্রন থাকে। অর্ধপরিবাহী মৌলসমূহ পরস্পরের সাথে যুক্ত হওয়ায় সময় ইলেকট্রন শেয়ারের মাধ্যমে সমযোজী বন্ধন গঠন করে।




**13. একটি 220 V পরিবর্তী উৎসের শীর্ষ বিভব–**

Ⓐ 220 V Ⓑ প্রায় 160 V Ⓒ প্রায় 310 V Ⓓ 440 V

**Solve** $E_0 = \sqrt{2}\, E_{rms} = \sqrt{2} \times 220 = \frac{E}{0.707}$

$= \frac{220}{0.707} = 311\ V \approx 310\ V$

**14. মহাকর্ষীয় ধ্রুবকের মাত্র হলো–**

Ⓐ $[ML^3T^{-3}]$ Ⓑ $[M^{-1}L^3T^{-2}]$ Ⓒ $[M^{-2}L^3T^{-1}]$ Ⓓ $[M^{-3}L^{-3}T]$

**Solve** $F = G\frac{M_1M_2}{d^2}$

$\Rightarrow G = \frac{Fd^2}{M_1M_2} = \frac{[MLT^{-2}][L^2]}{M \times M} = [M^{-1}L^3T^{-2}]$

**15. F ফোকাস দূরত্ব বিশিষ্ট দুটি উত্তল লেন্সকে পরস্পরের সংস্পর্শে রাখলে মিলিত ফোকাস দূরত্ব কত হবে?**

Ⓐ 4 F Ⓑ 2 F Ⓒ $\frac{F}{2}$ Ⓓ F

**Solve** $\frac{1}{f} = \frac{1}{f_1} + \frac{1}{f_2} = \frac{1}{F} + \frac{1}{F} = \frac{2}{F} \quad \therefore f = \frac{F}{2}$

**16. কোন দন্ডের তাপীয় পরিবাহিতা নির্ভর করে এর–**

Ⓐ দৈর্ঘ্যের উপর Ⓑ ভরের উপর

Ⓒ প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের উপর Ⓓ দন্ডের উপাদানের উপর

**Solve** কোন দন্ডের তাপীয় পরিবাহিতা তাপমাত্রা এবং দন্ডের উপাদানের উপর নির্ভর করে।

**17. যদি $\vec{A} = -\frac{6}{7}\hat{i} + \frac{3}{7}\hat{j} + \frac{2}{7}\hat{k}$ হয়, তবে $\vec{A}$ এর মান–**

Ⓐ 7 Ⓑ – 7 Ⓒ 1 Ⓓ – 1

**Solve** $|\vec{A}| = \sqrt{\left(-\frac{6}{7}\right)^2 + \left(\frac{3}{7}\right)^2 + \left(\frac{2}{7}\right)^2} = 1$

**18. M ভরের একটি বস্তুর গতিশক্তি E-এর ভরবেগ কত?**

Ⓐ $\sqrt{2ME}$ Ⓑ 2ME Ⓒ $\sqrt{\frac{ME}{2}}$ Ⓓ $\frac{2E}{M}$

**Solve** $E = \frac{P^2}{2M} \Rightarrow P = \sqrt{2ME}$

**19. কত তাপমাত্রা সেলসিয়াস স্কেল ও ফারেনহাইট স্কেলে অভিন্ন হবে?**

Ⓐ – 35° Ⓑ – 40° Ⓒ – 42° Ⓓ – 45°

**Solve** $\frac{C}{5} = \frac{F-32}{9} \Rightarrow \frac{x}{5} = \frac{x-32}{9}$ [ $\because x = C = F$ ]

$\Rightarrow 9x - 5x = -160$

$\therefore x = -40°C$ বা $-40°F$

**20. টর্কের মাত্রা সূত্র (Dimensional Formula) কোনটি?**

Ⓐ $[ML^2T^{-2}]$ Ⓑ $[ML^{-2}T^{-2}]$

Ⓒ $[ML^2T^{-1}]$ Ⓓ $[ML^{-1}T^2]$

**Solve** $\tau = \vec{r} \times \vec{F} = [L] \times [MLT^{-2}] = [ML^2T^{-2}]$

**21. পয়সনের অনুপাতের মান কোনটি?**

Ⓐ 1 হতে 2 এর মধ্যে Ⓑ – 1 হতে +1 এর মধ্যে

Ⓒ – 1 হতে $\frac{1}{2}$ এর মধ্যে Ⓓ $-\frac{1}{2}$ হতে 1 এর মধ্যে

**Solve** পয়সনের অনুপাতের রেঞ্জ $-1 \le \sigma \le \frac{1}{2}$ তবে এর মান ধাতব পদার্থে $0 \le \sigma \le \frac{1}{2}$।

**22. ভরবেগের মাত্রা (Dimension) কোনটি?**

Ⓐ $[MLT^{-1}]$ Ⓑ $[MLT^{-2}]$ Ⓒ $[MLT^{-3}]$ Ⓓ $[ML^2T^{-1}]$

**Solve** ভরবেগ = ভর × বেগ = $M \times LT^{-1} = [MLT^{-1}]$

**23. n-টাইপ অর্ধপরিবাহী তৈরির জন্য বিশুদ্ধ জার্মেনিয়ামের সাথে অপদ্রব্য হিসাবে যোগ করা হয়–**

Ⓐ Ar Ⓑ As Ⓒ Al Ⓓ N

**Solve** p-টাইপ অর্ধপরিবাহী তৈরীর জন্য বিশুদ্ধ জার্মেনিয়ামের সাথে অপদ্রব্য হিসেবে যোগ করা হয় গ্যালিয়াম (Ga) আবার n-টাইপ অর্ধপরিবাহী তৈরীর জন্য বিশুদ্ধ জার্মেনিয়ামের সাথে অপদ্রব্য হিসেবে যোগ করা হয় আর্সেনিক (As)।

**24. বস্তুর ত্বরণ এবং বলের মধ্যে সম্পর্ক–**

Ⓐ $a \propto -F$ Ⓑ $a \propto -\frac{1}{F}$ Ⓒ $a \propto F$ Ⓓ $a \propto \frac{1}{F}$

**Solve** $F = ma \quad \therefore a \propto F$

**25. একটি ট্রান্সফর্মারের মুখ্য কুন্ডলীর পাক সংখ্যা 50, ভোল্টেজ 200 V। এর গৌণ কুন্ডলীর পাক সংখ্যা 100 হলে, ভোল্টেজ কত?**

Ⓐ 100 V Ⓑ 200 V Ⓒ 300 V Ⓓ 400 V

**Solve** $\frac{E_p}{E_s} = \frac{n_p}{n_s} \Rightarrow E_s = \frac{n_s}{n_p} \times E_p = \frac{100}{50} \times 200 = 400\ V$

## রসায়ন

**01. পরমাণুর নিষ্ক্রিয়াসে থাকে–**

Ⓐ ইলেকট্রন ও প্রোটন Ⓑ প্রোটন ও নিউট্রন

Ⓒ ইলেকট্রন ও নিউট্রন Ⓓ শুধুমাত্র নিউট্রন

**Solve**
- ইলেকট্রন পরমাণুর নিউক্লিয়াসের বাইরে অবস্থান করে।
- প্রোটন নিউক্লিয়াসে অবস্থান করে।
- নিউট্রন পরমাণুর কেন্দ্র নিউক্লিয়াসে অবস্থান করে।

**02. নিম্নের কোনটি প্রাথমিক প্রমাণ দ্রব্য?**

Ⓐ HCl Ⓑ NaOH Ⓒ $Na_2CO_3$ Ⓓ NaCl

**Solve**
- প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ : অনার্দ্র $Na_2CO_3$, $H_2C_2O_4$, $Na_2C_2O_4$, $K_2Cr_2O_7$ ইত্যাদি।
- সেকেন্ডারি স্ট্যান্ডার্ড পদার্থ : HCl, NaOH, $H_2SO_4$, $KMnO_4$ ইত্যাদি।

**03. $K_2Cr_2O_7$ যৌগটিতে Cr এর জারণ সংখ্যা হচ্ছে–**

Ⓐ +6 Ⓑ +12 Ⓒ +3 Ⓓ +2

**Solve** $K_2Cr_2O_7 = 0$

$\Rightarrow (1 \times 2) + 2 \times Cr + (-2) \times 7 = 0$

$\Rightarrow 2Cr = 14 - 2 \Rightarrow Cr = \frac{12}{2} \quad \therefore Cr = +6$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**04. অ্যাভোগাড্রো সংখ্যা হচ্ছে–**

Ⓐ $20 \times 10^{6}$ Ⓑ $2.3 \times 10^{6}$ Ⓒ $6 \times 10^{23}$ Ⓓ $0.06 \times 10^{23}$

**Solve** অ্যাভোগেড্রোর সংখ্যা মূলত অণুর সংখ্যা তবে অণু, পরমাণু বা আয়ন সকল ক্ষেত্রে এর মান হিসাব করা হয়। একে $N_A$ দ্বারা প্রকাশ করা হয়। অ্যাভোগাড্রো সংখ্যা $N_A = 6.023 \times 10^{23}$।

**05. নেসলার বিকারক কী?**

Ⓐ $Hg_2I_4$ Ⓑ $K_2HgI_4$
Ⓒ $K_2HgI_4 + KOH$ Ⓓ $KHgI_4 + NaOH$

**Solve** নেসলার দ্রবণ বা বিকারক হলো NaOH বা KOH দ্রবন মিশ্রিত ক্ষারীয় পটাসিয়াম টেট্রা আয়োডো মারকিউরেট (II) এর দ্রবন ($NaOH/KOH + K_2[HgI_4]$ মিশ্রন)।

**06. নিচের কোনটি জারণ-বিজারণ বিক্রিয়া?**

Ⓐ $HF + KOH \rightarrow KF + H_2O$
Ⓑ $NaCl + AgNO_3 \rightarrow NaNO_3 + AgCl$
Ⓒ $CaCO_3 \rightarrow CaO + CO_2$
Ⓓ $2H_2S + SO_2 \rightarrow 2H_2O \rightarrow 2H_2O + 3S$

**Solve** $\overset{+1\ -2}{2H_2S} + \overset{+4\ -2}{SO_2} \rightarrow \overset{+1\ -2}{2H_2O} + \overset{0}{3S}$
উক্ত বিক্রিয়ায় $H_2S$ এর S পরমাণু জারিত এবং $SO_2$ এর S পরমাণু বিজারিত হয়েছে। সুতরাং বিক্রিয়াটি জারন-বিজারণ বিক্রিয়া।

**07. আইসোবার বলতে বুঝায় পরমাণুর একই–**

Ⓐ ভর সংখ্যা Ⓑ আণবিক সংখ্যা
Ⓒ নিউট্রন সংখ্যা Ⓓ আণবিক ভর সংখ্যা

**Solve**
- আইসোটোপে পরমাণু প্রোটন সংখ্যা একই।
- আইসোবারে পরমাণু ভরসংখ্যা একই।
- আইসোটোনে পরমাণু নিউট্রন সংখ্যা একই।

**08. ডিনামাইট তৈরিতে কোনটি ব্যবহৃত হয়–**

Ⓐ ইথাইল অ্যালকোহল Ⓑ মিথাইল অ্যালকোহল
Ⓒ গ্লাইকল Ⓓ নাইট্রো গ্লিসারিন

**Solve** নাইট্রোগ্লিসারিন বর্ণহীন তৈল জাতীয় পদার্থ। এটি বিস্ফোরক ডিনামাইট তৈরিতে ব্যবহৃত হয়। এছাড়া হাঁপানি ও হৃদরোগ রোগের ঔষধরূপে ব্যবহৃত হয়।

**09. প্রোটিন হচ্ছে এক প্রকার–**

Ⓐ স্টার্চ Ⓑ সেলুলোজ Ⓒ অ্যামাইনো অ্যাসিড Ⓓ এনজাইম

**Solve** অ্যামাইনো অ্যাসিডের 50টি বা ততোধিক অণু পেপটাইড বন্ধন দ্বারা আবদ্ধ হয়ে প্রোটিন গঠিত হয়। প্রোটিন হলো পলিপেপ্টাইড যৌগ অর্থাৎ প্রোটিন অণু হলো বিভিন্ন অ্যামাইনো অ্যাসিডের পলিমার।

**10. বেনজিন একটি–**

Ⓐ এলিফেটিক যৌগ Ⓑ এলিসাইক্লিক যৌগ
Ⓒ অজৈব যৌগ Ⓓ এরোমেটিক যৌগ

**Solve** বেনজিন একটি আরোমেটিক যৌগ। এতে $(4n + 2)$ সংখ্যক সঞ্চারণশীল $\pi$ ইলেকট্রন আছে।

**11. N.T.P তে 2L নাইট্রোজেনের ওজন–**

Ⓐ 28 gm Ⓑ 1.25 gm Ⓒ 2.5 gm Ⓓ 14.0 gm

**Solve** N.T.P তে 22.4 L নাইট্রোজেনের ওজন 28 g
∴ " " 1 L " $= \frac{28}{22.4}$ g
∴ " " 2 L " $= \frac{28 \times 2}{22.4} = 2.5$ g

**12. নিম্নের কোনটি রঙিন যৌগ?**

Ⓐ $Cu_2Cl_2$ Ⓑ $CoCl_2$ Ⓒ $ScCl_3$ Ⓓ $MgCl_2$

**Solve** অবস্থান্তর মৌলসমূহ রঙিন যৌগ গঠন করে। Co এর আয়নে d অরবিটাল অসম্পূর্ণ থাকায় Co মৌলটি অবস্থান্তর মৌল এবং রঙিন যৌগ গঠন করে।

**13. নিম্নলিখিত কোন কণার ভর সবচেয়ে কম?**

Ⓐ ফোটন Ⓑ প্রোটন Ⓒ নিউট্রন Ⓓ আলফা

**14. 0.001 KOH দ্রবণের pH কত?**

Ⓐ 14 Ⓑ 0.01 Ⓒ 11 Ⓓ 7

**Solve** $pOH = -\log[OH] = -\log(0.001) = 3$
$\therefore pH = 14 - pOH = 14 - 3 = 11$

**15. নিম্নের কোনটি একটি ইলেক্ট্রোফাইল?**

Ⓐ $H_2O$ Ⓑ $AlCl_3$ Ⓒ R-OH Ⓓ $NH_3$

**Solve** ইলেক্ট্রোফাইল : $AlCl_3$, $BF_3$, $\overset{+}{C}H_3$, $\overset{+}{N}O_2$, $\overset{+}{B}r$, $H_3\overset{+}{O}$
নিউক্লিওফাইল : $\overset{-}{C}H_3$, $\overset{-}{C}l$, $\overset{-}{C}N$, $\overset{-}{O}H$, $NH_3$, $H_2O$, R–OH ইত্যাদি।

**16. নিম্নের কোনটি মেটা-নির্দেশক?**

Ⓐ $-NO_2$ Ⓑ $-OH$ Ⓒ $-NH_2$ Ⓓ $-CH_3$

**Solve** অর্থোপারা নির্দেশক : $-NH_2$, $-CH_3$, $-OH$, X(–F, –Cl, –Br, –I)
মেটা নির্দেশক : $-NO_2$, $-CHO$, $-COOH$, $-CN$, $-SO_3H$

**17. $CH_3-CH_2-CH(Cl)-CHO$ যৌগটির IUPAC পদ্ধতিতে নাম কী?**

Ⓐ 2-ক্লোরো-বিউটান্যাল Ⓑ 3-ক্লোরো-বিউটান্যাল
Ⓒ 2-ক্লোরো-বিউটানোন Ⓓ 3-ক্লোরো-বিউটানল

**Solve** –CHO ও –Cl এ দুটি গ্রুপ একই যৌগের অণুতে থাকলে –CHO গ্রুপ প্রধান গ্রুপ এবং –Cl অপ্রধান গ্রুপ হিসেবে অবস্থান করে।

$\overset{4}{CH_3}-\overset{3}{CH_2}-\overset{2}{\underset{Cl}{CH}}-\overset{1}{CHO}$
(2-ক্লোরো-বিউটান্যাল)

**18. $Na_2CO_3$ এর জলীয় দ্রবণ কোন প্রকৃতির?**


Ⓐ নিরপেক্ষ Ⓑ অ্যাসিডীয় Ⓒ ক্ষারীয় Ⓓ উভয়ধর্মী

**Solve** $Na_2CO_3$ এর জলীয় দ্রবণ ক্ষারীয় প্রকৃতির হয় কারণ সোডিয়াম কার্বনেট জলীয় দ্রবণে পানির সাথে বিক্রিয়া করে তীব্র ক্ষার সোডিয়াম হাইড্রোক্সাইড এবং মৃদু অম্ল কার্বনিক অ্যাসিড উৎপন্ন করে। তীব্র ক্ষার উপস্থিতির জন্য $Na_2CO_3$ এর জলীয় দ্রবণ ক্ষারীয় হয়।
$Na_2CO_3 + H_2O \rightarrow NaOH + H_2CO_3$

**19. কোনটি অনার্দ্র $AlCl_3$ এর উপস্থিতিতে বেনজিনের সাথে বিক্রিয়া করে টলুইন উৎপন্ন করে?**

Ⓐ $CH_3CH_2Cl$ Ⓑ $CH_3Cl$ Ⓒ $CH_3COCl$ Ⓓ $CH_3OH$

**Solve** অনার্দ্র $AlCl_3$ এর উপস্থিতিতে বেনজিনের সাথে মিথাইল ক্লোরাইড ($CH_3Cl$) বিক্রিয়া করে টলুইন উৎপন্ন হয়।




বিক্রিয়া অনুসারে এই বিক্রিয়াটিকে ফ্রিডেল-ক্রাফটস অ্যালকাইলেশন বিক্রিয়া বলে।

**20. তড়িৎলেপন পদ্ধতিতে লোহার উপর কোন ধাতুর প্রলেপ দেওয়া হয়?**

Ⓐ রুপা Ⓑ জিংক Ⓒ নিকেল Ⓓ টিন

**Solve** লোহাকে মরিচার হাত থেকে রক্ষা করতে Zn/Mg ধাতুর প্রলেপ দেওয়া হয়।

কোনটি নিষ্ক্রিয় গ্যাস?

Ⓐ $N_2$ Ⓑ Ar Ⓒ $I_2$ Ⓓ $O_2$

**B Solve** (He, Ne, Ar, Kr, Xe, Rn) এই ছয়টি মৌলকে নিষ্ক্রিয় গ্যাস বলা হয়।

গ্রীগনার্ড বিকারকের সংকেত হচ্ছে–

Ⓐ R-Mg-R Ⓑ R-OMg-R Ⓒ R-Mg-X Ⓓ R-OMg-X

**C Solve** অ্যালকাইল ম্যাগনেসিয়াম হ্যালাইড বা অ্যারাইল ম্যাগনেশিয়াম হ্যালাইডকে গ্রিগনার্ড বিকারক বলা হয়। এর সংকেত RMgX বা ArMgX।

তেঁতুল কোন অ্যাসিড বিদ্যমান থাকে?

Ⓐ এসকরবিক অ্যাসিড Ⓑ টারটারিক অ্যাসিড
Ⓒ অ্যামাইনো অ্যাসিড Ⓓ নাইট্রিক অ্যাসিড

**B Solve** তেঁতুল – টারটারিক অ্যাসিড
লেবু – সাইট্রিক অ্যাসিড
আপেল – ম্যালিক অ্যাসিড

গ্লিসারিনের কার্যকরী মূলক হলো–

Ⓐ –OH Ⓑ –CHO Ⓒ –CO– Ⓓ –COOH

**A Solve** গ্লিসারিনের কার্যকরী মূলক → OH
ইথার " " → R–O–R
কিটোনে " " → > C = O
অ্যালডিহাইড " " → –CHO

KCl যৌগটিতে K ও Cl এর বিদ্যমান বন্ধনটির নাম কী?

Ⓐ সহযোজী বন্ধন Ⓑ সন্নিবেশ বন্ধন Ⓒ আয়নিক বন্ধন Ⓓ ধাতব বন্ধন

**C Solve** *KCl* যৌগে K ও *Cl* এর মধ্যে আয়নিক বন্ধন বিদ্যমান। কেননা উভয় পরমাণু ভিন্ন ধর্মী (ধাতব–অধাতব)। পরমাণু দুইটি ইলেকট্রন ত্যাগ ও গ্রহনের মাধ্যমে $K^+$ ও $Cl^-$ আয়নে পরিনত হয়ে KCl আয়নিক যৌগ গঠন করে।

$K - e^- \rightarrow K^+$
$Cl + e^- \rightarrow Cl^-$
$K + Cl \rightarrow K^+ + Cl^- \rightarrow KCl$

## গণিত

$(x+y)^2 - xy = 1$ হলে, $\frac{dy}{dx}$ = কত?

Ⓐ $\frac{x+2y}{y+2x}$ Ⓑ $\frac{2x+y}{x+2y}$ Ⓒ $\frac{-2x-y}{x+2y}$ Ⓓ $\frac{-x-2y}{y+2x}$

**C Solve** $(x+y)^2 - xy = 1 \Rightarrow x^2 + 2xy + y^2 - xy = 1$

$\Rightarrow x^2 + xy + y^2 = 1 \Rightarrow 2x + y + x\frac{dy}{dx} + 2y \cdot \frac{dy}{dx} = 0$

$\Rightarrow \frac{dy}{dx} = \frac{-2x-y}{x+2y}$

$\vec{P} = 9\hat{i} + \hat{j} - 6\hat{k}$ এবং $\vec{Q} = 4\hat{i} - 6\hat{j} + 5\hat{k}$ হলে–

i. $\vec{P} \perp \vec{Q}$ ii. $\vec{P} \parallel \vec{Q}$ iii. $|\vec{P}| = \sqrt{118}$

নিচের কোনটি সঠিক?

Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii

**B Solve** i. এর জন্য $\vec{P}.\vec{Q} = 36 - 6 - 30 = 36 - 36 = 0$

$\therefore \vec{P} \perp \vec{Q}$ যা সত্য।

ii. এর জন্য $\frac{9}{4} = \frac{1}{-6} = \frac{-6}{5}$ যা সত্য নয়।

iii. এর জন্য $|\vec{P}| = \sqrt{9^2 + 1^2 + (-6)^2} = \sqrt{118}$ যা সত্য।

$x^2 = 4by$ পরাবৃত্তটি কিসের সাপেক্ষে প্রতিসম?

Ⓐ x-অক্ষের Ⓑ y-অক্ষের Ⓒ মূলবিন্দুর Ⓓ কোনোটিই নয়

**B Solve** x ও y এর কোনো সমীকরণে x এর জোড়ঘাত থাকলে, সমীকরণের লেখচিত্র y -অক্ষের সাথে প্রতিসম এবং y -এর জোড়ঘাত থাকলে, x-অক্ষের সাথে প্রতিসম হয়।
সুতরাং $x^2 = 4by$ পরাবৃত্তটি y -অক্ষের সাথে প্রতিসম হবে।

কোনো দ্বিঘাত সমীকরণের একটি মূল $\frac{1}{1+i}$ হলে, সমীকরণটি হবে–

Ⓐ $x^2 - x + 1 = 0$ Ⓑ $2x^2 - 2x + 1 = 0$
Ⓒ $x^2 + x + 1 = 0$ Ⓓ $2x^2 + 2x + 1 = 0$

**B Solve** $x^2 - \left(\frac{1}{1+i} + \frac{1}{1-i}\right)x + \left(\frac{1}{1+i}\right)\left(\frac{1}{1-i}\right) = 0$

$\Rightarrow x^2 - \frac{2}{1^2 - i^2}x + \frac{1}{1^2 - i^2} = 0 \Rightarrow x^2 - \frac{2}{2}x + \frac{1}{2} = 0$

$\Rightarrow 2x^2 - 2x + 1 = 0$

$3x - x^2 - 5$ এর গরিষ্ঠ মান–

Ⓐ $\frac{11}{3}$ Ⓑ $\frac{11}{4}$ Ⓒ $\frac{-11}{4}$ Ⓓ $\frac{17}{4}$

**C Solve** গরিষ্ঠ মান $= c - \frac{b^2}{4a} = -5 - \frac{9}{4 \times (-1)} = -5 + \frac{9}{4} = -\frac{11}{4}$

$C_{92}^{139} + C_{93}^{139} + C_{94}^{140}$ = কত?

Ⓐ $C_{95}^{140}$ Ⓑ $C_{94}^{142}$ Ⓒ $C_{94}^{141}$ Ⓓ $C_{95}^{141}$

**C Solve** $C_{92}^{139} + C_{93}^{139} + C_{94}^{140} = C_{93}^{139+1} + C_{94}^{140}$
$= C_{93}^{140} + C_{94}^{140} = C_{94}^{140+1} = C_{94}^{141}$

$\left(\frac{a}{b}, 0\right), \left(0, \frac{b}{a}\right), (2, 2)$ বিন্দুত্রয় সমরেখ হলে, $(a+b)$ এর মান নিচের কোনটি?

Ⓐ $\sqrt{\frac{1}{2}ab}$ Ⓑ $\frac{2}{\sqrt{ab}}$ Ⓒ $\sqrt{\frac{5}{2}ab}$ Ⓓ $\frac{5}{2\sqrt{ab}}$

**C Solve** $\left(\frac{a}{b}, 0\right)$ ও $\left(0, \frac{b}{a}\right)$ নিয়ে পাই, $\frac{x}{\frac{a}{b}} + \frac{y}{\frac{b}{a}} = 1 \Rightarrow \frac{bx}{a} + \frac{ay}{b} = 1$

যা (2, 2) বিন্দুগামী $\frac{2b}{a} + \frac{2a}{b} = 1 \Rightarrow 2(a^2 + b^2) = ab$

$\Rightarrow (a+b)^2 - 2ab = \frac{ab}{2} \Rightarrow (a+b)^2 = \frac{5ab}{2} \therefore a + b = \sqrt{\frac{5}{2}ab}$

$r^2 - 2\sqrt{3}r\cos\theta - 8r\sin\theta + 15 = 0$ বৃত্তের ব্যাসার্ধ কত একক?

Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 3 Ⓓ 4

**B Solve** $r^2 - 2\sqrt{3}r\cos\theta - 8r\sin\theta + 15 = 0$
$\Rightarrow x^2 + y^2 - 2\sqrt{3}x - 8y + 15 = 0$
ব্যাসার্ধ $= \sqrt{(-\sqrt{3})^2 + (-4)^2 - 15} = \sqrt{3 + 16 - 15} = \sqrt{4} = 2$

যদি $\tan\theta + \sec\theta = x$ হয়, তবে $\sin\theta$ এর মান কোনটি?

Ⓐ $\frac{x+1}{x-1}$ Ⓑ $\frac{x^2-1}{x^2+1}$ Ⓒ $\frac{x-1}{x+1}$ Ⓓ $\frac{x^2+1}{x^2-1}$

**B Solve** $\tan\theta + \sec\theta = x \Rightarrow \frac{\sin\theta}{\cos\theta} + \frac{1}{\cos\theta} = x$

$\Rightarrow \frac{\sin\theta + 1}{\cos\theta} = x \Rightarrow \frac{(\sin\theta + 1)^2}{1 - \sin^2\theta} = x^2 \Rightarrow \frac{1 + \sin\theta}{1 - \sin\theta} = x^2$

$\Rightarrow \frac{1 + \sin\theta + 1 - \sin\theta}{1 + \sin\theta - 1 + \sin\theta} = \frac{x^2 + 1}{x^2 - 1} \Rightarrow \frac{2}{2\sin\theta} = \frac{x^2 + 1}{x^2 - 1}$

$\therefore \sin\theta = \frac{x^2 - 1}{x^2 + 1}$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**10.** $f(x) = \frac{1}{\sqrt{4-x^2}}$ ফাংশনটির ডোমেন এবং রেঞ্জ কোনটি?

Ⓐ $x < -2, y > \frac{1}{2}$ Ⓑ $-2 < x < 2, y \geq \frac{1}{2}$

Ⓒ $-2 \leq x \leq 2, y < \frac{1}{2}$ Ⓓ $-x < -2 \& x > 2, -2 < y < 2$

**Solve** (B) $f(x)$ সংজ্ঞায়িত হবে যখন $4 - x^2 > 0$

$\Rightarrow x^2 - 4 < 0 \Rightarrow x^2 < 4 \Rightarrow |x| < 2 \therefore -2 < x < 2$

$\therefore$ ডোমেন $= -2 < x < 2$

$x = 0$ হলে $f(0) = \frac{1}{\sqrt{4-0}} = \frac{1}{2}$

$x = 0$ ব্যতীত যখন $-2 < x < 2, y = f(x) \geq \frac{1}{2}$; রেঞ্জ $= y \geq \frac{1}{2}$

**11.** একটি পরীক্ষণে $P(A) = \frac{2}{3}, P(B) = \frac{5}{9}, P(A \cup B) = \frac{4}{5}$ হলে $P(AB)$ হবে–

Ⓐ $\frac{91}{45}$ Ⓑ $\frac{11}{9}$ Ⓒ $\frac{5}{9}$ Ⓓ $\frac{19}{45}$

**Solve** (D) $P(A \cup B) = P(A) + P(B) - P(AB)$

$\Rightarrow P(AB) = P(A) + P(B) - P(A \cup B) = \frac{2}{3} + \frac{5}{9} - \frac{4}{5} = \frac{19}{45}$

**12.** পূর্ণসংখ্যা সহগসহ দ্বি-মাত্রিক সমীকরণ কোনটি? যার মূল $\sqrt{-5} - 1$

Ⓐ $x^2 + 2x - 6 = 0$ Ⓑ $x^2 + x + 3 = 0$

Ⓒ $x^2 + 2x + 6 = 0$ Ⓓ $x^2 + x - 3 = 0$

**Solve** (C) $x = \sqrt{-5} - 1 \Rightarrow (x+1)^2 = -5$

$\Rightarrow x^2 + 2x + 1 + 5 = 0 \therefore x^2 + 2x + 6 = 0$

**13.** $2u$ আনুভূমিক এবং অনুভূমির সাথে লম্বভাবে প্রক্ষিপ্ত বস্তুর সর্বোচ্চ উচ্চতা হবে–

Ⓐ $\frac{2u^2}{g}$ Ⓑ $\frac{u^2}{2g}$ Ⓒ $\frac{u^2}{2g}\sin\alpha$ Ⓓ $\frac{u^2}{2g}\cos\alpha$

**Solve** (A) সর্বোচ্চ উচ্চতা $= \frac{(2u)^2}{2g} = \frac{4u^2}{2g} = \frac{2u^2}{g}$

**14.** $x = a\cos\theta + b\sin\theta$ এবং $y = a\sin\theta - b\cos\theta$ কোন কণিকের সমীকরণ?

Ⓐ উপবৃত্ত Ⓑ বৃত্ত Ⓒ পরাবৃত্ত Ⓓ অধিবৃত্ত

**Solve** (B) $x^2 + y^2 = a^2(\cos^2\theta + \sin^2\theta) + 2ab\cos\theta\sin\theta$

$- 2ab\cos\theta\sin\theta + b^2(\sin^2\theta + \cos^2\theta)$

$\Rightarrow x^2 + y^2 = a^2 + b^2 = \left(\sqrt{a^2+b^2}\right)^2$ যা বৃত্তের সমীকরণ।

**15.** $(4, 3)$ বিন্দুতে $3x^2 - 4y^2 = 12$ অধিবৃত্তের স্পর্শকের ঢালের মান কত হবে?

Ⓐ $-1$ Ⓑ $1$ Ⓒ $\frac{3}{4}$ Ⓓ $\frac{4}{3}$

**Solve** (B) $3x^2 - 4y^2 = 12 \Rightarrow 6x - 8y\frac{dy}{dx} = 0$

$\Rightarrow \frac{dy}{dx} = \frac{6x}{8y} = \frac{3x}{4y}$

$\therefore (4, 3)$ বিন্দুতে $\frac{dy}{dx} = \frac{3 \times 4}{4 \times 3} = 1$

**16.** $(1+x)^{m+n}$-এর বিস্তৃতিতে $x^m$-এর সহগ কত?

Ⓐ $\frac{(m+n)!}{m!n!}$ Ⓑ $(m+n)!$ Ⓒ $\frac{m!n!}{(m+n)!}$ Ⓓ $m!n!$

**Solve** (A) $r = \frac{m+n-m}{1} = n$

$x^m$-এর সহগ $= {}^{m+n}C_n = \frac{(m+n)!}{n!(m+n-n)!} = \frac{(m+n)!}{m!\,n!}$

**17.** $-3 - 4i$ এর বর্গমূল হবে–

Ⓐ $\pm(2 - i)$ Ⓑ $\pm(1 - 2i)$ Ⓒ $\frac{1}{\sqrt{2}}(1 + i)$ Ⓓ $1$

**Solve** (B) $-3 - 4i$ এর বর্গমূল $= \pm\sqrt{1^2 - 2.1.2i + (2i)^2}$

$= \pm\sqrt{(1-2i)^2} = \pm(1 - 2i)$

**18.** Idempotent ম্যাট্রিক্সের শর্ত হলো–

Ⓐ $A^2 = I$ Ⓑ $A \times I = I$ Ⓒ $A^2 = B$ Ⓓ $A^2 = A$

**Solve** (D) Idempotent ম্যাট্রিক্স : কোনো ম্যাট্রিক্সের বর্গ করলে যদি আদি ম্যাট্রিক্স পাওয়া যায় তবে তাকে Idempotent ম্যাট্রিক্স বলে। যেমন $A^2 = A$

**19.** $|x + 2| < 2$ এবং $x \in R$ হলে, $x$-এর মান হবে–

Ⓐ $\{-3, -2, -1\}$ Ⓑ $\{1, 2, 3\}$ Ⓒ $[3, -1]$ Ⓓ $(-4, 0)$

**Solve** (D) $|x + 2| < 2 \Rightarrow -2 < x + 2 < 2$

$\Rightarrow -2 - 2 < x < 2 - 2 \Rightarrow -4 < x < 0 \Rightarrow (-4, 0)$

**20.** $\int_{-1}^{1} |x + 1|\,dx$ এর মান কোনটি হবে?

Ⓐ $-1$ Ⓑ $0$ Ⓒ $1$ Ⓓ $2$

**Solve** (C) $\int_{-1}^{1} |x+1|\,dx = \int_{-1}^{0} |x+1|\,dx + \int_{0}^{1} |x+1|\,dx$

$= \int_{-1}^{0} -(x+1)\,dx + \int_{0}^{1} (x+1)\,dx = \left[-\left(\frac{x^2}{2} + x\right)\right]_{-1}^{0} + \left[\frac{x^2}{2} + x\right]$

$= 0 + \left(\frac{1}{2} - 1\right) + \left(\frac{1}{2} + 1\right) - 0 = -\frac{1}{2} + \frac{3}{2} = 1$

**21.** S, T $(S > T)$ দুটি বল। বলদ্বয়ের বৃহত্তম লব্ধি $8N$ এবং ক্ষুদ্রতম লব্ধি $2N$ হলে S-এর মান কত?

Ⓐ $2N$ Ⓑ $5N$ Ⓒ $6N$ Ⓓ $8N$

**Solve** (B) $S + T = 8N$..... (i)

$S - T = 2N$..... (ii)

(i) + (ii) $\Rightarrow 2S = 10N \therefore S = 5N$

**22.** বাংলাদেশের গোল রক্ষক যদি ১ কি.মি./ঘণ্টা বেগে বল কিক করে তা সর্বাধিক উচ্চতায় বলের ত্বরণ কত?

Ⓐ $1$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ $-1$ Ⓓ $0$

**Solve** (D) সর্বাধিক উচ্চতায় বেগ ধ্রুবক তাই ত্বরণ $= 0$।

**23.** P মানের দুটি বলের লব্ধি P হলে বলদ্বয়ের মধ্যবর্তী কোণ কোনটি?

Ⓐ $0°$ Ⓑ $45°$ Ⓒ $135°$ Ⓓ $120°$

**Solve** (D) $\alpha = \cos^{-1}\left(\frac{P^2 - P^2 - P^2}{2P^2}\right) = \cos^{-1}\left(-\frac{1}{2}\right) = 120°$

**24.** যদি $f(x) = x^2 - 2|x|$ এবং $g(x) = x^2 + 1$ হয়, তবে $g(f(-2))$ এর মান কত?

Ⓐ $1$ Ⓑ $0$ Ⓒ $-1$ Ⓓ $5$

**Solve** (A) $g(f(-2)) = g((-2)^2 - 2|-2|)$

$= g(4 - 4) = g(0) = 0^2 + 1 = 1$

**25.** ABC ত্রিভুজে $\angle A = 60°$, $\angle B = 75°$ এবং $c$ বাহুর দৈর্ঘ্য $\sqrt{6}$ cm হলে $a$ বাহুর দৈর্ঘ্য কত?

Ⓐ $\frac{1}{\sqrt{2}}$ Ⓑ $3$ Ⓒ $2\sqrt{2}$ Ⓓ $3\sqrt{2}$

**Solve** (B) $\angle C = 180° - (60° + 75°) = 45°$

$\frac{a}{\sin A} = \frac{c}{\sin C} \Rightarrow \frac{a}{\sin 60°} = \frac{\sqrt{6}}{\sin 45°} \Rightarrow a = \frac{\sqrt{6} \times \frac{\sqrt{3}}{2}}{\frac{1}{\sqrt{2}}} = 3$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## জীববিজ্ঞান

**01. কফি গাছের রোগ সৃষ্টিকারী জীবাণু '*Cephaleuros virescens*' একটি–**
Ⓐ ভাইরাস Ⓑ ব্যাকটেরিয়া Ⓒ শৈবাল Ⓓ ছত্রাক
**Solve** • কফি গাছের রোগ সৃষ্টিকারী জীবাণু '*Cephaleuros virescens*' একটি শৈবাল।
• মাছের ফুলকাতে রোগ সৃষ্টি করে *Oedogonium*।
• ওয়াটার ব্লুম সৃষ্টিকারী শৈবাল *Anabaena, Nostoc, Rivularia, Oscillatoria*।

**02. কোন এনজাইমটিকে আণবিক কাঁচি বলা হয়–**
Ⓐ লাইগেজ এনজাইম Ⓑ রেস্ট্রিকশন এনজাইম
Ⓒ অক্সিডেজ এনজাইম Ⓓ পলিমারেজ এনজাইম
**Solve** • রেস্ট্রিকশন এনজাইমটিকে আণবিক কাঁচি বলা হয়।
• বিজ্ঞানী হেমিলটন স্মিথ (1970) রেস্ট্রিকশন এনজাইম আবিষ্কার করেন।
• ভাইরাসকে প্রতিরোধ করার জন্য ব্যাকটেরিয়াতে প্রাকৃতিকভাবে রেস্ট্রিকশন এনজাইম তৈরি করা হয়।

**03. চিকুনগুনিয়া জ্বরের ক্ষেত্রে কোনটি সঠিক নয়–**
Ⓐ DNA ভাইরাসজনিত জ্বর Ⓑ RNA ভাইরাসজনিত জ্বর
Ⓒ *Aedes aegypti* মশকী দ্বারা ছড়ায়
Ⓓ উচ্চ জ্বর, জয়েন্টে ব্যথা এবং মাথা ব্যথা হয়
**Solve** • চিকুনগুনিয়া জ্বর Chikungunya virus (α-RNA virus) দ্বারা সংক্রমিত হয়।
• *Aedes aegypti* ও *Aedes albopictus* প্রজাতির মশকী দ্বারা এ ভাইরাস ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে।
• এ জ্বরের প্রধান লক্ষণসমূহ হলো : উচ্চজ্বর, জয়েন্টে ব্যাথা এবং মাথা ব্যাথা।

**04. ফার্নের পাতার মুকুল অবস্থায় কুন্ডলী পাকানো গঠনকে বলে–**
Ⓐ পিনা Ⓑ সরলপত্র Ⓒ ফ্রন্ড Ⓓ সার্সিনেট ভার্নেশন
**Solve** • ফার্নের পাতার মুকুল অবস্থায় কুণ্ডলী পাকানো গঠনকে বলে সার্সিনেট ভার্নেশন।
• ফার্নের পাতাকে ফ্রন্ড বলে।
• ফার্নের পাতায় একটি অক্ষের দুপার্শ্বে জোড়ায় জোড়ায় পত্রফলক বা পিনা সাজানো থাকে।

**05. ইনসেক্ট-এর রক্তকে বলে–**
Ⓐ হিমোসিল Ⓑ হিমোফিলিয়া Ⓒ হিমোলিম্ফ Ⓓ অস্টিয়াম
**Solve** • ইনসেক্ট-এর রক্তকে হিমোলিম্ফ বলে।
• এটি অসংখ্য ও নানা ধরনের কোষ, জৈব ও অজৈব পদার্থবাহী তরল বিশেষ।
• হিমোলিম্ফ-এর শতকরা প্রায় ৭০ ভাগই পানি।
• হিমোলিম্ফ দুটি উপাদানে গঠিত। যথা : প্লাজমা ও হিমোসাইট।

**06. কোন নার্ভটি শ্বসনের স্নায়ুবিক নিয়ন্ত্রণ করে?**
Ⓐ অ্যাবডুসেন্স Ⓑ ইলিয়াক Ⓒ অলফ্যাক্টরি Ⓓ ভেগাস
**Solve** • ভেগাস নার্ভটি শ্বসনের স্নায়ুবিক নিয়ন্ত্রণ করে।
• ভেগাস স্নায়ুটি মেডুলা অবলংগাটার পার্শ্বদেশ থেকে উৎপত্তি লাভ করে।
• এটি স্বরযন্ত্র, হৃৎপিণ্ড, পাকস্থলি ও ফুসফুসের কার্যকারিতা নিয়ন্ত্রণ করে।

**07. কোনটি পশ্চাৎ মস্তিষ্কের অংশ?**
Ⓐ সেরেব্রাম Ⓑ থ্যালামাস Ⓒ হাইপোথ্যালামাস Ⓓ সেরেবেলাম
**Solve** পশ্চাৎ মস্তিষ্ক ৩টি প্রধান অংশ নিয়ে গঠিত। যথা : সেরেবেলাম, পনস এবং মেডুলা অবলংগাটা।

**08. কোন নার্ভটি অক্ষি গোলকের নড়াচড়া নিয়ন্ত্রণ করে?**
Ⓐ ভেগাস Ⓑ অ্যাবডুসেন্স Ⓒ অলফ্যাক্টরি Ⓓ ফেসিয়াল
**Solve** • অ্যাবডুসেন্স, পনস ও মেডুলার সংযোগস্থলের অক্ষীয়দেশে অবস্থিত।
• অ্যাবডুসেন্স নার্ভটি অক্ষিগোলকের সঞ্চালন নিয়ন্ত্রণ করে।

**09. সক্রিয় পরিবহন (Active Transport) পদ্ধতিতে শোষিত হয় না কোনটি?**
Ⓐ গ্লুকোজ Ⓑ ফ্রুক্টোজ Ⓒ গ্যালাক্টোজ Ⓓ সোডিয়াম আয়ন
**Solve** • ফ্রুক্টোজ এপিথেলোসাইটের কোষঝিল্লি অতিক্রম করে নিষ্ক্রিয় পরিবহনের (Passive transport) মাধ্যমে।
• গ্লুকোজ, গ্যালাক্টোজ পরিবাহিত হয় সেকেন্ডারি সক্রিয় পরিবহন ব্যবস্থার (Secondary active transport system) মাধ্যমে।

**10. রক্তে কোন ধরনের শ্বেতকণিকার পরিমাণ সবচেয়ে বেশি থাকে?**
Ⓐ নিউট্রোফিল Ⓑ ইওসিনোফিল Ⓒ মনোসাইট Ⓓ বেসোফিল
**Solve** রক্তে বিভিন্ন প্রকার শ্বেতকণিকার সংখ্যা :
• নিউট্রোফিল ৩-৫ হাজার।
• ইওসিনোফিল ১৫০-৪০০ টি।
• বেসোফিল ২৫-২০০ টি।

**11. জীব যখন পানি প্রবাহ বা স্রোতের প্রতি সাড়া দেয় তখন তাকে —— বলা হয়।**
Ⓐ কেমোট্যাক্সিস Ⓑ এনার্জিট্যাক্সিস Ⓒ অ্যারোট্যাক্সিস Ⓓ রিওট্যাক্সিস
**Solve** • প্রবহমান পানির প্রতি প্রাণীর সাড়াকে রিওট্যাক্সিস বলে।
• মাছের পোনার স্রোতমুখী চলন ধনাত্মক রিওট্যাক্সিস।
• প্রজনন ঋতুতে ইলিশ মাছ স্রোতের উজানে এসে ডিম পড়ে যা ধনাত্মক রিওট্যাক্সিস।

**12. লিথাল জিনের কারণে কোন রোগ হয়?**
Ⓐ হিমোফিলিয়া ও থ্যালাসেমিয়া Ⓑ বর্ণান্ধতা ও রাতকানা
Ⓒ থ্যালাসেমিয়া ও বর্ণান্ধতা Ⓓ রাতকানা ও হিমোফিলিয়া
**Solve** লিথাল জিনের প্রভাবে যেসব রোগ হয় :
i. ক্রিপার মুরগি
ii. পা-বিহীন বাছুর
iii. হিমোফিলিয়া (মানুষের হিমোফিলিয়া হয় সেমিলিথাল জিনের কারণে)
iv. থ্যালাসেমিয়া।
v. মানুষে ব্র্যাকিফ্যালাজি।
vi. জন্মগত ইকথিওসিস। [Ref : মাজেদা]

**13. নিচের কোন প্রাণীটি ত্রিস্তরী?**
Ⓐ অ্যামিবা Ⓑ কেঁচো Ⓒ হাইড্রা Ⓓ ম্যালেরিয়া জীবাণু
**Solve** • যেসব প্রাণীর দেহের কোষগুলো এক্টোডার্ম, মেসোডার্ম ও এন্ডোডার্ম নামক তিনটি স্তরে বিন্যস্ত থাকে সেগুলোকে ত্রিস্তরী প্রাণী বলে।
• Platyhelminthes থেকে শুরু করে Chordata পর্ব পর্যন্ত সকল প্রাণী ত্রিস্তরী।

**14. পৌষ্টিকতন্ত্রে ক্ষুদ্রান্ত্রের অংশগুলো হলো–**
Ⓐ ম্যালিয়াস, ইনকাস ও স্টেপিস Ⓑ ডিওডেনাম, জেজুনাম ও ইলিয়াম
Ⓒ সিকাম, কোলন ও মলাশয় Ⓓ উপরের সবকটি
**Solve** • পৌষ্টিকতন্ত্রের ক্ষুদ্রান্ত্রের দৈর্ঘ্য ৬-৭ মিটার।
• ডিওডেনাম, জেজুনাম ও ইলিয়াম পৌষ্টিকতন্ত্রের অংশ।

**15. এমব্রায়োসিস মেসোডার্ম থেকে মানব দেহের কোন অঙ্গ তৈরি হয়?**
Ⓐ স্নায়ুতন্ত্র Ⓑ হৃৎপিণ্ড Ⓒ ফুসফুস Ⓓ চুল
**Solve** এমব্রায়োসিস মেসোডার্ম থেকে মানব দেহের নিম্নোক্ত অঙ্গসমূহ তৈরি হয় :
• কঙ্কালতন্ত্র, রক্তসংবহনতন্ত্র (হৃৎপিণ্ড) ও লসিকাতন্ত্র।
• রেচন-জননতন্ত্রের অধিকাংশ।
• পৌষ্টিক নালির বহিস্তর।
• ডার্মিস, কয়েক ধরনের আঁইশ, শিং এবং দাঁতের ডেন্টিন।

**16. অসম্পূর্ণ প্রকটতার জিনোটাইপিক অনুপাত–**
Ⓐ 3 : 1 Ⓑ 9 : 7 Ⓒ 1 : 2 : 1 Ⓓ 13 : 3
**Solve** • অসম্পূর্ণ প্রকটতার ফিনোটাইপিক অনুপাত হবে ১ : ২ : ১।
• সমপ্রকটতার ফিনোটাইপিক অনুপাত হবে ১ : ২ : ১।
• মারণ বা লিথাল জিনের অনুপাত ২ : ১।

17. শ্রেণিবিন্যাসের মৌলিক একক–
Ⓐ প্রজাতি Ⓑ গণ Ⓒ গোত্র Ⓓ জগৎ
**Solve** • শ্রেণিবিন্যাস স্তরের সর্বনিম্ন ধাপ ও মৌলিক একক হলো প্রজাতি।
• জন রে (John Ray, 1686) সর্বপ্রথম Species শব্দটি ব্যবহার করেন।

18. তোষা পাট একটি–
Ⓐ বৃক্ষ Ⓑ গুল্ম Ⓒ কাষ্ঠল বীরুৎ Ⓓ কোনোটিই নয়
**Solve** • তোষা পাট একটি কাষ্ঠল বীরুৎ।
• এটি Tiliaceae পরিবারের অন্তর্গত একটি উদ্ভিদ।

19. উদ্ভিদ কোষে কোন অঙ্গাণু ও বর্ণ কণিকার উপস্থিতিতে পাতার রঙ সবুজ হয়?
Ⓐ ক্রোমোপ্লাস্ট, ক্লোরোফিল Ⓑ লিউকোপ্লাস্ট, জ্যান্থোফিল
Ⓒ ক্লোরোপ্লাস্ট, ক্লোরোফিল Ⓓ ক্লোরোপ্লাস্ট, ক্যারোটিন
**Solve** • ক্লোরোপ্লাস্ট সবুজ বর্ণের প্লাস্টিড।
• এদের ক্লোরোফিল নামক রঞ্জক পদার্থ থাকে।
• উদ্ভিদের সবুজ পাতা ও কচি কাণ্ডে থাকে।
• এরা সৌরশক্তি শোষণ করে উদ্ভিদে সালোকসংশ্লেষণ ঘটায়।

20. উদ্ভিদ কোষের কার্বোহাইড্রেট ফ্যাক্টরি হলো–
Ⓐ লাইসোসোম Ⓑ রাইবোসোম Ⓒ গলগি বডি Ⓓ এন্ডোপ্লাজমিক রেটিকুলাম
**Solve** • উদ্ভিদ কোষের কার্বোহাইড্রেড ফ্যাক্টরি হলো গলগি বডি।
• উদ্ভিদ কোষে গলগি বডির প্রধান কাজ হলো পলি স্যাকারাইড সংশ্লেষ ও নিঃসরণ করা।

21. ব্যাকটেরিয়ার কোষ প্রাচীরের উপাদান কোনটি?
Ⓐ কাইটিন Ⓑ সেলুলোজ Ⓒ ভেক্সট্রিন Ⓓ পেপটিডোগ্লাইকেন
**Solve** • ব্যাকটেরিয়ার কোষ প্রাচীরের উপাদান পেপটিডোগ্লাইকেন। বা মিউকোপ্রোটিন।
• লাইসোজাইম এনজাইম দ্বারা ব্যাকটেরিয়ার কোষপ্রাচীর বিগলিত হয়।

22. ডিএনএ ডাবল হেলিক্সের ব্যাস–
Ⓐ 5Å Ⓑ 10Å Ⓒ 3.4nm Ⓓ 2nm
**Solve** • DNA ডাবল হেলিক্সের ব্যাস 2nm।
• ডাবল হেলিক্সে বিদ্যমান প্রতিটি প্যাঁচের দৈর্ঘ্য 34Å।
• একটি দ্বিতন্ত্রী DNA অণুর আণবিক ওজন $10^6$-$10^9$।
• প্রতিটি প্যাঁচে 25টি হাইড্রোজেন বন্ধন থাকে।

23. ক্যারিওকাইনেসিস-এর অংশ নয়–
Ⓐ প্রোফেজ Ⓑ মেটাফেজ Ⓒ ইন্টারফেজ Ⓓ অ্যানাফেজ
**Solve** দেহকোষের বিভাজন প্রক্রিয়া দুটি পর্যায়ে সংঘটিত হয়। পর্যায়ে নিউক্লিয়াসের বিভাজন ঘটে। একে কারিওকাইনেসিস বলে। পর্যায়ে নিউক্লিয়াসসহ সাইটোপ্লাজম বিভক্ত হয়ে দুটি অপত্য কোষ হয়। একে সাইটোকাইনেসিস বলে।

24. লাইকেনে দুটি জীবের সহাবস্থান প্রক্রিয়াটি–
Ⓐ অস্থায়ী Ⓑ পরজীবী Ⓒ স্থায়ী Ⓓ [illegible]
**Solve** • লাইকেনে দুটি জীবের সহাবস্থান প্রক্রিয়াটি পরজীবী
• লাইকেন শৈবাল ও ছত্রাকে এমন একটি ঘনিষ্ঠ বসবাস যেখানে [illegible] পৃথক উদ্ভিদের মতো আচরণ করে। লাইকেন গঠনকারী ছত্রাক [illegible] মাইকোবায়োন্ট এবং শৈবাল সদস্যকে ফাইকোবায়োন্ট বলে।

25. Lodicule যে পরিবারের বৈশিষ্ট্য–
Ⓐ Malvaceae Ⓑ Poaceae Ⓒ Cycadaceae Ⓓ Cruciferae
**Solve** • Lodicule হলো Poaceae পরিবারের বৈশিষ্ট্য।
• পোয়েসি গোত্রের সকল উদ্ভিদের পুষ্পকাতে পুষ্পপুট থাকে না।
• কোনো কোনো উদ্ভিদের, যেমন : ধানের পুষ্পকাতে ক্ষুদ্র শল্কাকার দুটি পুষ্পপুট থাকে। এদেরকে লোডিকিউল (Lodicule) বলে।

Part-1 : হুবহু প্রশ্ন (সকল প্রশ্নের নির্ভুল উত্তর, সঠিক ব্যাখ্যা ও প্রশ্ন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ তথ্য)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা : ২০২২-২৩; A-ইউনিট

প্রশ্নটি বিষয় ও অধ্যায়ভিত্তিক দেখে Part-2 তে

### বাংলা

01. "এ জীবনটা না দৈর্ঘ্যের হিসাবে বড় না গুণের হিসাবে।" কোন রচনার অন্তর্গত?
Ⓐ বিলাসী Ⓑ অপরিচিতা Ⓒ আহবান Ⓓ মাসি-পিসি
**Solve** উক্তিটি 'অপরিচিতা' গল্পের নায়ক অনুপমের আত্মসমালোচনা। সাতাশ বছরের জীবনটা পরিমাণ ও গুণ উভয়দিক দিয়েই যে তার জীবনটা নিতান্তই তুচ্ছ সে কথাই আলোচ্য উক্তিটিতে ব্যক্ত হয়েছে।

02. কোনটি ভুল বানান?
Ⓐ দরিদ্রতা Ⓑ চতুরতা Ⓒ চপলতা Ⓓ দৈন্যতা
**Solve** 'দৈন্যতা' শব্দটির শুদ্ধ রূপ 'দৈন্য বা দীনতা'। বানান সতর্কতা : সমীচীন, কষ্ট, মাস্টার, অঞ্জলি, দণ্ডনীয়, কিংকর্তব্যবিমূঢ়, প্রতিযোগিতা, স্বাদেশিক, সন্তরণ।

03. 'তেলেভাজা' কোন সমাস?
Ⓐ দ্বন্দ্ব Ⓑ কর্মধারয় Ⓒ তৎপুরুষ Ⓓ বহুব্রীহি
**Solve** যে সমাসে পূর্বপদের বিভক্তির লোপ হয় না, তাকে অলুক তৎপুরুষ সমাস বলে। যেমন : মায়ের দোয়া = মায়ের দোয়া, তেলে ভাজা = তেলেভাজা, ঘোড়ার ডিম = ঘোড়ারডিম ইত্যাদি।

04. নিচের কোন কবি মায়ের কাছ থেকে কবিতা লেখার প্রেরণা লাভ করেছিলেন?
Ⓐ জীবনানন্দ দাশ Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓒ শামসুর রাহমান Ⓓ মাইকেল মধুসূদন দত্ত
**Solve** আধুনিক বাংলা কাব্যের শ্রেষ্ঠ কবি জীবনানন্দ দাশের মা কুসুমকুমারী দাশও একজন কবি ছিলেন। 'আদর্শ ছেলে' তাঁর বিখ্যাত কবিতা। কবি তাঁর মায়ের কাছ থেকে কবিতা লেখার প্রেরণা লাভ করেন।

05. জেলখানায় অনশনরত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কয়দিন পর কর্তৃপক্ষ খাবার খাওয়ানোর চেষ্টা করেছিল?
Ⓐ তিন দিন পর Ⓑ চার দিন পর
Ⓒ পাঁচ দিন পর Ⓓ ছয় দিন পর
**Solve** জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'কারাদিনগুলো' তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। ভাষা আন্দোলনের সময় তিনি ফরিদপুর জেলে বন্দি ছিলেন। তিনি জেল আটক রাখার প্রতিবাদে তিনি জেলে অনশন শুরু করলে কারা কর্তৃপক্ষ চার দিন পর তাকে খাওয়ানোর চেষ্টা করে।

06. কাজী নজরুল ইসলামকে কত সালে সপরিবারে বাংলাদেশে নিয়ে আসা হয়েছিল?
Ⓐ ১৯৭২ Ⓑ ১৯৭৩ Ⓒ ১৯৭৪ Ⓓ ১৯৭৫
**Solve** কাজী নজরুল ইসলাম মাত্র তেতাল্লিশ (১৯৪২ সালের ১০ অক্টোবর) বছর বয়সে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হওয়ায় এই কবি সম্ভাবনাময় জীবন আমৃত্যু নির্বাক হয়ে যায়। বঙ্গবন্ধুর উদ্যোগে ভারত সরকার অনুমতিক্রমে ১৯৭২ সালের ২৪ মে সপরিবারে কবিকে বাংলাদেশে আনা হয়। তিনি ১৯৭৬ খ্রিষ্টাব্দের ২৯ আগস্ট (১২ ভাদ্র ১৩৮৩ বঙ্গাব্দ) মারা যান।

07. অক্ষরবৃত্ত ছন্দের নিচের কোন ছন্দ?
Ⓐ গদ্য ছন্দ Ⓑ অমিত্রাক্ষর ছন্দ Ⓒ মাত্রাবৃত্ত ছন্দ Ⓓ স্বরবৃত্ত ছন্দ
**Solve** পয়ার ছন্দভিত্তিক, অনুপ্রাসহীন এবং পূর্ণযতির দীর্ঘ প্রবহমান ছন্দকে অমিত্রাক্ষর ছন্দ বলে। মাইকেল মধুসূদন দত্ত বাংলা অমিত্রাক্ষর ছন্দের জনক। এ ছন্দ অক্ষরবৃত্তের পয়ার ছন্দকে অবলম্বন করেই তৈরি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

8. 'মহত্ত্বের কাহিনি আমাদের অনেক আছে।' এখানে 'মহত্ত্ব' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ ব্যঙ্গার্থে Ⓑ প্রশংসার্থে Ⓒ ক্ষোভার্থে Ⓓ নিন্দার্থে
**A Solve** শরৎচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর 'বিলাসী' গল্পে ব্যঙ্গার্থে আলোচ্য উক্তিটি করেছেন। 'মহত্ত্বের কাহিনি' শব্দের অর্থ : মহানুভবতার কথা। ব্যঙ্গার্থে নীচতার কাহিনি।

9. 'কৃতবিদ্য' কোন সমাস?
Ⓐ দ্বন্দ্ব Ⓑ কর্মধারয় Ⓒ তৎপুরুষ Ⓓ বহুব্রীহি
**D Solve** বহুব্রীহি সমাসের দৃষ্টান্ত :

| সমস্ত পদ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| মৃগনয়না | মৃগের ন্যায় নয়ন যার | বহুব্রীহি সমাস |
| দশগজি | দশ গজ পরিমাণ যার | বহুব্রীহি সমাস |
| কৃতবিদ্য | কৃত বিদ্যা যার | বহুব্রীহি সমাস |

10. "অনুকরণে দোষগুলি অনুকৃত হয়, গুণগুলি হয় না।" কার রচিত?
Ⓐ বঙ্কিমচন্দ্র Ⓑ শরৎচন্দ্র Ⓒ নজরুল Ⓓ আবুল ফজল
**A Solve** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধটি ১৮৮৫ সালে 'প্রচার' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। পরবর্তীতে প্রবন্ধটি তাঁর 'বিবিধ প্রবন্ধ' নামক গ্রন্থের অন্তর্ভুক্ত হয়। প্রবন্ধটিতে তিনি আলোচ্য উক্তিটি করেছেন।

## ENGLISH

01. **I have a few books, but I would like —— more.**
Ⓐ much Ⓑ a lot Ⓒ too much Ⓓ plenty of
**B Explanation** A lot more বলতে কোনো কিছুর অধিক/অতিরিক্ত পরিমাণকে বুঝায়।

02. **It's the first turning —— the left after the traffic lights.**
Ⓐ on Ⓑ in Ⓒ by Ⓓ for
**A Explanation** First turning on the left বলতে বুঝাচ্ছে বাম দিকের প্রথম মোড়।

03. **Of the thousands of known volcanoes in the world, the overwhelming majority are <u>dormant</u>. Here, the underlined word is closest in meaning to ——.**
Ⓐ unpredictable Ⓑ minor Ⓒ inactive Ⓓ uncharted
**C Explanation** Dormant (সুপ্ত/সাময়িকভাবে নিষ্ক্রিয়) এর synonymous words হলো– Inactive, latent, inoperative, passive, asleep ইত্যাদি। অন্যদিকে, unpredictable অর্থ অনিশ্চিত; minor অর্থ সামান্য; uncharted অর্থ অচিহ্নিত।

04. **Joy goes on helping everyone without saving anything for the <u>rainy day</u>. The underlined words imply ——.**
Ⓐ a day with rains Ⓑ a day with cold weather
Ⓒ an enjoyable day Ⓓ a difficult day
**D Explanation** 'Rainy day' phrase টির অর্থ ভবিষ্যতের সংকটকালীন/কঠিন সময় (a difficult day)।

05. **Three-fourths of the work —— finished.**
Ⓐ have been Ⓑ had Ⓒ has been Ⓓ were
**C Explanation** Fraction কিংবা percentage যুক্ত phrase এর পরবর্তী noun টি singular হলে verb টি singular হবে এবং noun টি plural হলে verb টি plural হবে।

06. **—— you agree —— me?**
Ⓐ Are/with Ⓑ Do/with Ⓒ Were/with Ⓓ Did/on
**B Explanation** Agree with somebody– কোনো বিষয়ে কারো সাথে সম্মত হওয়া। Main verb যুক্ত present indefinite tense এর interrogative sentence এর structure : Do/Does + subject + $v_1$ + বাকি অংশ।

07. **If I —— what the river was like, I —— a different line of approach to the other side.**
Ⓐ have konwn/will choose
Ⓑ knew/chose
Ⓒ had known/would have chosen
Ⓓ knew/had chosen
**C Explanation** Conditional sentence এর নিয়মানুসারে If + past perfect + subject + would have + $v_3$ হয়।

08. **—— of the two girls has submitted the term paper to the instructor yet.**
Ⓐ Neither Ⓑ None Ⓒ Either Ⓓ Every
**A Explanation** Neither of, either of, one of, any of, each of এর পর plural noun + singular verb বসে।

09. **A student can be successful —— perseverance.**
Ⓐ by way of Ⓑ by virtue of
Ⓒ in lieu of Ⓓ In view of
**B Explanation** "By virtue of" phrase টির অর্থ কোনো দক্ষতা/যোগ্যতার গুনে। অন্যদিকে, by way of– মাধ্যমে/মধ্য দিয়ে; in lieu of– পরিবর্তে; in view of– কোনো কিছুর আলোকে/বিবেচনায়।

10. **You will have to choose —— the two evils.**
Ⓐ the lesser of Ⓑ the less of
Ⓒ the less than Ⓓ lesser than
**B Explanation** দুইয়ের মধ্যে তুলনা বুঝাতে the + comparative form বসে, বিধায় সঠিক উত্তর হবে the less of...

11. **Cutting down trees indiscriminately will —— diverse natural disasters.**
Ⓐ result in Ⓑ result from Ⓒ result on Ⓓ result into
**A Explanation** Result in– ফলাফল বয়ে আনা/পর্যবসিত হওয়া; result from– উদ্ভূত হওয়া।

12. **Do you know ——?**
Ⓐ where she does lives Ⓑ where she lives
Ⓒ where do she live Ⓓ where is she from
**B Explanation** Embedded question এর নিয়মানুযায়ী WH-word + subject + verb (where she lives) বসে।

13. **Salim walks as if he —— lame.**
Ⓐ is Ⓑ was Ⓒ were Ⓓ has been
**C Explanation** As if/as though এর পূর্বে present tense থাকলে, পরে past indefinite tense হয় এবং be verb এর ক্ষেত্রে সর্বদা were বসে।

14. **The less people have access to —— technology the larger the —— divide is.**
Ⓐ computer/generation Ⓑ information/digital
Ⓒ digital/generation Ⓓ scientific/information
**B Explanation** Information technology (তথ্য প্রযুক্তি)– তে মানুষের access অর্থাৎ, ব্যবহারের অধিকার যত কম হবে digital divide (ডিজিটাল বৈষম্য) তত বাড়বে।

15. **I can see the rainbow clearly now that the rain ——.**
Ⓐ stopped Ⓑ had stopped
Ⓒ stop Ⓓ has stopped
**D Explanation** বাক্যটির অর্থ : বৃষ্টি থেমে যাওয়ায় আমি পরিষ্কারভাবে রংধনুটি দেখতে পাচ্ছি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## পদার্থবিজ্ঞান

**01. $\vec{P} = 3\hat{i} - 2\hat{j} + 6\hat{k}$ ভেক্টর রাশিটির মান কত?**

Ⓐ 11 Ⓑ 7 Ⓒ 36 Ⓓ 37

**Solve** $P = \sqrt{3^2 + (-2)^2 + 6^2} = 7$

**02. মুক্তি বেগের সমীকরণ–**

Ⓐ $V_E = \sqrt{2gR}$ Ⓑ $V_E = 2gR$ Ⓒ $V_E = \sqrt{2}gR$ Ⓓ $V_E = \frac{\sqrt{2}}{gR}$

**Solve** মুক্তিবেগ, $V_E = \sqrt{2gR} = \sqrt{\frac{2GM}{R}}$

উপগ্রহের বেগ, $V = \sqrt{gR}$

**03. সরল দোলকের ববের ভর বেশি হলে, দোলনকাল–**

Ⓐ বাড়বে Ⓑ কমবে

Ⓒ অপরিবর্তিত থাকবে Ⓓ ভরের বর্গমূলের সমানুপাতিক

**Solve** দোলনকাল, $T = 2\pi\sqrt{\frac{L}{g}} \Rightarrow T \propto \sqrt{\frac{L}{g}}$

এখানে ববের ভর অনুপস্থিত। সুতরাং দোলনকাল ববের ভরের উপর নির্ভর করে না।

**04. বায়ুতে শব্দের বেগের উপর তাপমাত্রার প্রভাব প্রতি ডিগ্রি তাপমাত্রার জন্য–**

Ⓐ 61 cm Ⓑ 60 cm Ⓒ 0.61 cm Ⓓ 2 m

**Solve** t°C তাপমাত্রায় শব্দের বেগ, $v = 332 + 0.61\ t$

সুতরাং বায়ুতে শব্দের বেগ প্রতি ডিগ্রি বৃদ্ধিতে 0.61 m বা 61 cm বৃদ্ধি পায়।

**05. একটি বস্তুর দৈর্ঘ্য বিকৃতি $15 \times 10^{-5}$ এবং দৈর্ঘ্য পীড়ন $30 \times 10^6\ Nm^{-2}$। বস্তুটির ইয়ং-এর গুণাঙ্ক–**

Ⓐ $2 \times 10^{11}\ Nm^{-2}$ Ⓑ $3 \times 10^6\ Nm^{-2}$

Ⓒ $15 \times 10^{11}\ Nm^{-2}$ Ⓓ $1.5 \times 10^5\ Nm^{-2}$

**Solve** $Y = \frac{F/A}{l/L} = \frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}} = \frac{30 \times 10^6}{15 \times 10^{-5}} = 2 \times 10^{11}\ Nm^{-2}$

**06. পরমশূন্য তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান ও পৃষ্ঠশক্তির মধ্যে সম্পর্ক–**

Ⓐ $E = T^2$ Ⓑ $E = -T$ Ⓒ $E = T$ Ⓓ $E = -T^2$

**Solve** 0°K বা পরমশূন্য তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান ও পৃষ্ঠশক্তি সমান।

**07. 0°C-এর 1 gm বরফ 0°C-এর 1 gm পানিতে রূপান্তরিত হতে এনট্রপি বৃদ্ধির পরিমাণ–**

Ⓐ 0.239 cal/K Ⓑ 0.392 cal/K Ⓒ 0.329 cal/K Ⓓ 0.293 cal/K

**Solve** এনট্রপি, $dS = \frac{dQ}{T} = \frac{m/_f}{T} = \frac{1 \times 10^{-3} \times 3.36 \times 10^5}{273}$

$= 1.23\ J/K = 0.293\ cal/K$

**08. তিনটি ধারকের শ্রেণিবদ্ধ বিন্যাসের মোট ধারকত্ব 1 μF। দুইটি ধারকের মান যথাক্রমে 2 μF ও 3 μF হলে, তৃতীয়টির মান কত?**

Ⓐ 7 μF Ⓑ 6 μF Ⓒ 2.3 μF Ⓓ 3.2 μF

**Solve** $\frac{1}{C_s} = \frac{1}{C_1} + \frac{1}{C_2} + \frac{1}{C_3} \Rightarrow \frac{1}{1} = \frac{1}{2} + \frac{1}{3} + \frac{1}{C_3}$

$\Rightarrow C_3 = \left\{1 - \left(\frac{1}{2} + \frac{1}{3}\right)\right\}^{-1} = 6\ \mu F$

**09. যদি R রোধ বিশিষ্ট একটি তামার তারের দৈর্ঘ্য দ্বিগুণ করা হয় তাহলে আপেক্ষিক (specific) রোধ হবে–**

Ⓐ দ্বিগুণ Ⓑ এক-চতুর্থাংশ Ⓒ চারগুণ Ⓓ একই

**Solve** আপেক্ষিক রোধ পদার্থের উপাদানের উপর নির্ভর করে। তাই একই পদার্থের আপেক্ষিক রোধের কোনো পরিবর্তন হয় না।

**10. একটি অজানা রোধের সাথে একটি 3 Ohm রোধ সমান্তরালে যুক্ত করা হলে বর্তনীর তুল্য রোধ কত?**

Ⓐ 3 Ohm এর বেশি Ⓑ 3 Ohm এর কম

Ⓒ 3 Ohm এর সমান Ⓓ অজানা রোধের সমান

**Solve** সিরিজ সমবায়ে তুল্য রোধ বৃদ্ধি পায় আর সমান্তরাল সমবায়ে তুল্য রোধ হ্রাস পায়।

**11. একটি গ্যাসের অণুর গড় গতিশক্তি গ্যাসটির পরম তাপমাত্রার–**

Ⓐ সমানুপাতিক Ⓑ ব্যস্তানুপাতিক Ⓒ বর্গের সমানুপাতিক Ⓓ বর্গের ব্যস্তানুপাতিক

**Solve** $\bar{E} = \frac{3}{2}kT \therefore \bar{E} \propto T$

**12. তাপমাত্রা বাড়ালে তরলের পৃষ্ঠটান–**

Ⓐ কমবে Ⓑ বাড়বে Ⓒ অপরিবর্তিত থাকবে Ⓓ কোনটি নয়

**Solve** তরলের পৃষ্ঠটান তাপমাত্রার উপর নির্ভর করে। তাপমাত্রা বাড়ালে তরলের পৃষ্ঠটান হ্রাস পায়। একটি বিশেষ তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান লোপ পায়। ঐ তাপমাত্রাকে সংকট তাপমাত্রা বলা হয়।

**13. 10 cm ফোকাস দূরত্বের একটি অবতল দর্পণের বক্রতার ব্যাসার্ধ কত?**

Ⓐ 5 cm Ⓑ 5.6 cm Ⓒ 20 cm Ⓓ 30 cm

**Solve** $f = \frac{r}{2}$ বা, $r = 2f = 2 \times 10 = 20\ cm$

**14. ইউরেনিয়ামের গড় আয়ু $6.4935 \times 10^9$ বছর। এর অর্ধায়ু কত?**

Ⓐ $4 \times 10^8$ বছর Ⓑ $4.5 \times 10^9$ বছর

Ⓒ $6.4 \times 10^{19}$ বছর Ⓓ $6.4 \times 10^9$ বছর

**Solve** $T_{\frac{1}{2}} = 0.693\tau = 0.693 \times 6.4935 \times 10^9$

$= 4.5 \times 10^9$ বছর

**15. তরল পদার্থ তার আকৃতি পরিবর্তন করতে পারে কিন্তু কঠিন পদার্থ পারে না কেন?**

Ⓐ তরল পদার্থের ঘনত্ব কঠিন পদার্থের ঘনত্বের চেয়ে কম

Ⓑ অণুগুলোর মধ্যবর্তী বল তরল পদার্থের চেয়ে কঠিন পদার্থে শক্তিশালী

Ⓒ কঠিন পদার্থে পরমাণুসমূহ মিলিত হয়ে বৃহৎ অণু তৈরি করে

Ⓓ কঠিন পদার্থে অণুগুলোর মধ্যবর্তী গড় দূরত্ব বৃহত্তর

**Solve** কঠিন পদার্থের অণুগুলোর আন্তঃআণবিক দূরত্ব কম হওয়ায় এদের আন্তঃআণবিক আকর্ষণ বল অনেক বেশি। অপরদিকে তরল পদার্থের অণুগুলোর মধ্যে আন্তঃআণবিক দূরত্ব বেশি হওয়ায় এদের মধ্যে আন্তঃআণবিক আকর্ষণ বল কম থাকে। তাই তরল পদার্থকে যে পাত্রে রাখা হয় সেই পাত্রের আকার ধারণ করে আকৃতি পরিবর্তন করতে পারে। অন্যদিকে কঠিন পদার্থের আন্তঃআণবিক আকর্ষণ বল বেশি হওয়ায় খুব সহজেই আকৃতি পরিবর্তন করতে পারে না।

**16. কোন পৃথকীকৃত ধারকের পাতা দুটির মাঝে একটি পরাবৈদ্যুতিক ফলক (dielectric slab) স্থাপন করা হলো। পাতা দুটির মধ্যবর্তী বল–**

Ⓐ বৃদ্ধি পাবে Ⓑ হ্রাস পাবে Ⓒ অপরিবর্তিত থাকবে Ⓓ শূন্য হবে

**Solve** পরাবৈদ্যুতিক ফলক স্থাপনের দরুন পাতদ্বয়ের মধ্যবর্তী বল হ্রাস পায়। ক্যাপাসিটরের দুইটি পাতের মাঝে আকর্ষণ বলের মান $F = \frac{Q^2}{2\varepsilon_0\varepsilon_r A}$

পৃথকীকৃত ধারক এর ক্ষেত্রে Q, $\varepsilon_0$ এবং A ধ্রুবক। $\therefore F \propto \frac{1}{\varepsilon_r}$

পরাবৈদ্যুতিক ফলক স্থাপন করলে $\varepsilon_r$ বৃদ্ধি পায় ফলে মধ্যবর্তী বল হ্রাস পায়।

**17. তাপ পরিবাহিতাঙ্ক (Thermal Conductivity)-এর একক কোনটি?**

Ⓐ $Jsm^{-1}K$ Ⓑ $Js^{-1}m^{-1}K^{-1}$ Ⓒ $Js^{-1}m^{-1}K$ Ⓓ $Js^{-1}mK^{-1}$

**Solve** তাপ পরিবাহিতাঙ্ক, $K = \frac{Qd}{A\Delta\theta t}$

$\therefore$ K এর একক $= \frac{Jm}{m^2Ks} = Js^{-1}m^{-1}K^{-1}$

JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS

**18. ধরা যাক p এবং E একটি ফোটনের যথাক্রমে রৈখিক ভরবেগ এবং শক্তি নির্দেশ করে। যদি তরঙ্গদৈর্ঘ্য কমে যায়, তবে–**

Ⓐ p এবং E উভয়টি বাড়ে Ⓑ p বাড়ে E কমে
Ⓒ p কমে E বাড়ে Ⓓ p এবং E উভয়টি কমে

**Solve** ভরবেগ, $p = \frac{h}{\lambda}$ এবং ফোটনের শক্তি, $E = \frac{hc}{\lambda}$; উভয়ক্ষেত্রে তরঙ্গদৈর্ঘ্য $\lambda$ হলো ভরবেগ p এবং শক্তি E এর ব্যস্তানুপাতিক। সুতরাং তরঙ্গদৈর্ঘ্য কমে যাওয়ায় ভরবেগ এবং শক্তি বৃদ্ধি পায়।

**19. ফোটনের স্থির ভর কত?**

Ⓐ $9.1 \times 10^{-31}$ kg Ⓑ $1.6 \times 10^{-27}$ kg Ⓒ 0 Ⓓ $\infty$

**Solve** ফোটনের নিশ্চল ভর শূন্য। অর্থাৎ ফোটনের কোনো ভর নেই কিন্তু ভরবেগ আছে। ভরবেগ, $P = \frac{E}{c}$

**20. একটি 200 V - 40 W বাল্বের মধ্য দিয়ে কি পরিমাণ বিদ্যুৎ প্রবাহিত হবে?**

Ⓐ 0.2 A Ⓑ 0.8 A Ⓒ 5.0 A Ⓓ 50 A

**Solve** $P = VI \Rightarrow I = \frac{P}{V} = \frac{40}{200} = 0.2$ A

**21. সরু সেলকের সমবকাল দ্বিগুণ করার জন্য দৈর্ঘ্যের কী পরিবর্তন করতে হবে?**

Ⓐ দ্বিগুণ বাড়াতে হবে Ⓑ দ্বিগুণ কমাতে হবে
Ⓒ চারগুণ বাড়াতে হবে Ⓓ চারগুণ বাড়াতে হবে

**Solve** $T \propto \sqrt{L} \Rightarrow \frac{L_2}{L_1} = \left(\frac{T_2}{T_1}\right)^2 \Rightarrow L_2 = 2^2 \times L_1 = 4L_1$

$\therefore$ দৈর্ঘ্য বাড়াতে হবে, $(4L_1 - L_1) = 3L_1$

**22. অ্যাংস্ট্রম কীসের একক?**

Ⓐ দূরত্বের Ⓑ সময়ের Ⓒ বলের Ⓓ আলোর

**Solve** অ্যাংস্ট্রম:

| সংজ্ঞা | আলো এক বছরে যে দূরত্ব অতিক্রম করে তাকে আলোক বর্ষ বলে। |
|---|---|
| গাণিতিক মান | 1 আলোক বর্ষ = আলোর বেগ × 1 বছর<br>$= 3 \times 10^8 \times 365 \times 24 \times 60 \times 60$<br>$= 9.46 \times 10^{15}$ m $= 9.46 \times 10^{12}$ km |
| প্রয়োগ | • আলোক বর্ষ দূরত্বের একক। এর একক হচ্ছে মিটার (m)।<br>• নভোমণ্ডলীয় একক পরিমাপে ব্যবহার করা হয়। |

**23. একটি স্থির ভৌতিক চার্জ Q দ্বারা গঠিত ভৌতিক ক্ষেত্র–**

Ⓐ অবিরত Ⓑ ঘূর্ণনমুক্ত Ⓒ সমদৈশিক Ⓓ আইসোট্রপিক

**Solve** একটি স্থির ভৌতিক চার্জ Q দ্বারা গঠিত ভৌতিক ক্ষেত্র–
• অবিরত (Continuous) • ঘূর্ণনমুক্ত (Irrotational/Curl free)
• সমদৈশিক (Isotropic)

**24. q আধান $\vec{B}$ চৌম্বকক্ষেত্রে $\vec{v}$ বেগে গতিশীল হলে আধানটির উপর ক্রিয়াশীল বলের রাশিমালা–**

Ⓐ $\vec{F} = q(\vec{v} \times \vec{B})$ Ⓑ $\vec{F} = \frac{\vec{v} \times \vec{B}}{q}$ Ⓒ $\vec{F} = \vec{v} \times \vec{B}$ Ⓓ $\vec{F} = q\vec{E} + \vec{v}\vec{B}$

**Solve** q পরিমাণ চার্জ কোনো চৌম্বকক্ষেত্রে $\vec{v}$ বেগে গতিশীল হলে আধানটির উপর ক্রিয়াশীল বলের রাশিমালা, $\vec{F} = q(\vec{v} \times \vec{B}) = qvB\sin\theta$

**25. পানির প্রতিসরাঙ্ক 1.3 হলে, পানিতে আলোর বেগ কত? (শূন্যস্থানে আলোর বেগ $3.0 \times 10^8$ m/s)**

Ⓐ $3.0 \times 10^8$ m/s Ⓑ $2.31 \times 10^8$ m/s
Ⓒ $2.0 \times 10^8$ ms$^{-1}$ Ⓓ $4.4 \times 10^8$ m/s

**Solve** আমরা জানি, $\mu = \frac{c}{v} \Rightarrow v = \frac{c}{\mu}$

$= \frac{3.0 \times 10^8}{1.3} = 2.31 \times 10^8$ ms$^{-1}$

## রসায়ন

**01. $(CH_3)_4C$ যৌগটির IUPAC নাম কোনটি?**

Ⓐ টেট্রামিথাইল Ⓑ n-পেন্টেন Ⓒ iso-পেন্টেন Ⓓ neo-পেন্টেন

**Solve** $(CH_3)_4C$ এর অপর নাম neo-পেন্টেন।
$(CH_3)_4C$ এর IUPAC নাম : 2, 2 ডাইমিথাইল প্রোপেন।

**02. 0.018 গ্রাম ওজনের 1 ফোঁটা পানিতে উপস্থিত পানির অণুর সংখ্যা–**

Ⓐ $6.02 \times 10^{26}$ Ⓑ $6.02 \times 10^{23}$ Ⓒ $6.02 \times 10^{20}$ Ⓓ $6.02 \times 10^{29}$

**Solve** পানির অণুর সংখ্যা $X = \frac{m}{M} \times N_A$

$= \frac{0.018}{18} \times 6.023 \times 10^{23}$

$= 6.02 \times 10^{20}$

**03. ইথিলিন Baeyer's reagent এর সাথে বিক্রিয়া করে প্রদান করে–**

Ⓐ গ্লাইকল Ⓑ এসিটালডিহাইড
Ⓒ অক্সালিক অ্যাসিড Ⓓ ইথাইল অ্যালকোহল

**Solve** ইথিলিন কে Baeyer's reagent এর সাথে বিক্রিয়া করলে ইথিলিন গ্লাইকল উৎপন্ন হয়।

$$CH_2 = CH_2 + [O] + H_2O \xrightarrow[KOH]{KMnO_4} \underset{\text{ইথিলিন গ্লাইকল}}{HOCH_2 - CH_2OH}$$

**04. নিচের কোন পরমাণুর ইলেকট্রন আসক্তি সবচেয়ে বেশি?**

Ⓐ Cl Ⓑ Br Ⓒ I Ⓓ He

**Solve**
• একই পর্যায়ে বাম থেকে ডান দিকে গেলে ইলেকট্রন আসক্তির মান বাড়তে থাকে।
• একই গ্রুপে উপর থেকে নিচের দিকে গেলে ইলেকট্রন আসক্তির মান কমতে থাকে।
• নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রন আসক্তির মান শূন্য।
• ইলেকট্রন আসক্তির শক্তির ক্রম : Cl > F > Br > I

**05. আদর্শ গ্যাসের সমীকরণ–**

Ⓐ $PV = nRT$ Ⓑ $VP = \frac{1}{3}mNC^2$ Ⓒ $PV = RT$ Ⓓ $P_1V_1 = P_2V_2$

**Solve** $PV = nRT$ এই সমীকরণকে আদর্শ গ্যাসের সমীকরণ বলে। এখানে, P = গ্যাসের চাপ, V = গ্যাসের আয়তন, n = মোল সংখ্যা, R = মোলার গ্যাস ধ্রুবক, T = পরম তাপমাত্রা।

**06. অলিফিনকে বলা হয়–**

Ⓐ অ্যাসিটাইলিন Ⓑ অ্যালকিন Ⓒ প্যারাফিন Ⓓ ডাইঅক্সাইড

**Solve** অলিফিনকে অ্যালকিন বলা হয়। Olefinis শব্দের অর্থ তেল উৎপাদনকারী। এ সমগোত্রীয় শ্রেণির প্রথম সদস্যগুলো ক্লোরিনের সাথে যুক্ত হয়ে তেল জাতীয় যৌগ ডাইক্লোরাইড গঠন করে বলে এ শ্রেণির যৌগের নাম দেয়া হয়েছে অলিফিনস।

**07. আপেলে কোন অ্যাসিড বিদ্যমান থাকে?**

Ⓐ সাইট্রিক অ্যাসিড Ⓑ অক্সালিক অ্যাসিড
Ⓒ ল্যাকটিক অ্যাসিড Ⓓ ম্যালিক অ্যাসিড

**Solve** আপেল — ম্যালিক অ্যাসিড
কলা — অ্যাসকরবিক অ্যাসিড
লেবু — সাইট্রিক অ্যাসিড
আঙুর — টারটারিক অ্যাসিড

JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**08. মিথানয়িক অ্যাসিডের সংকেত হচ্ছে–**


Ⓐ HCOOH Ⓑ $CH_3COOH$ Ⓒ COOH Ⓓ $CH_3$

**Solve** মিথানয়িক অ্যাসিডের সংকেত HCOOH
ইথানয়িক " " $CH_3COOH$
মিথাইল বা আলকাইলের সংকেত $CH_3$
অ্যাসিডের কার্যকরী মূলক COOH

**09. নিচের কোন যৌগটি সবচেয়ে শক্তিশালী হাইড্রোজেন বন্ধন গঠন করে?**

Ⓐ ইথানল Ⓑ ইথার Ⓒ ইথানয়িক অ্যাসিড Ⓓ পানি

**Solve** ইথানয়িক অ্যাসিড ($CH_3COOH$) আন্তঃ আনবিক H বন্ধন দ্বারা ডাইমার গঠন করে। এ অনুর ডাইমার গঠনে এক অনুর কার্বনাইল (> C = O) মূলকের সাথে অপর – OH মূলকের H বন্ধন ঘটে এ H বন্ধন তুলনামূলক ভাবে অন্যান্য অণুসমূহের আন্তঃআনবিক বন্ধন অপেক্ষা শক্তিশালী হয়।



ইথানয়িক অ্যাসিডের ডাইমারে H বন্ধন

**10. কোন যৌগটি $sp^2$ হাইব্রিডাইজেশন প্রদর্শন করে?**

Ⓐ $CH_4$ Ⓑ $C_2H_4$ Ⓒ $C_2H_6$ Ⓓ $C_2H_2$

**Solve** মিথেন ($CH_4$) – $sp^3$
ইথিন ($C_2H_4$) – $sp^2$
ইথেন ($C_2H_6$) – $sp^3$
ইথাইন ($C_2H_2$) – sp

**11. নিম্নের কোনটি প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ?**

Ⓐ $H_2C_2O_4$ Ⓑ HCl Ⓒ NaOH Ⓓ $KMnO_4$

**Solve**

| | |
|---|---|
| প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ | $Na_2CO_3$, $H_2C_2O_4.2H_2O$, $K_2Cr_2O_7$ $Na_2C_2O_4.2H_2O$, $HOOC-(CH_2)_2-COOH$, $CaC_2O_4$ ইত্যাদি |
| সেকেন্ডারি স্ট্যান্ডার্ড পদার্থ | NaCl, HCl, $H_2SO_4$, $KMnO_4$ $Na_2S_2O_3.5H_2O$, KOH ইত্যাদি |

**12. $MgCl_2$ এ ক্লোরিন এর জারণ সংখ্যা কত?**

Ⓐ +1 Ⓑ +2 Ⓒ –1 Ⓓ 0

**Solve** ধরি, Cl এর জারন সংখ্যা = x
$2 + 2 \times x = 0 \Rightarrow 2x = -2 \therefore x = -1$
Cl এর জারন সংখ্যা = –1

**15. নিম্নের কোনটি জারণ-বিজারণ বিক্রিয়া নয়?**

Ⓐ $H_2 + O_2 \rightarrow H_2O$ Ⓑ $Na + Cl_2 \rightarrow NaCl$
Ⓒ $CuO + H_2 \rightarrow CuO + H_2O$ Ⓓ $Cu(NO_3)_2 \rightarrow CuO + NO + O_2$

**Solve**

A. $\overset{0}{H_2} + \overset{0}{O_2} \rightarrow \overset{+1-2}{H_2O}$ (H: Red, O: Ox)

B. $\overset{0}{Na} + \overset{0}{Cl_2} \rightarrow \overset{+1-1}{NaCl}$ (Na: Ox, Cl: Red)

C. $\overset{+2-2}{CuO} + H_2 \rightarrow \overset{+2-2}{CuO} + H_2O$

D. $\overset{+5-2}{Cu(NO_3)_2} \rightarrow \overset{+2}{CuO} + \overset{0}{NO} + O_2$ (Cu: Red, O: Ox)

**13. হাইড্রোজেনে কতটি আইসোটোপ আছে?**

Ⓐ 2 Ⓑ 4 Ⓒ 3 Ⓓ 5

**Solve** হাইড্রোজেনের তিনটি আইসোটোপ আছে। প্রোটিয়াম $\left({}^{1}_{1}H\right)$, ডিউটেরিয়াম $\left({}^{2}_{1}H\right)$, ট্রিটিয়াম $\left({}^{3}_{1}H\right)$

**14. সবুজ ভিট্রিয়ল–**

Ⓐ $FeSO_4.7H_2O$ Ⓑ $ZnSO_4.7H_2O$
Ⓒ $CuSO_4.7H_2O$ Ⓓ $CuSO_4.5H_2O$

**Solve**

| লবণের নাম | লবণের সংকেত |
|---|---|
| সবুজ ভিট্রিওল | $FeSO_4.7H_2O$ |
| সাদা ভিট্রিওল | $ZnSO_4.7H_2O$ |
| ইপশম লবণ | $MgSO_4.7H_2O$ |
| ব্লু ভিট্রিওল | $CuSO_4.5H_2O$ |
| গ্লুবার লবণ | $Na_2SO_4.10H_2O$ |

**16. নিচের কোনটি ইউরিয়ার আইসোমার?**

Ⓐ KCNO Ⓑ $C_6H_6$
Ⓒ $NH_4NO_3$ Ⓓ $NH_4CNO$ Ans (D)

**17. অ্যারোমেটিক যৌগের প্রধান উৎস হলো–**

Ⓐ বেনজিন Ⓑ টলুইন Ⓒ আলকাতরা Ⓓ কার্বন

**Solve** কোল ও পেট্রোলিয়াম হলো অ্যারোমেটিক যৌগের প্রধান উৎস। কয়লার বিধ্বংসী পাতন যেমন- 10%-12% জলীয়বাষ্প মিশ্রিত বিটুমিনাস কয়লাকে 900°-1100°C তাপমাত্রায় আবদ্ধ পাত্রে পাতন করে প্রাপ্ত কোলটার বা আলকাতরা থেকে এসব যৌগ পৃথক করা হয়। আলকাতরার মধ্যে অম্লীয়, ক্ষারীয় ও নিরপেক্ষ অ্যারোমেটিক যৌগ থাকে।

**18. ম্যাগনেটাইট যার আকরিক তা হলো–**

Ⓐ Mg Ⓑ Fe Ⓒ Mn Ⓓ Cu

**Solve** আয়রনের আকরিকসমূহ হলো :
- ম্যাগনেটাইট ($Fe_3O_4$)
- লিমোনাইট ($2Fe_2O_3.3H_2O$)
- রেড হিমাটাইট ($Fe_2O_3$)
- সাইডেরাইট বা স্প্যাথোজ ($FeCO_3$)
- আয়রণ পাইরাইটস্ ($FeS_2$)


**19. কোন যৌগটি হাইড্রোকার্বন নয়?**

Ⓐ Polystyrene Ⓑ Toluene
Ⓒ Cyclohexane Ⓓ Bitumen Ans (D)

**20. নিম্নের কোনটি আলোক সক্রিয় যৌগ?**

Ⓐ ফরমিক অ্যাসিড Ⓑ টারটারিক অ্যাসিড
Ⓒ ল্যাকটিক অ্যাসিড Ⓓ অ্যাসিটিক অ্যাসিড

**Solve** ল্যাকটিক অ্যাসিডে এর D ল্যাকটিক অ্যাসিড ও L ল্যাকটিক অ্যাসিড নামে দুটি আলোক সমানু রয়েছে।



d-ল্যাকটিক অ্যাসিড l-ল্যাকটি অ্যাসিড

**21. $NH_2CONH_2$ যৌগে নাইট্রোজেনের পরিমাণ হচ্ছে–**

Ⓐ 4.60% Ⓑ 4.67% Ⓒ 46.70% Ⓓ 0.467%

**Solve** ইউরিয়া বা $NH_2CONH_2$ এর আনবিক ভর = 60
নাইট্রোজেনের পরিমান $= \frac{28}{60} \times 100\%$
$= 46.67\%$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**22. নিম্নোক্ত কোন যৌগটির স্ফুটনাঙ্ক সবচেয়ে বেশি?**

Ⓐ $C_2H_6$ Ⓑ $C_2H_5OH$ Ⓒ $CH_3\text{-}O\text{-}CH_3$ Ⓓ $CH_3OH$

**Solve** অ্যালকোহলের স্ফুটনাঙ্ক সাধারনত অন্যান্য জৈব যৌগ অপেক্ষা বেশি থাকে। কারন অ্যালকোহলে শক্তিশালী H বন্ধন তৈরি হয়। মিথানলের থেকে ইথানলের আনবিক ভর বেশি হওয়ার কারনে ইথানলের স্ফুটনাঙ্ক বেশি হবে।

**23. 200 মিলি দ্রবণে 2.8 গ্রাম KOH দ্রবীভূত করা হলে, দ্রবণে KOH এর মোলারটি কত হবে?**

Ⓐ 0.50 M Ⓑ 0.25 M Ⓒ 0.75 M Ⓓ 1.0 M

**Solve** $S = \frac{w \times 1000}{MV} = \frac{2.8 \times 1000}{56 \times 200} = 0.25\ M$

**24. নিচের কোনটি নিউক্লিওফাইল নয়?**

Ⓐ $H_3O^+$ Ⓑ $Cl^-$ Ⓒ $NH_3$ Ⓓ $H_2O$

**Solve**

নিউক্লিওফাইল : $\bar{C}H_3$, $C\bar{l}$, $O\bar{H}$, $NH_3$, $H_2O$, R–OH ইত্যাদি।

ইলেকট্রোফাইল : $\overset{+}{C}H_3$, $B\overset{+}{r}$, $H_3O^+$, $BF_3$, $AlCl_3$ ইত্যাদি।

**25. নিচের কোনটি অর্থ-প্যারা নির্দেশক?**

Ⓐ $-NO_2$ Ⓑ $-SO_3H$ Ⓒ $-CN$ Ⓓ $-OH$

**Solve** অর্থ-প্যারা নির্দেশক : $-NH_2$, $-OH$, $-X$ (F, Cl, Br, I), $-OR$

মেটা নির্দেশক : $-CN$, $-NO_2$, $-SO_3H$, $-CHO$ ইত্যাদি।

## গণিত

**01.** $S = \begin{bmatrix} 2 \\ -2 \\ 2 \end{bmatrix}$ এবং $T = [1\ \ 1\ \ 1]$ হলে ST = কত?

Ⓐ $\begin{bmatrix} 3 \\ 3 \\ 3 \end{bmatrix}$ Ⓑ $\begin{bmatrix} 2 & -2 & 2 \\ 2 & -2 & 2 \\ 2 & -2 & 2 \end{bmatrix}$

Ⓒ $\begin{bmatrix} 2 & 2 & 2 \\ -2 & -2 & -2 \\ 2 & 2 & 2 \end{bmatrix}$ Ⓓ [6]

**Solve** $ST = \begin{bmatrix} 2 \\ -2 \\ 2 \end{bmatrix}[1\ 1\ 1] = \begin{bmatrix} 2\times1 & 2\times1 & 2\times1 \\ -2\times1 & -2\times1 & -2\times1 \\ 2\times1 & 2\times1 & 2\times1 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 2 & 2 & 2 \\ -2 & -2 & -2 \\ 2 & 2 & 2 \end{bmatrix}$

**02.** এককের কাল্পনিক ঘনমূল ω হলে, $\omega^{-3002}$ এর মান কোনটি?

Ⓐ 1 Ⓑ $\omega^2$ অথবা $\frac{1}{2}(-1 - i\sqrt{3})$

Ⓒ ω অথবা $\frac{1}{2}(-1 + i\sqrt{3})$ Ⓓ 0

**Solve** $\omega^{-3002} = \frac{1}{\omega^{3002}}$

$= \frac{1}{(\omega^3)^{1000} \times \omega^2} = \frac{1}{\omega^2} = \frac{\omega^3}{\omega^2} = \omega = \frac{1}{2}(-1 + \sqrt{3}\,i)$

**03.** $|2x - 5| < 3$ অসমতাটির সমাধান কোনটি?

Ⓐ $3 < x < 5$ Ⓑ $1 < x < 4$ Ⓒ $1 < x < 2$ Ⓓ $2 > x > 1$

**Solve** $|2x - 5| < 3 \Rightarrow -3 < 2x - 5 < 3$

$\Rightarrow -3 + 5 < 2x < 3 + 5$

$\Rightarrow 2 < 2x < 8 \Rightarrow 1 < x < 4$

**04.** $y = -\cos z$ এবং $x = \sin z$ হলে, $\frac{dy}{dx} = ?$

Ⓐ tanz Ⓑ cosecz Ⓒ secz Ⓓ –tanz

**Solve** $\frac{dy}{dx} = \frac{d(-\cos z)}{d(\sin z)} = \frac{-(-\sin z)}{\cos z} = \frac{\sin z}{\cos z} = \tan z$

**05.** $\vec{A} = 8\hat{i} - \hat{j} - 3\hat{k}$ এবং $\vec{B} = 3\hat{i} + 4\hat{j} - 5\hat{k}$ হলে $\vec{B}$ ভেক্টরের উপর $\vec{A}$ ভেক্টরের অভিক্ষেপ হবে–

Ⓐ $\frac{30\sqrt{2}}{10}$ Ⓑ $\frac{35}{10\sqrt{2}}$ Ⓒ $\frac{30}{10\sqrt{2}}$ Ⓓ $\frac{35\sqrt{2}}{10}$

**Solve** $\vec{B}$ এর উপর $\vec{A}$ এর অভিক্ষেপ $= \frac{\vec{A}.\vec{B}}{|\vec{B}|}$

$= \frac{8 \times 3 + (-1) \times 4 + (-3) \times (-5)}{\sqrt{3^2 + 4^2 + (-5)^2}}$

$= \frac{24 - 4 + 15}{\sqrt{50}} = \frac{35}{5\sqrt{2}} = \frac{35\sqrt{2}}{10}$

**06.** $\lim_{h \to 0} \frac{\sec(x+h) - \sec x}{h}$ এর মান কোনটি?

Ⓐ $\sec^2 x$ Ⓑ tanx Ⓒ secxcosecx Ⓓ secxtanx

**Solve** $\lim_{h \to 0} \frac{\sec(x+h) - \sec x}{h} = \frac{d}{dx}(\sec x) = \sec x \tan x$

**07.** $x^2 - x + 1 = 0$ সমীকরণের দুটি মূল $\frac{1}{\alpha}, \frac{1}{\beta}$ হলে $\alpha + \beta$ এর মান কত?

Ⓐ ±1 Ⓑ 1 Ⓒ –1 Ⓓ 0

**Solve** $\frac{1}{\alpha} \cdot \frac{1}{\beta} = 1 \Rightarrow \frac{1}{\alpha\beta} = 1 \Rightarrow \alpha\beta = 1$

আবার, $\frac{1}{\alpha} + \frac{1}{\beta} = -\frac{-1}{1} \Rightarrow \frac{\alpha + \beta}{\alpha\beta} = 1 \Rightarrow \alpha + \beta = \alpha\beta$

$\therefore \alpha + \beta = 1$

**08.** কোনো বিন্দুর পোলার স্থানাঙ্ক $(C, \pi)$ হলে বিন্দুটির কার্তেসীয় স্থানাঙ্ক কত?

Ⓐ $(C, -C)$ Ⓑ $(-C, C)$ Ⓒ $(-1, 0)$ Ⓓ $(-C, 0)$

**Solve** কার্তেসীয় স্থানাঙ্ক = $(C\cos\pi, C\sin\pi) = (-C, 0)$

**09.** ${}^nC_5 = {}^nC_7$ হলে, ${}^nC_3$ = কত?

Ⓐ 100 Ⓑ 200 Ⓒ 220 Ⓓ 330

**Solve** ${}^nC_5 = {}^nC_7 \Rightarrow n = 5 + 7 = 12$

$\therefore {}^nC_3 = {}^{12}C_3 = 220$

**10. ABC ত্রিভুজের ক্ষেত্রে $\cos A + \cos C = \sin B$ হলে $\angle C$ এর মান কোনটি হবে?**

Ⓐ $\frac{\pi}{4}$ Ⓑ $\frac{\pi}{2}$ Ⓒ $\frac{\pi}{3}$ Ⓓ $\frac{\pi}{6}$

**Solve** $\cos A + \cos C = \sin B$

$\Rightarrow 2\cos\frac{A+C}{2}\cos\frac{C-A}{2} = 2\sin\frac{B}{2}\cos\frac{B}{2}$

$\Rightarrow \cos\left(\frac{\pi}{2} - \frac{B}{2}\right)\cos\frac{C-A}{2} = \sin\frac{B}{2}\cos\frac{B}{2}$

$\Rightarrow \sin\frac{B}{2}\cos\frac{C-A}{2} = \sin\frac{B}{2}\cos\frac{B}{2}$

$\Rightarrow \cos\frac{C-A}{2} = \cos\frac{B}{2}\left[\sin\frac{B}{2} \neq 0\right] \Rightarrow \frac{C-A}{2} = \frac{B}{2} \Rightarrow C - A = B$

$\Rightarrow C = A + B \Rightarrow C + C = A + B + C \Rightarrow 2C = \pi \Rightarrow C = \frac{\pi}{2}$

**11.** $3x + 5y = 2$, $2x + 3y = 0$ এবং $ax + by + 1 = 0$ রেখা তিনটি সমবিন্দুগামী হলে, a এবং b এর মধ্যে সম্পর্ক নির্ণয় কর।

Ⓐ $4a - 6b = 2$ Ⓑ $4a - 6b = 1$ Ⓒ $6a - 4b = 2$ Ⓓ $6a - 4b = 1$

**Solve** Ⓓ $\begin{vmatrix} 3 & 5 & 2 \\ 2 & 3 & 0 \\ a & b & -1 \end{vmatrix} = 0$

$\Rightarrow 3(-3-0) - 5(-2-0) + 2(2b - 3a) = 0$

$\Rightarrow -9 + 10 + 4b - 6a = 0 \Rightarrow 6a - 4b = 1$

**12.** একটি বৃত্তের সাধারণ সমীকরণ $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ হলে x অক্ষের ছেদিত অংশের পরিমাণ কোনটি?

Ⓐ $2\sqrt{g^2 + c}$ Ⓑ $2\sqrt{f^2 + c}$ Ⓒ $2\sqrt{g^2 - c}$ Ⓓ $2\sqrt{f^2 - c}$

**Solve** Ⓒ x অক্ষের ছেদিতাংশ $= 2\sqrt{g^2 - c}$

y অক্ষের ছেদিতাংশ $= 2\sqrt{f^2 - c}$

**13.** যদি ${}^nP_4 = 14 \times {}^{n-2}P_3$ হয়, তবে n = ?

Ⓐ 8 অথবা 9 Ⓑ 8 অথবা 10 Ⓒ 7 অথবা 8 Ⓓ 7 অথবা 10

**Solve** Ⓒ ${}^nP_4 = 14 \times {}^{n-2}P_3$

$\Rightarrow n(n-1)(n-2)(n-3) = 14(n-2)(n-3)(n-4)$

$\Rightarrow n^2 - n = 14n - 56 \Rightarrow n^2 - 15n + 56 = 0$

$\Rightarrow n^2 - 8n - 7n + 56 = 0 \Rightarrow n(n-8) - 7(n-8) = 0$

$\Rightarrow (n-8)(n-7) = 0 \quad \therefore n = 7$ অথবা 8

**14.** $f(x) = \dfrac{x^2}{\sqrt{25 - x^2}}$ ফাংশনটির ডোমেন হলো–

Ⓐ $R - [5, 5]$ Ⓑ $R - [-5, 5]$ Ⓒ R Ⓓ কোনোটিই নয়

**Solve** Ⓓ $f(x) = \dfrac{x^2}{\sqrt{25 - x^2}}$ সংজ্ঞায়িত হবে যখন $25 - x^2 > 0$

$\Rightarrow x^2 - 25 < 0 \Rightarrow (x+5)(x-5) < 0 \Rightarrow (-5, 5)$

$\therefore$ ডোমেন $= (-5, 5)$

**15.** $(1 + 3x)^{10}$ এর বিস্তৃতিতে 5তম ও 6তম পদ সমান হলে x-এর মান কোনটি?

Ⓐ $\dfrac{2}{5}$ Ⓑ $\dfrac{1}{3}$ Ⓒ $\dfrac{8}{25}$ Ⓓ $\dfrac{5}{18}$

**Solve** Ⓓ 5 তম পদ $= (4+1)$ তম পদ $= {}^{10}C_4 (3x)^4$

6 তম পদ $= (5+1)$ তম পদ $= {}^{10}C_5 (3x)^5$

প্রশ্নমতে, ${}^{10}C_4 (3x)^5 = {}^{10}C_4 (3x)^4 \Rightarrow \dfrac{(3x)^5}{(3x)^4} = \dfrac{{}^{10}C_4}{{}^{10}C_5}$

$\Rightarrow 3x = \dfrac{210}{252} \Rightarrow x = \dfrac{210}{3 \times 252} = \dfrac{5}{18}$

**16.** $y = \cot^{-1}\sqrt{\dfrac{1 + \cos x}{1 - \cos x}}$ হলে, $\dfrac{dy}{dx}$ = কত?

Ⓐ $\dfrac{1}{4}$ Ⓑ $\dfrac{1}{2}$ Ⓒ $\dfrac{3}{4}$ Ⓓ 1

**Solve** Ⓑ $y = \cot^{-1}\sqrt{\dfrac{1 + \cos x}{1 - \cos x}} = \tan^{-1}\sqrt{\dfrac{1 - \cos x}{1 + \cos x}}$

$= \tan^{-1}\sqrt{\tan^2\dfrac{x}{2}} = \tan^{-1}\tan\dfrac{x}{2} = \dfrac{x}{2} \quad \therefore \dfrac{dy}{dx} = \dfrac{1}{2}$

**17.** তিনটি ছক্কা একবার নিক্ষেপ করা হলে তিনটিতেই একই সংখ্যা পাওয়ার সম্ভাবনা কত?

Ⓐ $\dfrac{1}{18}$ Ⓑ $\dfrac{1}{6}$ Ⓒ $\dfrac{1}{216}$ Ⓓ $\dfrac{1}{36}$

**Solve** Ⓓ নমুনাক্ষেত্র $= 6^3$

(1, 1, 1), (2, 2, 2), (3, 3, 3), (4, 4, 4), (5, 5, 5), (6, 6, 6) = মোট 6 টি

$\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \dfrac{6}{6^3} = \dfrac{1}{36}$

**18.** $y = 3x + 7$ এবং $3y - x = 8$ সরলরেখাদ্বয়ের অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ–

Ⓐ $\tan^{-1}(1)$ Ⓑ $\tan^{-1}\left(\dfrac{1}{2}\right)$ Ⓒ $\tan^{-1}\left(\dfrac{4}{3}\right)$ Ⓓ $\tan^{-1}\left(\dfrac{3}{4}\right)$

**Solve** Ⓒ $y = 3x + 7, m_1 = 3$

$3y - x = 8 \Rightarrow y = \dfrac{1}{3}x + \dfrac{8}{3}, m_2 = \dfrac{1}{3}$

$\therefore \tan\theta = \dfrac{3 - \frac{1}{3}}{1 + 3.\frac{1}{3}} = \dfrac{9-1}{3+3} = \dfrac{8}{6} = \dfrac{4}{3} \quad \therefore \theta = \tan^{-1}\left(\dfrac{4}{3}\right)$

**19.** $2x^2 + y^2 - 8x - 2y + 1 = 0$ উপবৃত্তটির উৎকেন্দ্রিকতা কত?

Ⓐ $\dfrac{1}{\sqrt{2}}$ Ⓑ $\dfrac{1}{\sqrt{3}}$ Ⓒ $\dfrac{1}{\sqrt{5}}$ Ⓓ $\dfrac{1}{\sqrt{6}}$

**Solve** Ⓐ $2x^2 + y^2 - 8x - 2y + 1 = 0$

$\Rightarrow 2x^2 - 8x + y^2 - 2y + 1 = 0$

$\Rightarrow 2(x^2 - 4x) + (y-1)^2 = 0$

$\Rightarrow 2(x^2 - 4x + 4) - 8 + (y-1)^2 = 0$

$\Rightarrow 2(x-2)^2 + (y-1)^2 = 8$

$\Rightarrow \dfrac{(x-2)^2}{4} + \dfrac{(y-1)^2}{8} = 1 \quad \therefore e = \sqrt{1 - \dfrac{4}{8}} = \sqrt{1 - \dfrac{1}{2}} = \dfrac{1}{\sqrt{2}}$

**20.** যদি $\int_0^6 f(t)dt = 8$ হয়, $\int_0^3 f(2x)dx$ এর মান কত হবে?

Ⓐ 0 Ⓑ 6 Ⓒ 10 Ⓓ 4

**Solve** Ⓓ ধরি, $z = 2x \Rightarrow dz = 2dx \Rightarrow dx = \dfrac{dz}{2}$

| x | 0 | 3 |
|---|---|---|
| z | 0 | 6 |

$\therefore \int_0^6 f(z).\dfrac{dz}{2} = \dfrac{1}{2}\int_0^6 f(z)\,dz = \dfrac{1}{2}\int_0^6 f(t)dt = \dfrac{1}{2} \times 8 = 4$

**21.** কোন একটি বিন্দুতে ক্রিয়ারত $\vec{P}$ ও $2\vec{P}$ বলদ্বয়ের লব্ধি $\sqrt{7}\vec{P}$ হলে তা মধ্যবর্তী কোণ কত হবে?

Ⓐ 30° Ⓑ 60° Ⓒ 90° Ⓓ 180°

**Solve** Ⓑ $\alpha = \cos^{-1}\dfrac{R^2 - P^2 - Q^2}{2PQ} = \cos^{-1}\dfrac{(\sqrt{7})^2 - 1^2 - 2^2}{2 \times 1 \times 2}$

$= \cos^{-1}\left(\dfrac{1}{2}\right) = 60°$

**22.** $x^2 + 4x + 2y = 0$ পরাবৃত্তের শীর্ষবিন্দুটি হবে–

Ⓐ (2, –2) Ⓑ (–2, –2) Ⓒ (–2, 2) Ⓓ (2, 2)

**Solve** Ⓒ $x^2 + 4x + 2y = 0 \Rightarrow x^2 + 4x + 4 = -2y + 4$

$\Rightarrow (x+2)^2 = -2(y-2) \quad \therefore$ শীর্ষবিন্দু $= (-2, 2)$

**23.** ভূমি হতে 19.6 মি./সে. বেগে খাড়া উপরের দিকে কোন বস্তু নিক্ষিপ্ত হলে কতক্ষণ পরে ভূমিতে পতিত হবে?

Ⓐ 3 সে. Ⓑ 4 সে. Ⓒ 5 সে. Ⓓ 6 সে.

**Solve** Ⓑ $T = \dfrac{2u}{g} = \dfrac{2 \times 19.6}{9.8} = 4$ সে.

**24.** $r = a\cos\theta$ বৃত্তের কেন্দ্র কোনটি?

Ⓐ $\left(\dfrac{a}{2}, 0\right)$ Ⓑ $\left(0, \dfrac{a}{2}\right)$ Ⓒ $\left(-\dfrac{a}{2}, 0\right)$ Ⓓ $\left(0, -\dfrac{a}{2}\right)$

**Solve** Ⓐ $r = a\cos\theta \Rightarrow r^2 = ar\cos\theta \Rightarrow x^2 + y^2 = ax$

$\Rightarrow x^2 + y^2 - ax = 0$ এর কেন্দ্র $= \left(\dfrac{a}{2}, 0\right)$ এবং ব্যাসার্ধ $= \dfrac{a}{2}$

**25. $\lambda$ এর যে মানের জন্য $y = \lambda x (1 - x)$ বক্ররেখার মূলবিন্দুতে স্পর্শকটি x-অক্ষের সাথে 30° কোণ উৎপন্ন করে তার মান কোনটি?**

Ⓐ $\frac{1}{\sqrt{3}}$ Ⓑ $\sqrt{3}$ Ⓒ $\frac{\sqrt{3}}{2}$ Ⓓ 1

**Solve** $y = \lambda x (1 - x) = \lambda x - \lambda x^2$

$\Rightarrow \frac{dy}{dx} = \lambda - 2\lambda x$

মূলবিন্দুতে $\frac{dy}{dx} = \lambda - 0 = \lambda$

$\Rightarrow \lambda = \tan 30° = \frac{1}{\sqrt{3}}$

## জীববিজ্ঞান

**01. কোনটি প্রোটিস্টার বৈশিষ্ট্য নয়?**

Ⓐ এর এককোষী বা বহুকোষী Ⓑ এর আদিকোষী
Ⓒ এদের যৌনজনন ঘটে Ⓓ এদের কোষে মাইটোকন্ড্রিয়া উপস্থিত

**Solve** প্রোটিস্টা রাজ্যের বৈশিষ্ট্য :
- প্রোটিস্টা রাজ্যের জীবসমূহ এককোষী বা বহুকোষী, একক বা কলোনিয়াল বা ফিলামেন্টাস।
- এদের সুগঠিত নিউক্লিয়াস থাকে, ক্রোমাটিন বস্তুতে DNA, RNA ও প্রোটিন থাকে।
- কোষে সকল ধরনের অঙ্গাণু থাকে।
- মাইটোসিস কোষ বিভাজনের মাধ্যমে অযৌন প্রজনন ঘটে।

উদাহরণ : প্রোটোজোয়া (অ্যামিবা, প্যারামেসিয়াম) এককোষী শৈবাল যেমন : ডায়াটম।

**02. কোন উদ্ভিদ অঙ্গটি মাস ভাজক টিস্যুর উদাহরণ?**

Ⓐ পাতা Ⓑ ত্বক Ⓒ মূল Ⓓ রেনুথলি

**Solve** মাস ভাজক টিস্যুর উদাহরণ : বিকাশমান ভ্রূণ, রেণুথলি, কিছু উদ্ভিদের শস্য, কর্টেক্স, তরুণ মজ্জা ইত্যাদি।
- প্লেট ভাজক টিস্যুর উদাহরণ : পাতা ও বর্ধিষ্ণু বহিস্ত্বক।
- রিব ভাজক টিস্যুর উদাহরণ : তরুণ বর্ধিষ্ণু মূল কাণ্ডের বহিস্ত্বক ও মজ্জার বিকাশে।

**03. সপুষ্পক উদ্ভিদের ক্ষেত্রে মায়োসিসকে বলে–**

Ⓐ মাইক্রোস্পোরা Ⓑ টার্মিনাল মায়োসিস
Ⓒ স্পোরিক মায়োসিস Ⓓ সাইটোকাইনেসিস

**Solve** মায়োসিসের প্রকারভেদ :

| | |
|---|---|
| i. গ্যামিটোজেনিক মায়োসিস | এক্ষেত্রে গ্যামিট সৃষ্টির সময় মায়োসিস হয়। যেমন : সকল উন্নত প্রাণী এবং নিম্নশ্রেণির কিছু উদ্ভিদ। |
| ii. স্পোরোজেনিক মায়োসিস | এক্ষেত্রে স্পোর সৃষ্টির সময় মায়োসিস ঘটে। যেমন : সপুষ্পক উদ্ভিদ (মস, ফার্নসহ সকল উন্নত উদ্ভিদ)। |
| iii. জাইগোটিক মায়োসিস | এদের জাইগোটে অঙ্কুরোদগমের সময় মায়োসিস ঘটে। যেমন : *Spirogyra* সহ অধিকাংশ থ্যালোফাইট। |

**04. যে খনিজ লবণের অভাবে পাতা ও ফুল ঝরে পড়ে–**

Ⓐ ম্যাগনেশিয়াম Ⓑ পটাশিয়াম Ⓒ ক্যালসিয়াম Ⓓ ফসফরাস

**Solve** • ফসফরাসের অভাবে উদ্ভিদের পাতা ও ফল ঝরে পড়ে।
- ম্যাগনেশিয়াম ক্লোরোফিল অণু গঠনের জন্য দরকারি।
- পটাশিয়ামের অভাবে পাতার শীর্ষ ও কিনারা হলুদ হয়।
- ক্যালসিয়ামের অভাবে কচি পাতায় ক্লোরোসিস হয়।

**05. নিচের কোনটি উদ্ভিদ কোষ প্রাচীরের উপাদান নয়?**

Ⓐ সেলুলোজ Ⓑ হেমিসেলুলোজ Ⓒ গ্লাইকোপ্রোটিন Ⓓ ফসফোলিপিড

**Solve** • উদ্ভিদ কোষ প্রাচীরে প্রধানত সেলুলোজ, হেমিসেলুলোজ এবং গ্লাইকোপ্রোটিন থাকে।
- ছত্রাকের প্রাচীর কাইটিন ও ব্যাকটেরিয়ার প্রাচীর লিপিড–প্রোটিন পলিমার দিয়ে গঠিত।

**06. কোনটি ক্রসিং ওভারের তাৎপর্য নয়?**

Ⓐ কোষ চক্র নিয়ন্ত্রণ Ⓑ জেনেটিক ভ্যারিয়েশন
Ⓒ নতুন প্রজাতি সৃষ্টি Ⓓ জেনেটিক ম্যাপ

**Solve** ক্রসিং ওভারের গুরুত্ব বা তাৎপর্য :
- ক্রোমোসোমে জিনের অবস্থান নির্ণয়।
- জেনেটিক ম্যাপ তৈরি করা।
- প্রজনন বিদ্যায় যথেষ্ট ভূমিকা রয়েছে।
- জিনগত পরিবর্তন সাধিত হয়।

**07. কোনটি Malvaceae গোত্রের বৈশিষ্ট্য নয়?**

Ⓐ পরাগধানী সর্বমুখ Ⓑ দলমণ্ডল পাকানো বা টুইস্টেড
Ⓒ অমরাবিন্যাস অক্ষীয় Ⓓ পাতায় মুক্তপার্শ্বীয় উপপত্র বিদ্যমান

**Solve** Malvaceae গোত্রের বৈশিষ্ট্য নিম্নরূপ :
- পরাগধানী একপ্রকোষ্ঠী ও বৃক্কাকার।
- পরাগরেণু বৃহৎ এবং কণ্টকিত।
- অমরা বিন্যাস অক্ষীয়।
- পাতায় মুক্তপার্শ্বীয় উপপত্র বিদ্যমান।

**08. Super Rice-এ কোন দুটি উপাদান সংযুক্ত করা হয়েছে?**

Ⓐ ক্যারোটিন ও আয়রন Ⓑ ক্যারোটিন ও ভিটামিন-বি
Ⓒ আয়রন ও ভিটামিন-বি Ⓓ ক্যারোটিন ও ভিটামিন-সি

**Solve** • সুপার রাইসের উদ্ভাবক হলেন Ingo Potrykus (1999)।
- সুপার রাইস ভিটামিন A সমৃদ্ধ।
- বিটা ক্যারোটিন ও অতিরিক্ত আয়রন তৈরির তিনটি জিন প্রতিস্থাপন করে সুপার রাইস তৈরি করা হয়।

**09. হ্যাপ্লয়েড উদ্ভিদ কীভাবে পাওয়া যায়?**

Ⓐ Embryo culture Ⓑ Anther culture
Ⓒ Endosperm culture Ⓓ Meristem culture

**Solve** পুষ্পের পরাগধানী থেকে টিস্যু কালচার পদ্ধতিতে হ্যাপ্লয়েড উদ্ভিদ সৃষ্টির প্রক্রিয়াকে পরাগধানী বা অ্যান্থার কালচার বলে। এ পদ্ধতির মাধ্যমে Androgenic Haploid উদ্ভিদ উৎপাদন করা হয়। গুয়ান-18 জাতের ধান ও জিনঘুয়া-1 জাতের গম এ পদ্ধতিতে উৎপাদন করা হয়েছে।

**10. কোনটি In-situ conservation?**

Ⓐ Botanical garden Ⓑ Seed bank Ⓒ DNA bank Ⓓ Ecopark

**Solve** জীববৈচিত্র্য সংরক্ষণ পদ্ধতি প্রধানত দু'প্রকার।
যথা : ক. ইন-সিটু সংরক্ষণ এবং খ. এক্স-সিটু সংরক্ষণ।

| ইন-সিটু সংরক্ষণ | এক্স-সিটু সংরক্ষণ |
|---|---|
| • জাতীয় উদ্যান | • উদ্ভিদ উদ্যান |
| • ইকো পার্ক | • চিড়িয়াখানা |
| • সাফারী পার্ক | • অ্যাকুরিয়া |
| • বন্যপ্রাণী অভয়ারণ্য | • বীজ ব্যাংক |
| • গেম রিজার্ভ | • ডিএনএ ব্যাংক |
| • মৎস্য অভয়ারণ্য | • জার্মপ্লাজম ব্যাংক |

**11. কোন সাইটোপ্লাজমীয় অঙ্গাণুতে পর্দা (আবরণী) থাকে না?**

Ⓐ ক্লোরোপ্লাস্ট Ⓑ মাইটোকন্ড্রিয়া
Ⓒ রাইবোসোম Ⓓ এন্ডোপ্লাজমিক জালিকা

**Solve** • রাইবোসোমে পর্দা (আবরণী) থাকে না।
- কোষের সাইটোপ্লাজমে মুক্তভাবে বিরাজমান থাকে।
- এরা প্রোটিন সংশ্লেষণের স্থান হিসেবে ব্যবহৃত হয়।
- এর প্রধান রাসায়নিক উপাদান হলো rRNA ও হিস্টোন প্রোটিন।

**12. নিচের কোন উদ্ভিদে বান্ডলসীথ ক্লোরোপ্লাস্ট থাকে?**

Ⓐ ধান Ⓑ কলা Ⓒ ভুট্টা Ⓓ পাট

**Solve** • ভুট্টা উদ্ভিদে বান্ডলসীথ ক্লোরোপ্লাস্ট থাকে।
• বান্ডলসীথ কোষে $CO_2$ সৃষ্টি ও ক্যালভিন চক্র সম্পন্ন হয়।
• বান্ডলসীথের কোষগুলো ভাস্কুলার বান্ডলের সাথে অরীয়ভাবে থাকে।

**13. নিচের কোনটি লোনামাটির উদ্ভিদ (Halophyte)?**

i. *Ceriops roxburghii*
ii. *Avicennia officinalis*
iii. *Nipa fruticans*

Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii

**Solve** লোনা মাটির উদ্ভিদ (Halophyte) হলো :

| | |
|---|---|
| • গোলপাতা | *Nipa fruticans* |
| • গরান | *Ceriops roxburghii* |
| • আমুর | *Amoora cucullata* |
| • ধুন্দুল | *Xylocarpus granatum* |
| • পশুর | *Xylocarpus moluccensis* |
| • বাইন | *Avicennia officinalis* |

**14. কোনটি ছারপোকার Male Sex Chromosome-এর প্রতীক?**

Ⓐ XY Ⓑ XZ Ⓒ ZX Ⓓ XO

**Solve** ছারপোকার Male Sex Chromosome-এর প্রতীক XO।
• ফড়িং, ছারপোকা প্রভৃতি পতঙ্গ ও Dioscorea শ্রেণির উদ্ভিদের লিঙ্গ নির্ধারণ XX-XO পদ্ধতি।
• মানুষ, ড্রসোফিলাসহ বিভিন্ন ধরনের পতঙ্গ এবং গাঁজা, তেলাকুচা প্রভৃতি উদ্ভিদের লিঙ্গ নির্ধারণ XX-XO পদ্ধতি।

**15. জুরাসিক সময়কাল কোন মহাকালের অন্তর্ভুক্ত?**

Ⓐ সিনোজয়িক Ⓑ মেসোজয়িক Ⓒ প্যালিওজয়িক Ⓓ আরকিওজয়িক

**Solve**

| | | |
|---|---|---|
| মেসোজয়িক : সরিসৃপের যুগ (Age of Reptiles) | ১. ক্রিটেসিয়াস | • ডাইনোসরের প্রাধান্য ও বিলুপ্তি।<br>• বর্তমান পাখির উদ্ভব। |
| | ২. জুরাসিক | • দাঁতযুক্ত প্রথম পাখি। |
| | ৩. ট্রায়াসিক | • ডাইনোসরের উদ্ভব; স্তন্যপায়ী সদৃশ সরিসৃপের প্রাধান্য। |

**16. কোনটি অ্যানিলিডার লার্ভা?**

Ⓐ অ্যামোসিট Ⓑ ট্রোকোফোর Ⓒ প্যারেনকাইমা Ⓓ মোলাস্কা

**Solve** • অ্যানিলিডার লার্ভা হলো ট্রোকোফোর।
• মলাস্কার লার্ভা হলো ভেলিজার বা গ্লচিডিয়াম।
• নেমাটোডা লার্ভা হলো র‍্যাবডিটিফর্ম বা মাইক্রোফাইলেরিয়া।
• প্লাটিহেলমিনথেস লার্ভা হলো রেডিয়া, সারকারিয়া, স্পোরোসিস্ট।

**17. ঘাসফড়িং-এর রেচন অঙ্গ কোনটি?**

Ⓐ নেফ্রিডিয়া Ⓑ ফ্লেম সেল
Ⓒ ম্যালপিজিয়ান নালিকা Ⓓ ম্যালপিজিয়ান বডি

**Solve** • ঘাসফড়িং-এর রেচন অঙ্গ ম্যালপিজিয়ান নালিকা।
• মেরুদণ্ডী প্রাণীর রেচন অঙ্গের নাম ম্যালপিজিয়ান বডি।

**18. মানবদেহে লোহিত রক্তকণিকা এবং শ্বেত রক্তকণিকার অনুপাত–**

Ⓐ 600:1 Ⓑ 1:700 Ⓒ 500:1 Ⓓ 1:500

**Solve** • লোহিত রক্তকণিকা $O_2$ পরিবহনে সহায়তা করে।
• শ্বেত রক্তকণিকা রোগ প্রতিরোধে সাহায্য করে।
• মানবদেহে লোহিত রক্তকণিকা এবং শ্বেত রক্তকণিকার অনুপাত 600:1। [Ref: মঞ্জেলা]

**Solve** $r = \frac{1 \times 10}{1 - (-1)} = \frac{10}{2} = 5$
$\therefore$ ধ্রুব পদ $= {}^{10}C_5 (2)^{10-5} \times \left(\frac{1}{6}\right)^5 = {}^{10}C_5 2^5 \times \left(\frac{1}{6}\right)^5 = \frac{28}{27}$

**21.** $1^3 + 2^3 + 3^3 + \ldots\ldots + n^3 = 225$ হলে, n এর মান হবে–

Ⓐ 10 Ⓑ 11 Ⓒ 5 Ⓓ 9

**Solve** $1^3 + 2^3 + 3^3 + \ldots\ldots + n^3 = 225$
$\Rightarrow \left\{\frac{n(n+1)}{2}\right\}^2 = 225 \Rightarrow \frac{n(n+1)}{2} = 15$
$\Rightarrow n^2 + n - 30 = 0 \Rightarrow n^2 + 6n - 5n - 30 = 0$
$\Rightarrow (n + 6)(n - 5) = 0 \therefore n = 5$

**22.** $y^2 = 4x - 4y$ পরাবৃত্তের শীর্ষবিন্দুর স্থানাঙ্ক কত?

Ⓐ $(-1, -2)$ Ⓑ $(1, -1)$ Ⓒ $(1, 2)$ Ⓓ $(0, 4)$

**Solve** $y^2 = 4x - 4y \Rightarrow y^2 + 4y + 4 = 4x + 4$
$\Rightarrow (y + 2)^2 = 4(x + 1)$
$\therefore$ শীর্ষবিন্দুর স্থানাঙ্ক $= (-1, -2)$

y-অক্ষ ও (7, 2) বিন্দু থেকে (a, 5) বিন্দুটির দূরত্ব সমান হলে a এর মান কোনটি?

Ⓐ $\frac{23}{7}$ Ⓑ $\frac{29}{7}$ Ⓒ $\frac{31}{5}$ Ⓓ $\frac{31}{3}$

**B Solve** $\sqrt{(7-a)^2+(2-5)^2} = a$

$\Rightarrow 49 - 14a + a^2 + 9 = a^2 \Rightarrow 14a = 58 \therefore a = \frac{29}{7}$

যদি $x^2 - 5x + k = 0$ সমীকরণটির একটি মূল 4 হয় তাহলে k এর মান এবং অন্য মূলটি কত?

Ⓐ 0, 0 Ⓑ 4, 1 Ⓒ −4, −1 Ⓓ 4, −1

**B Solve** ধরি, অপর মূল $\alpha$

$\therefore \alpha + 4 = 5 \Rightarrow \alpha = 5 - 4 = 1$

আবার, $4^2 - 5 \times 4 + k = 0 \Rightarrow k = 4$

. যদি $f(x) = \log\left(\frac{x+1}{x-1}\right)$ হয়, তাহলে $f\left(\frac{1}{x}\right)$ = কত?

Ⓐ $\log\frac{1+x}{1-x}$ Ⓑ $\log\frac{x-1}{x+1}$ Ⓒ $\log\frac{x+1}{x-1}$ Ⓓ $\log\frac{1-x}{1+x}$

**A Solve** $f(x) = \log\frac{x+1}{x-1} \therefore f\left(\frac{1}{x}\right) = \log\frac{\frac{1}{x}+1}{\frac{1}{x}-1} = \log\frac{1+x}{1-x}$

## জীববিজ্ঞান

1. সবচেয়ে ক্ষুদ্রতম আবৃতবীজী উদ্ভিদ কোনটি?

Ⓐ *Wolffia microscopia* Ⓑ *Wolffia arrhiza*
Ⓒ *Mistletoe* sp. Ⓓ *Rafflesia* sp.

**A Solve** • পৃথিবীর সবচেয়ে ক্ষুদ্রাকার আবৃতবীজী উদ্ভিদ হলো *Wolffia microscopia* (০.১ মি.মি.)।
• বাংলাদেশের ক্ষুদ্রতম আবৃতবীজী উদ্ভিদটি হলো *Wolffia arrhiza*।

2. ডায়াবেটিস কোন অঙ্গের রোগ?

Ⓐ যকৃৎ Ⓑ বৃক্ক Ⓒ প্লীহা Ⓓ অগ্ন্যাশয়

**D Solve** বহুমূত্র রোগ, মধুমেহ বা ডায়াবেটিস মেলিটাস একটি হরমোন সংশ্লিষ্ট রোগ। দেহের অগ্ন্যাশয় যদি যথেষ্ট ইনসুলিন তৈরি করতে না পারে অথবা শরীর যদি উৎপন্ন ইনসুলিন ব্যবহারে ব্যর্থ হয় তাহলে ডায়াবেটিস বা বহুমূত্র রোগ হয়।

3. মানবদেহে কয় স্তরের প্রতিরক্ষা ব্যবস্থা আছে?

Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 4 Ⓓ 5

**D Solve** মানবদেহের ৩ স্তরের প্রতিরক্ষা ব্যবস্থা :
• ১ম প্রতিরক্ষা স্তর – ত্বক, লোম, সিলিয়া, কানের লোম ইত্যাদি।
• ২য় প্রতিরক্ষা স্তর – ফ্যাগোসাইটস, ইন্টারফেরন, জ্বর, রক্ত তঞ্চন ইত্যাদি।
• ৩য় প্রতিরক্ষা স্তর – লিম্ফোসাইট, অ্যান্টিবডি ও স্মৃতিকোষ ইত্যাদি।

4. পিনিয়াল গ্রন্থির অবস্থান কোথায়?

Ⓐ মস্তিষ্কে Ⓑ মস্তিষ্কের ১ম প্রকোষ্ঠে
Ⓒ মস্তিষ্কের ২য় প্রকোষ্ঠে Ⓓ মস্তিষ্কের ৩য় প্রকোষ্ঠে

**D Solve** • পিনিয়াল গ্রন্থির অবস্থান : মস্তিষ্কের ৩য় প্রকোষ্ঠে।
• নিঃসৃত হরমোন : মেলাটোনিন।
• প্রধান কাজ : ঘুম-জাগরণ চক্র নিয়ন্ত্রণ এবং যৌন অঙ্গের সক্রিয়তা ঘটানো।

5. রড ও কোণ কোষ কোথায় থাকে?

Ⓐ চোখে Ⓑ কানে Ⓒ মুখে Ⓓ গলায়

**A Solve** • রড ও কোণ কোষ চোখের রেটিনায় অবস্থিত।
• রড কোষ - রডোপসিন নামক রঞ্জক পদার্থসমৃদ্ধ যা বস্তুর সাদাকালো প্রতিবিম্ব তৈরিতে সহায়তা করে।
• কোণ কোষ - আয়োডপসিন নামক রঞ্জক পদার্থ সমৃদ্ধ যা বস্তুর রঙিন প্রতিবিম্ব তৈরিতে সহায়তা করে।

6. ট্রকলিয়ার স্নায়ুর উৎস–

Ⓐ অগ্রমস্তিষ্ক Ⓑ মধ্যমস্তিষ্ক Ⓒ পশ্চাৎ মস্তিষ্ক Ⓓ মেডুলা অবলংগাটা

**B Solve** • ট্রকলিয়ার উৎস → মধ্যমস্তিষ্কের পৃষ্ঠ-পার্শ্বদেশ।
• প্রকৃতি → চেষ্টীয়।
• কাজ → অক্ষি গোলকের সঞ্চালন।
• মধ্যমস্তিষ্ক, পনস ও মেডুলা অবলংগাটাকে একত্রে ব্রেইন স্টেম (brain stem) বলে।

7. নিচের কোনটি মাছ?

Ⓐ সিলভার ফিশ Ⓑ ষ্টার ফিশ Ⓒ গোল্ড ফিশ Ⓓ জেলি ফিশ

**C Solve** • **Silver fish** → *Lepisma* (Arthropoda)
• **Star fish** → *Asterias* (Echinodermata)
• **Jelly fish** → *Aurelia* (Cnidaria)
• **Gold fish** → *Carassius auratus* (Class : Actinopterygii)

8. পাকস্থলীতে প্রোটিন পরিপাককারী এনজাইমটি প্রথমে কী হিসেবে নিঃসৃত হয়?

Ⓐ পেপিন Ⓑ পেপসিন Ⓒ পেপসিনোজেন Ⓓ ট্রিপসিন

**C Solve** গ্যাস্ট্রিক রসে পেপসিনোজেন ও প্রোরেনিন নামক নিষ্ক্রিয় প্রোটিওলাইটিক এনজাইম থাকে। এ দুটো নিষ্ক্রিয় এনজাইম গ্যাস্ট্রিক রসের HCl-এর সাথে বিক্রিয়া করে যথাক্রমে পেপসিন ও রেনিন নামক সক্রিয় এনজাইমে পরিণত হয়।

9. মানুষের গ্রীবাদেশীয় কশেরুকার সংখ্যা কতটি?

Ⓐ 5 Ⓑ 6 Ⓒ 7 Ⓓ 8

**C Solve** বিভিন্ন প্রকার কশেরুকার নাম ও সংখ্যা :
• সারভাইকাল (গ্রীবাদেশীয়) কশেরুকা - ৭টি
• থোরাসিক (বক্ষদেশীয়) কশেরুকা - ১২টি
• লাম্বার (কটিদেশীয়) কশেরুকা - ৫টি
• স্যাক্রাল (শ্রোণিদেশীয়) কশেরুকা - ৫টি
• কক্সিজিয়াল (পুচ্ছদেশীয়) কশেরুকা - ৩-৫ (গড়ে ৪টি)

10. হৃদস্পন্দন মস্তিষ্কের কোন অংশ দ্বারা নিয়ন্ত্রিত হয়?

Ⓐ সেরেবেলাম Ⓑ মেডুলা অবলংগাটা
Ⓒ থ্যালামাস Ⓓ হাইপোথ্যালামাস

**B Solve** মেডুলা অবলংগাটার কাজ :
• হৃৎস্পন্দন, শ্বসন, গলাগ্রকরণ, কাশি, রক্তবাহিকার সংকোচন, লালাক্ষরণ প্রভৃতির স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণকেন্দ্র হিসেবে কাজ করে।
• বমন, মল-মূত্রত্যাগ, রক্তচাপ, পৌষ্টিকনালির পেরিস্টাল্সিস প্রভৃতি নিয়ন্ত্রণ করে।
• সুষুম্নাকাণ্ড ও মস্তিষ্কের মধ্যে যোগসূত্র সৃষ্টি করে।

11. নিচের কোনটি যকৃতের কাজ নয়?

Ⓐ কোলেস্টেরল উৎপাদন Ⓑ শর্করা বিপাক
Ⓒ ভিটামিন সঞ্চয় Ⓓ অ্যান্টিবডি উৎপাদন

**D Solve** যকৃতকে মৃতকোষের কবরস্থান ও জীবন সমুদ্রের কর্মমুখর প্রোতাশয়ও বলা হয়।

☞ যকৃতের কাজ :

| | |
|---|---|
| শর্করার বিপাক | অ্যামিনো অ্যাসিড উৎপাদন |
| আমিষ বিপাক | কোলেস্টেরল ও এনজাইম উৎপাদন |
| ইউরিয়া উৎপাদন | ফ্যাট ও নিউক্লিক অ্যাসিড বিপাক |

12. নিচের কোনটি বিপাকের কারণে ইউরিক অ্যাসিড তৈরি হয়?

Ⓐ অ্যামিনো অ্যাসিড Ⓑ পিউরিন Ⓒ টিস্যু প্রোটিন Ⓓ সবগুলো

**B Solve** • যকৃতে পিউরিন বিপাকের ফলে ইউরিক অ্যাসিড তৈরি হয়।
• পাইরিমিডিন বিপাকের ফলে ইউরিয়া উৎপন্ন হয়।
• যকৃতে গ্লাইসিন ও টরিন নামক অ্যামিনো অ্যাসিড হতে যথাক্রমে গ্লাইকোকোলিক অ্যাসিড ও টারকোলিক অ্যাসিড সংশ্লেষিত হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**13. মানুষের মস্তিষ্কের অভ্যন্তরে তরলে পূর্ণ গহ্বরগুলোকে কী বলে?**

Ⓐ ভেন্ট্রিকল Ⓑ সেরিবিউল Ⓒ মেডুলা Ⓓ ভেকিউল

**Solve** • মানুষের মস্তিষ্কের অভ্যন্তরে তরল পূর্ণ গহ্বরগুলোকে ভেন্ট্রিকল বলে।

• মস্তিষ্কের ভেন্ট্রিকলগুলো সেরিব্রোস্পাইনাল ফ্লুইড বা সুষুম্নারস দ্বারা পূর্ণ থাকে।

• মস্তিষ্কে মোট ৪টি ভেন্ট্রিকল থাকে। এদের যথাক্রমে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ভেন্ট্রিকল বলা হয়।

• ১ম ও ২য় ভেন্ট্রিকলকে পার্শ্বীয় বা ল্যাটারাল ভেন্ট্রিকল বলা হয়।

**14. উদ্ভিদ জগতে ক্যারোলাস শ্রেণিবিন্যাস একটি–**

Ⓐ কৃত্রিম শ্রেণিবিন্যাস Ⓑ প্রাকৃতিক শ্রেণিবিন্যাস
Ⓒ জাতিজনি শ্রেণিবিন্যাস Ⓓ পঞ্চ জগৎ শ্রেণিবিন্যাস

**Solve** উদ্ভিদ শ্রেণিবিন্যাসের প্রকারভেদ :

• **কৃত্রিম শ্রেণিবিন্যাস পদ্ধতি** - থিয়োফ্রাস্টাস এবং লিনিয়াসের শ্রেণিবিন্যাস পদ্ধতি।

• **প্রাকৃতিক শ্রেণিবিন্যাস পদ্ধতি** - বেনথাম-হুকার এর শ্রেণিবিন্যাস পদ্ধতি।

• **জাতিজনি শ্রেণিবিন্যাস পদ্ধতি** - এঙ্গলার-প্রান্টল, হাচিনসন প্রমুখ।

**15. $C_4$ উদ্ভিদের উদাহরণ–**

Ⓐ ইক্ষু, ভুট্টা এবং সরগাম Ⓑ ধান, গম এবং বার্লি
Ⓒ আম, জাম এবং কাঁঠাল Ⓓ সবগুলো

**Solve** • $C_4$ উদ্ভিদের উদাহরণ : ইক্ষু, ভুট্টা ও সরগাম।

• ভুট্টা, ইক্ষু, সরগাম, ক্রাব ঘাস ইত্যাদি উদ্ভিদে NADP-malic enzyme কার্যকরী।

• দিনি ঘাসে Phosphoenolpyruvate Carboxykinase এনজাইম কার্যকরী।

• $C_4$ উদ্ভিদের সালোকসংশ্লেষণ হার বেশি।

**16. নিচের কোনটি নাইট্রোজেন সংবন্ধনকারী অণুজীব নয়?**

Ⓐ *Agrobacterium* Ⓑ *Rhizobium*
Ⓒ *Nostoc* Ⓓ *Pseudomonas*

**Solve** • মুক্ত নাইট্রোজেন সংবন্ধনকারী অণুজীব (নীলাভ-সবুজ শৈবাল বা সায়ানোব্যাকটেরিয়া) : *Nostoc, Anabaena, Calothrix, Lyngbia* ইত্যাদি।

• *Azotobacter, Pseudomonas, Clostridium* প্রভৃতি ব্যাকটেরিয়া সরাসরি বায়ু হতে নাইট্রোজেন গ্রহণ করে।

• *Rhizobium* ব্যাকটেরিয়া সিম জাতীয় উদ্ভিদের মূলের নডিউলে নাইট্রোজেন সংবন্ধন করে।

• *Agrobacterium* জিন প্রকৌশলে বাহক হিসেবে ব্যবহৃত হয়।

**17. ম্যালেরিয়া পরজীবি কর্তৃক লোহিত রক্ত কণিকার ভিতরে তৈরিকৃত রঞ্জক–**

Ⓐ Haemoglobin Ⓑ Haemocyanin
Ⓒ Haemoerythrin Ⓓ Hemozoin

**Solve** মানুষের দেহে এরিথ্রোসাইটিক সাইজোগণি চক্রে ম্যালেরিয়ার জীবাণু অ্যামিবয়েড ট্রফোজয়েট দশা হিমোগ্লোবিনকে বিশ্লিষ্ট করে গ্লোবিউলিন ও হিমাটিনে পরিণত করে। গ্লোবিনকে বিশ্লিষ্ট করে গ্লোবিউলিন ও হিমাটিনে পরিণত করে। গ্লোবিউলিনকে এরা খাদ্য হিসেবে গ্রহণ করে এবং হিমাটিন পরবর্তীতে কিছু রেচন পদার্থের সাথে মিশ্রিত হয়ে দানাদার অদ্রবণীয় পিঙ্গল বর্ণের বিষাক্ত বর্জ্য পদার্থের সৃষ্টি করে। একেই হিমোজয়েন (Hemozoin) বলে।

**18. এক্সার্ক জাইলেম পাওয়া যায়–**

Ⓐ কাণ্ডে Ⓑ পাতায় Ⓒ মূলে Ⓓ কোনোটিই নয়

**Solve** • মূলের জাইলেম- **এক্সার্ক প্রকৃতির**

• কাণ্ডের জাইলেম- **এন্ডার্ক প্রকৃতির**

• পাতার (ফার্ন ও সাইকাড) জাইলেম- **মেসার্ক প্রকৃতির**

• টেরিডোফাইটাতে জাইলেম- **সেন্ট্রার্ক প্রকৃতির**

**19. প্রতিরক্ষামূলক প্রোটিন কোনটি?**

Ⓐ ইন্টারফেরন Ⓑ ইনসুলিন Ⓒ লাইপেজ Ⓓ লুসিফেরিন

**Solve** • ইন্টারফেরন হলো উচ্চ আণবিক গ্লাইকোপ্রোটিন যা ভাইরাস আক্রান্ত কোষ কর্তৃক নিঃসৃত হয়ে ভাইরাস বংশবৃদ্ধিতে বাধা দেয়।

• ইন্টারফেরন বিশেষ ধরনের সাইটোকাইন যা সুনির্দিষ্টভাবে ভাইরাস আক্রান্ত টিউমার কোষের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে।

**20. নিষেকের পর প্রতিটি গর্ভাশয় বিকশিত হয়ে পরিণত হয় একটি–**

Ⓐ ভ্রূণ Ⓑ বীজ Ⓒ ফল Ⓓ এন্ডোস্পার্ম

**Solve** • ফল হলো রূপান্তরিত গর্ভাশয় যা নিষেকের পর বিকশিত হয়।

• ফল সৃষ্টির প্রধান উদ্দেশ্য বীজের বিস্তার ঘটানো।

**21. জবা ফুলে কোন ধরনের অমরাবিন্যাস (Placentation) পাওয়া যায়?**

Ⓐ শীর্ষক (Apical) Ⓑ অক্ষীয় (Axile)
Ⓒ গাত্রীয় (Superficial) Ⓓ মূলীয় (Basal)

**Solve** বিভিন্ন প্রকার অমরাবিন্যাসের নাম ও উদাহরণ :

• অ্যাক্সাইল বা অক্ষীয় অমরাবিন্যাস - **জবা**।

• সুপার ফিশিয়াল (Superficial) বা গাত্রীয় অমরাবিন্যাস - **শাপলা ও**

• বেসাল বা মূলীয় অমরাবিন্যাস - **সূর্যমুখী ও ধান**।

• এ্যাপিক্যাল (Apical) বা শীর্ষক অমরাবিন্যাস - **ধনিয়া ও লাল পত্র**।

**22. নিউক্লিওটাইডের পেন্টোজ সুগারের কত নং কার্বনে নাইট্রোজেন ক্ষার যুক্ত থাকে?**

Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 3 Ⓓ 5

**Solve** • নিউক্লিওটাইড হলো নিউক্লিক অ্যাসিডের গাঠনিক একক।

• এক অণু নাইট্রোজেন ঘটিত ক্ষারক এক অণু পেন্টোজ শ্যুগার এবং এক অণু ফসফেট যুক্ত হয়ে গঠিত যৌগের নাম নিউক্লিওটাইড।

• পেন্টোজ শ্যুগার এর ৩নং ও ৫নং কার্বনের সাথে ফসফেট যুক্ত হয়।

• পেন্টোজ শ্যুগার এর ১নং কার্বনে নাইট্রোজেন ক্ষার (base) যুক্ত থাকে।

• নিউক্লিওটাইডগুলো DNA ও RNA তৈরির মূল কাঠামো গঠন করে।

**23. কোষের কোন অঙ্গাণুটি প্রোটিন সংশ্লেষণে অংশগ্রহণ করে?**

Ⓐ Oxysome Ⓑ Peroxysome Ⓒ Ribosome Ⓓ Lysozyme

**Solve** • Ribosome প্রোটিন সংশ্লেষণে সহায়তা করে। রাইবোসোমকে কোষের প্রোটিন ফ্যাক্টরী বলা হয়।

• গ্লুকোজের ফসফোরাইলেশন এবং স্নেহ জাতীয় পদার্থের বিপাক রাইবোসোমে সংগঠিত হয়।

**24. কোনটি 'মাস্টার মলিকিউল' নামে পরিচিত?**

Ⓐ DNA Ⓑ প্রোটিন Ⓒ কার্বোহাইড্রেট Ⓓ RNA

**Solve** • DNA-অণু জীবকোষের সকল রাসায়নিক বিক্রিয়া নিয়ন্ত্রণ করে, তাই DNA মাস্টার মলিকিউল নামে পরিচিত।

• প্রকৃত কোষের ক্রোমোসোমের মূল উপাদান হলো DNA।

• DNA হলো জীবের বংশগত বৈশিষ্ট্যের ধারক ও বাহক।

**25. DNA থেকে mRNA তৈরির প্রক্রিয়াকে কী বলা হয়?**

Ⓐ ট্রান্সক্রিপশন Ⓑ রেপ্লিকেশন Ⓒ ট্রান্সলেশন Ⓓ মিউটেশন

**Solve** • DNA থেকে mRNA তৈরির প্রক্রিয়াকে Transcription বলে।

• mRNA থেকে প্রোটিন তৈরির প্রক্রিয়াকে বলা হয় ট্রান্সলেশন (Translation)

• কোডের ভাষা প্রকাশ একমুখী :

$$\text{DNA} \xrightarrow{\text{Transcription}} \text{mRNA} \xrightarrow{\text{Translation}} \text{protein (polypeptide chain)}$$

• RNA থেকে DNA সৃষ্টি প্রক্রিয়াকে Reverse Transcription বলে।

• DNA থেকে DNA সৃষ্টি প্রক্রিয়াকে Replication বলে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part-1 : হুবহু প্রশ্ন (সকল প্রশ্নের নির্ভুল উত্তর, সঠিক ব্যাখ্যা ও প্রশ্ন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ তথ্য)

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা : ২০২০-২১; A-ইউনিট

প্রতিটি বিষয় ও অধ্যায়ভিত্তিক দেখো Part-2 তে

## বাংলা

**01. 'ভার্যা' কোন ধরনের পদ?**

Ⓐ বিশেষ্য Ⓑ বিশেষণ Ⓒ সর্বনাম Ⓓ ক্রিয়া

**Ⓐ Solve** 'ভার্যা' (√ভৃ + য + আ) বিশেষ্য শব্দটির অর্থ : পত্নী, স্ত্রী।

**02. 'তুমি এলে তবে আমি যাবো' বাক্যটি কোন শ্রেণির?**

Ⓐ সরল Ⓑ যৌগিক Ⓒ জটিল Ⓓ অনুজ্ঞাসূচক

**Ⓑ Solve** একাধিক স্বাধীন ও অ-সাপেক্ষ বাক্য সংযোজক বা বিয়োজক অব্যয় দ্বারা যুক্ত হয়ে দীর্ঘতর বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। যেমন : তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি।

**03. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র জন্মস্থান কোথায়?**

Ⓐ কলকাতা Ⓑ নোয়াখালী Ⓒ চট্টগ্রাম Ⓓ ফেনী

**Ⓒ Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ্ ১৫ আগস্ট ১৯২২ খ্রিষ্টাব্দ সোলশহর, চট্টগ্রামে জন্মগ্রহণ করেন। আদি নিবাস : নোয়াখালী। পিতা : সৈয়দ আহমদউল্লাহ (অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ছিলেন)। মাতা : নাসিম আরা খাতুন।

**04. 'পথের রাজা' এটি কোন সমাসের ব্যাসবাক্য?**

Ⓐ তৎপুরুষ Ⓑ বহুব্রীহি Ⓒ কর্মধারয় Ⓓ দ্বিগু

**Ⓐ Solve** ব্যাসবাক্যে শ্রেষ্ঠ অর্থে 'রাজা' শব্দ পরে থাকলে সমস্তপদে তা আগে আসে। যেমন : কবিদের রাজা = রাজকবি, হাঁসের রাজা = রাজহাঁস, পথের রাজা = রাজপথ।

**05. 'কবর' কবিতার পঙ্‌ক্তি কতটি?**

Ⓐ ৯৮ Ⓑ ১০৮ Ⓒ ১১৮ Ⓓ ১২৪

**Ⓒ Solve** যাণ্মাত্রিক মাত্রাবৃত্ত ছন্দে রচিত পল্লিকবি জসীমউদ্‌দীনের 'কবর' কবিতাটি প্রথম যখন 'কল্লোল' পত্রিকায় প্রকাশিত হয়, তখন তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের বি. এ. ক্লাসের ছাত্র ছিলেন। উল্লেখ্য, কবিতাটি পরবর্তীতে কবির 'রাখালী' কাব্যগ্রন্থে অন্তর্ভুক্ত হয়।

**06. 'পাথার' শব্দের অর্থ কী?**

Ⓐ নদী Ⓑ সমুদ্র Ⓒ হাওর Ⓓ বিল

**Ⓑ Solve** কতিপয় শব্দার্থ :

| | |
|---|---|
| পামর- পাপিষ্ঠ। | হৌস- সওদাগরি দপ্তর বা অফিস। |
| অনুবর্তন- অনুসরণ। | সমভিব্যাহারী- একত্রে অবস্থানকারী। |

**07. 'Rajmohon's Wife' কোন ধরনের রচনা?**

Ⓐ প্রবন্ধ Ⓑ ছোটগল্প Ⓒ উপন্যাস Ⓓ আত্মজীবনী

**Ⓒ Solve** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কতিপয় সাহিত্যকর্ম :

| | |
|---|---|
| উপন্যাস | দুর্গেশনন্দিনী (প্রথম ১৮৬৫), কপালকুণ্ডলা (১৮৬৬), বিষবৃক্ষ, কৃষ্ণকান্তের উইল, রজনী, চন্দ্রশেখর, Rajmohan's wife, আনন্দমঠ, দেবী চৌধুরাণী, সীতারাম। |
| প্রবন্ধ | লোকরহস্য, বিজ্ঞানরহস্য, কমলাকান্তের দপ্তর, সাম্য। |

**08. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত?**

Ⓐ স্বরবৃত্ত Ⓑ মাত্রাবৃত্ত Ⓒ পয়ার Ⓓ অমিত্রাক্ষর

**Ⓑ Solve** সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতাটি ১৯৪৮ খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়। কবিতাটি তাঁর 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ থেকে সংকলিত। একুশ বছর বয়সে সুকান্ত মারা যান।

**09. 'শিশু খেলা করে এখানে' 'খেলা' কোন কারকে কোন বিভক্তি?**

Ⓐ কর্তায় শূন্য Ⓑ করণে শূন্য Ⓒ কর্মে শূন্য Ⓓ সম্প্রদানে শূন্য

**Ⓒ Solve** যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্ম কারক বলে। যেমন : আমার স্বপন আগে জাগরণ। আমাকে একখানা বই দাও।

**10. 'লোক-লোকান্তর' কাব্যে কবির চেতনারূপ পাখির রং কী?**

Ⓐ সবুজ Ⓑ সাদা Ⓒ লাল Ⓓ ধূসর

**Ⓑ Solve** 'লোক-লোকান্তর' কবিতায় কবি আল মাহমুদ তাঁর কাব্যবোধ ও কাব্যচেতনাকে সাদা এক সত্তিকার পাখির প্রতিমায় উপস্থাপন করেছেন। কবির এ চেতনা-পাখি বসে আছে সবুজ অরণ্যের কোনো এক চন্দনের ডালে।

## English

**01. Mita Huq's death is an —— for the country.**

Ⓐ irrepairable loss Ⓑ irrepairable loose
Ⓒ irreparable loss Ⓓ irrepairable lose

**Ⓒ Explanation** Irreparable loss অর্থ অপূরণীয় ক্ষতি।

**02. I did not have —— luggage just two small bags.**

Ⓐ little Ⓑ many Ⓒ much Ⓓ few

**Ⓒ Explanation** Luggage হলো uncountable noun, তাই এর পূর্বে uncountable determiner বসবে। বাক্যের পরবর্তী অংশে just two small bags থাকায় আগের অংশে আধিক্য (much) নির্দেশিত হচ্ছে বলে প্রতীয়মান।

**03. Without the right software, I'm afraid you can't —— that particular programme.**

Ⓐ reach Ⓑ access Ⓒ obtain Ⓓ find

**Ⓑ Explanation** Access- কম্পিউটার ফাইলে তথ্য নির্দেশিত করা।

**04. The synonym of 'emancipate' is ——.**

Ⓐ neglect Ⓑ bondage
Ⓒ to set free from restraint or bondage
Ⓓ to bondage

**Ⓒ Explanation** Emancipate-মুক্ত করা, দাসত্ব থেকে মুক্তি দেওয়া।

**05. By whom ——?**

Ⓐ the glass was broken Ⓑ did the glass break
Ⓒ was the glass broken Ⓓ was the glass break

**Ⓒ Explanation** Passive voice এর নিয়মানুসারে By whom + auxiliary verb + sub + $v_3$ ?

**06. We insist on —— leaving the room.**

Ⓐ your Ⓑ you Ⓒ yours Ⓓ to you

**Ⓐ Explanation** Verb + ing (gerund) - এর পূর্বে pronoun ব্যবহৃত হলে তা সাধারণত possessive adjective (my, your, his, her etc.) হয়।

**07. Unemployment is an impediment —— our national development.**

Ⓐ at Ⓑ for Ⓒ of Ⓓ to

**Ⓓ Explanation** Impediment to - প্রতিবন্ধকতা, বাঁধা।

**08. Are you confident —— your performance.**

Ⓐ by Ⓑ of Ⓒ on Ⓓ none of this

**Ⓑ Explanation** Confident of - আশাবাদী, আত্মশীল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**09. The facilities of the new Covid hospital ——.**
Ⓐ is as good or better than the old hospital
Ⓑ are as good or better than the old hospital
Ⓒ are as good as or better than those of the old hospital
Ⓓ are as good or better than those of the old hospital
**C Explanation** Equal comparison -এ as good as ব্যবহৃত হলে unequal comparison - এ অবশ্যই তার স্থলে better than বসানো যুক্তিযুক্ত।

**10. It was not until she arrived in class —— realized she had forgotten her book.**
Ⓐ that she Ⓑ when she Ⓒ she Ⓓ and she
**A Explanation** বাক্যে It was not until থাকলে পরবর্তীতে When নয়, that ব্যবহার করতে হয়, কারণ when ব্যবহার করলে redundancy হয়ে যায়।

**11. Mary didn't do well in the class because ——.**
Ⓐ she studied bad
Ⓑ she was a badly student
Ⓒ she studied badly
Ⓓ she succeeded to study properly
**C Explanation** Do sth badly - কোনো কিছু বাজেভাবে সম্পাদন করা। উল্লেখ্য, good -এর adv- well তবে, bad -এর adv- badly.

**12. The antonym of 'sluggish' is ——.**
Ⓐ dull Ⓑ animated Ⓒ slow Ⓓ boring
**B Explanation** Sluggish অর্থ মন্থর, ধীরগতিসম্পন্ন, animated-প্রাণবন্ত, সজীব।

**13. Climatologists —— that midway through the next century, temperatures may have risen by as much as 4°.**
Ⓐ think Ⓑ propose Ⓒ believe Ⓓ predict
**D Explanation** predict - ভবিষ্যদ্বাণী করা, propose - প্রস্তাব করা। আবহাওয়াবিদরা (climatologists) সাধারণত ভবিষ্যতের জলবায়ু সম্পর্কে ভবিষ্যদ্বাণী করে থাকেন (বর্তমান তথ্য-উপাত্তের উপর ভিত্তি করে)।

**14. Reading books — an impressive habit.**
Ⓐ are Ⓑ is Ⓒ have Ⓓ were
**B Explanation** Gerund বাক্যের subject (এখানে reading books) হলে, verb সাধারণত singular হয়।

**15. The frown on the man's face showed that he was displeased. Here, 'frown' can be replaced by —.**
Ⓐ look of fear Ⓑ look of delight
Ⓒ look of anger Ⓓ look of surprise
**C Explanation** Frown অর্থ ভ্রূকুটি করা, ভুরু কোঁচকানো। উল্লিখিত বাক্যে frown দ্বারা অসন্তুষ্টি (displeased) বোঝানো হয়েছে। তাই, frown কে এখানে 'look of anger' দ্বারা প্রতিস্থাপিত করা যেতে পারে।

## পদার্থবিজ্ঞান

**01. $\underline{A}$ এবং $\underline{B}$ ভেক্টরদ্বয় কখন $\underline{A} . \underline{B} = -AB$ হবে?**
Ⓐ ভেক্টরদ্বয় সমান্তরাল এবং একই দিকে
Ⓑ ভেক্টরদ্বয় সমান্তরাল কিন্তু বিপরীতমুখী
Ⓒ ভেক্টরদ্বয় পরস্পর লম্ব
Ⓓ কোনোটিই নয়
**B Solve** $\underline{A}.\underline{B} = AB\cos\theta$, এখানে $\theta = 180°$ হলে,
$\underline{A}.\underline{B} = AB\cos 180° = -AB$.

**02. যদি $\vec{P} = 2\hat{i} + \hat{j} - 3\hat{k}$ এবং $\vec{Q} = 4\hat{j} - \hat{k}$ হয়, তবে তাদের স্কেলার গুণ কী হবে?**
Ⓐ 7 Ⓑ 3 Ⓒ 9 Ⓓ 11
**A Solve** $\vec{P}.\vec{Q} = (2\hat{i} + \hat{j} - 3\hat{k}).(4\hat{j} - \hat{k})$
$= (0 + 4 + 3) = 7$

**03. কোনো বস্তুর কঠিন অবস্থা থেকে তরল অবস্থায় না যেয়ে সরাসরি বায়বীয় অবস্থায় রূপান্তর পদ্ধতিকে কী বলে?**
Ⓐ ঘনীভবন Ⓑ বাষ্পীকরণ
Ⓒ ঊর্ধ্বপাতন Ⓓ একীভবন
Ans C

**04. তড়িচ্চালক বল (e.m.f) -এর ধারণা দেয় কে?**
Ⓐ Oersested Ⓑ Faraday
Ⓒ Lenz Ⓓ Kirchhoff
Ans B

**05. একটি মোটরের ক্ষমতা 16 watt হলে 4 মিনিটে এর দ্বারা কৃতকাজের পরিমান কত?**
Ⓐ 64 J Ⓑ 3840 J Ⓒ 240 J Ⓓ 960 J
**B Solve** $W = Pt = (16 \times 4 \times 60) = 3840$ J

**06. ওহমের সূত্র নিম্নের কোনটির ক্ষেত্রে প্রযোজ্য নহে?**
Ⓐ দিক পরিবর্তী প্রবাহ বর্তনী Ⓑ পরিবাহী
Ⓒ অর্ধ-পরিবাহী Ⓓ তাপমাত্রা পরিবর্তনশীল পরিবাহী
**D Solve** ওহমের সূত্র : তাপমাত্রা স্থির থাকলে কোন নির্দিষ্ট পরিবাহীর মধ্যদিয়ে যে তড়িৎ প্রবাহ চলে তা পরিবাহীর দুই প্রান্তের বিভব পার্থক্যের সমানুপাতিক।

**07. মিটার ব্রিজ কোন নীতি অনুসারে কাজ করে?**
Ⓐ অ্যাম্পিয়ারের সূত্র Ⓑ হুইটস্টোন ব্রিজ নীতি
Ⓒ ফার্মেটের নীতি Ⓓ কার্শফের সূত্র
**B Solve** অ্যাম্পিয়ারের সূত্র - চৌম্বক ক্ষেত্র নির্ণয়ে
ফার্মাটের নীতি - আলোর প্রতিফলন ও প্রতিসরণ নির্ণয়ে
কার্শফের সূত্র - বর্তনীতে বিভব ও তড়িৎ প্রবাহ নির্ণয়ে

**08. তাপগতিবিদ্যার প্রথম সূত্র কোনটি?**
Ⓐ $\Delta Q = \Delta U + \Delta W$ Ⓑ $\Delta W = \Delta Q + \Delta U$
Ⓒ $\Delta Q = \Delta W - \Delta U$ Ⓓ $\Delta W = \Delta Q - \Delta U$
Ans A

**09. দশা পার্থক্য ও পথ পার্থক্যের সম্পর্ক কোনটি?**
Ⓐ $\delta = \frac{2\pi}{\lambda}x$ Ⓑ $\delta = \frac{2\pi}{\lambda x}$ Ⓒ $\delta = \frac{\pi x}{\lambda}$ Ⓓ $\delta = \frac{\pi}{\lambda x}$
**A Solve** $\lambda$ পথ পার্থক্যে দশা পার্থক্য, $S = 2\pi$
$\therefore x =$ " " " " $= \frac{2\pi}{\lambda}x$

**10. শক্তি ও সময়ের অনিশ্চয়তা কোনটি?**
Ⓐ $\Delta E.\Delta t \approx h$ Ⓑ $\Delta E.\Delta t \approx h$
Ⓒ $\Delta E.\Delta t \geq h$ Ⓓ $\Delta E.\Delta t < h$
Ans C

**11. একটি বস্তু উপরের দিকে ছুঁড়লে সর্বোচ্চ স্থানে পৌঁছাতে কত সময় লাগবে?**
Ⓐ $t = \frac{v_0}{2g}$ Ⓑ $t = \frac{2v_0}{g}$ Ⓒ $t = \frac{v_0}{g}$ Ⓓ $t = v_0 g$
**C Solve** সর্বোচ্চ অবস্থানে, $V = 0$
$\Rightarrow v_0 - gt = 0 \Rightarrow t = \frac{v_0}{g}$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**12. মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্যের মাত্রা কোনটি?**

Ⓐ $[MLT^{-2}]$ Ⓑ $[LT^{-2}]$ Ⓒ $[MLT^{-1}]$ Ⓓ $[LT^{-1}]$

**Solve** মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য, $E = g$

$\therefore$ E এর মাত্রা = g এর মাত্রা = $LT^{-2}$

**13. 12 mg ভরের একটি বস্তু পৃথিবীর কেন্দ্রের দিকে কত বলে আকৃষ্ট হবে?**

Ⓐ $117.6 \times 10^{-6}$ N Ⓑ $117.6 \times 10^{-3}$ N

Ⓒ 11.76 N Ⓓ 1.76 N

**Solve** $F = mg = (12 \times 10^{-3} \times 9.8)$ N

$= 117.6 \times 10^{-3}$ N

**14. সবচেয়ে কম ভরের কণা কোনটি?**

Ⓐ Electron Ⓑ Proton Ⓒ Neutron Ⓓ Iron

**Solve** ইলেকট্রনের ভর, $m_e = 9.1 \times 10^{-31}$ kg

প্রোটনের ভর, $m_p = 1.672 \times 10^{-27}$ kg

নিউট্রনের ভর, $m_n = 1.674 \times 10^{-27}$ kg

আয়রন এর ভর, $m_{Fe} = 9.27 \times 10^{-26}$ kg

**15. কোনো তরলের স্পর্শকোণ 90° থেকে কম হলে ঐ তরলের তল কীরূপ হবে?**

Ⓐ উত্তল Ⓑ অবতল Ⓒ সমাবতল Ⓓ সমোত্তল

**Solve** • $\theta < 90°$ হলে তরলের মুক্ততল অবতল

• $\theta > 90°$ হলে তরলের মুক্ততল উত্তল

• $\theta = 90°$ হলে তরলের মুক্ততল সমতল

**16. নিচের কোনটি পৃষ্ঠটান (T) এবং পৃষ্ঠশক্তি (E) এর সম্পর্ক বুঝায়?**

Ⓐ $E = 2T$ Ⓑ $E = T$ Ⓒ $E = \frac{T}{2}$ Ⓓ $E = \frac{T}{4}$

**Solve** কোন তরলের পৃষ্ঠটান সংখ্যাগত ভাবে তার পৃষ্টশক্তির সমান।

**17. শুনানির প্রান্তিকের তীব্রতার স্তর কত?**

Ⓐ 1 dB Ⓑ 0 dB Ⓒ 10 dB Ⓓ 2 dB

**Solve** শুনানির প্রান্তিক স্তরের জন্য $I = 1 \times 10^{-12}$ W/m²

$\therefore I(dB) = 10 \log \frac{I}{I_0} = 10 \log \frac{1 \times 10^{-12}}{1 \times 10^{-12}} = 0$ dB.

**18. আয়রন নিউক্লিয়াসের দুটো প্রোটন $4 \times 10^{-15}$ m দূরত্বে অবস্থান করলে তাদের মধ্যে বৈদ্যুতিক বল কত হবে?**

Ⓐ 7.2 N Ⓑ 14.4 N Ⓒ 1.44 N Ⓓ 144.0 N

**Solve** $F = 9 \times 10^9 \times \frac{1.6 \times 10^{-19} \times 1.6 \times 10^{-19}}{(4 \times 10^{-15})^2} = 14.4$N

**19. কোনটি α -কণা?**

Ⓐ ${}_2^4He$ Ⓑ ${}_1^3H$ Ⓒ ${}_2^3He$ Ⓓ ${}_1^2H$

**Solve** হিলিয়াম নিউক্লিয়াসকে $\left({}_2^4He^{2+}\right)$ আলফা কণা বলা হয়।

**20. আলোর তরঙ্গদৈর্ঘ্য ও মাধ্যমের প্রতিসরাঙ্কের মধ্যে সম্পর্ক কোনটি?**

Ⓐ ${}_a\mu_b = \frac{\lambda_b}{\lambda_a}$ Ⓑ ${}_a\mu_b = \frac{\lambda_a}{\lambda_b}$ Ⓒ ${}_a\mu_b = \lambda_a\lambda_b$ Ⓓ ${}_a\mu_b = \sqrt{\frac{\lambda_b}{\lambda_a}}$

**Solve** ${}_a\mu_b = \frac{c_a}{c_b} = \frac{f\lambda_a}{f\lambda_b} = \frac{\lambda_a}{\lambda_b}$

**21. গাড়ী ও মোটর সাইকেলের প্রতিফলক হিসেবে কোন ধরনের দর্পণ ব্যবহার করা হয়?**

Ⓐ উত্তল দর্পণ Ⓑ অবতল দর্পণ Ⓒ সমতল দর্পণ Ⓓ কোনোটিই নয়

**Solve** • উত্তল দর্পণ - মোটর গাড়ির হেডলাইটে

• অবতল দর্পন - সার্চলাইটে, দন্ত চিকিৎসায়, প্রতিফলক দূরবীক্ষণে

• সমতল দর্পন - রাস্তার ঝাঁকে পেরিস্কোপে

**22. কোনটি স্নেলের সূত্র?**

Ⓐ $\frac{\sin i}{\sin r} = \frac{\mu_a}{\mu_b}$ Ⓑ $\frac{\sin i}{\sin r} = \frac{\mu_b}{\mu_a}$ Ⓒ $\frac{\sin i}{\sin r} = \sqrt{\frac{\mu_b}{\mu_a}}$ Ⓓ $\frac{\sin i}{\sin r} = \sqrt{\frac{\mu_a}{\mu_b}}$

**Solve** স্নেলের সূত্র : $\mu_a \sin i = \mu_b \sin r$

$\Rightarrow \frac{\sin i}{\sin r} = \frac{\mu_b}{\mu_a}$

**23. সঙ্কট কোণ ও প্রতিসরাঙ্কের মধ্যে সম্পর্ক কোনটি?**

Ⓐ $\mu = \sin\theta_c$ Ⓑ $\frac{\mu}{2} = \sin\theta_c$ Ⓒ $\mu = \frac{1}{\sin\theta_c}$ Ⓓ $\sin\theta_c = 2\mu$

**Solve** সংকট কোণ, $\theta_c$ এবং প্রতিরাঙ্ক $\mu$ হলে, $\sin\theta_c = \frac{1}{\mu}$

$\Rightarrow \mu = \frac{1}{\sin\theta_c}$

**24. কত কোণে একটি প্রাসকে সর্বোচ্চ পরিসরের জন্য নিক্ষেপ করা হবে?**

Ⓐ 30° Ⓑ 45° Ⓒ 60° Ⓓ 90°

**Solve** $R = \frac{v_0^2 \sin 2\theta}{g}$ এখানে,

$\theta = 45°$ হলে R সর্বোচ্চ হয়।

**25. পানির পৃষ্ঠটানের মান কোনটি?**

Ⓐ $7.3 \times 10^{-3}$ N/m Ⓑ $72 \times 10^{-2}$ N/m

Ⓒ $73 \times 10^{-3}$ N/m Ⓓ $7.2 \times 10^{-2}$ N/m

**Solve** পানির সাথে বায়ুর সংস্পর্শ থাকলে,

পানির পৃষ্ঠটান প্রায় $72 \times 10^{-3} = 72. \times 10^{-2}$ N/m [Ref: ইসহাক স্যার]

## রসায়ন

**01. কোনটি প্রাইমারী প্রমান বস্তু?**

Ⓐ HCl Ⓑ NaOH

Ⓒ $KMnO_4$ Ⓓ $Na_2CO_3$

**Solve** • প্রাইমারী প্রমাণ বস্তু :

অনার্দ্র $Na_2CO_3$, $H_2C_2O_4$, $Na_2C_2O_4$, $K_2Cr_2O_7$

• সেকেন্ডারী প্রমাণ বস্তু :

$HNO_3$, $Na_2S_2O_3.5H_2O$, HCl, $H_2SO_4$, NaOH, KOH, $KMnO_4$ ইত্যাদি.

**02. দৃশ্যমান আলোর তরঙ্গ দৈর্ঘ্য–**

Ⓐ 200-380 nm Ⓑ 180-700 nm

Ⓒ 380-700 nm Ⓓ 280-680 nm Ans Ⓒ

**03. মস্তিষ্কের টিউমার সনাক্তকরণে সর্বাধিক ব্যবহৃত হয়–**

Ⓐ IR Ⓑ NMR Ⓒ MRI Ⓓ NIR

**Solve** **MRI এর ব্যবহার :**

• মস্তিষ্কের টিউমার।

• মেরুসজ্জায় টিউমার।

• হার্টের লিগামেন্ট জনিত সমস্যা।

**NIR এর ব্যবহার :**

• মস্তিষ্কে রক্তের হিমোগ্লোবিনে অক্সিজেন শোষণের পরিমাণ নির্ণয়।

**04. 200 mL 0.1 M $Na_2CO_3$ দ্রবণ প্রস্তুতিতে কত গ্রাম $Na_2CO_3$ প্রয়োজন?**

Ⓐ 1.60 g Ⓑ 10.6 g Ⓒ 26.5 g Ⓓ 2.65 g

**Solve** আমরা জানি, $S = \frac{1000W}{MV}$

$\Rightarrow W = \frac{SMV}{1000} = \frac{0.1 \times 106 \times 200}{1000} = 2.12$ g

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**05. $M^{3+}$ আয়নে 23 ইলেকট্রন আছে এর পারমাণবিক সংখ্যা কত?**

Ⓐ 20 Ⓑ 23 Ⓒ 24 Ⓓ 26 Ans Ⓓ

**06. নিচের কোনটি প্ল্যাঙ্ক সমীকরণ?**

Ⓐ $\lambda = \frac{h}{mv}$ Ⓑ $E = mc^2$ Ⓒ $E = h\nu$ Ⓓ $\pi = CRT$

**Solve** Ⓒ

- দি ব্রগলি → তরঙ্গকলা দ্বৈতসমীকরণ : $\lambda = \frac{h}{mv}$
- আইনস্টাইন → ভর শক্তি সমীকরণ : $E = mc^2$
- ম্যাক্স প্লাংক → তরঙ্গ শক্তি সমীকরণ : $E = h\nu$
- ভ্যান্ট হফ → Osmotic Pressure Eqn : $\pi = CRT$

**07. নিচের কোনটি শিখা পরীক্ষায় বর্ণ দেয় না?**

Ⓐ Na Ⓑ B Ⓒ Mg Ⓓ Ca

**Solve** Ⓒ Mg এর আকার ছোট হওয়ায় এর শেষ ইলেকট্রন দুটি নিউক্লিয়াস দ্বারা দৃঢ়ভাবে আবদ্ধ থাকে তাই Mg শিখা পরীক্ষায় কোনো বর্ণ প্রদর্শন করে না।

**N.B-** Be(4) মৌলটিও একই কারণে শিখা পরীক্ষায় কোনো বর্ণ প্রদর্শন করে না।

**08. (গাঢ় HCl + অনার্দ্র $ZnCl_2$) এর দ্রবণ?**

Ⓐ টলেন বিকারক Ⓑ গ্রীগনার্ড বিকারক
Ⓒ শিফস বিকারক Ⓓ লুকাস বিকারক

**Solve** Ⓓ

- টলেন বিকারক ($[Ag(NH_3)_2]OH$) → অ্যালডিহাইড-কিটোন শনাক্তকরণ।
- গ্রিগনার্ড বিকারক (R–MgX) → বিভিন্ন গোত্রীয় জৈব যৌগ প্রস্তুত।
- শিফস বিকারক (ম্যাজেন্টা + $SO_2$) → অ্যালডিহাইড শনাক্তকরণ।
- লুকাস বিকারক (গাঢ় HCl + অনার্দ্র $ZnCl_2$) → 3°, 2°, 1° অ্যালকোহল শনাক্তকরণ।

**09. $^{15}_{7}N$ ও $^{16}_{8}O$ পরস্পর –?**

Ⓐ আইসোমার Ⓑ আইসোটোপ Ⓒ আইসোটোন Ⓓ আইসোবার

**Solve** Ⓒ $^{15}_{7}$ এবং $^{16}_{8}O$ -এর নিউট্রন সংখ্যা সমান। সুতরাং এরা পরস্পরের আইসোটোন।

**10. $Na_4[Fe(CN)_6]$ এ Fe এর যোজনী কত?**

Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 2 Ⓓ 5

**Solve** Ⓒ

$Na_4[Fe(CN)_6]$ এর ক্ষেত্রে, $(4 \times 1) + (1 \times x) + 6 \times (-1) = 0$

$\Rightarrow x = 2$

$\therefore$ Fe এর জারণ সংখ্যা + 2

**11. কোন বিক্রিয়ার $K_p = K_c$ ?**

Ⓐ $PCl_{5(g)} \rightleftharpoons PCl_{3(g)} + Cl_{2(g)}$

Ⓑ $2H_2O_{2(g)} \rightleftharpoons 2H_2O_{(g)} + O_{2(g)}$

Ⓒ $N_{2(g)} + 3H_{2(g)} \rightleftharpoons 2NH_{3(g)}$

Ⓓ $2HI_{(g)} \rightleftharpoons H_{2(g)} + I_{2(g)}$

**Solve** Ⓓ আমরা জানি, $K_p = K_c(RT)^{\Delta n}$

Option-A এর জন্য $\Delta n = 1 + 1 - 1 = 1$

Option-B এর জন্য $\Delta n = 2 + 1 - 2 = 1$

Option-C এর জন্য $\Delta n = 2 - (1 + 3) = -2$

Option-D এর জন্য $\Delta n = (1 + 1) - 2 = 0$

$\Delta n$ = বিক্রিয়ার অণুর সংখ্যার পরিবর্তন।

$\Delta n = 0$ হলে, $K_p = K_c(RT)^0 = K_c \cdot 1 = K_c$

**12. বিক্রিয়ার হারের একক কোনটি?**

Ⓐ $mol\ L^{-1}s^{-1}$ Ⓑ $mol\ L^{-1}s$ Ⓒ $L\ mol^{-1}s^{-1}$ Ⓓ $L^2\ mol^{-1}$

**Solve** Ⓐ

বিক্রিয়ার হার, $(r) = \frac{\text{বিক্রিয়ক বা উৎপাদের ঘনমাত্রার পরিবর্তন}}{\text{ঐ পরিবর্তন সংঘটনে ব্যায়িত সময়}}$

$= \frac{\text{ঘনমাত্রার পরিবর্তন}}{\text{সময়}} = \frac{mol\ .\ L^{-1}}{s} = mol\ .\ L^{-1}.s^{-1}$

**13. পানির উচ্চ স্ফুটনাঙ্কের কারণ–**

Ⓐ পোলারিটি Ⓑ উচ্চ ডায়ইলেকট্রিক ধ্রুবক
Ⓒ দুর্বল বিভাজন Ⓓ হাইড্রোজেন বন্ধন

**Solve** Ⓓ পানিতে আন্তঃআনবিক H-Bond বিদ্যমান থাকায় পানি তরল। পানিকে ফুটাতে হলে এই আন্তঃআনবিক H-Bond ভাঙ্গাতে হয়। পানির স্ফুটনাঙ্ক উচ্চ। $H_2S$ এ কোনো আন্তঃআনবিক H-Bond থাকে না। $H_2S$ গ্যাসীয় হয়।

**14. আদর্শ গ্যাসের জন্য কোনটি সঠিক নয়?**

Ⓐ $PV = K$ Ⓑ $\frac{V}{T} = K$ Ⓒ $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$ Ⓓ $V = K.\frac{1}{T}$

**Solve** Ⓓ আদর্শ গ্যাসের সূত্রসমূহ :

- বয়েলের সূত্র : $P \propto \frac{1}{V} \Rightarrow P = K.\frac{1}{V}$

$\Rightarrow PV = K$

$\Rightarrow P_1V_1 = P_2V_2$

- গে লুসাকের সূত্র : $V \propto T \Rightarrow V = KT$

$\Rightarrow \frac{V}{T} = K \Rightarrow \frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$

- গ্যাসের সমন্বয় সূত্র : $\frac{P_1V_1}{T_1} = \frac{P_2V_2}{T_2}$
- আদর্শ গ্যাসের সূত্র : $PV = nRT$

**15. $C_2H_5ONa + C_2H_5I \rightarrow C_2H_5OC_2H_5 + NaI$ বিক্রিয়াটি হচ্ছে–**

Ⓐ উর্টজ বিক্রিয়া Ⓑ গ্রীগনার্ড বিক্রিয়া
Ⓒ উইলিয়ামসন সংশ্লেষণ Ⓓ উর্টজ-ফিটিগ বিক্রিয়া

**Solve** Ⓒ

- উর্টজ বিক্রিয়া : $R–X + 2Na + X–R \xrightarrow{\text{Dry ইথার}} R–R + 2NaX$
- উইলিয়ামসন সংশ্লেষণ : $R_1–ONa + X–R_2 \longrightarrow R_1–O–R_2 + NaI$
- উর্টজ ফিটিগ : $Ar–X + 2Na + X–R \xrightarrow{\text{Dry ইথার}} Ar–R + 2NaX$
- গ্রিগনার্ড বিকারক দ্বারা বিভিন্ন গোত্রীয় জৈব যৌগ প্রস্তুত করা হয়।

**16. কোনটি বেনজিন বলয়ের সক্রিয়তা হ্রাস করে?**

Ⓐ OH Ⓑ CHO Ⓒ $NH_2$ Ⓓ $CH_3$

**Solve** Ⓑ

- সক্রিয়কারী মূলক (অর্থো-প্যারা নির্দেশক) :

–OH, $–NH_2$, –NHR(–$NHCH_3$), $–NR_2$, –O, –X(–F, –Cl, –B
–R(–$CH_3$, –$C_2H_5$), –Ar(–$C_6H_5$), –OR(–$OCH_3$)

- নিষ্ক্রিয়কারী মূলক (মেটা নির্দেশক) :

$–NO_2$, –CN, $–NR_3$, –COR, –CHO, –COOH, $–CONH_2$, $–SO_3H$, –COO

**17. কোন বিকারক ফেনলিক –OH সনাক্তকরণে ব্যবহৃত হয়?**

Ⓐ $FeCl_3$ Ⓑ Na Ⓒ লুকাস বিকারক Ⓓ $NaHCO_3$

**Solve** Ⓐ ফেনল শনাক্তকরণে $FeCl_3$ দ্রবণ ব্যবহার করা হয়।

$6C_6H_5–OH + 2FeCl_3 \longrightarrow (C_6H_5O)_6Fe_2 + 6HCl$

বেগুনি বর্ণের দ্রবণ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS

8. $H_2C = C(CH_3)–CH_2OH$ যৌগটির IUPAC নাম–

Ⓐ 2-মিথাইল-2-প্রোপিন-1-অল Ⓑ অ্যালাইল অ্যালকোহল

Ⓒ মিথাইল ভিনাইল প্রোপানল Ⓓ 2-মিথাইল-1-প্রোপিন-3-অল

**Solve** Ⓐ অ্যালকিন ( $>C=C<$ ) অপেক্ষা অ্যালকোহল (–OH) মূলক বেশি অগ্রগন্য। সুতরাং যৌগটির নাম্বারিং এবং নাম যথাক্রমে,

$H_2\overset{3}{C}=\overset{2}{C}(\overset{|}{CH_3})-\overset{1}{C}H_2-OH$; [2-মিথাইল-2-প্রোপিন-1-অল।]

9. অ্যালকেনের সাধারণ ফর্মুলা–

Ⓐ $C_nH_{2n}$ Ⓑ $C_nH_{2n+1}$ Ⓒ $C_nH_{2n-1}$ Ⓓ $C_nH_{2n+2}$

**Solve** Ⓓ

- অ্যালকেন : $C_nH_{2n+2}$, অ্যালকাইল : $C_nH_{2n+1}$
- অ্যালকিন : $C_nH_{2n}$, অ্যালকিনাইল : $C_nH_{2n-1}$
- অ্যালকাইন : $C_nH_{2n-2}$,

10. কোন যৌগে $sp^3$ সংকরায়ণ নেই?

Ⓐ $BF_3$ Ⓑ $NH_3$ Ⓒ $H_2O$ Ⓓ $CH_4$

**Solve** Ⓐ $BF_3$ যৌগে $sp^2$ সংকরায়ন ঘটে।

11. কোনটি জারন-বিজারন বিক্রিয়া নয়?

Ⓐ $H_2 + O_2 \rightarrow H_2O$ Ⓑ $Na + Cl_2 \rightarrow NaCl$

Ⓒ $CuO + H_2 \rightarrow Cu + H_2O$ Ⓓ $Cu(NO_3)_2 \rightarrow CuO + NO + O_2$

**Solve** বিক্রিয়াগুলোতে পরমাণুসমূহের জারন মান লক্ষ্য করি :

Red: Reduction (বিজারন), Ox : Oxidation (জারন)।

A. $\overset{0}{H_2} + \overset{0}{O_2} \longrightarrow \overset{+1\ -2}{H_2O}$ (Red: $0 \to -2$; Ox: $0 \to +1$)

B. $\overset{0}{Na} + \overset{0}{Cl_2} \longrightarrow \overset{+1\ -1}{NaCl}$ (Red: $0 \to -1$; Ox: $0 \to +1$)

C. $\overset{+2}{CuO} + \overset{0}{H_2} \longrightarrow \overset{0}{Cu} + \overset{+1}{H_2O}$ (Red: $+2 \to 0$; Ox: $0 \to +1$)

D. $\overset{+5\ -2}{Cu(NO_3)_2} \longrightarrow \overset{+2}{CuO} + \overset{+2}{NO} + \overset{0}{O_2}$ (Ox: $-2 \to 0$; Red: $+5 \to +2$)

সুতরাং সবগুলো বিক্রিয়াই জারণ-বিজারণ বিক্রিয়া।

12. হাইড্রোজেনের দহন তাপ — kJ/mole

Ⓐ – 1500 Ⓑ – 242 Ⓒ – 272 Ⓓ – 57.3 Ans Ⓑ

13. 0.001 M KOH দ্রবণের pH কত?

Ⓐ 14 Ⓑ 0.01 Ⓒ 11 Ⓓ 7

**Solve** Ⓒ 0.001 M KOH বা, $10^{-3}$ M KOH এর pOH $= -\log(10^{-3}) = 3$

$\therefore$ pH = 14 – 3 ≡ 11

14. হ্যান্ড সেনিটাইজারের প্রধান উপাদান নিচের কোনটি?

Ⓐ $CH_3OH$ Ⓑ $C_2H_5OH$ Ⓒ $C_6H_5OH$ Ⓓ NaOH

**Solve** Ⓑ হ্যান্ড সেনিটাইজারে 60% এর বেশি ইথানল ($C_2H_5OH$) অথবা iso- প্রোপাইল অ্যালকোহল থাকে।

15. রান্নার সিলিন্ডারে নিচের কোন গ্যাস বা গ্যাস মিশ্রণ থাকে?

Ⓐ প্রেট্রোল Ⓑ কেরোসিন

Ⓒ মিথেন ও প্রোপেন Ⓓ প্রোপেন ও বিউটেন

**Solve** Ⓓ

- রান্নার গ্যাস (LPG) : প্রোপেন এবং বিউটেন
- প্রাকৃতিক গ্যাস (NG) : মিথেন (৯৫%), ইথেন (৩%)

## গণিত

01. $(x + y, -1)$ এবং $(3, x - y)$ ক্রমজোড় দুটি সমান হলে $(x, y)$ এর মান হবে–

Ⓐ (2, 1) Ⓑ (0, 1) Ⓒ (3, – 1) Ⓓ (1, 2)

**Solve** Ⓓ $x + y = 3$ ..... (i) এবং $x - y = -1$ ..... (ii)

(i) + (ii) $\Rightarrow 2x = 2 \therefore x = 1$

এবং (i) – (ii) $\Rightarrow 2y = 4 \therefore y = 2$

02. নিচের কোনটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স?

Ⓐ $\begin{pmatrix}1 & -2\\ 3 & 4\end{pmatrix}$ Ⓑ $\begin{pmatrix}2 & -3\\ 1 & 2\end{pmatrix}$ Ⓒ $\begin{pmatrix}-2 & 3\\ 2 & 1\end{pmatrix}$ Ⓓ $\begin{pmatrix}2 & 3\\ 4 & 6\end{pmatrix}$

**Solve** Ⓓ Option Ⓓ হতে পাই, $\begin{vmatrix}2 & 3\\ 4 & 6\end{vmatrix} = 12 - 12 = 0$

$\therefore$ প্রশ্নে প্রদত্ত Ⓓ ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী।

03. $(a^2 - 3)x^2 + 3ax + (3a + 1) = 0$ সমীকরণের মূল দুইটি পরস্পর উল্টা হলে 'a' এর মান কত?

Ⓐ 1, – 4 Ⓑ – 1, – 4 Ⓒ – 1, 4 Ⓓ 1, 4

**Solve** Ⓒ প্রশ্নমতে, $a = c$

$\Rightarrow a^2 - 3 = 3a + 1$

$\Rightarrow a^2 - 3a - 4 = 0$

$\Rightarrow (a - 4)(a + 1) = 0$

$\therefore a = 4, -1$

04. $x = a, y = b, y = mx$ রেখা তিনটি যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল কোনটি?

Ⓐ $\frac{1}{2}(b - ma)^2$ Ⓑ $\frac{1}{2m}(b - ma)^2$

Ⓒ $\frac{1}{2m}(ma - b)$ Ⓓ $\frac{1}{2m}(b - ma)$

**Solve** Ⓑ $x = a \Rightarrow x + 0.y - a = 0$

$y = b \Rightarrow 0.x + y - b = 0$

$y = mx \Rightarrow mx - y + 0 = 0$

$\therefore D = \begin{vmatrix}1 & 0 & -a\\ 0 & 1 & -b\\ m & -1 & 0\end{vmatrix} = 1(-b) - a(-m) = -b + am$

$C_1 = -m, C_2 = 1, C_3 = 1$

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{D^2}{2C_1C_2C_3}$

$= \left|\frac{(-b + am)^2}{2(-m)(-1).1.}\right| = \frac{1}{2|m|}(b - am)^2$

05. $\lim\limits_{h\to 0}\frac{\ln(2 + h) - \ln 2}{h}$ এর মান কোনটি?

Ⓐ $\sqrt{e}$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ $e^2$ Ⓓ $\frac{1}{3}$

**Solve** Ⓑ $\lim\limits_{x\to 0}\frac{\ln(2 + h) - \ln 2}{h} = \frac{d}{dx}(\ln x)_{x=2}$

$= \left(\frac{1}{x}\right)_{x=2} = \frac{1}{2}$

06. (5, 6) বিন্দু হতে 4 একক দূরত্বে অবস্থিত বিন্দুর কোটি 6 হলে, ভুজ কত?

Ⓐ 9 অথবা 1 Ⓑ 1 অথবা 2 Ⓒ 9 অথবা 2 Ⓓ 7 অথবা 1

**Solve** Ⓐ ভুজ = x হলে বিন্দুটি ≡ (x, 6)

প্রশ্নমতে, $\sqrt{(x - 5)^2 + (6 - 6)^2} = 4$

$\Rightarrow (x - 5)^2 = 16 \Rightarrow x - 5 = \pm 4$

$\therefore x = 9, 1$

JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS ▪ JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**07.** $2x - y + 7 = 0$ এবং $3x - ay - 5 = 0$ রেখা দুইটি লম্ব হলে, 'a' এর মান কোনটি?

Ⓐ $-\frac{3}{2}$ Ⓑ $\frac{3}{2}$ Ⓒ $-6$ Ⓓ $6$

**Solve** $2 \times 3 + (-1) \times (-a) = 0 \Rightarrow 6 + a = 0 \therefore a = -6$

**08.** $y = \log \sin x^2$ হলে, $\frac{dy}{dx}$ এর মান কোনটি?

Ⓐ $2x\cot x^2$ Ⓑ $2x\cot x$ Ⓒ $\frac{1}{\sin x^2}$ Ⓓ $\frac{1}{\cos x^2}$

**Solve** $y = \log \sin x^2 \Rightarrow \frac{dy}{dx} = \frac{1}{\sin x^2} \times \cos x^2 \times 2x$
$= 2x \cot x^2$

**09.** $\frac{d}{dx}\left(\sqrt{\frac{1}{e^x}}\right) = ?$

Ⓐ $-\frac{1}{2}e^{-x}$ Ⓑ $\frac{1}{2}e^{-x}$ Ⓒ $\frac{1}{2}e^{x}$ Ⓓ $-\frac{1}{2}e^{x}$

**Solve** $\frac{d}{dx}\left(\sqrt{\frac{1}{e^x}}\right) = \frac{d}{dx}\left(e^{-\frac{x}{2}}\right) = -\frac{1}{2}e^{-\frac{x}{2}} = -\frac{1}{2\sqrt{e^x}}$

**10.** $\int \cos\frac{x}{2}\,dx = ?$

Ⓐ $2\cos\frac{x}{2}$ Ⓑ $2\sin\frac{x}{2}$ Ⓒ $2\sec\frac{x}{2}$ Ⓓ $2\operatorname{cosec}\frac{x}{2}$

**Solve** $\int \cos\frac{x}{2}\,dx = 2\sin\frac{x}{2} + c$

**11.** $17x^2 - 2xy + 17y^2 - 104x - 140y + 446 = 0$ বক্ররেখাটির জ্যামিতিক পরিচয় কী?

Ⓐ বৃত্ত Ⓑ পরাবৃত্ত Ⓒ অধিবৃত্ত Ⓓ উপবৃত্ত

**Solve** $a = 17, b = 17$ এবং $h = 1$
$\Rightarrow h^2 = 1$ এবং $ab = 17^2 = 289$
$\therefore h^2 < ab$ অর্থাৎ সমীকরণটি উপবৃত্ত।

**12.** $||-16 + 3| + |-1 - 4| - 3 - |-1 - 7||$ এর মান কত?

Ⓐ $-7$ Ⓑ $11$ Ⓒ $7$ Ⓓ $-11$

**Solve** $||-16 + 3| + |-1 - 4| - 3 - |-1 - 7||$
$= ||-13| + |-5| - 3 - |-8|| = |13 + 5 - 3 - 8|$
$= |18 - 3 - 8| = 7$

**13.** P এবং Q বল দুইটির মধ্যবর্তী কোণ $135°$ এবং এদের লব্ধি Q হলে, P ও Q এর মধ্যে সম্পর্ক কোনটি?

Ⓐ $P = \sqrt{2}Q$ Ⓑ $\sqrt{2}P = Q$ Ⓒ $P = 3Q$ Ⓓ $P = Q$

**Solve** প্রশ্নমতে, $Q^2 = P^2 + Q^2 + 2PQ\cos 135°$
$\Rightarrow 0 = P^2 + 2PQ\cos(180° - 45°)$
$\Rightarrow 0 = P^2 - 2PQ\cos 45° \Rightarrow P^2 = 2PQ.\frac{1}{\sqrt{2}} \therefore P = \sqrt{2}Q$

**14.** $f(x) = \sqrt{4 - x^2}$ ফাংশনটির ডোমেন ও রেঞ্জ যথাক্রমে —

Ⓐ $[-2, 2], [0, 2]$ Ⓑ $[-2, 2], (0, 2)$
Ⓒ $(-2, 2), [0, 2]$ Ⓓ $(-2, 2), (0, 2)$

**Solve** $f(x) = \sqrt{4 - x^2}$, ফাংশনটি সংজ্ঞায়িত হবে যখন,
$4 - x^2 \geq 0 \Rightarrow x^2 - 4 \leq 0 \Rightarrow x^2 \leq 4 \Rightarrow |x| \leq 2$
$\Rightarrow -2 \leq x \leq 2 \therefore$ ডোমেন $= [-2, 2]$
$x = 0, f(0) = 2$ এবং $x = 2, f(2) = 0$
$\therefore$ রেঞ্জ $= [0, 2]$

**15.** ${}^nP_4 = {}^nP_3$ হলে, 'n'-এর মান কত?

Ⓐ 7 Ⓑ 4 Ⓒ 2 Ⓓ 5

**Solve** ${}^nP_4 = {}^nP_3 \Rightarrow {}^nP_3(n - 4) = 0$
$\therefore n = 4 [\because {}^nP_3 \neq 0]$

**16.** $\log_x 1728 = 6$ হলে, 'x' এর মান কত?

Ⓐ $2\sqrt{3}$ Ⓑ $3\sqrt{2}$ Ⓒ $4\sqrt{3}$ Ⓓ $3\sqrt{3}$

**Solve** $\log_x 1728 = 6 \Rightarrow x^6 = 1728$
$\Rightarrow x^6 = (2\sqrt{3})^6 \therefore x = 2\sqrt{3}$

**17.** যদি ${}^nP_r = 336$ এবং ${}^nC_r = 56$ হয় তবে 'n' = ?

Ⓐ 3 Ⓑ 6 Ⓒ 8 Ⓓ 10

**Solve** $\frac{{}^nP_r}{{}^nC_r} = \frac{336}{56} \Rightarrow \frac{\lfloor r \cdot {}^nC_r}{{}^nC_r} = 6$
$\Rightarrow \lfloor r = \lfloor 3 \therefore r = 3$ এখন, ${}^nP_3 = 336 = {}^8P_3 \therefore n = 8$

**18.** দুটি ভেক্টর পরস্পর লম্ব হওয়ার শর্ত কি?

Ⓐ তাদের ডট গুণন শূন্য হয় Ⓑ তাদের ক্রস গুণন শূন্য হয়
Ⓒ তাদের ডট গুণন এক হয় Ⓓ তাদের ক্রস গুণন এক হয় Ⓐ

**19.** $\sin\theta\cos\theta = \frac{1}{4}$ হলে, $\theta$ এর মান কত?

Ⓐ $\frac{\pi}{3}$ Ⓑ $\frac{\pi}{6}$ Ⓒ $\frac{\pi}{12}$ Ⓓ $\frac{\pi}{16}$

**Solve** $\sin\theta\cos\theta = \frac{1}{4} \Rightarrow 2\sin\theta\cos\theta = \frac{1}{2}$
$\Rightarrow \sin 2\theta = \sin 30° \Rightarrow 2\theta = 30° \Rightarrow \theta = 15° = \frac{\pi}{12}$

**20.** $\cos 20° \cos 40° \cos 60° \cos 80°$ = কত?

Ⓐ $\frac{1}{8}$ Ⓑ $\frac{1}{4}$
Ⓒ $\frac{1}{12}$ Ⓓ $\frac{1}{16}$

**Solve** $\cos 20° \cos 40° \cos 60° \cos 80°$
$= \cos 80° \cos 40° \times \frac{1}{2} \times \cos 20°$
$= \frac{1}{4}.(2\cos 80° \cos 40°)\cos 20°$
$= \frac{1}{4}(\cos 120° + \cos 40°)\cos 20°$
$= \frac{1}{4}\left(-\frac{1}{2} + \cos 40°\right)\cos 20°$
$= \frac{1}{4}\left(-\frac{1}{2}\cos 20° + \cos 40° \cos 20°\right)$
$= \frac{1}{4}\left(-\frac{1}{2}\cos 20° + \frac{1}{2}\cos 60° + \frac{1}{2}\cos 20°\right)$
$= \frac{1}{8}\cos 60° = \frac{1}{8} \times \frac{1}{2} = \frac{1}{16}$

**21.** $\left(3x^2 - \frac{1}{2x}\right)^{10}$ এর বিস্তৃতিতে কত-তম পদটি মধ্যপদ?

Ⓐ 6 Ⓑ 8 Ⓒ 5 Ⓓ 7

**Solve** মধ্যপদ $= \left(\frac{10}{2} + 1\right) = (5 + 1)$ তম পদ $= 6$ তম পদ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**22. $3x + 4y = k$ রেখাটি $x^2 + y^2 = 10x$ বৃত্তকে স্পর্শ করলে, 'k' এর মান কোনটি?**

Ⓐ 40, – 10 Ⓑ 40, 10 Ⓒ – 40, 11 Ⓓ 25, – 6

**Solve** $x^2 + y^2 - 10x = 0$

$\therefore$ কেন্দ্র (5, 0) এবং ব্যাসার্ধ $= \sqrt{(-5)^2 + 0^2 - 0} = 5$

$\therefore \left|\frac{3.5 + 4.0 - k}{\sqrt{3^2 + 4^2}}\right| = 5 \Rightarrow \left|\frac{15 - k}{5}\right| = 5$

$\Rightarrow 15 - k = \pm 25$

$\therefore k = -10, 40$

**23. 1100110 দ্বিমিক সংখ্যাটির দশ ভিত্তিক রূপান্তরিত সংখ্যা কোনটি?**

Ⓐ 102 Ⓑ 69 Ⓒ 108 Ⓓ 78

**Solve** $1100110 = 2^6 + 2^5 + 2^2 + 2$

$= 64 + 32 + 4 + 2 = 102$

**24. একটি বস্তু ছাদ হতে মুক্তভাবে 4 সেকেন্ডে ভূমিতে পতিত হয়। শেষ 2 সেকেন্ডে বস্তুটি কত দূরত্ব অতিক্রম করল?**

Ⓐ 128 ফুট Ⓑ 16 ফুট Ⓒ 96 ফুট Ⓓ 192 ফুট

**Solve** উচ্চতা h হলে, $h = 0 \times 4 + \frac{1}{2} \times 32 \times 4^2 = 256$ ফুট


2 sec অতিক্রান্ত দূরত্ব, $h = 0 \times 2 + \frac{1}{2} \times 32 \times 2^2 = 64$ ফুট

$\therefore$ শেষ ২ সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $= 256 - 64 = 192$ ফুট

**25. এক ব্যক্তি স্রোতের $\sqrt{2}$ গুণ বেগে সাঁতার কাটতে পারে। যাত্রা স্থান হতে নদীর ঠিক বিপরীত পাড়ে পৌঁছতে হলে তাকে কোন দিকে সাঁতার দিতে হবে?**

Ⓐ 120° Ⓑ 135° Ⓒ 90° Ⓓ 45°

**Solve**




$\tan 90° = \frac{\sqrt{2}u \sin\alpha}{u + \sqrt{2}u \cos\alpha}$

$\Rightarrow u + \sqrt{2}u \cos\alpha = \frac{\sqrt{2}u \sin\alpha}{\tan 90°} = 0$

$\Rightarrow \cos\alpha = -\frac{u}{\sqrt{2}u} = -\frac{1}{\sqrt{2}} = \cos 135°$

$\therefore \alpha = 135°$

## জীববিজ্ঞান

**01. নিচের কোন উদ্ভিদে হাইডাথোড বিদ্যমান?**

Ⓐ শসা Ⓑ কচু Ⓒ বেগুন Ⓓ মরিচ

**Solve** পানির বহিঃষ্করণকারী ছিদ্রপথই হলো হাইডাথোড বা পানি-পত্ররন্ধ্র। ঘাস, কচু, টমেটো ইত্যাদি গাছে এ অঙ্গের অবস্থান জানা যায়। [Ref: হাসান]

**02. ICZN এর পূর্ণ নাম –**

Ⓐ Interntional Cooperation of Zoological Nomenclature
Ⓑ International Community of Zoological Nomenclature
Ⓒ International Commission on Zoological Nomenclature
Ⓓ International Committee on Zoological Nomenclature

**Solve** প্রাণীর নামকরণের নিয়মগুলো ICZN প্রণয়ন করে থাকে। ত্রিপদ নামকরণ ICZN কর্তৃক স্বীকৃত।

**03. "Diversity and Classification of Flowering Plants" বইটির লেখক কে?**

Ⓐ Carolus Linnaeus Ⓑ George Bentham
Ⓒ Theophrastus Ⓓ Armen Takhtajwan

**Solve**
- Enquiry into plants/Historia plantarum – থিয়োফ্রাস্টাস।
- Species Plantarum – ক্যারোলাস লিনিয়াস।
- Genera Plantarum – বেনথাম-হুকার।
- Diversity and Classification of Flowering Plants – Armen Takhtajwan [Ref: হাসান]

**04. পাটের আঁশ কোন জাতীয় টিস্যু?**

Ⓐ শীর্ষস্থ ভাজক টিস্যু Ⓑ পার্শ্বীয় ভাজক টিস্যু
Ⓒ সেকেন্ডারি জাইলেম টিস্যু Ⓓ সেকেন্ডারি ফ্লোয়েম টিস্যু

**Solve** সেকেন্ডারি ফ্লোয়েমে অবস্থিত ফাইবারকে বাস্ট ফাইবার বলা হয়। পাটের আঁশ বাস্ট ফাইবার। [Ref: হাসান]

**05. চক্রীয় ফটোফসফোরাইলেশনের এক চক্রে কয়টি ATP তৈরি হয়?**

Ⓐ ১ (এক) Ⓑ ২ (দুই) Ⓒ ৩ (তিন) Ⓓ ৮ (আট)

**Solve** চক্রীয় ফটোফসফোরাইলেশন এর বৈশিষ্ট্য:
১. এটি সালোকসংশ্লেষণের আলোকনির্ভর অধ্যায়ের অপ্রধান প্রক্রিয়া।
২. এটি একটি আলোক রাসায়নিক প্রক্রিয়া।
৩. এতে কেবল ফটোসিস্টেম-1 (PS - I) অংশগ্রহণ করে।
৪. এতে ETS এর চক্রাকারে শক্তির প্রবাহ ঘটে।
৫. এটি কেবল ATP (১ চক্রে এক অণু ATP) উৎপন্ন করে। [Ref: অনীম]

**06. ধান কোন প্রকৃতির ফল?**

Ⓐ ক্যাপসিউল Ⓑ বেরি Ⓒ সাইজোকার্প Ⓓ ক্যারিঅপসিস

**Solve** **ক্যারিঅপসিস (Caryopsis) ফল :** এটি অবিদারী ফল। ফল একপ্রকোষ্ঠবিশিষ্ট, এটি একটি বীজযুক্ত এবং ফলত্বক ও বীজত্বক পরস্পর যুক্ত থাকে। যেমন : ধান, গম ও ভুট্টাদানা ইত্যাদি। [Ref: মাজেদা]

**07. Jelly fish কোন পর্বভুক্ত প্রাণী?**

Ⓐ Annelida Ⓑ Cnidaria Ⓒ Porifera Ⓓ Arthropoda

**Solve** জেলিফিশ, Cnidaria পর্বের মুক্ত সাঁতারু সদস্য। গোল থকথকে জেলির মতো প্রাণিগুলো সমুদ্রের উপকূলে দেখা যায়। [Ref: আজমল]

**08. হিমোসিল কোন প্রাণীতে দেখা যায়?**

Ⓐ ঘাসফড়িং Ⓑ টিকটিকি Ⓒ পাখি Ⓓ মানুষ

**Solve** ঘাসফড়িং এর রক্ত সংবহনতন্ত্র অনুন্নত ও মুক্ত ধরনের এবং তিনটি প্রধান অংশে বিভক্ত। যথা: হিমোসিল, হিমোলিম্ফ ও পৃষ্ঠীয় বাহিকা। [Ref: আজমল]

**09. ইনসুলিন নিঃসরণকারী গ্রন্থির নাম হলো–**

Ⓐ যকৃৎ Ⓑ অগ্ন্যাশয়
Ⓒ প্লিহা Ⓓ আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স

**Solve** ইনসুলিন নিঃসরণকারী গ্রন্থি হলো অগ্ন্যাশয় এবং এটি আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্সের বিটা কোষ (β cell) থেকে ক্ষরিত হয়। [Ref: আজমল]

**10. রক্তের pH নির্ভর করে যার উপর–**

Ⓐ অ্যান্টিজেন Ⓑ বাফার Ⓒ রক্তের গ্রুপ Ⓓ অ্যান্টিবডি

**Solve** পিএইচ (pH) হচ্ছে হাইড্রোজেন আয়ন ঘনত্বের একটি পরিমাপক। কিছু রাসায়নিক পদার্থ দ্রবণে pH এর পরিবর্তনকে প্রতিহত করতে সক্ষম। এসব পদার্থকে বলে বাফার (buffers)। রক্তের প্লাজমার স্বাভাবিক pH হচ্ছে 7.4। [Ref: আজমল]

**11. কোন রক্ত গ্রুপের মানুষের সংখ্যা সবচেয়ে বেশি?**

Ⓐ A Ⓑ B Ⓒ AB Ⓓ O

**Solve** O শ্রেণির রক্তে কোনো অ্যান্টিজেন থাকে না। মানব জাতির প্রায় 37% ব্যক্তি O রক্তগ্রুপের অধিকারী।

**12. আমিষ পরিপাককারী এনজাইম কোনটি?**

Ⓐ ট্রিপসিন Ⓑ মল্টেজ Ⓒ সুক্রেজ Ⓓ লাইপেজ

**Solve** • ট্রিপসিন – আমিষ পরিপাককারী এনজাইম।
• মল্টেজ + সুক্রেজ-কার্বোহাইড্রেট পরিপাককারী এনজাইম।
• লাইপেজ – চর্বি (লিপিড) পরিপাককারী এনজাইম। [Ref: আজমল]

**13. প্রোটিন সংশ্লেষণের জন্য নিচের কোনটি প্রযোজ্য?**

Ⓐ Ribosome + mRNA + tRNA
Ⓑ Mitochondria + Cristae + ETS
Ⓒ Choloroplast + Thylakoid + Granum
Ⓓ Lysozyme + Enzyme + Granule

**Solve** • নিউক্লিক অ্যাসিড থেকে পলিপেপ্টাইড (তথা প্রোটিন) তৈরি করা হলো ট্রান্সলেশন।
• প্রোটিন সংশ্লেষণের জন্য প্রয়োজনীয় উপাদান Ribosome, mRNA এবং tRNA। [Ref: হাসান]

**14. কোনটি সিনোসাইটিক শৈবালের উদাহরণ?**

Ⓐ *Ulothrix* Ⓑ *Botrydium* Ⓒ *Nostoc* Ⓓ *Polysiphonia*

**Solve** কোনো কোনো শৈবালের দেহ নলাকার, শাখান্বিত, প্রস্থ প্রাচীরবিহীন এবং কোষে বহু নিউক্লিয়াস যুক্ত থাকে। এরূপ শৈবাল দেহকে সিনোসাইটিক (coenocytic) শৈবাল বলে। যেমন : *Vaucheria, Botrydium* ইত্যাদি। [Ref: হাসান]

**15. DNA প্রতিলিপনের ক্ষেত্রে অত্যাবশ্যকীয় এনজাইম হলো–**

Ⓐ Restriction endonuclease Ⓑ Polymerase
Ⓒ Amylase Ⓓ Phosphorylase

**Solve** DNA অণুর রেপ্লিকেশনের জন্য প্রয়োজনীয় এনজাইম ও সহযোগী প্রোটিনকে একত্রে বলা হয় রেপ্লিকেশন কমপ্লেক্স বা রেপ্লিসোম (Replication complex or replisome)। রেপ্লিসোমের প্রধান এনজাইম হলো DNA পলিমারেজ। [Ref: হাসান]

**16. *Pteris* এর গ্যামিটোফাইটকে বলা হয়–**

Ⓐ গ্যামিটোফোর Ⓑ স্টোমিয়াম Ⓒ প্রোথ্যালাস Ⓓ প্রোটোনেমা

**Solve** *Pteris* এর গ্যামিটোফাইটকে বলা হয় প্রোথ্যালাস (prothallus)। এটি সবুজ বর্ণের, বহুকোষী, স্বতন্ত্র ও স্বভোজী। প্রোথ্যালাস উভলিঙ্গ অর্থাৎ, একই দেহে পুং ও স্ত্রী জনন অঙ্গ অবস্থান করে। [Ref: হাসান]

**17. প্লাজমিড কে আবিষ্কার করেন?**

Ⓐ Altman Ⓑ Porter Ⓒ Kolliker Ⓓ Lederberg

**Solve** ব্যাকটেরিয়ার সাইটোপ্লাজমে মূল ক্রোমোসোম ছাড়াও যে বৃত্তাকার দ্বিসূত্রক DNA অণু থাকে তাকে প্লাসমিড বলে। Laderberg (1952) *E.coli* ব্যাকটেরিয়া কোষে সর্বপ্রথম প্লাজমিডের সন্ধান পান। [Ref: আলীম]

**18. জেনেটিক্যালি রূপান্তরিত বিটি বেগুনে কোন ব্যাকটেরিয়ার জিন সংযোজন করা হয়েছে?**

Ⓐ *Bacillus subtilis* Ⓑ *Lactobacillus vulgaris*
Ⓒ *Bacillus thuringiensis* Ⓓ *Agrobacterium tumefaciens*

**Solve** *Bacillus thuringiensis* নামক একটি সয়েল ব্যাকটেরিয়া থেকে ক্রিস্টাল প্রোটিন জিন (Cryl Ac) বেগুনের জিনোম অন্তর্ভুক্ত করে উৎপন্ন বেগুনের নাম দেওয়া হয়েছে Bt-বেগুন। [Ref: হাসান]

**19. মেরিস্টেম কালচারের উদ্দেশ্য হলো–**

Ⓐ বিলুপ্তপ্রায় উদ্ভিদ সংরক্ষণ Ⓑ রোগমুক্ত চারা উৎপাদন
Ⓒ হ্যাপ্লয়েড উদ্ভিদ উৎপাদন Ⓓ উন্নতজাত উদ্ভাবন

**Solve** টিস্যু কালচার প্রযুক্তিতে মেরিস্টেম কালচার করে রোগমুক্ত চারাগাছ তৈরি করা যায়। টম্যাটো, আনারস, আলু, আখ প্রভৃতির রোগমুক্ত সবল চারা উৎপাদন সম্ভব হয়েছে। [Ref: মাজেদা]

**20. টিকা উৎপাদন করা যায় কোন প্রযুক্তির মাধ্যমে?**

Ⓐ জৈব প্রযুক্তি Ⓑ টিস্যু কালচার
Ⓒ হাইব্রিডাইজেশন Ⓓ মিউটেশন

**Solve** জীবপ্রযুক্তির মাধ্যমে বাণিজ্যিকভাবে প্রচুর ভ্যাকসিন উৎপাদন করা হচ্ছে যা গুটিবসন্ত, জলাতঙ্ক, কলেরা, যক্ষ্মা, মাম্পস, হাম, হেপাটাইটিস বি প্রভৃতি রোগের চিকিৎসায় ব্যবহৃত হচ্ছে। [Ref: মাজেদা]

**21. 'লুপ অব হেনলি' শরীরের নিম্নলিখিত কোন অঙ্গের অংশ?**

Ⓐ যকৃৎ Ⓑ প্লিহা Ⓒ বৃক্ক Ⓓ হৃৎপিণ্ড

**Solve** ১৮৪২ খ্রিস্টাব্দে স্যার উইলিয়াম বোম্যান (Sir William Bowman) প্রথম বৃক্কের সূক্ষ্ম গঠনের সঠিক বর্ণনা দিয়েছেন। তাঁর মতে প্রত্যেক নেফ্রন ২টি প্রধান অংশে বিভক্ত। যথা : রেনাল করপাসল এবং বৃক্কীয় নালিকা বা রেনাল টিউবিউলস। যথা :

**ক. রেনাল করপাসল (Renal corpuscle) :**
i. বোম্যানস ক্যাপসুল।
ii. গ্লোমেরুলাস।

**খ. বৃক্কীয় নালিকা বা রেনাল টিউবিউলস (Renal tubules) :**
i. নিকটবর্তী বা প্রক্সিমাল প্যাঁচানো নালিকা।
ii. নেফ্রন ফাঁস বা হেনলির লুপ।
iii. দূরবর্তী বা ডিস্টাল প্যাঁচানো নালিকা। [Ref: আজমল]

**22. নিচের কোন হরমোন রক্তে সোডিয়ামের মাত্রা নিয়ন্ত্রণ করে?**

Ⓐ অ্যালডোস্টেরন Ⓑ অ্যানজিওটেনসিন
Ⓒ রেনিন Ⓓ ভেসোপ্রেসিন

**Solve** অ্যাড্রিনাল গ্রন্থির কর্টেক্স অঞ্চল থেকে নিঃসৃত অ্যালডোস্টেরন (aldosterone) রক্তের প্লাজমায় সোডিয়াম আয়নের ($Na^+$) পরিমাণ নিয়ন্ত্রণ করে। এই হরমোনটি পানির পুনঃশোষণও প্রভাবিত করে। [Ref: মাজেদা]

**23. মস্তিষ্কের বিকাশের জন্য কোনটি একান্ত প্রয়োজন?**

Ⓐ গ্লুকোজ Ⓑ মল্টোজ Ⓒ গ্যালাকটোজ Ⓓ ল্যাকটোজ

**Solve** গ্যালাকটোজকে Brain Sugar বলা হয়। মস্তিষ্কের বিকাশের জন্য এটি একান্ত প্রয়োজন। ম্যাল্টোজ একটি বিজারণক্ষম চিনি।

**24. সামাজিক আচরণ প্রদর্শনকারী প্রাণী কোনটি?**

Ⓐ বাবুই পাখি Ⓑ কুকুর Ⓒ ব্যাঙ Ⓓ মৌমাছি

**Solve** মৌমাছি সামাজিক প্রাণী। একেকটি বড় পরিবার গড়ে বসতবদ্ধ হয়ে মৌচাকে বাস করে। প্রত্যেকটি কলোনিতে মৌমাছির এই সম্প্রদায়ভুক্ত সদস্যরা সম্মিলিতভাবে সামাজিক উন্নয়নে নিরলস কাজ করে চলে। [Ref: আজমল]

**25. কোনটি বার্ড ফ্লু ভাইরাস?**

Ⓐ $H_5N_1$ Ⓑ $B_3N_3$ Ⓒ $B_5F_1$ Ⓓ $B_4F_2$

**Solve** **বার্ড ফ্লু (Avian Flu) :** Avian Influenza Virus (AIV) দ্বারা এ রোগ সৃষ্টি হয়। Influenza Virus এর Subtype $H_5N_1$ ($H_5N_1$ = Hemaglutinin type-5 and Neuraminidase type-1) এর কারণে এ রোগ হয়। [Ref: মাজেদা]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part-1 : হুবহু প্রশ্ন (সকল প্রশ্নের নির্ভুল উত্তর, সঠিক ব্যাখ্যা ও প্রশ্ন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ তথ্য)

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা : ২০২০-২১; A-ইউনিট

প্রশ্নটি বিষয় ও অধ্যায়ভিত্তিক দেখো Part-2 তে

## বাংলা

**01. সৈয়দ ওয়ালীউল্লাহ'র মৃত্যু হয়–**
Ⓐ ১৯৭০-এর ৪ নভেম্বর Ⓑ ১৯৭০-এর ৫ অক্টোবর
Ⓒ ১৯৭১-এর ১৫ সেপ্টেম্বর Ⓓ ১৯৭১-এর ১০ অক্টোবর
**Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ্ ১৫ আগস্ট ১৯২২ খ্রিষ্টাব্দে চট্টগ্রামের ষোলশহরে জন্মগ্রহণ করেন। তিনি ১০ অক্টোবর ১৯৭১ খ্রিষ্টাব্দে ফ্রান্সের প্যারিসে মারা যান।

**02. 'কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি/দক্ষিণ দুয়ার গেছে খুলি?' কোন কবিতার চরণ?**
Ⓐ ঐকতান Ⓑ তাহারেই পড়ে মনে
Ⓒ লোক-লোকান্তর Ⓓ এই পৃথিবীতে এক স্থান আছে
**Solve** পঙ্‌ক্তিটি সুফিয়া কামাল রচিত 'তাহারেই পড়ে মনে' কবিতার। কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়।

**03. 'সুধীর' শব্দটিতে 'সু' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
Ⓐ নিশ্চয় Ⓑ আতিশয্য Ⓒ উত্তম Ⓓ বিশেষরূপে
**Solve** তৎসম 'সু' উপসর্গের কতিপয় ব্যবহার :

| | |
|---|---|
| উত্তম অর্থে | সুকণ্ঠ, সুকৃতি, সুচরিত্র, সুপ্রিয়, সুনীল। |
| সহজ অর্থে | সুগম, সুসাধ্য, সুলভ। |
| আতিশয্য অর্থে | সুচতুর, সুকঠিন, সুধীর, সুনিপুণ, সুতীক্ষ্ণ। |

**04. মোহাম্মদী বেগ কত টাকার বিনিময়ে সিরাজউদ্দৌলাকে হত্যা করে?**
Ⓐ ১০,০০০ Ⓑ ৮,০০০ Ⓒ ৭,০০০ Ⓓ ৫,০০০
**Solve** সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের নীচাশয় কৃতঘ্ন ও খুনি চরিত্র মোহাম্মদী বেগ। সে মিরনের আহ্বানে মাত্র ১০,০০০ টাকার বিনিময়ে সিরাজউদ্দৌলাকে হত্যা করে।

**05. 'গজানন' কোন সমাস?**
Ⓐ বহুব্রীহি Ⓑ তৎপুরুষ Ⓒ কর্মধারয় Ⓓ দ্বন্দ্ব
**Solve** যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায় তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : গজের ন্যায় আনন যার = গজানন।

**06. কবি দিলওয়ারের প্রকৃত নাম কী?**
Ⓐ মোহাম্মদ দিলওয়ার Ⓑ দিলওয়ার খান
Ⓒ দিলওয়ার চৌধুরী Ⓓ দিলওয়ার হোসেন
**Solve** কবি দিলওয়ার-এর প্রকৃত নাম দিলওয়ার খান। সংক্ষিপ্ত নাম দিলওয়ার। তিনি সাধারণ্যে পরিচিত গণমানুষের কবি হিসেবে।

**07. 'ণ-ত্ব বিধান' কোন ধরনের শব্দের ক্ষেত্রে প্রযোজ্য?**
Ⓐ তৎসম Ⓑ খাঁটি বাংলা Ⓒ দেশি Ⓓ তদ্ভব
**Solve** বাংলা ভাষায় বহু তৎসম বা সংস্কৃত শব্দে মূর্ধন্য-ণ এবং দন্ত্য-ন এর ব্যবহার আছে। তা বাংলায় অবিকৃতভাবে রক্ষিত হয়। তৎসম শব্দের বানানে ণ-এর ব্যবহারের নিয়মই ণত্ব বিধান।

**08. 'নৈয়ায়িক' শব্দের অর্থ কী?**
Ⓐ ধর্মশাস্ত্রে পণ্ডিত ব্যক্তি Ⓑ ন্যায়শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি
Ⓒ আইনশাস্ত্রে পণ্ডিত ব্যক্তি Ⓓ ব্যাকরণশাস্ত্রে পণ্ডিত ব্যক্তি
**Solve** কতিপয় এককথায় প্রকাশ : দান করার ইচ্ছা = দিৎসা, যে গাছ ফল পাকলে মারা যায় = ওষধি, যে আকৃষ্ট হচ্ছে = কৃষ্যমাণ, হরেক রকম বলে যে = হরবোলা, যে মেয়ের বিয়ে হয়নি = অনূঢ়া।

**09. কবি জীবনানন্দ দাশের মায়ের নাম কী?**
Ⓐ কুঙ্কুম দাশ Ⓑ কুসুমলতা দাশ Ⓒ কুসুমকুমারী দাশ Ⓓ কুমকুম দাশ
**Solve** আধুনিক বাংলা কাব্যের শ্রেষ্ঠ কবি জীবনানন্দ দাশের মা কুসুমকুমারী দাশও একজন কবি ছিলেন। 'আদর্শ ছেলে' তাঁর বিখ্যাত কবিতা।

**10. 'সুলতানার স্বপ্ন' কোন ধরনের রচনা?**
Ⓐ কাব্য Ⓑ প্রবন্ধ Ⓒ ছোটগল্প Ⓓ উপন্যাস
**Solve** নারী জাগরণের অগ্রদূত রোকেয়া সাখাওয়াত হোসেনের সুলতানার স্বপ্ন, পদ্মরাগ, SULTANA'S DREAM (ইংরেজি রচনা) উপন্যাস। 'মতিচূর, অবরোধবাসিনী'– তাঁর বিখ্যাত গদ্যগ্রন্থ।

## English

**01. The expression 'take into account' means ——?**
Ⓐ counting numbers Ⓑ to consider
Ⓒ to assess Ⓓ to think seriously
**Explanation** Take into account- বিবেচনায় নেওয়া (Consider).

**02. All that glitters —— not glod.**
Ⓐ are Ⓑ were Ⓒ make Ⓓ is
**Explanation** এটি একটি Proverb যার অর্থ 'চকচক করলেই সোনা হয় না'।

**03. The correct sentence is ——.**
Ⓐ She took pictures and, I did so.
Ⓑ She took pictures and, I did also.
Ⓒ She took pictures, and so I did.
Ⓓ She took pictures, and so did I.
**Explanation** Affirmative agreement - এর ক্ষেত্রে সাধারণত দুটি structure ব্যবহৃত হয়। যথা- (1) মূল বাক্য + and + so + auxiliary verb + subject. (2) মূল বাক্য + and + subject + auxiliary verb + too/also. উল্লেখ্য, মূল বাক্যের Tense অনুযায়ী auxiliary verb বিভিন্ন subject অনুযায়ী পরিবর্তিত হবে।

**04. The antonym of 'obnoxious' is ——.**
Ⓐ very dangerous Ⓑ very unpleasant
Ⓒ very obedient Ⓓ very pleasant
**Explanation** Obnoxious- নোংরা, অত্যন্ত আপত্তিকর, সুখকর নয় এমন।

**05. During Covd-19 pandemic, quite a few students are not —— their studies.**
Ⓐ interested at and devoted for Ⓑ interested in and devoted to
Ⓒ interested about and devoted in Ⓓ interested for and devoted at
**Explanation** Interested in - আগ্রহী, devoted to - অনুরক্ত।

**06. People all over the world are starving ——.**
Ⓐ greater in numbers Ⓑ in more numbers
Ⓒ in greater numbers Ⓓ more in numbers
**Explanation** In greater numbers- অধিক সংখ্যায় (আগের তুলনায়)।

**07. His reply was not only prompt —— complete.**
Ⓐ but Ⓑ as well as Ⓒ but also Ⓓ neighter
**Explanation** Not only + adjective/noun/verb + but also.

**08. One of the common —— that girls are pursuing their higher studies now.**
Ⓐ phenomenon is Ⓑ phenomena is
Ⓒ phenomena are Ⓓ phenomenos are
**Explanation** One of the + plural noun + singular verb. উল্লেখ্য, phenomenon -এর plural form 'phenomena'.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

09. —— we approached the house, we heard the sound of music.
Ⓐ Though Ⓑ Then Ⓒ When Ⓓ Because

Solve When we approached the house অর্থ যখন আমরা বাড়ির নৌছলাম; We heard the sound of music অর্থ মিউজিকের শব্দ শুনতে পেলাম।

10. 'Look down upon' means —.
Ⓐ love Ⓑ hate Ⓒ respect Ⓓ neglect

Solve Look down upon- ঘৃণা করা তার অর্থাৎ কাউকে উপেক্ষা/অবহেলা করা (neglect)।

11. The naughty boy talks as if he —.
Ⓐ knows everything Ⓑ know everything
Ⓒ knew everything Ⓓ had known everything

Solve As if/though অর্থ যেন, সাধারণত unreal meaning প্রকাশ করতে এটি ব্যবহৃত হয়। As if/as though সম্পর্কিত দুটি গুরুত্বপূর্ণ structure- (1) present indefinite + as if/though + past indefinite [be verb হলে were]
(2) past indefinite + as if/though + past perfect.

12. The synonym of 'pamphlet' is —.
Ⓐ opening Ⓑ censor Ⓒ poster Ⓓ brochure

Solve Pamphlet - অর্থ পুস্তিকা/ছোট পুস্তক (brochure)।

13. The girls —— reprimanded for roller-skating —— the road.
Ⓐ are ... up Ⓑ were ... on
Ⓒ was ... around Ⓓ is ... along

Solve Reprimand - কাউকে তিরস্কার করা, on the road - রাস্তায়। অর্থাৎ রাস্তায় রোলার স্কেটিং করার দোষে তিরস্কৃত হলো।

14. The girl takes —— her mother.
Ⓐ after Ⓑ about Ⓒ to Ⓓ on

Solve Take after - সদৃশ হওয়া, দেখতে একই রকম হওয়া।

15. Did he know ——?
Ⓐ when Mr. Khan will arrive at the airport
Ⓑ when Mr. Khan would arrive at the airport
Ⓒ when will Mr. Khan arrive at the airport
Ⓓ when Mr. Khan would arrive at the airport

Solve Principal clause -এ verb past indefinite হলে subordinate clause -এর ব্যবহৃত will/shall পরিবর্তিত হয়ে would হয়।

## পদার্থবিজ্ঞান

01. 1 a.m.u = ?
Ⓐ $9.30 \times 10^8$ eV Ⓑ $9.32 \times 10^8$ eV
Ⓒ $9.35 \times 10^8$ eV Ⓓ $9.38 \times 10^8$ eV

Solve $E = mc^2 = 1.67 \times 10^{-27} \times (3 \times 10^8)^2$
$= 1.503 \times 10^{-10}$ J $= 9.39 \times 10^8$ eV [$1eV = 1.6 \times 10^{-19}$ J]

02. একটি হাইড্রোজেন গ্যাসের মোল যদি দ্বিগুণ করা হয় তাহলে এর গতিশক্তি কতগুণ হবে?
Ⓐ 2 গুণ Ⓑ 8 গুণ Ⓒ 4 গুণ Ⓓ 16 গুণ

Solve $E_2 = n^2E_1 = (2)^2 E_1 = 4E_1$

03. 1 cal তাপ সম্পূর্ণরূপে কাজে রূপান্তরিত হতে কি পরিমাণ কাজ সম্পন্ন হয়?
Ⓐ 1 J Ⓑ 2.4 J Ⓒ 4.2 J Ⓓ 4.8 J

Solve 1 cal = 4.2 J; আবার, 1J = 0.24 cal

04. নিচের কোন সম্পর্কটি ঠিক?
Ⓐ $\vec{L} = \vec{r} \times \vec{F}$ Ⓑ $\vec{L} = \vec{F} \times \vec{r}$
Ⓒ $\vec{L} = \vec{r} \times \vec{P}$ Ⓓ $\vec{L} = \vec{P} \times \vec{r}$

05. একটি অপরিবাহীর তাপমাত্রা বাড়ানো হলে এর তড়িৎ পরিবাহিতা কি হবে?
Ⓐ বাড়বে Ⓑ অপরিবর্তিত থাকবে
Ⓒ কমবে Ⓓ প্রথমে কমবে পরে বাড়বে

Solve একটি নির্দিষ্ট তাপমাত্রা পর্যন্ত অপরিবাহীর তাপমাত্রা এর রোধ কমতে থাকে। অর্থাৎ তড়িৎ পরিবাহিতা বাড়ে।

06. 300 K তাপমাত্রায় একটি আদর্শ গ্যাসের গতিশক্তি কত?
Ⓐ 3500 J Ⓑ 3741 J Ⓒ 3650 J Ⓓ 3845 J

Solve $E_k = \frac{3}{2}RT = \left(\frac{3}{2} \times 8.34 \times 300\right)$
$= 3741$ J

07. যদি G = গ্যালভানোমিটার স্কেল এবং S = শান্ট রোধ হয় তবে শান্ট কত হবে?
Ⓐ $\frac{S}{G+S}$ Ⓑ $\frac{G+S}{S}$ Ⓒ $\frac{G}{G+S}$ Ⓓ $\frac{G+S}{G}$

Solve $\frac{G+S}{S}$ কে শান্টের গুণক বলা হয়। গ্যালভানোমিটার কুণ্ডলকে যে রাশি দিয়ে গুণ করলে মূল প্রবাহ পাওয়া যায় তাকে শান্টের গুণক বলে। অর্থাৎ $I\frac{G+S}{S}I_g$

08. গ্যাসের গড় মুক্তপথ এবং তাপমাত্রার মধ্যে সম্পর্ক কি?
Ⓐ $\lambda \propto T$ Ⓑ $\lambda \propto \frac{1}{T}$ Ⓒ $\lambda \propto \frac{1}{T^2}$ Ⓓ $\lambda \propto \frac{1}{\sqrt{T}}$

09. X-ray এর তরঙ্গদৈর্ঘ্য 3 Å হলে কম্পাঙ্ক কত?
Ⓐ $10^{15}$ Hz Ⓑ $10^{16}$ Hz Ⓒ $10^{18}$ Hz Ⓓ $10^{23}$ Hz

Solve $f = \frac{c}{\lambda} = \frac{3 \times 10^8}{3 \times 10^{-10}} = 10^{18}$ Hz

10. যদি $\vec{C} = \vec{A} \times \vec{B}$ এবং $\vec{D} = \vec{B} \times \vec{A}$ তবে $\vec{C}$ এবং $\vec{D}$ এর মধ্যবর্তী কোণ কত?
Ⓐ 90° Ⓑ 0° Ⓒ 180° Ⓓ 45°

Solve $\vec{C} = \vec{A} \times \vec{B} \Rightarrow \vec{C} = -(\vec{B} \times \vec{A}) \Rightarrow \vec{C} = -\vec{D}$

11. টর্কের মাত্রা কোনটি?
Ⓐ $[ML^2T^{-2}]$ Ⓑ $[MLT^{-2}]$ Ⓒ $[ML^{-1}T^{-2}]$ Ⓓ $[ML^2T^{-1}]$

Solve টর্ক, $\tau = \vec{r} \times \vec{F} = L \times MLT^{-2} = [ML^2T^{-2}]$

12. জড়তার ভ্রামকের একক কি?
Ⓐ $kgm^{-2}$ Ⓑ kgm Ⓒ $kgm^{-1}$ Ⓓ $kgm^2$

Solve জড়তার ভ্রামক, $I = mr^2 = kgm^2$

13. একটি তরঙ্গের দুই বিন্দুর মধ্যবর্তী দশা পার্থক্য $2\pi$ হলে পথ পার্থক্য কত?
Ⓐ $\frac{\lambda}{4}$ Ⓑ $\frac{\lambda}{2}$ Ⓒ $\lambda$ Ⓓ $2\lambda$

Solve দশা পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য
$\Rightarrow 2\pi = \frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য $\Rightarrow$ পথ পার্থক্য $= \lambda$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

4. একটি সেকেন্ড দোলকের কার্যকরী দৈর্ঘ্য কত?

Ⓐ 0.248 m Ⓑ 0.994 m Ⓒ 0.252 m Ⓓ 9.81 m

**Solve** (B) $T = 2\pi\sqrt{\frac{L}{g}} \Rightarrow \sqrt{\frac{L}{g}} = \frac{2}{2\pi}$

$\Rightarrow L = 0.993$ m

5. একটি প্রাসের সর্বোচ্চ উচ্চতার সমীকরণ কোনটি?

Ⓐ $H = \frac{v_0^2 \sin\theta}{2g}$ Ⓑ $H = \frac{v_0^2 \sin^2\theta}{2g}$

Ⓒ $H = \frac{2v_0^2}{g}$ Ⓓ $H = \frac{v_0 \cos\theta}{g}$ Ans (B)

6. এক কুলম্ব আধানের জন্য কতগুলো ইলেকট্রনের প্রয়োজন?

Ⓐ $6.02 \times 10^{23}$ Ⓑ $1.6 \times 10^{19}$ Ⓒ $6.24 \times 10^{18}$ Ⓓ $9 \times 10^{16}$

**Solve** (C) ইলেকট্রন সংখ্যা $= \frac{1}{1.6 \times 10^{-19}} = 6.25 \times 10^{18}$ টি

7. পালসার হচ্ছে –

Ⓐ কৃষ্ণ গহ্বর Ⓑ শ্বেত বামন Ⓒ নিউট্রন তারকা Ⓓ সুপারনোভা

**Solve** (C) ঘূর্ণায়মান নিউট্রন তারকাকেই পালসার বলা হয়। পালসার একটি নির্দিষ্ট সময় পর পর নির্দিষ্ট কম্পাঙ্কের রেডিও পালস প্রেরণ করে।

18. পৃথিবীর পৃষ্ঠ থেকে একটি বস্তুর মুক্তিবেগ কত?

Ⓐ 11.2 $ms^{-1}$ Ⓑ 1120 $ms^{-1}$ Ⓒ 11.2 $kms^{-1}$ Ⓓ 112 $kms^{-1}$

**Solve** (C) সর্বাপেক্ষা কম যে বেগে কোনো বস্তুকে ওপরের দিকে নিক্ষেপ করা হলে বস্তুটি পৃথিবীতে আর ফিরে না আসে তাকে মুক্তিবেগ বলে। মুক্তিবেগ বস্তুর ভরের ওপর নির্ভর করে না। পৃথিবীর মুক্তিবেগের মান 11.2 $kms^{-1}$.

19. 10 kg ভরের দুটি বলের মধ্যবর্তী অভিকর্ষজ বলের মান কত?

Ⓐ $6.67 \times 10^{-7}$ N Ⓑ $6.67 \times 10^{-10}$ N

Ⓒ $6.67 \times 10^{-9}$ N Ⓓ $6.67 \times 10^{-5}$ N

**Solve** (–) প্রশ্নটি অসম্পূর্ণ। কারণ, বল দুটির মধ্যবর্তী দূরত্ব দেয়া হয় নি। মধ্যবর্তী দূরত্ব 1 m ধরলে উত্তর হবে Ⓒ।

20. নিম্নের কোনটি অ্যাম্পিয়ারের সূত্র?

Ⓐ $\oint \underline{B}.d\underline{l} = \mu_0 i$ Ⓑ $\underline{\nabla}.\underline{B} = 0$

Ⓒ $\underline{B} = \mu\underline{H}$ Ⓓ $\oint \underline{B} \times d\underline{l} = \mu_0 i$ Ans (A)

21. আলোকের কোন ঘটনার জন্য রংধনুর সৃষ্টি হয়?

Ⓐ ব্যতিচার Ⓑ অপবর্তন Ⓒ বিচ্ছুরণ Ⓓ সমবর্তন Ans (C)

22. আড় তরঙ্গ কোনটি?

Ⓐ আলো তরঙ্গ Ⓑ স্প্রিং তরঙ্গ Ⓒ পানি তরঙ্গ Ⓓ শব্দ তরঙ্গ

**Solve** (A) যে তরঙ্গ মাধ্যমের কণাগুলো স্পন্দনের দিকের সাথে সমকোণে অগ্রসর হয় তাকে আড় তরঙ্গ বলে। যেমন আলোক তরঙ্গ, পানি তরঙ্গ ইত্যাদি।

23. একটি পূর্ণ চক্রের জন্য গড় বিবর্তিত বিদ্যুৎ এর মান কত?

Ⓐ 0 Ⓑ $\frac{1}{\sqrt{2}} i_{peak}$ Ⓒ $\frac{1}{2} i_{peak}$ Ⓓ 1.11 Ans (A)

24. বৈদ্যুতিক ফ্যান গঠনে কোন সূত্রের প্রয়োগ হয়েছে?

Ⓐ বাইওট-সেভার্ট সূত্র Ⓑ ফ্যারাডের সূত্র

Ⓒ গাউসের সূত্র Ⓓ ওহমের সূত্র Ans (B)

25. $i = \sin \omega t$ এর জন্য সর্বোচ্চ কারেন্ট?

Ⓐ 0.5 A Ⓑ 1 A Ⓒ 1.5 A Ⓓ 2 A

**Solve** (B) $i = \sin \omega t$ সমীকরণটিকে $i = i_0 \sin \omega t$ সমীকরণের সাথে তুলনা করে পাই $i_0 = 1$ A

## রসায়ন

01. PVC উৎপাদনের কাঁচামাল কোনটি?

Ⓐ ইথেন Ⓑ ইথিন Ⓒ ইথাইন Ⓓ ক্লোরিন

**Solve** (C) Poly-Vinyl Chloride (PVC)-এর প্রস্তুতি,

$HC \equiv CH_{(g)} + HCl_{(g)} \xrightarrow[HgCl_2]{250^\circ C} CH_2=CHCl \xrightarrow[\text{উদ্দীপক}]{\text{পলিমারকরণ}} \left[\begin{matrix} Cl \\ | \\ -CH_2-CH- \end{matrix}\right]_n$

(ইথাইন) (ভিনাইল ক্লোরাইড) (পলিভিনাইল ক্লোরাইড)

02. সিলভার দর্পণ পরীক্ষা দেয় কোন যৌগ?

Ⓐ প্রোপানোন Ⓑ প্রোপানল Ⓒ ইথিন Ⓓ প্রোপাইন

**Solve** (B) • সাধারণত অ্যালডিহাইডসমূহ টলেন বিকারকের সাথে বিক্রিয়ায় সিলভার দর্পন (সিলভারের অধঃক্ষেপন) সৃষ্টি করে।

• যে সকল অ্যালকোহলকে জারিত করলে অ্যালডিহাইড পাওয়া যায় সেই সব অ্যালকোহলও টলেন বিকারকের সাথে বিক্রিয়ায় সিলভার দর্পন তৈরি করে।

যেমন: প্রোপানলের সাথে টলেন বিকারকের বিক্রিয়া–

$CH_3CH_2CH_2OH_{(l)} + 2Ag(NH_3)_2OH_{(aq)} \longrightarrow 2Ag_{(s)} \downarrow + CH_3CH_2COONH_4 + 3NH_3 + H_2O$

(সিলভার দর্পন)

03. কোনটি আলোক সক্রিয় যৌগ?

Ⓐ ফরমিক অ্যাসিড Ⓑ টারটারিক অ্যাসিড

Ⓒ ল্যাকটিক অ্যাসিড Ⓓ অ্যাসিটিক অ্যাসিড

**Solve** (C) ল্যাকটিক এসিড এর D ল্যাকটিক এসিড ও L ল্যাকটিক এসিড নামে দুটি আলোক সমানু রয়েছে।

04. বোল্টজম্যান ধ্রুবকের একক হল —

Ⓐ জুল-মোল$^{-1}$ Ⓑ জুল-সেকেন্ড

Ⓒ জুল-মোল$^{-1}$ কেলভিন$^{-1}$ Ⓓ গ্রাম-সিসি$^{-1}$

**Solve** (–) বোল্টজম্যান ধ্রুবক, $k = \frac{R}{N_A}$

মোলার গ্যাস ধ্রুবক, $R = 8.314$ J. mol$^{-1}$ K$^{-1}$

অ্যাভোগাড্রোর সংখ্যা, $N_A = 6.02 \times 10^{23}$ molecule. mol$^{-1}$

$\therefore$ বোল্টজম্যান ধ্রুবক, $k = \frac{8.31}{6.02 \times 10^{23}}$ J.K$^{-1}$ molecule$^{-1}$

$= 1.38 \times 10^{-23}$ J.K$^{-1}$ molecule$^{-1}$

সুতরাং, প্রতি অণুর জন্য বোল্টজম্যান ধ্রুবক এর মান 1.38 J. K$^{-1}$ বলা যায়।

05. অধঃক্ষেপনের শর্ত কোনটি? [IP = আয়নিক গুণফল, $K_{sp}$ = দ্রাব্যতা গুণফল]

Ⓐ IP > $K_{sp}$ Ⓑ IP = $K_{sp}$ Ⓒ IP < $K_{sp}$ Ⓓ IP ≤ $K_{sp}$

**Solve** (A) • অসম্পৃক্ত দ্রবণ : IP < $K_{sp}$

• সম্পৃক্ত দ্রবণ : IP = $K_{sp}$ • অধঃক্ষিপ্ত দ্রবণ : IP > $K_{sp}$

06. বিশুদ্ধ পানিতে $[H^+]$ কত?

Ⓐ $10^6$ mol $L^{-1}$ Ⓑ $10^{-4}$ mol $L^{-1}$ Ⓒ $10^{-7}$ mol $L^{-1}$ Ⓓ $10^7$ mol $L^{-1}$

**Solve** (C) বিশুদ্ধ পানিতে $[H^+] = [OH^-] = 10^{-7}$ mol $L^{-1}$

07. 3°, 2°, 1° অ্যালকোহলের পার্থক্যকরণে নিম্নের কোনটি ব্যবহৃত হয় —

Ⓐ $FeCl_3$/HCl Ⓑ $AlCl_3$/HCl Ⓒ $ZnCl_2$/HCl Ⓓ RMgX

**Solve** (C)

লুকাস বিকারক অনার্দ্র $ZnCl_2 + HCl_{(Conc)}$ →

- 3° অ্যালকোহল → দ্রুত বিক্রিয়া এবং সাদা অধঃক্ষেপ
- 2° অ্যালকোহল → ধীর বিক্রিয়া এবং সাদা অধঃক্ষেপ
- 1° অ্যালকোহল → অতিধীর বিক্রিয়া এবং কোনো ফল

08. অলিফিনিক দ্বি-বন্ধন বিদ্যমান —

Ⓐ তেল Ⓑ ফ্যাট Ⓒ সাবান Ⓓ কার্বলিক অ্যাসিড

**Solve** (A) ল্যাটিন শব্দ Olefinis (তৈল উৎপন্নকারী) হতে অলিফিনস নামের উৎপত্তি। অ্যালকিনসমূহকে অলিফিন বলা হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

09. কোন আলোক রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি?
Ⓐ Violet Ⓑ Red Ⓒ UV Ⓓ IR
**Solve** বিভিন্ন বিকিরণের তরঙ্গ দৈর্ঘ্যের ক্রম:
গামা রশ্মি < X-Ray < U.V < Visible < IR < Microwave < Radiowave.

10. পোলার দ্রাবক কোনটি?
Ⓐ $H_2O$ Ⓑ $HNO_3$ Ⓒ $C_6H_6$ Ⓓ $CCl_4$ Ans Ⓐ

11. কোন যৌগটি $sp^3$ সংকরায়ণ প্রদর্শন করে?
Ⓐ $CH_4$ Ⓑ $C_2H_4$ Ⓒ $C_2H_6$ Ⓓ $C_2H_2$
**Solve**
- অ্যালকেন ($C_nH_{2n+2}$) : $CH_4$, $C_2H_6$, $C_3H_8$... → $sp^3$ সংকরন (সকল কার্বন)
- অ্যালকিন ($C_nH_{2n}$) : $C_2H_4$, $C_3H_6$, $C_4H_8$... → $sp^2$ সংকরন ($>C=C<$)
- অ্যালকাইন ($C_nH_{2n-2}$) : $C_2H_2$, $C_3H_4$, $C_4H_6$... → sp সংকরন ($-C\equiv C-$)

[N.B: অ্যালকিন এবং অ্যালকাইনে যথাক্রমে দ্বিবন্ধন ($>C=C<$) এবং ত্রিবন্ধনে ($-C\equiv C-$) যুক্ত কার্বন ছাড়া বাকি কার্বনগুলো $sp^3$ সংকরিত থাকে]

12. কোনটি সেকেন্ডারী স্ট্যান্ডার্ড বিকারক?
Ⓐ $K_2Cr_2O_7$ Ⓑ NaOH Ⓒ $Na_2CO_3$ Ⓓ $Na_2SO_4$
**Solve**
- প্রাইমারি স্ট্যান্ডার্ড বিকারক: $Na_2CO_3$, $H_2C_2O_4$, $Na_2C_2O_4$, $K_2Cr_2O_7$
- সেকেন্ডারী স্ট্যান্ডার্ড বিকারক: NaOH, HCl, $H_2SO_4$, $KMnO_4$ etc.

[N.B: $Na_2SO_4$ একটি নিউট্রাল লবণ। এটি বিকারক হিসেবে ব্যবহৃত হয় না।]

13. ড্যানিয়েল কোষে ব্যবহৃত ইলেকট্রন দুটি হলো —
Ⓐ Cu এবং Pt Ⓑ Cu এবং Hg Ⓒ Zn এবং Cu Ⓓ Cd এবং Pt
**Solve** ড্যানিয়েল কোষের অ্যানোড → Zn এবং ক্যাথোড → Cu দন্ড।

14. গ্লিসারিনের কার্যকরী মূলক হচ্ছে —
Ⓐ – OH Ⓑ – CHO Ⓒ – CO – Ⓓ – COOH
**Solve**

গ্লিসারিনের গাঠনিক সংকেত: $\begin{matrix}CH_2-OH\\|\\CH-OH\\|\\CH_2-OH\end{matrix}$ বা, $(CH_2-OH)_2CH-OH$

15. কোন অ্যালকোহলটি আয়োডোফরম পরীক্ষা দিবে?
Ⓐ 1- প্রোপানল Ⓑ 2- প্রোপানল Ⓒ 3- প্রোপানল Ⓓ 4- প্রোপানল
**Solve** আয়োডোফরম বিক্রিয়া প্রদর্শনের শর্ত:

(i) $-\overset{O}{\overset{\|}{C}}-CH_3$ (মিথাইল কার্বনিল) মূলক বিশিষ্ট যৌগসমূহ আয়োডোফরম বিক্রিয়া প্রদর্শন করবে।

(ii) যে সব অ্যালকোহল হ্যালোজেন দ্বারা জারণের ফলে $-\overset{O}{\overset{\|}{C}}-CH_3$ মূলক বিশিষ্ট কার্বনিল যৌগে পরিণত হয় সেই সব অ্যালকোহল আয়োডোফরম পরীক্ষা দিবে। যেমন: 2-প্রোপানলকে জারিত করলে প্রোপানোন পাওয়া যায়।

$$\underset{\text{2-প্রোপানল}}{CH_3-\overset{OH}{\overset{|}{C}}H-CH_3} + [O] \longrightarrow \underset{\text{প্রোপানোন}}{CH_3-\overset{O}{\overset{\|}{C}}-CH_3}$$

প্রোপানোন এ মিথাইল কার্বনিল মূলক ($-\overset{O}{\overset{\|}{C}}-CH_3$) উপস্থিত থাকে। তাই 2-প্রোপানল আয়োডোফরম পরীক্ষা দিবে। 3 -প্রোপানল ও 4 -প্রোপানল বলে কোন যৌগ নেই।

16. 10% (w/w) HCl দ্রবণের আপেক্ষিক গুরুত্ব 1.115 হলে তার 2 ml দ্রবীভূত HCl এর ওজন কত?
Ⓐ 1.115 g Ⓑ 2.31 g Ⓒ 23.1 g Ⓓ 0.223 g
**Solve**
- P% (w/w) দ্রবণের আ: গুরুত্ব d হলে,

V mL এ দ্রবীভূত দ্রব, $W = \frac{PVd}{100}$

Here, 10%(w/w) এবং 1.115 আ: গুরুত্ব বিশিষ্ট দ্রবণের,

2 ml এ দ্রবীভূত $HCl = \frac{10 \times 2 \times 1.115}{100} = 0.223g$

17. কার্বোহাইড্রেটের উপাদান —
Ⓐ C, H Ⓑ C, O Ⓒ C, H, O Ⓓ C, H, O, N
**Solve** কার্বোহাইড্রেটের সাধারণ সংকেত : $(CH_2O)_n$

18. STP-তে 64g $O_2$ গ্যাসের আয়তন কত?
Ⓐ 22.4 L Ⓑ 67.21 L Ⓒ 44.8 L Ⓓ 89.6 L
**Solve** STP তে 1 mol বা, 32 g গ্যাসের আয়তন 22.4 L
∴ 64 g গ্যাসের আয়তন $\frac{22.4 \times 64}{32}$ L = 44.8 L

19. নিরাপদ পানির BOD মান কত?
Ⓐ 1-2 $mgL^{-1}$ Ⓑ 3-4 $mgL^{-1}$ Ⓒ 2-3 $mgL^{-1}$ Ⓓ 4-5 $mgL^{-1}$
**Solve** BOD এর মান এবং পানির বিশুদ্ধতা:
- 1-2 $mgL^{-1}$ : নিরাপদ পানি।
- 3 $mgL^{-1}$ : ভালো পানি।
- 6 $mgL^{-1}$ এর কম : জলজ প্রাণীর জন্য সহায়ক পানি।
- 10 $mgL^{-1}$ এর বেশি : অতি দূষিত পানি।

20. NaCl পানিতে দ্রবীভূত হলে নিচের কোনটি তৈরি হয়?
Ⓐ NaOH + HCl Ⓑ $Na^+(H_2O) + Cl^-(H_2O)$
Ⓒ NaOCl + $H_2$ Ⓓ $H^+ + {}^-OH$
**Solve** $NaCl(s) + H_2O(l) = Na^+(aq) + Cl^-(aq)$

21. নিচের কোনটি কোভেলেন্ট ক্রিস্টাল?
Ⓐ খনিজ লবণ Ⓑ আইস Ⓒ ড্রাই আইস Ⓓ কোয়ার্টজ
**Solve** সমযোজী (Covalent) ক্রিস্টাল : ডায়ামন্ড, Si, কোয়ার্টজ (সিলিকা : $SiO_2$)।

22. অ্যামিনের আচরন —
Ⓐ লুইস অ্যাসিড Ⓑ লুইস ক্ষার
Ⓒ এপরোটিক অ্যাসিড Ⓓ প্রাকৃতিক যৌগ
**Solve** অ্যামোনিয়া ($\ddot{N}H_3$) এবং অ্যামোনিয়া হতে উৎপন্ন অ্যা সমূহের নাইট্রোজেন পরমাণুতে নিঃসঙ্গ ইলেকট্রন জোড় থাকায় এরা এক ই ইলেকট্রন দান করতে পারে। সুতরাং, অ্যামিনসমূহ লুইস ক্ষার।

23. সমশক্তি সম্পন্ন অরবিটাল ইলেকট্রন বিন্যাস হয় কোন নীতিতে?
Ⓐ হুন্ড Ⓑ আউফবাউ Ⓒ পলির বর্জন Ⓓ VSEPR Ans Ⓐ

24. 1Å (অ্যাংস্ট্রম) কত মিটারের সমান?
Ⓐ $10^{-10}$ Ⓑ $10^{-8}$ Ⓒ $10^{-6}$ Ⓓ $10^{-9}$
**Solve** $1A^\circ = 10^{-8}cm = 10^{-10}m = 0.1nm.$

25. শরীরের ত্বক বা চোখে ক্ষার পড়লে কোনটি ব্যবহৃত হয়?
Ⓐ 5% $CH_3COOH$ Ⓑ 0.1% HCl
Ⓒ 4% $NaHCO_3$ Ⓓ 0.1 M $H_3BO_3$
**Solve** চোখে ক্ষার পড়লে অথবা চোখ জ্বালাপোড়া করলে চোখে ড্রপ দেয়া হয় তাতে বোরিক এসিড ($H_3BO_3$) বিদ্যমান থাকে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## গণিত

**1.** যদি $\begin{pmatrix} a & 0 & 1 \\ 3 & 2 & 5 \\ 4 & 0 & 3 \end{pmatrix} = 4$ হয়, তবে 'a' এর মান কত?

Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 4 Ⓓ 5

**Solve** [প্রশ্নটি সঠিক নয় ম্যাট্রিক্স এর পরিবর্তে নির্ণায়ক হবে]

$\begin{vmatrix} a & 0 & 1 \\ 3 & 2 & 5 \\ 4 & 0 & 3 \end{vmatrix} = 4 \Rightarrow 2(3a - 4) = 4$

$\Rightarrow 3a - 4 = 2 \Rightarrow 3a = 6 \therefore a = 2$

**2.** $2x^2 - y^2 = 4$ অধিবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কোনটি?

Ⓐ 4 Ⓑ $4\sqrt{2}$ Ⓒ $\sqrt{2}$ Ⓓ $\sqrt{3}$

**Solve** $2x^2 - y^2 = 4 \Rightarrow \frac{x^2}{2} - \frac{y^2}{4} = 1 \Rightarrow \frac{x^2}{(\sqrt{2})^2} - \frac{y^2}{2^2} = 1$

$\therefore$ উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য $= \frac{2b^2}{a} = \frac{2 \times 2^2}{\sqrt{2}} = 4\sqrt{2}$

**3.** $\frac{d}{dx}(\ln\cos x) = ?$

Ⓐ $-\tan x$ Ⓑ $-\sin x$ Ⓒ $-\cot x$ Ⓓ $-\operatorname{cosec} x$

**Solve** $\frac{d}{dx}(\ln\cos x) = \frac{1}{\cos x} \cdot (-\sin x) = -\tan x$

**4.** $\frac{d}{dx}(e^{\ln(2x)}) = ?$

Ⓐ $e^{\ln(2x)}$ Ⓑ 2 Ⓒ 1 Ⓓ $2x$

**Solve** $\frac{d}{dx}(e^{\ln(2x)}) = \frac{d}{dx}(2x) = 2$

**5.** $\int \frac{dx}{1 + \cos x} = ?$

Ⓐ $\tan\frac{x}{2}$ Ⓑ $\cot\frac{x}{2}$ Ⓒ $\sin\frac{x}{2}$ Ⓓ $\cos\frac{x}{2}$

**Solve** $\int \frac{dx}{1 + \cos x} = \int \frac{dx}{2\cos^2\frac{x}{2}} = \frac{1}{2}\int \sec^2\frac{x}{2}\,dx = \tan\frac{x}{2} + c$

**6.** $(2, 270°)$ কে পোলার স্থানাঙ্ক থেকে কার্তেসীয় স্থানাঙ্কে রূপান্তর করলে নিচের কোনটি ঠিক?

Ⓐ $(0, -2)$ Ⓑ $(-1, -1)$ Ⓒ $(-2, -2)$ Ⓓ $(0, -1)$

**Solve** $x = 2\cos 270° = 2\cos(360° - 90°)$

$= 2\cos 90° = 0$

এবং $y = 2\sin 270° = 2\sin(360° - 90°) = -2\sin 90° = -2$

$\therefore$ বিন্দুটি $= (0, -2)$

**7.** P ও Q বল দুইটির মধ্যবর্তী কোণ $\theta = 180°$ হলে, লব্ধির মান ও দিক কোন দুইটি?

Ⓐ $P + Q, 0°$ Ⓑ $\sqrt{(P^2 + Q^2)}, \tan^{-1}\left(\frac{Q}{P}\right)$

Ⓒ $(P + Q), \tan^{-1}\left(\frac{Q}{P}\right)$ Ⓓ $P - Q, 0°$

**Solve** $R^2 = P^2 + Q^2 + 2PQ\cos 180°$

$= P^2 + Q^2 + 2PQ(-1)$

$= P^2 + Q^2 - 2PQ$

$= (P - Q)^2$

$\therefore R = P - Q$



$(P > Q)$

লব্ধি ও P একই দিকে $\therefore$ লব্ধি দিক $\theta = 0°$

$\therefore P - Q, 0°$

**8.** $2x + 3y = 7$ এবং $3ax - 5by + 15 = 0$ একই সরলরেখা প্রকাশ করলে 'a' ও 'b' এর মান কোনটি?

Ⓐ $a = \frac{9}{7}, b = -\frac{10}{7}$ Ⓑ $a = -\frac{9}{7}, b = -\frac{10}{7}$

Ⓒ $a = -\frac{10}{7}, b = \frac{9}{7}$ Ⓓ $a = \frac{10}{7}, b = -\frac{9}{7}$

**Solve** $\frac{3a}{2} = \frac{-5b}{3} = \frac{-15}{7}$

$\therefore a = -\frac{10}{7}, b = \frac{9}{7}$

**9.** $a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ রেখা দুইটি সমান্তরাল হওয়ার শর্ত কোনটি?

Ⓐ $a_1b_2 + a_2b_1 = 0$ Ⓑ $a_1b_2 - a_2b_1 = 0$

Ⓒ $a_1b_1 + a_2b_2 = 0$ Ⓓ $a_1b_1 - a_2b_2 = 0$

**Solve** রেখাদ্বয় সমান্তরাল হলে, $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} \Rightarrow a_1b_2 - a_2b_1 = 0$

**10.** $1 + 2i$ মূল বিশিষ্ট দ্বিঘাত সমীকরণ কোনটি?

Ⓐ $x^2 + 2x + 5 = 0$ Ⓑ $x^2 + 2x - 5 = 0$

Ⓒ $x^2 - 2x + 5 = 0$ Ⓓ $x^2 - 2x + 3 = 0$

**Solve** $x = 1 + 2i$

$\Rightarrow (x - 1)^2 = (2i)^2$

$\Rightarrow x^2 - 2x + 1 + 4 = 0$

$\therefore x^2 - 2x + 5 = 0$

**11.** ম্যাট্রিক্সের গুণন রীতির জন্য নীচের কোন বক্তব্যটি ঠিক?

Ⓐ প্রথম ম্যাট্রিক্সের কলাম সংখ্যা দ্বিতীয় ম্যাট্রিক্সের সারি সংখ্যার সমান হলে দুটি ম্যাট্রিক্স গুণন করা যাবে।

Ⓑ প্রথম ম্যাট্রিক্সের সারি সংখ্যা দ্বিতীয় ম্যাট্রিক্সের কলাম সংখ্যার সমান হলে দুটি ম্যাট্রিক্স গুণন করা যাবে।

Ⓒ প্রথম ম্যাট্রিক্সের সারি সংখ্যা দ্বিতীয় ম্যাট্রিক্সের সারি সংখ্যার সমান হলে দুটি ম্যাট্রিক্স গুণন করা যাবে।

Ⓓ প্রথম ম্যাট্রিক্সের কলাম সংখ্যা দ্বিতীয় ম্যাট্রিক্সের কলাম সংখ্যার সমান হলে দুটি ম্যাট্রিক্স গুণন করা যাবে।

**Solve** গুণন সম্ভব যখন ১ম ম্যাট্রিক্সের কলাম সংখ্যা ২য় ম্যাট্রিক্সের সারির সংখ্যার সমান হয়।

**12.** যদি ${}^nC_{12} = {}^nC_8$ হয়, তবে ${}^{22}C_n$ এর মান কত?

Ⓐ 232 Ⓑ 231 Ⓒ 131 Ⓓ 132

**Solve** ${}^nC_{12} = {}^nC_8$

$\Rightarrow n = 12 + 8 = 20$

তাহলে, ${}^{22}C_n = {}^{22}C_{20} = {}^{22}C_{22-20} = {}^{22}C_2 = 231$

**13.** দশভিত্তিক সংখ্যা 96 এর দ্বিমিক আকার কোনটি?

Ⓐ 1100000 Ⓑ 1000000 Ⓒ 1001000 Ⓓ 1010000

**Solve**

| | |
|---|---|
| 2 | 96 |
| 2 | 48 – 0 |
| 2 | 24 – 0 |
| 2 | 12 – 0 |
| 2 | 6 – 0 |
| 2 | 3 – 0 |
| 2 | 1 – 1 |
| | 0 – 1 |

$\therefore$ 96 এর দ্বিমিক $= (1100000)_2$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**14. একটি টাওয়ারের শীর্ষবিন্দু থেকে একটি কণা ছেড়ে দেয়া হয়। কণাটি এর শেষতম সেকেন্ডে টাওয়ারের উচ্চতার $\frac{8}{9}$ অংশ অতিক্রম করে। টাওয়ারটির উচ্চতা কত?**

Ⓐ 11.025 মিটার Ⓑ 10.025 মিটার Ⓒ 9.0125 মিটার Ⓓ 8.75 মিটার

**Solve** টাওয়ারের উচ্চতা h হলে শেষ সেকেন্ডের অতিক্রান্ত দূরত্ব = $\frac{8h}{9}$ তাহলে, $h = \frac{1}{2} \times 9.8\, t^2 = 4.9\, t^2$

প্রশ্নমতে, $\frac{8h}{9} = \frac{2t-1}{2} \times 9.8$

$\Rightarrow \frac{8h}{9} = (2t-1) \times 4.9 \Rightarrow \frac{8}{9} \times 4.9t^2 = (2t-1) \times 4.9$

$\Rightarrow 8t^2 = 9(2t-1) \Rightarrow 8t^2 - 18t + 9 = 0$

$\Rightarrow 8t^2 - 12t - 6t + 9 = 0 \Rightarrow 4t(2t-3) - 3(2t-3) = 0$

$\Rightarrow (4t-3)(2t-3) = 0$

$\therefore t = \frac{3}{4}, t = \frac{3}{2}$ কিন্তু $t = \frac{3}{4} < 1$ বলে গ্রহণযোগ্য নয়।

$\therefore$ উচ্চতা, $h = 4.9 \times \left(\frac{3}{2}\right)^2 = 11.025$ মি.

**15. (1, 3) বিন্দু থেকে $2x^2 + 2y^2 = 9$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য কত?**

Ⓐ $\sqrt{7}$ Ⓑ $\sqrt{\frac{11}{2}}$ Ⓒ $\sqrt{\frac{7}{2}}$ Ⓓ $\sqrt{\frac{10}{11}}$

**Solve** $2x^2 + 2y^2 = 9 \Rightarrow x^2 + y^2 - \frac{9}{2} = 0$

$\therefore$ স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{1^2 + 3^2 - \frac{9}{2}} = \sqrt{1 + 9 - \frac{9}{2}} = \sqrt{\frac{11}{2}}$

**16. $1 + 2 + 3 + .... + n = 78$ হলে, n এর মান কত?**

Ⓐ 12 Ⓑ 13 Ⓒ 14 Ⓓ 15

**Solve** $1 + 2 + 3 + ..... + n = 78$

$\Rightarrow \frac{n(n+1)}{2} = 78 \Rightarrow n^2 + n = 156$

$\Rightarrow n^2 + n - 156 = 0 \Rightarrow n^2 + 13n - 12n - 156 = 0$

$\Rightarrow (n-12)(n+13) = 0$

$\therefore n = 12$ কিন্তু $n \neq -13$

**17. $x^2 + y^2 - 6x + 8y + 15 = 0$ বৃত্তের ব্যাসার্ধ কত?**

Ⓐ 15 Ⓑ 10 Ⓒ 20 Ⓓ 8

**Solve** $\therefore$ বৃত্তের ব্যাসার্ধ $= \sqrt{(-3)^2 + 4^2 - 15}$
$= \sqrt{9 + 16 - 15}$
$= \sqrt{10}$

**18. যদি $2\hat{i} + \lambda\hat{j} - \hat{k}$ এবং $\hat{i} - 2\hat{j} - 3\hat{k}$ ভেক্টর দুটি পরস্পর লম্ব হয় তবে 'λ' এর মান কত?**

Ⓐ $\frac{2}{3}$ Ⓑ $\frac{5}{2}$ Ⓒ $\frac{5}{3}$ Ⓓ $\frac{2}{5}$

**Solve** $2 \times 1 + \lambda \times (-2) + (-1)(-3) = 0$

$\Rightarrow 2 - 2\lambda + 3 = 0 \therefore \lambda = \frac{5}{2}$

**19. $\vec{p} = 4\hat{i} - 4\hat{j} + 7\hat{k}$ ভেক্টরের উপর $\vec{q} = \hat{i} - 2\hat{j} + \hat{k}$ ভেক্টরের অভিক্ষেপ কত?**

Ⓐ $\frac{9}{19}$ Ⓑ $\frac{11}{13}$ Ⓒ $\frac{19}{9}$ Ⓓ $\frac{13}{11}$

**Solve** নির্ণেয় অভিক্ষেপ $= \frac{\vec{p} \cdot \vec{q}}{|\vec{p}|}$

$= \frac{1 \times 4 + (-2) \times (-4) + 1 \times 7}{\sqrt{4^2 + (-4)^2 + 7^2}} = \frac{4 + 8 + 7}{9} = \frac{19}{9}$

**20. $\sin 28°32' \sin 88°32' + \sin 61°28' \sin 1°28' = ?$**

Ⓐ $\frac{\sqrt{3}}{2}$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ 1 Ⓓ $\frac{\sqrt{2}}{2}$

**Solve** $\sin 28° 32' \sin 88°32' + \sin 61°28' \sin 1° 28'$
$= \sin 88°32' \sin(90° - 61°28') + \sin(90° - 88°32') \sin 61°28'$
$= \sin 88°32' \cos 61°28' + \cos 88°32' \sin 61°28'$
$= \sin(88°32' + 61° 28')$
$= \sin 150° = \frac{1}{2}$

**21. $\cos 75°$ এর মান কোনটি?**

Ⓐ $\frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}$ Ⓑ $\frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}$ Ⓒ $\frac{\sqrt{3}-1}{\sqrt{2}}$ Ⓓ $\frac{\sqrt{3}}{2\sqrt{2}}$

**Solve** $\cos 75° = \cos(30° + 45°)$
$= \cos 30° \cos 45° - \sin 30° \sin 45°$
$= \frac{\sqrt{3}}{2} \times \frac{1}{\sqrt{2}} - \frac{1}{2} \times \frac{1}{\sqrt{2}} = \frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}$

**22. $(a + 2x)^5$ এর বিস্তৃতিতে $x^3$ এর সহগ 320 হলে 'a' এর মান কত?**

Ⓐ ± 3 Ⓑ ± 2 Ⓒ ± 4 Ⓓ ± 8

**Solve** প্রশ্নমতে ${}^5C_3\, a^{5-3}.2^3 = 320$

$\Rightarrow 10.\, a^2 \times 8 = 320$

$\Rightarrow a^2 = \frac{320}{10 \times 8} = 4 \therefore a = \pm 2.$

**23. $f(x) = x^2 + ax + b$, $f(1) = 1$ এবং $f(2) = 2$, তাহলে, $f(3) = ?$**

Ⓐ 5 Ⓑ 3 Ⓒ − 2 Ⓓ 2

**Solve** $f(x) = x^2 + ax + b$

এখানে, $f(1) = 1 + a + b$

$\Rightarrow a + b + 1 = 1 \Rightarrow a + b = 0$

$f(2) = 4 + 2a + b$

$\Rightarrow 2a + b + 4 = 2 \Rightarrow 2a + b = -2$

সমাধান করে $a = -2, b = 2$

এখন $f(3) = 9 + 3a + b = 9 + 3(-2) + 2 = 5$

**24. S ও T যে কোনো দুইটি সেট এবং $S^c$ হলো S এর পূরক সেট। তাহলে T - এর মান কত?**

Ⓐ $S \cup T^c$ Ⓑ $S \cap T$ Ⓒ $S^c - T$ Ⓓ $S^c \cap T^c$

**Solve** $T - S^c = T \cap (S^c)^c = T \cap S = S \cap T$

**25. $f(x) = x^2 + 1$ এবং $g(x) = (x+1)^2$ হলে, $f(g(x))$ এর মান কত?**

Ⓐ $(x+1)^4$ Ⓑ $(x+2)^4$ Ⓒ $(x+1)^2 + 1$ Ⓓ $(x+1)^4 + 1$

**Solve** $f(g(x)) = f((x+1)^2)$
$= \{(x+1)^2\}^2 + 1$
$= (x+1)^4 + 1$

## জীববিজ্ঞান

**01. সেক্স-লিঙ্কড বৈশিষ্ট্য কোনটি?**

Ⓐ গাত্র বর্ণ Ⓑ বর্ণান্ধতা Ⓒ চোখের রং Ⓓ প্রোস্টেট গ্রন্থি

**Solve** মানুষের কয়েকটি সেক্স লিঙ্কড ডিসঅর্ডার :

- লাল-সবুজ বর্ণান্ধতা
- হিমোফিলিয়া
- মাসকুলার ডিস্ট্রফি
- রাতকানা
- ডায়াবেটিস ইনসিপিডাস
- ফ্রাজাইল X সিনড্রম
- হাইপারট্রাইকোসিস

[Ref: ]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**2. নিচের কোনটি মেন্ডেলের ২য় সূত্রের ব্যতিক্রমের উদাহরণ?**

Ⓐ অসম্পূর্ণ প্রকটতা Ⓑ সমপ্রকটতা Ⓒ এপিস্ট্যাসিস Ⓓ লিথাল জিন

**Solve** C মেন্ডেলের ২য় সূত্রের ব্যতিক্রম :

(i) পরিপূরক → ৯ : ৭

(ii) প্রকট এপিস্ট্যাসিস → ১৩ : ৩

(iii) দ্বৈত প্রচ্ছন্ন এপিস্ট্যাসিস → ৯ : ৭ [Ref: আজমল]

**3. নিচের কোন প্রাণীতে অযৌন ও যৌন উভয় প্রজনন পদ্ধতি বিদ্যমান?**

Ⓐ মৌমাছি Ⓑ রুই মাছ Ⓒ ঘাসফড়িং Ⓓ হাইড্রা

**Solve** D *Hydra* জনন প্রক্রিয়ায় জীব দেহাংশের মাধ্যমে প্রত্যক্ষভাবে বা একই প্রজাতির অন্য সদস্যের সহযোগিতায় ও গ্যামেট সৃষ্টির মাধ্যমে পরোক্ষভাবে নিজ আকৃতি সদৃশ বংশধর সৃষ্টি করে। [Ref: আজমল]

**4. সিলোম কোন ভ্রূণস্তর হতে উৎপন্ন?**

Ⓐ এক্টোডার্ম Ⓑ মেসোডার্ম Ⓒ এন্ডোডার্ম Ⓓ ডার্মিস

**Solve** B ভ্রূণীয় মেসোডার্মের অভ্যন্তর থেকে গহ্বররূপে সিলোম উদ্ভূত হয় এবং চাপা, মেসোডার্মাল এপিথেলিয়াম কোষে গঠিত পেরিটোনিয়াম স্তরে সম্পূর্ণ বেষ্টিত থাকে। [Ref: আজমল]

**5. কোন পর্বের প্রাণীতে অস্টিয়া থাকে?**

Ⓐ Cnidaria Ⓑ Porifera Ⓒ Nematoda Ⓓ Annelida

**Solve** B পরিফেরার দেহপ্রাচীর অস্টিয়া নামক অসংখ্য ছিদ্রযুক্ত, অন্তঃপ্রাচীরে কোয়ানোসাইট নামক কোষ থাকে। যাতে স্পিকিউল ও স্পঞ্জিন নামক জৈবতন্ত্র বিদ্যমান।

উদাহরণ : *Spongilla locustris* (মিঠা পানির স্পঞ্জ)

*Euspongia officinalis* (গোসল স্পঞ্জ) [Ref: আজমল]

**6. কোন পর্বের প্রাণীদের হিমোসিলোমেট বলা হয়?**

Ⓐ Cnidaria Ⓑ Arthropoda Ⓒ Nematoda Ⓓ Annelida

**Solve** B যেসব প্রাণীর দেহগহ্বর মেসোডার্ম থেকে উদ্ভূত, পেরিটোনিয়াম স্তরে আবৃত থাকে (এক্ষেত্রে দেহপ্রাচীর ও পৌষ্টিকনালি সংলগ্ন আবরণী যথাক্রমে প্যারাইটাল ও ভিসেরাল আবরণী থাকে) ঐসব প্রাণীদের হিমোসিলোমেট বলে।

যেমন : Mollusca ও Arthropoda পর্বভুক্ত প্রাণী। [Ref: মাজেদা]

**7. র‍্যাবডোম তৈরি করে কোনটি?**

Ⓐ কর্নিয়াজেন কোষ Ⓑ রেটিনুলার কোষ

Ⓒ ক্রিস্টালাইন কোন কোষ Ⓓ কর্নিয়া

**Solve** B রেটিনাল কোষগুলোর মধ্যস্থলে এবং এ কোষগুলো কর্তৃক নিঃসৃত রস দ্বারা গঠিত দণ্ডাকৃতি, অকোষীয়, লম্বা ও স্বচ্ছ প্রতিসরণশীল অঙ্গকে র‍্যাবডোম কোষ বলে। যার মাধ্যমে আলো গৃহীত হয় এবং বস্তুর প্রতিবিম্ব সৃষ্টি হয়। [Ref: মাজেদা]

**8. দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্য হলো –**

Ⓐ ৩৬০-৭৬০ nm Ⓑ ৩৯০-৭৬০ nm

Ⓒ ৩৬০-৭৯০ nm Ⓓ ২৯০-৭৯০ nm

**Solve** B আলোর বর্ণালির নাম ও তরঙ্গদৈর্ঘ্য উল্লেখ করা হলো :

| ৩৯০ বেগুনি | ৪৩০ নীল | ৪৯০ আকাশি | ৫৭০ সবুজ | ৫৯০ হলুদ | ৬০০ কমলা | ৬৫০ লাল | ৭৬০ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

দৃশ্যমান আলো

[Ref: হাসান]

**9. রেসাস বানরের বৈজ্ঞানিক নাম কী?**

Ⓐ *Nycticebus coucang* Ⓑ *Macaca mulatta*

Ⓒ *Poekilocerus pictus* Ⓓ *Axis axis*

**Solve** B মানুষের লোহিত কণিকার ঝিল্লিতে রেসাস বানরের লোহিত কণিকার ঝিল্লির মতো এক প্রকার অ্যান্টিজেন রয়েছে। রেসাস বানরের নাম অনুসারে ঐ অ্যান্টিজেনকে রেসাস ফ্যাক্টর বা সংক্ষেপে Rh factor বলে।

[Ref: আজমল]

**10. খনিজ লবণের কোন আয়নটি সবচেয়ে ধীরগতিতে উদ্ভিদে শোষিত হয়?**

Ⓐ $Ca^{++}$ Ⓑ $K^{+}$ Ⓒ $NO_3^{-}$ Ⓓ $Cu^{++}$

**Solve** A $K^{+}$ এবং $NO_3^{-}$ সর্বাপেক্ষা দ্রুতগতিতে শোষিত হয় এবং $Ca^{++}$ এবং $SO_4^{2-}$ সর্বাপেক্ষা মন্থরগতিতে শোষিত হয়। [Ref: মাজেদা]

**11. নিচের কোনটি বহুমূত্র রোগের উপশম করে?**

Ⓐ হুল পদ্ম Ⓑ দূর্বাঘাস Ⓒ নলখাগড়া Ⓓ ট্যাঁড়শ

**Solve** D ট্যাঁড়স এর প্রধান ব্যবহার সবজি হিসেবে। এটি স্যুপ তৈরিতেও ব্যবহৃত হয়। এর ভেষজ গুরুত্বও আছে। কচি ট্যাঁড়সে লৌহ থাকায় নিয়মিত খেলে শারীরিক দুর্বলতা সারে। [Ref: হাসান]

**12. মাতৃদুগ্ধে পাওয়া যায় কোন অ্যান্টিবডি?**

Ⓐ $I_gA$ Ⓑ $I_gG$ Ⓒ $I_gE$ Ⓓ $I_gM$

**Solve** A দেহের মোট $I_g$-র মধ্যে ১৫% হচ্ছে $I_gA$। এ ধরনের অ্যান্টিবডি মিউকাস ঝিল্লিতে আবৃত থাকে, বুকের দুধ খাওয়ার সময় শিশুদেহে স্থানান্তরিত হয়। [Ref: আজমল]

**13. পাকস্থলিতে কোন করোটিক স্নায়ুর কার্যক্রম বিদ্যমান?**

Ⓐ অপটিক Ⓑ অডিটরি Ⓒ ভেগাস Ⓓ অকুলোমোটর

**Solve** C ভেগাস স্নায়ুর অপর নাম নিউমোগ্যাস্ট্রিক যা মেডুলার পার্শ্বদেশ থেকে উৎপত্তি হয়ে চারটি শাখায় বিস্তৃত। শাখা চারটি হলো : (i) ল্যারিঞ্জিয়াল (ii) কার্ডিয়াক (iii) গ্যাস্ট্রিক : এটি পাকস্থলিতে বিস্তৃত হয়।

(iv) পালমোনারি যা মিশ্র প্রকৃতির। [Ref: আজমল]

**14. মানবদেহের করোটিকাতে কতগুলো অস্থি আছে?**

Ⓐ ৮ টি Ⓑ ১০ টি Ⓒ ১২ টি Ⓓ ১৩ টি

**Solve** A মানবদেহের করোটিকার অস্থিসমূহ হলো :

(i) ফ্রন্টাল অস্থি– ১ (ii) প্যারাইটাল অস্থি– ২

(iii) টেমপোরাল অস্থি– ২ (iv) অক্সিপিটাল অস্থি– ১

(v) স্ফেনয়েড অস্থি– ১ (vi) এথময়েড অস্থি– ১ [Ref: আজমল]

**15. কোনটি শুক্রাণু তৈরি করে?**

Ⓐ স্পার্মাটোগোনিয়া Ⓑ স্ক্রেটাম Ⓒ অ্যানাফেজ-১ Ⓓ প্রোস্টেট গ্রন্থি

**Solve** A শুক্রাশয়ের সেমিনিফেরাস নালিকার জার্মিনাল এপিথেলিয়াম কোষ বার বার মাইটোসিস প্রক্রিয়ায় বিভাজিত হয়। উৎপন্ন কোষগুলোকে স্পার্মাটোগোনিয়া বলে যাকে শুক্রাণু মাতৃকোষও বলা হয়। [Ref: আজমল]

**16. নিচের কোন উদ্ভিদে পরিবহনতন্ত্র নেই?**

Ⓐ ব্রায়োফাইটা Ⓑ টেরিডোফাইটা Ⓒ জিমনোস্পার্ম Ⓓ এনজিওস্পার্ম

**Solve** A শৈবাল অপেক্ষা উন্নত কিন্তু ফার্ন অপেক্ষা অনুন্নত যে অপুষ্পক, স্বভোজী জীবগোষ্ঠীতে কলা থাকলেও পরিবহণ টিস্যু ও টিস্যুতন্ত্র অনুপস্থিত এবং যাদের প্রধান উদ্ভিদদেহ গ্যামিটোফাইট বা লিঙ্গধর (n) তাদের ব্রায়োফাইট বলা হয়।

[Ref: মাজেদা]

**17. আলুর স্ক্যাব রোগ সৃষ্টি করে কোনটি?**

Ⓐ *Xanthomonas citri* Ⓑ *Streptomyces scabies*

Ⓒ *Escherichia coli* Ⓓ *Clostridium botulinum*

**Solve** B ব্যাকটেরিয়াঘটিত রোগের কারণে বহু উদ্ভিদের ফলন ক্ষতিগ্রস্ত হয়।

যেমন : *Agrobacterium tritici* দ্বারা গমের টুন্ডু রোগ।

*Xanthomonas oryzae* দ্বারা লেবুর ক্যাংকার রোগ।

*Xanthomonas malvacearum* দ্বারা শিমের লিফ স্পট সৃষ্টি হয় [Ref: মাজেদা]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**18. ব্যাকটেরিয়ার কোষপ্রাচীরের প্রধান উপাদান কোনটি?**

Ⓐ Cellulose Ⓑ Mucopeptide Ⓒ Chitin Ⓓ Starch

**Solve** ব্যাকটেরিয়ার কোষ প্রাচীরের প্রধান উপাদান মিউকোপেপটাইড বা মিউকোপেপটাইড সাথে পলিস্যাকারাইড, মুরামিক অ্যাসিড ও টিকোয়িক অ্যাসিড থাকে। [Ref: মাজেদা]

**19. করোনা ভাইরাস এক ধরনের-**

Ⓐ দ্বিসূত্রক DNA ভাইরাস Ⓑ একসূত্রক RNA ভাইরাস
Ⓒ দ্বিসূত্রক RNA ভাইরাস Ⓓ একসূত্রক DNA ভাইরাস

**Solve** করোনা ভাইরাস করোনা ভিরিডি গোত্রের সদস্য। এর পজিটিভ সেন্স একক সূত্রবিশিষ্ট আবরণীবদ্ধ বা এনভেলপড ভাইরাস। এদের জিনোমের আকার ২৭-৩৪ kb যা সর্ববৃহৎ RNA ভাইরাস। [Ref: মাজেদা]

**20. কোন নাইট্রোজেনঘটিত ক্ষারটি শুধু RNA-তে পাওয়া যায়?**

Ⓐ এডেনিন Ⓑ গুয়ানিন Ⓒ ইউরাসিল Ⓓ সাইটোসিন

**Solve** পাঁচ কার্বনবিশিষ্ট রাইবোজ শুগার যার নাইট্রোজিনাস বেস-অ্যাডিনিন, গুয়ানিন, ইউরাসিল এবং সাইটোসিন এবং ফসফেট (ফসফোরিক অ্যাসিড)। [Ref: হাসান]

**21. নিচের কোন হরমোন থাইরয়েড গ্রন্থি থেকে নিঃসৃত হয় না?**

Ⓐ থাইরক্সিন Ⓑ থাইমোসিন Ⓒ ক্যালসিটোনিন Ⓓ কোনোটিই নয়

**Solve** থাইমাস শ্বাসনালির নিচে অবস্থিত যা থাইমোসিন হরমোন নিঃসৃত করে যা লিম্ফোসাইট প্রস্তুতি ও অ্যান্টিবডি গঠনে সহায়তা করে। [Ref: আজকাল]

**22. নিচের কোনটি DNA ভাইরাস?**

Ⓐ রেবিস Ⓑ ইনফ্লুয়েঞ্জা Ⓒ ভ্যাক্সিনিয়া Ⓓ ইবোলা

**Solve** যে ভাইরাসে নিউক্লিক অ্যাসিড হিসেবে DNA থাকে, তাকে DNA ভাইরাস বলে। এদের দেহে মাত্র DNA থাকে এক বা দ্বিসূত্রক হতে পারে। [Ref: মাজেদা]

**23. 'লুক্কায়িত পত্ররন্ধ্র' পাওয়া যায় কোন উদ্ভিদে?**

Ⓐ শাপলা Ⓑ কচুরিপানা Ⓒ করবী Ⓓ হাইড্রিলা

**Solve** মরুজ উদ্ভিদের পাতায় প্যালিসেড প্যারেনকাইমা স্তর স্টোম্যাটা (পত্ররন্ধ্র) ত্বকের গভীরে (লুক্কায়িত) অবস্থিত, অনেক সময় দ্বারা আচ্ছাদিত থাকে। তাই পানি বাষ্পায়ন ও নির্গমন কম হয়। [Ref:

**24. নিচের কোন শৈবাল থেকে এগার এগার পাওয়া যায়?**

Ⓐ সবুজ শৈবাল Ⓑ অগ্নি শৈবাল Ⓒ বাদামি শৈবাল Ⓓ লোহিত শৈবাল

**Solve** লোহিত শৈবালের ক্লোরোফিল এ, ফাইকো ফাইকোইরেথ্রিন যা ফ্লোরিডিয়ান স্টার্চ, এগার-এগার ও ক্যারাজীনান হিসেবে থাকে। [Ref: হাসান]

**25. কোন প্রযুক্তিতে ইনসুলিন তৈরি করা হয়?**

Ⓐ জিন ক্লোনিং Ⓑ ডি এন এ রিকম্বিনেন্ট
Ⓒ টিস্যু কালচার Ⓓ এক্সপ্লান্ট কালচার

**Solve** ইনসুলিন উৎপাদনকারী জিন প্রবেশ করিয়ে বা অন্য জিন প্রবেশ করিয়ে অণুজীবকে transgenic করার মাধ্যমে Recombinant DNA technology মাধ্যমে বাণিজ্যিকভাবে পার্শ্ব বিহীন ইনসুলিন উৎপাদন করা হয়। [Ref: মাজেদা]

Part-1 : হুবহু প্রশ্ন (সকল প্রশ্নের নির্ভুল উত্তর, সঠিক ব্যাখ্যা ও প্রশ্ন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ তথ্য)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষা : ২০২০-২১; A-ইউনিট

প্রশ্নটি বিষয় ও অধ্যায়ভিত্তিক দেখো Part-2 তে

## বাংলা

**01. 'রেইনকোট' গল্পটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত গল্প?**

Ⓐ অন্য ঘরে অন্য স্বর Ⓑ খোয়ারি
Ⓒ জাল স্বপ্ন স্বপ্নের জাল Ⓓ দুধভাতে উৎপাত

**Solve** আখতারুজ্জামান ইলিয়াস (১৯৪৩-৯৭) মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে রচনা করেন 'রেইনকোট' গল্পটি। নুরুল হুদার জবানিতে অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে। এ গল্পের পাঠ গ্রহণ করা হয়েছে 'আখতারুজ্জামান ইলিয়াস রচনাসমগ্র ১' থেকে। পরে গল্পটি 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' গল্পগ্রন্থে সংকলিত হয়।

**02. নির্ভুল শব্দের 'নি' উপসর্গটি কোন প্রকার?**

Ⓐ অর্ধ-তৎসম Ⓑ বিদেশি Ⓒ সংস্কৃত Ⓓ খাঁটি বাংলা

**Solve** খাঁটি বাংলা উপসর্গ 'নি' -এর প্রায়োগিক ব্যবহার :

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| নি | নাই/নেতি অর্থে | নির্ভুল, নিলাজ, নিভাঁজ, নিদয়, নিখোঁজ, নিরেট, নিপাট। |

**03. নিচের কোনটি উপন্যাস?**

Ⓐ আরব্য রজনীর রাজহাঁস Ⓑ কালের কলস
Ⓒ তাহকী Ⓓ বখতিয়ারের ঘোড়া

**Solve** আল মাহমুদ রচিত কতিপয় সাহিত্যকর্ম :

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | লোক-লোকান্তর, কালের কলস, সোনালী কাবিন, বখতিয়ারের ঘোড়া, আরব্য রজনীর রাজহাঁস। |
| উপন্যাস | তাহকী, নিশিন্দা নারী, আগুনের মেয়ে, উপমহাদেশ। |
| প্রবন্ধ | কবির অঙ্গবিশ্বাস, দিনযাপন, নারী নিগ্রহ। |
| গল্পগ্রন্থ | পানকৌড়ির রক্ত, গন্ধবণিক, সৌরভের কাছে পরাজিত। |

**04. মানিক বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান কোথায়?**

Ⓐ বিহার Ⓑ বিক্রমপুর Ⓒ উড়িষ্যা Ⓓ কলকাতা

**Solve** মানিক বন্দ্যোপাধ্যায়ের জন্ম ১৯০৮ খ্রিষ্টাব্দে সাঁওতাল পরগনার দুমকা শহরে। পৈতৃক বাড়ি : ঢাকার বিক্রমপুর। পিতা হরিহর বন্দ্যোপাধ্যায়। মাতা : নীরদাসুন্দরী দেবী। পিতৃপ্রদত্ত প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়। ডাকনাম : মানিক। কলকাতায় ১৯৫৬ খ্রি তেসরা ডিসেম্বর তিনি মাত্র আটচল্লিশ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ কর

**05. 'ড্রামা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**

Ⓐ ইংরেজি Ⓑ গ্রিক Ⓒ ল্যাটিন Ⓓ ফরাসি

**Solve** সাহিত্য রচনার একটি বিশেষ রূপশ্রেণি হলো নাটক। নাট্যশাস্ত্রে একে দৃশ্যকাব্য বলে অভিহিত করা হয়েছে। গ্রিক ভাষা থেকে 'ড্রামা' শব্দটির অর্থ হলো 'অ্যাকশন' তথা কিছু করে দেখানো। বাংলা নাট্য, নট, নটী প্রভৃতি শব্দও উদ্ভূত হয়েছে 'নট্' ধাতু থেকে, যার অর্থ চড়া করা'। অর্থাৎ নাটকের মধ্যে এক ধরনের গতিশীলতা রয়েছে যা ত্রিমাত্রিক শিল্পকাঠামো গড়ে তোলে।

**06. 'মাথা খাওয়া' অর্থ কী?**

Ⓐ বিরক্ত করা Ⓑ শপথ করা Ⓒ অস্থির হওয়া Ⓓ অভিশাপ দে

**Solve** 'মাথা' শব্দের রীতিসিদ্ধ কয়েকটি প্রয়োগ :

| শব্দ | যে অর্থে ব্যবহার | উদাহরণ |
|---|---|---|
| মাথায় আসা | বোধগম্য হওয়া | অঙ্কটি কিছুতেই আমার মাথায় আসছে |
| মাথা খাওয়া | নষ্ট করা | অতি আদর দিয়ে ছেলেটার মাথা খেয়ে |
| মাথা ঠেকান | প্রণাম করা | ও আমার দেশের মাটি, তোমার ঠেকাই মাথা। |

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

07. 'কমলাকান্তের দপ্তর' কোন শ্রেণির রচনা?
Ⓐ গল্প Ⓑ নকশা Ⓒ উপন্যাস Ⓓ আত্মজীবনী
**Solve** 'কমলাকান্তের দপ্তর' (১৮৭৫) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বিভিন্ন মেজাজের লঘু ঢঙে লেখা ব্যক্তিগত প্রবন্ধ। কমলাকান্ত নামক এক চরিত্রের জবানিতে প্রবন্ধগুলো লিখিত। মনে করা হয়, কমলাকান্ত বঙ্কিমচন্দ্র নিজেই। প্রসন্ন গোয়ালিনী কমলাকান্তের অনুষঙ্গী চরিত্র।

08. 'বীরবল' কার ছদ্মনাম?
Ⓐ সৈয়দ মুজতবা আলী Ⓑ ডি এল রায়
Ⓒ প্রমথ চৌধুরী Ⓓ বিনয়রতন মুখোপাধ্যায়
**Solve** চলিত গদ্যরীতির প্রবর্তক প্রমথ চৌধুরী ১৮৬৮ খ্রিষ্টাব্দের ৭ আগস্ট যশোর জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস পাবনা জেলার হরিপুর গ্রামে। তিনি 'বীরবল' ছদ্মনামে পরিচিত। বাংলা সাহিত্যের প্রথম মুখপত্র 'সবুজপত্র' পত্রিকাটি ছিল তাঁরই সম্পাদিত। মৃত্যু : ১৯৪৬ খ্রিষ্টাব্দ।

09. 'বিলাসী' গল্পের নায়ক কত ক্রোশ পথ হেঁটে স্কুলে যেতো?
Ⓐ দুই Ⓑ আড়াই Ⓒ তিন Ⓓ সাড়ে তিন
**Solve** শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'বিলাসী' গল্পটি 'ন্যাড়া' নামের এক যুবকের নিজের জবানিতে বিবৃত হয়েছে। এ গল্পের ন্যাড়া চরিত্রে শরৎচন্দ্রের ছেলেবেলার ছায়াপাত ঘটেছে। গল্পকথক ন্যাড়ার ভাষ্যমতে, পাকা দুই ক্রোশ পথ হাঁটিয়া স্কুলে বিদ্যা অর্জন করিতে যাই। আমি একা নই দশ-বারোজন।

10. 'মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও' কোন লেখকের উক্তি?
Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓒ মোতাহের হোসেন চৌধুরী Ⓓ প্রমথ চৌধুরী
**Solve** মোতাহের হোসেন চৌধুরীর 'সংস্কৃতি কথা' গ্রন্থ থেকে সংকলিত 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে বৃক্ষ ও মানুষের বৃদ্ধি সম্পর্কিত মন্তব্য হচ্ছে- "তরুলতা ও জীবজন্তুর বৃদ্ধির ওপর তাদের নিজেদের কোনো হাত নেই, মানুষের বৃদ্ধির ওপরে তার নিজের হাত রয়েছে। আর এখানেই মানুষের মর্যাদা। মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।"

## English

01. The meaning of 'turn down' is —.
Ⓐ deny Ⓑ throw away
Ⓒ refuse to consider Ⓓ expel
**Explanation** Turn down - প্রত্যাখ্যান করা বা কোনো কিছু বিবেচনা করতে অস্বীকার করা।

02. The correct question is —.
Ⓐ Do you know where does he live?
Ⓑ Do you know where he lives?
Ⓒ Do you know where lives he?
Ⓓ Do you know where does he lives?
**Explanation** Embedded question -এর নিয়ম অনুযায়ী complex sentence -এর subordinate clause সর্বদা assertive হয় অর্থাৎ Interrogative structure -এ ব্যবহৃত হয় না। তবে, principal clause টি Interrogative হয়।

03. The antonym of 'opaque' is ——.
Ⓐ transparent Ⓑ not clear Ⓒ not hazy Ⓓ superb
**Explanation** Transparent অর্থ স্বচ্ছ। অন্যদিকে, opaque অর্থ অস্বচ্ছ/ঝাপসা (unclear).

04. She often visits her home town, ——?
Ⓐ doesn't she Ⓑ isn't she Ⓒ hasn't she Ⓓ didn't she
**Explanation** Present indifinite tense এ যদি auxiliary verb না থাকে তবে এর tag question এ does/do আসে। She যেহেতু singular pronoun, তাই এর tag question হবে doesn't she?।

05. The master dispensed —— the services of his servant.
Ⓐ of Ⓑ for Ⓒ with Ⓓ by
**Explanation** Dispense with - পরিহার করা, কোনো কিছু ছাড়াই চলতে পারা।

06. —— the danger that he might be injured, Jamal bravely entered the burning house in order to save the youngster.
Ⓐ in spite Ⓑ Although Ⓒ Though Ⓓ Despite
**Explanation** Despite/In spite of অর্থ সত্ত্বেও/তথাপি। এরা সাধারণত noun/noun phrase -এর পূর্বে বসে। পক্ষান্তরে, Though/although (যদিও) conjunction -এর কাজ করে।

07. Each of the students in the class has to type —— own research paper this semester.
Ⓐ his/her Ⓑ to their Ⓒ of his/her Ⓓ theirs
**Explanation** Each, every এর পর possessive হিসেবে সাধারণত his/her বসে। তবে, one বাক্যের sub হলে possessive হিসেবে one's ব্যবহৃত হয়।

08. He heard the girl —— in a melodious voice.
Ⓐ sing Ⓑ singing Ⓒ to sing Ⓓ sings
**Explanation** সাধারণত বাক্যে দুটি verb থাকায় পরেরটিকে gerund রূপে ব্যবহার করা হয়েছে।

09. The changes in Banglaesh —— .
Ⓐ has occured rapidly Ⓑ have been occured fastly
Ⓒ have occured in rapid ways Ⓓ have occured rapidly
**Explanation** Subject অংশে (verb -এর পূর্ববর্তী অংশ) preposition থাকলে preposition এর পূর্বের word (এখানে changes) অনুযায়ী verb বসে। Occur অর্থ কোনো কিছু ঘটা/সংঘটিত হওয়া, এটি সাধারণত active sense -এ ব্যবহৃত হয়। Rapid (adj) - দ্রুত, এর adverb form 'rapidly'.

10. I shall talk to you —— telephone.
Ⓐ over Ⓑ across Ⓒ by Ⓓ on
**Explanation** Talk to sb by telephone - কারো সাথে টেলিফোনে কথা বলা। মনে রাখতে হবে → by phone/telephone, on the phone/ over the phone.

11. Mina said that no other vehicle could go —.
Ⓐ as fast like her vehicle Ⓑ so fast like her vehicle
Ⓒ as fast as her vehicle Ⓓ so fastly as her vehicle
**Explanation** Equal comparison - এর ক্ষেত্রে 'মতো ..... মতো নয়' এরূপ অর্থ বোঝাতে positive degree of adjective -এর পূর্বে ও পরে as .... as বসে।

12. My neighbour didn't hesitate to cooperate with the pandemic-affected people, and —.
Ⓐ so I did Ⓑ so did I
Ⓒ neither did I Ⓓ I didn't neither
**Explanation** Negative agreement - সাধারণত দু'ভাবে সম্পাদন করা যায়। যথা-
(1) Neither + auxiliary verb + sub.
(2) Sub + auxiliary verb + not either.
উল্লেখ্য, মূল Sentence এর tense অনুযায়ী agreement এর auxiliary verb নির্ধারিত হয়।

13. Last week was —— as this week.
Ⓐ very hot Ⓑ not Ⓒ as hot Ⓓ more hot
**Explanation** Equal comparison - এর ক্ষেত্রে 'মতো ..... মতো নয়' এরূপ অর্থ বোঝাতে positive degree of adjective -এর পূর্বে ও পরে as .... as বসে।

**14. No sooner had he left —— I came.**

Ⓐ Where Ⓑ After Ⓒ before Ⓓ than

**Ans D** **Explanation** দুটি কাজের মধ্যে একটি ঘটার সাথে সাথেই অন্যটি ঘটলে No sooner had ..... than ব্যবহৃত হয়। এক্ষেত্রে than এর পরের অংশটি past indefinite এবং পূর্বের অংশটি past perfect tense হয়।

**15. The synonym of 'homogenous' is ——**

Ⓐ heterogenous Ⓑ dissisimilar
Ⓒ unlike Ⓓ similar

**Ans D** **Explanation** Homogenous অর্থ সমগোত্রীয় (similar).

## পদার্থবিজ্ঞান

**01. পর্যায়কাল ও বল ধ্রুবকের মধ্যে নিচের সম্পর্ক কোনটি?**

Ⓐ $T = 2\pi\sqrt{\frac{K}{m}}$ Ⓑ $T = 2\pi\sqrt{\frac{K}{mg}}$
Ⓒ $T = 2\pi\sqrt{\frac{m}{K}}$ Ⓓ $T = 2\pi\sqrt{\frac{mg}{K}}$

**Ans C** **Solve** $T = \frac{2\pi}{\omega} = \frac{2\pi}{\sqrt{\frac{K}{m}}} = 2\pi\sqrt{\frac{m}{K}}$

**02. একটি প্রত্যাবর্তী ইঞ্জিন 167°C এবং 57°C তাপমাত্রায় কাজ করলে তার সর্বোচ্চ দক্ষতা কত হবে?**

Ⓐ 25% Ⓑ 75% Ⓒ 5% Ⓓ 50%

**Ans A** **Solve** $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\% = \left(1 - \frac{330}{440}\right) \times 100\%$
$= 0.25 \times 100\% = 25\%$

**03. প্রতিরোধ ক্ষমতার একক কি?**

Ⓐ Ohm Ⓑ Ohm-m Ⓒ mho Ⓓ Siemen **Ans A**

**04. এক কিলোওয়াট-আওয়ার কত জুলের সমান?**

Ⓐ $3.6 \times 10^6$ J Ⓑ $10^3$ J Ⓒ 6000 J Ⓓ 3600 J

**Ans A** **Solve** $1\text{kWh} = 1 \times 3600 \times 1000 = 3.6 \times 10^6$ J

**05. একটি চলন্ত বাইসাইকেলের ঘূর্ণায়নরত চাকার ক্ষেত্রে নিম্নের কোনটি সঠিক হবে?**

Ⓐ অনুবাদমূলক গতিশক্তি
Ⓑ ঘূর্ণমান গতিশক্তি
Ⓒ অনুবাদমূলক এবং ঘূর্ণায়মান গতিশক্তি উভয়ই
Ⓓ স্থিতিশক্তি

**Ans C**

**06. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 4 গুণ বৃদ্ধি করলে তার দোলনকাল কত হবে?**

Ⓐ 5 s Ⓑ 6 s Ⓒ 3 s Ⓓ 4 s

**Ans D** **Solve** আমরা পাই, $\frac{T_2}{T} = \sqrt{\frac{L_2}{L}} = \sqrt{\frac{4L}{L}} = 2$
$\Rightarrow T_2 = 2T = 2 \times 2 = 4$ s

**07. একটি ট্রানজিস্টারের $\Delta I_B = 0.02$ mA এবং $\Delta I_C = 1$ mA হলে, তড়িৎ প্রবাহের গেইন $\beta$-এর মান কত?**

Ⓐ 50 Ⓑ 0.5 Ⓒ 0.02 Ⓓ 0.2

**Ans A** **Solve** $\beta = \frac{\Delta I_C}{\Delta I_B} = \frac{1}{0.02} = 50$

**08. আপেক্ষিক রোধের একক কি?**

Ⓐ $\Omega$m Ⓑ $\Omega m^{-1}$ Ⓒ $\Omega m^2$ Ⓓ $\Omega m^{-2}$

**Ans A** **Solve** $\rho = \frac{RA}{L} = \frac{\Omega m^2}{m} = \Omega$m

**09. 100 MeV শক্তি বিশিষ্ট একটি ফোটনের কম্পাঙ্ক কত?**

Ⓐ $2.41 \times 10^{22}$ Hz Ⓑ $2.41 \times 10^{40}$ Hz
Ⓒ $1.5 \times 10^{27}$ Hz Ⓓ $1.5 \times 10^{28}$ Hz

**Ans A** **Solve** $E = h\upsilon$
$\Rightarrow 100 \times 10^6 \times 1.6 \times 10^{-19} = 6.63 \times 10^{-34} \times \upsilon$
$\Rightarrow \upsilon = 2.41 \times 10^{22}$ Hz

**10. ধ্বংসাত্মক ব্যতিচারের ক্ষেত্রে পথ পার্থক্য কোনটি?**

Ⓐ $n\lambda$ Ⓑ $\frac{n\lambda}{2}$ Ⓒ $(2n+1)\frac{\lambda}{2}$ Ⓓ $(n+1)\frac{\lambda}{2}$

**Ans C** **Solve** গঠনমূলক ব্যতিচারের ক্ষেত্রে পথ পার্থক্য = $n\lambda$

ধ্বংসাত্মক ব্যতিচারের ক্ষেত্রে পথ পার্থক্য = $(2n+1)\frac{\lambda}{2}$.

**11. দৈর্ঘ্য সংকোচনের সম্পর্ক কোনটি?**

Ⓐ $L = L_0\sqrt{1 - \frac{v^2}{c^2}}$ Ⓑ $L = \frac{L_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}}$
Ⓒ $L_0 = L\left(1 - \frac{v^2}{c^2}\right)^{-1}$ Ⓓ $L_0 = L\left(1 - \frac{v^2}{c^2}\right)$ **Ans**

**12. নিম্নের কোনটি সঠিক উত্তর?**

Ⓐ $\hat{j} \times \hat{k} = -\hat{j}$ Ⓑ $\hat{j} \times \hat{k} = \hat{i}$ Ⓒ $\hat{j} \times \hat{k} = 1$ Ⓓ $\hat{j} \times \hat{k} = 0$

**Ans B** **Solve** $\hat{i} \times \hat{j} = \hat{k}$; $\hat{j} \times \hat{k} = \hat{i}$
$\hat{k} \times \hat{i} = \hat{j}$

**13. $_{11}Na^{23}$ -এ নিউক্লিয়ন সংখ্যা ..... ?**

Ⓐ 11 Ⓑ 12 Ⓒ 23 Ⓓ 24 **Ans**

**14. কোন মাধ্যমে শব্দের গতি সর্বোচ্চ?**

Ⓐ কঠিন মাধ্যম Ⓑ তরল মাধ্যম Ⓒ গ্যাসীয় মাধ্যম Ⓓ শূন্য **Ans**

**15. 16 μF এবং 22 μF ধারকত্বর শ্রেণীতে যুক্ত করা হলে তাদের সমতুল্য ধারক কত হবে?**

Ⓐ 9.26 μF Ⓑ 38 μF Ⓒ 6 μF Ⓓ 20 μF

**Ans A** **Solve** সমতুল্য ধারকত্ব = $(16^{-1} + 22^{-1})^{-1} = 9.26$ μF

**16. একটি বস্তু স্থির অবস্থান থেকে 625 m দূরত্ব অতিক্রম করলো যখন তার বেগ $125\ ms^{-1}$ বস্তুটির ত্বরণ কত?**

Ⓐ $12.5\ ms^{-2}$ Ⓑ $1.25\ ms^{-2}$ Ⓒ $1.25\ kms^{-2}$ Ⓓ $1.25\ cms^{-2}$

**Ans A** **Solve** $v^2 = v_0^2 + 2as$
$\Rightarrow (125)^2 = 0^2 + 2a \times 625 \Rightarrow a = 12.5\ ms^{-2}$

**17. নিম্নের আলোর বেগ ও মাধ্যমে প্রতিসরাঙ্কের সম্পর্কগুলোর মধ্যে কোনটি ঠিক?**

Ⓐ $_a\mu_b = \frac{v_b}{v_a}$ Ⓑ $_a\mu_b = \frac{v_a}{v_b}$
Ⓒ $_a\mu_b = \sqrt{v_a v_b}$ Ⓓ $_a\mu_b = v_a v_b$ **Ans**

**18. একটি বস্তুকে সোজা উপরের দিকে নিক্ষেপ করা হলে বস্তুটির সর্বোচ্চ উচ্চতায় বেগ কত হবে?**

Ⓐ অসীম Ⓑ আদিবেগের সমান Ⓒ সর্বোচ্চ Ⓓ শূন্য **Ans**

**19. মুক্তিবেগ কোনটি?**

Ⓐ $v_e = \sqrt{2gR}$ Ⓑ $v_e = 2gR$
Ⓒ $v_e = \sqrt{2g^2R}$ Ⓓ $v_e = \sqrt{\frac{2g}{R^2}}$ **Ans**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**শূন্যস্থানে চুম্বকীয় ব্যাপ্তি যোগ্যতা (Permeability) কত?**

Ⓐ $4\pi \times 10^{-7}\ T.m^{-1}.A$ Ⓑ $4\pi \times 10^{-7}\ T.m.A^{-1}$
Ⓒ $4\pi \times 10^{-7}\ T^{-1}.m.A$ Ⓓ $4\pi \times 10^{-7}\ T.m^{-1}.A^{-1}$ Ans Ⓑ

**পৃথিবীপৃষ্ঠে কোনো বস্তুর ভর 1 kg হলে পৃথিবীর কেন্দ্রে এর মান কত?**

Ⓐ 0 kg Ⓑ 1 kg Ⓒ 9.81 kg Ⓓ ∞

Ⓑ Solve স্থানভেদে বস্তুর ভরের কোনো পরিবর্তন হয় না।

**একটি উত্তল দর্পণের অসীম দূরত্বে বস্তুকে রাখা হলে, প্রতিবিম্বের অবস্থান কোথায়?**

Ⓐ অসীম Ⓑ f Ⓒ $\frac{f}{2}$ Ⓓ 2f

Ⓑ Solve উত্তল দর্পণের লক্ষ্যবস্তু অসীম দূরত্বে থাকলে অবাস্তব, সিধা এবং ছোট প্রতিবিম্ব প্রধান ফোকাসে (f) গঠিত হবে।

**একটি পরমাণুর ভর সংখ্যা বলতে কি বুঝ?**

Ⓐ পরমাণুর ভিতরে নিউট্রনের সংখ্যা
Ⓑ নিউক্লিয়াসের ভিতরে নিউক্লিয়নের সংখ্যা
Ⓒ নিউক্লিয়াসের ভিতরে প্রোটনের সংখ্যা
Ⓓ পরমাণুর ভিতরে ইলেকট্রনের সংখ্যা Ans Ⓑ

**একটি চার্জিত বস্তুর উপর আরোপিত লরেন্জ বল কি?**

Ⓐ $\vec{F} = q\vec{B} + q(\vec{v} \times \vec{E})$ Ⓑ $\vec{F} = q\vec{E} + q(\vec{v} \times \vec{B})$
Ⓒ $\vec{F} = q\vec{v} + \vec{E} \times \vec{B}$ Ⓓ $\vec{F} = \vec{E} + \vec{q} \times \vec{B}$ Ans Ⓑ

. সাবানের বুদবুদের চাপ P, পৃষ্ঠটান T এবং ব্যাসার্ধ r, এদের মধ্যে সম্পর্ক কি?

Ⓐ $P = \frac{4T}{r}$ Ⓑ $P = \frac{2\pi}{r}$ Ⓒ $P = \frac{4T}{3r}$ Ⓓ $P = \frac{T}{r}$ Ans Ⓐ

## রসায়ন

. **100 mL 0.1 M $Na_2CO_3$ দ্রবণ তৈরিতে প্রয়োজনীয় দ্রবের ওজন কত?**

Ⓐ 1.06g Ⓑ 10.6 g Ⓒ 106 g Ⓓ 0.106 g

Ⓐ Solve দ্রবের ওজন $W = \frac{SMV}{1000} = \frac{0.1 \times 106 \times 100}{1000} = 1.06\ g$

. **প্রাকৃতিক পলিমার কোন যৌগটি?**

Ⓐ সুক্রোজ Ⓑ গ্লুকোজ Ⓒ ইউরিয়া Ⓓ স্টার্চ

Ⓓ Solve

- প্রাকৃতিক পলিমার : সেলুলোজ, স্টার্চ, গ্লাইকোজেন, DNA, RNA।
- কৃত্রিম পলিমার : নাইলন, টেরিলিন, পলিথিন, পলিস্টার, PVC, টেফ্লন।

N.B- গ্লুকোজ, ইউরিয়া জৈব অণু। এক অণু গ্লুকোজ ও এক অণু ফ্রুক্টোজ থেকে এক অণু সুক্রোজ উৎপন্ন হয়।

3. **ফুটন্ত পানির pH কত?**

Ⓐ 0 Ⓑ 7 Ⓒ 5 Ⓓ 11

= Solve 0°C তাপমাত্রায় পানির pH = 7.4
25°C তাপমাত্রায় পানির pH = 7
100°C তাপমাত্রায় পানির pH = 6.2

N.B- 100°C তাপমাত্রায় পানির pH 6.2 হলেও এর মানে পানি Acidic হয়ে গেছে এমনটা বোঝায় না। বরং এটা বোঝায় যে 100°C তাপমাত্রায় pH স্কেলের নিরপেক্ষ বিন্দু 6.2। অর্থাৎ 6.2 এর কম pH হলে দ্রবণ Acidic এবং 6.2-এর বেশি pH হলে দ্রবণ ক্ষারীয় হবে।

4. **তন্যক্রম বিক্রিয়া নিচের কোনটি?**

Ⓐ $\frac{-dc}{dt} = kc$ Ⓑ $\frac{-dc}{dt} = k$ Ⓒ $\frac{-dc}{dt} = kc^2$ Ⓓ $\frac{-dc}{dt} = kc^{3+}$

Ⓑ Solve তন্যক্রম বিক্রিয়ার হার ধ্রুব থাকে। এই বিক্রিয়ার হার বিক্রিয়ায় উপস্থিত কোনো উপাদানের উপর নির্ভর করে না বরং বিক্রিয়ার পরিবেশের উপর নির্ভর করে। যেমন: $H_2$ এবং $Cl_2$ গ্যাস মিশ্রণকে সূর্যালোকে পানির সংস্পর্শে রেখে দিলে সংঘটিত বিক্রিয়ার হার $H_2$ এবং $Cl_2$ এর পরিমাণের উপর নির্ভর করে না। বরং সূর্যালোকের উপর নির্ভর করে।

**05. অম্লীয় দ্রবণে $H_2S$ চালনা করলে কোনটি অধঃক্ষিপ্ত হবে না?**

Ⓐ $Hg^{2+}$ Ⓑ $Sn^{2+}$ Ⓒ $Cd^{2+}$ Ⓓ $Ni^{2+}$

Ⓓ Solve $H_2S$ দ্বারা শনাক্তকৃত ধাতব আয়নসমূহ :

- অম্লীয় মাধ্যমে: $Pb^{2+}$, $Cu^{2+}$, $Cd^{2+}$, $Hg^{2+}$, $Sb^{3+}$, $Ag^{3+}$, $Bi^{3+}$, $Sn^{3+}$, $Sn^{2+}$ (৯ টি আয়ন)।
- ক্ষারীয় মাধ্যমে: $Zn^{2+}$, $Co^{2+}$, $Ni^{2+}$, $Mn^{2+}$ (8 টি আয়ন)

**06. ক্ষারীয় বাফার দ্রবণের উদাহরণ কোনটি?**

Ⓐ $NaOH + CH_3COOH$ Ⓑ $NH_4OH + HCl$
Ⓒ $HCl + NaOH$ Ⓓ $NH_4OH + CH_3COOH$

